

DERS BURS BEAR

A CHARLE A CHARLE A CHARLE A

# মাসিক পত্র।



প্রথম খণ্ড ।

**১२৮১ भाज।** 

# কাঁটালপাড়া।

न**ञ्चनर्भन** यस्त्र **औ**डेमांहत्रन यरनगांशांश कर्ज्क মূদ্রিত ও প্রকাশিত্য

# স্থচিপত্র।

-000

বিষ	ारा ।			5	वृष्ट्य ।
> 1	অনস্তা	•••			252
٤1	একদরে	•••	•••	•••	৯৮
91	কণ্ঠসালা (উ	শক্তাস) ৬৪,৮৫		<b>دهد</b> ره	,२२५,
		•	28	3,262	,२२१
3 1	थाना'था <b>ना</b>	•••	<b></b> .•		30c
<b>«</b>	চ <b>ন্দ্ৰ</b> ণোক	•••	•••		590
ঙা	जनक <b>ञ्</b> कती	(शहाः	•••		<b>@ Q</b>
91	জলে আলো	(পদা)		•••	b٥
61	জলে ফূল (প	ाना)	<u>.</u>		· ২৮
	., এক সুচ	তুর শিল্পকরে	1	em '	192
>01	হুৰ্গাপুজা	•••	•••	•••	>62
221	নিদ্র।	•••		•••	₹8
۶۶ I <b>•</b>	নৃতন জীবের	ৰ সৃষ্টি		•••	de
100	প্ৰভাতে বাহি	মনী (পদা)	•••		26.5
186	वस्त्र (मवशृ	<b>ন</b>	•••	•••	>09
100	বঙ্গে দেবপূং	লা প্রতিবাদ		•••	242
<b>१७</b> ।	বঙ্গে দেবপূত্	ঙ্গা প্রতিবাদের	প্রত্যুত্র		२०৫
196	বাঙ্গালার শ্র	বৰংশ			200
146	বাছবল	•••	•••	•••	२१8
186	বৃ <b>ষ্টি</b>	•••	•••		৬১
२०।	ভারতভাওার	Î		৬০	, 5 . 9
२५ ।	ভাগর		•••		>

বিষয় ।			পৃ <u>ষ</u> ্ঠা ।		
221	রামেখরের অদৃষ্ট (উপ	াথা∤স)		o	
२०।	সংকার 💂		२५७	,>60	
२४	স্ত্ৰীজাতি বন্দনা		• • • •	90	
	স্থপন (পদা)	∳	•••	2 PU	
 २७।	সরস্বতীর সহিত লক্ষীয়	<b>আপো</b> দ		206	



১ম থগু।]

देवभाष ১२৮১।

১ সংখ্যা।

#### ভ্রমর।

আমরা, এক স্থচতুর শিল্পকরকে ভ্রমরের একটি চিত্র কেন্টেলিত করিতে অনুরোধ করিলে তিনি স্বীকৃত হইয়ছিলেন। কিছুদিন পরে, তিনি আমাদিগকে চিত্রের একটি আদর্শ দেথা ইলেন। হদথিলাম, যেএক পদ্ম, পদ্মপত্র সহিত শোভিত, তাহার উপর বিসিয়া—এক মৌমাছি! আমরা শিল্পকরকে বলিলাম, "এয়ে মৌমাছি?" তিনি বলিলেন, "আজে না, এই ভ্রমর।" জামরা সন্তই হইয়া গৃহে আসিলাম। আমরাও বোধ হয় শিল্প করের অনুকারী। আমরা বলিয়াছিলাম, ভ্রমর প্রকাশ করিব —হয়ত, আমাদেরও ভ্রমর মৌমাছি হইয়াছে। যদি তাহা হইয়া থাকে, ভরসা করি পাঠক, সন্তই হইয়া গৃহে যাইবেন।

বালিকারা উপকথা বলিয়া থাকে, এক রাজার হয়া হয়া
ছই রাণী। হয়া রাণী রাজসংসর্বে বঞ্চিতা—প্রণয় স্থাথের সাধ
মিটাইবার জন্য আপন পর্ণকৃটীরে কুলকাঁটা স্থাপন করিয়া,
ভাহাতে আপন অঞ্চল বাধাইয়া বলিতেছিল, "ছি রাজা!

ছাড়।'' আমরা এই কুরূপ মৌমাছিকৈ বঙ্গোদ্যানে ছাড়িয়া দিয়া, সাধ মিটাইবার জন্য বলিতেছি, ভ্রমর, একবার গুণগুণ এই কুমুমবিরীটা বৈশাবে নানা ফুলের পরিমলগুরু মন্দ সমীরণে আরোহণ করিরা, ঘরেং গুণ গুণ করিরা আইস। বেখানে দেখিবে বঙ্গশোভা কামিনীকুস্থম অধরে মধু, নয়নে বিষ লইয়া ফুটিয়া আছেন, সেইথানে গিয়া গুণ গুণ করিয়া জাঁ হাদের গুণ বলিয়া আইস। যেখানে দেথিবে, বঙ্গদেশের মহি-রহগণ, বিষয় রৌদ্রে তপ্ত হইয়া, ফলভরে অবনত হইয়া, বিমনা হইয়া আছেন, সেইখানে গিয়া তাঁহাদের ছায়ায় উডিয়া গুণ গুণ করিয়া, তাঁহাদের গুণ গাইয়া আদিবে। আর যথন দে-থিবে, যে বঙ্গসমাজের কেতকী, ঘন প্রারুট মেঘাচ্ছল আকাশ-তলে সাতপুরু চিকণ কাপড়ের ঘোমটা দিয়া, অথচ গ্রীবা উ-ন্নত কঁরিয়া সেই ঘোমটা ঠেলিয়া ঈষৎ কটাক্ষ ক্ষেপণ করিতে করিতে কণ্টকময় জঙ্গলরূপ ধর্ম সমাজে বসিয়া কাহার ধ্যান করিতেছেন, তথন ভ্রমর ! ভূমি তাঁহার ধ্যানভঙ্গ করিও না। দূর হইতে ছ্থানি পাথা জড় করিয়া নমস্বার করিয়া দে,কেতকী-সমাজ পরিত্যাগ করিও: নহিলে তোমার ঐ চল চল ঘন রুচি-রঞ্জন কৃষ্ণকান্তি তাহার প্রচুর পরাগ স্পর্শে ধূষরিত হইবে, তাঁহার কাঁটার তোমার ঐ স্ক্র পত্রময় পক্ষদয় ছিন্নভিন্ন হইবে, এবং 🍃 হয়ত ভ্রমর ! তুমি তাহার তীত্র গন্ধে একেবারে অন্ধীভূত হইবে। তুমি সেথানে যাইও না। তুমি বঙ্গীয় সম্বাদপত্রিকারপিনী মধুমক্ষিকার মত, কোথায় মধু, কোথায় মধু করিয়া নিয়ত অৱে-ষণ করিয়া বেড়াইও না। যে মধুসঞ্চয়ের প্রয়াস করে, সে মধুর অবেষণে রত রহুক; ভুমি মধুকর, মধুকরে মধুসঞ্চয় করে না; তুমি বঙ্গের মধুকর, ফুলে ফুলে ভ্রমিবে, তাহাতেই তুমি ভ্রমর, আর নিয়ত গুণ গুণ করিবে সেইটিই তোমার

গুণপনা। বুধে মধুমক্ষিকা দেই মধুচক্র করুক, তুমি কোন চক্রে থাকিপ্ত না, সঞ্চয়ী লোকেই চক্রে থাকে।

# রামেশরের অদৃষ্ট।

#### প্রথম'পরিচ্ছেদ।

রামেশ্বর শর্মার পঁচিদ বৎসর বয়দে তাঁহার পিতৃবিয়োগ হইল। তিনি পিতাকে বড় ভাল বাসিতেন। রামেশ্বের পিতা যাহা কিছু রাথিয়া গিয়াছিলেন তাহা সমুদয় রামেশ্বর তাঁহার শ্রাক্ষে ব্যয় করিলেন। পিতার স্বর্গার্থে যে যাহা পরামর্শ দিল, তৎক্ষণাৎ তাহাই করিলেন। ক্রিয়া সমাপ্ত হইল। আত্মীয় কুটুম্বগণ স্ব স্ব গুহে গেল। রামেশ্বর তথন জানিলেন যে তাঁহার আর কিছুই নাই। পরিবারের ভরণ পোষণ করা কঠিন হইয়া উঠিল। তাঁহার ঘরে. যুবতী ভাষ্যা পার্ব্বতী; এবং তিন বৎসরের পুত্র আনন্দুলাল। এক দিবৰ সকলেই উপবাসী রহিল। শিশু আহারের নিমিত্র ক্রন্দন করিতে লাগিল: সম্ভানের ক্রন্দন দেখিয়া পার্ব্বতীও কাঁদিতে লাগিলেন। রামেশ্বর কিছু থাদ্য সংগ্রহের জন্য গিয়াছিলেন, নিক্ষল হইয়া রিক্তহন্তে আসিয়া দেখিলেন উভয়ে তাঁহার প্রতী-ক্ষায় দারে বসিয়া আছে। দারের কিঞ্চিদূরে আক্ষণ ভোজনের ভদপত্র, ভাঙ্গা হাড়ি প্রভৃতির স্তৃপমধ্যে গ্রাম্য কুরুরেরা আহার অন্বেষণ করিতেছে; শিশু একাগ্রচিত্তে তাহাই দেখিতেছে। রামে-শ্বকে দেখিয়া শিশু দৌড়াইয়া আসিল; জিজ্ঞাসা করিল "বাবা! আমাল জন্তে কি এনেস?"—রামেশ্বরের চক্ষু ছল ছল করিতে লাগিল; দেখিয়া পার্ক্তীর চক্ষু জলে পুরিল; শিশুর মুখপানে চাহিতে সেজল উছলিয়া পড়িল; তথনই আবার মুথ তুলিয়া

স্বামীর মুথ পানে চাহিতে, উভয়েই কাঁদিয়া উঠিলেন; বালক, উভয়ের মুখপ্রতি হুই একবার চাহিয়া শেষ কাঁদিয়া উঠিল। তিন জনে একত্রে অনেকক্ষণ কাঁদিল। কাঁদিতে কাঁদিতে শিশু নিদ্রা গেল। এই সময় প্রায় সন্ধ্যা হইয়াছে; রামেশ্বর উঠিলেন, দৃঢ়প্রতিজ্ঞ হইরা চলিলেন। একস্থানে দেখিলেন, বালজ্যোৎ-স্নার আলোকে এক দীর্ঘিকাতীরে কতগুলি অন্নবয়স্ক বাবু, তেড়ি कांगे (कांगे गारा, कोमूनीमीश श्रष्क वार्तित छेशत शत्रमा নিক্ষেপ করিয়া "ছিনি মিনি" থেলিতেছে। রামেশ্বর তাহাদের নিকট গিরা, যোড় হাত করিয়া, কাঁদিয়া, রুদ্ধকণ্ঠে চারিটি পয়সা যাজ্ঞা করিল। বাবুরা উচ্চৈর্হাস্ত করিলেন; একজন জিজ্ঞাসা করি-লেন, "বেটা, ভোৱে দিতে গেলাম কেন ?" রামেশ্বর কাতর হইয়া বলিলেন, " আমি অলাভাবে সপরিবারে মারা যাই, আপনারা পরসা জলে ফেলিয়া দিতেছেন।'' বাবুরা বলিলেন, '' আমাদের পয়সা আমরা জলে ফেলিব, তোর কি রে শালা ?'' এই বলিয়া ঘুষা তুলিয়া, একজন রামেশ্বরকে মারিতে গেলেন। 'রামেশ্বর, শরবিদ্ধ সিংহের ভায় ধীরে ধীরে চলিয়া গেলেন। কিয়দ্র গিয়া মনে ভাবিলেন, " এই বানর গুলাকে এক একটা চড মারিয়া প্রসা কাডিরা লইতে পারিতাম—কেন লইলাম না ?" কুধার জালায় রামেখরের ধর্মাধর্ম বোধ লুপ্ত হইতেছিল ব

রামেশ্বর গ্রামান্তরে গেলেন। তথার এক বাটীর পার্ষে দাঁড়াইলেন। গৃহ মধ্যে সকলে নিদ্রিত বোধ হইল; আনন্দ-ছলালের সেই কুধাপীড়িত, কাতর, শৈশবস্থকুমার মুখ মনে পড়িল; পার্স্বতীর রোদন মনে পড়িল; আপনার জঠর জালা অসম্ভ হইল; ক্রীড়াশীল বাবুদিগের নির্দ্ধর ব্যবহার মনে পড়িল। ভাবিলেন, আমি একা ধর্ম্ম পথে যাইব কেন ? তথন রামেশ্বর, গৃহস্তের গৃহপ্রবেশ করিয়া পেটারা হইতে পয়সা চুরি করিলেন। পেটারায় তিনটি টাকা আর আট আনা পয়সা ছিল; রামেখর কেবল সেই আট আনা পয়সা লইয়া আসিলেন। গৃহস্থেরা তাহা কেহই জানিতে-পারিল না।

রামেশ্বর আসিতে আসিতে ভাবিলেন, প্রসা হইল, চাউল লবণ কোথায় পাই? অতএব তাহা সংগ্রহ করিবার নিমিত্ত শার এক গ্রামে গেলেন। নিকটস্থ পাঁচ সাত গ্রামের মধ্যে কেবল সেই গ্রামে এক থানি দোকান ছিল। রামেশ্বর তথার উপস্থিত হইয়া দোকানিকে পুনঃ পুনঃ ডাকিলেন; দোকানি স্থানাস্তরে ছিল, অতএব কোন উদ্ভর পাইলেন না। তিনি দোকানের দার মোচন করিয়া প্রবেশ করিলেন এবং রাত্রোপযোগী চাউল লবণ দাল সংগ্রহ করিয়া বস্তাগ্রে তাহা দুঢ়বদ্ধ করিলেন; তাহার উচিত মূল্য সেই স্থানে রাথিয়া বহির্গত হইলেন। পথে অত্যস্ত ভয় হইতে লাগিল, কিন্তু কোন বিদ্ন ঘটিল না; বাটী আসিয়া পৌছিলেন। পাৰ্ব্বতী পাক করিল; রামেশ্বর ও শিশু থাইল; পার্ব্বতী খাইল না। অল্প সামগ্রী আসিয়াছে-পার্ব্বতী খাইলে পরদিনের জন্য কিছু থাকে না। পার্ব্বতী উপবাস করিয়া, গোপনে নিজাংশ স্বামী পুত্রের জন্য হাঁড়িতে তুলিয়া রাখিল। রামেশ্বর তাহা জানিতে পারিলেন না।

পরদিবদ রামেশ্বর পার্ক্ষতীর সহিত পরামর্শ করিয়া, নিজ্ঞাম ত্যাগ করিয়া, ভাতিপুর গ্রামে সপরিবাবে গেলেন। এই গ্রাম তাহার জন্মভূমি হইতে ছই দিবদের পথ দ্র। এখানে তাঁহাকে কেহই জানিবার সম্ভাবনা ছিল না, অতএব ভাবিলেন এখানে উগ্রক্ষতী বলিয়া পরিচয় দিয়া অনায়াসে ইতর লোকের ন্যায় শারীরিক শ্রম দারা পরিবার প্রতিপালন করিতে পারিবেন। পার্ক্ষতীও বলিলেন, তিনি কোন ভদ্র সংসারে দাসারুত্তি করি- বেন। এই পরামর্শ করিয়া তথায় ভদ্রাসন বিক্রয়লব্ধ অর্থে একটি কুটীর নির্দ্ধাণ করিয়া রহিলেন; কিন্তু অপরিচিত বলিয়া রামেশ্বরের অদৃষ্টে দাসম্বপ্ত ঘটিল না। যেথানেই যান সেইথানেই জামিনের প্রস্তাব হয়। তাঁহাদের জামিন কে হইবে। নিজ গৃহবিক্রয়ে যে কয়েকটি টাকা আনিয়াছিলেন, তাহা প্রায় শেষহইয়া আসিল। এই অবস্থায় রামেশ্বর একদিন প্রামের নায়েবের নিকট আপন দৈন; জানাইয়া একটি পিয়াদাগিরি কর্ম্মের প্রার্থনা করিলেন। নায়েব বলিলেন "সে কর্ম্ম এক্ষণে থালি নাই কিন্তু আপাততঃ উপার্জ্জনের এক উপায় আছে। তোমার স্ত্রী আমার অন্দরে গত কল্য আসিয়া ছিলেন, আমি তাঁহাকে সে কথা বলিয়া ছিলাম; কিন্তু সে তাহা শুনিয়া বড় রাগিয়া উঠিল। তুমিও রাজ হইবে বোধ হয় না। সেসব কাজ তোমা হইতে হইবে না। অতএব আর তাহা তোমাকে বলা রথা।"

রামেশ্বর এই কথা শুনিয়া বলিলেন, "পেটেরজালায় আমার অসাধ্য কিছুই নাই। স্ত্রীলোকের মতামত সকল বিষয়েই অগ্রাহ্য, অতএব আমাকে বলুন, আমি তাহা বিবেচনা করিব।"

নাম্বের বলিলেন "তুমি শুনিয়াথাকিবে প্রায় ছইমাস হইল, এই গ্রামে একটি স্ত্রী হত্যা হইয়াছিল, কিন্তু কে হত্যা করিয়াছিল তাহা স্থির করিতে পারা যায় নাই। দারোগা অনেক অন্তুসন্ধান করিয়াছিলেন, আমিও বিশেষ যত্ন পাইয়াছিলাম, কিন্তু কৃতকার্য্য হইতে পারি নাই। হত্যাকারীর স্থির না হওয়ায় মাজিষ্ট্রেট সাহেব ক্রপ্ত হইয়া আমাদিগের অমনোধ্যাগ অন্তুত্ব করিয়া জনীদারের একসহস্র টাকা দও করিয়াছিলেন। সম্প্রতি এই গ্রামে আবার একটি চুরি হইয়া গিয়াছে; তাহারও এপর্যান্ত কোন উপায় হয় নাই। দারোগা একটি লোককে সন্দেহ করিয়াছেন, কিন্তু সে পলাইয়াছে।

তাহার উদ্দেশ এপর্যান্ত পাওয়া যায় নাই, শীঘ্র যে পাওয়া যাইবে এমত সম্ভাবনা নাই। শীঘ্র এক জন অপরাধী মাজিট্রেট সাহেবের নিকট না পাঠাইলে আবার জমীদারের দও
হইবে, অথবা হয় ত তাঁহার জমীদারী যাইবে, অতএব আসামি

সাজাইয়া একজনকে পাঠান নিতান্ত আবশ্রুক হইয়াছে। যে
আসামি সাজিবে তাহার বিশেষ ভয় নাই। সামান্য পানপাত্র

চুরি হইয়াছে, ইহার নিমিত্ত উর্জ্বসীমা একমাস কারাবদ্ধ
থাকিতে হইবে, অধিক নহে। কর্ম্মান্তরে বিদেশে গেলে কথন
কথন একমাসের অধিক কাল পরিবার ছার্ড়িয়া থাকিতে হয়।
ইহাও সেইরূপ: অধিকন্ত একমাস বিদেশে গিয়া দশ মাসের
উপার্জ্জন হইবে। জমীদার বিলয়াছেন যে, যে আসামি হইয়া

যাইবে, তাহাকে পঞ্চাশ টাকা নগদ দিবেন। অতএব এই
এক লাভের পন্তা আছে। আবার তুমি জেল হইতে অব্যাহতি পাইলেই তোমাকে এই সরকারে উপযুক্ত কর্ম্ম দিব।"

নায়েবের এই প্রস্তাব শুনিয়া রামেশ্বর নিজক্বত চুরি মনে করিয়া ক্লিহরিলেন। ভাবিলেন, বুঝি বিধাতা নিশ্চিতই কারাগারই আমার কপালে লিথিয়াছেন, নহিলে সেদিন আমি সেই পেটারা হইতে পয়সা চুরি করিতাম না। সে পাপের ফল এক দিন আমাকে অবশ্য ভোগ করিতে হইবে—তবে ছদিন অগ্র পশ্চাতে কি আসিয়া য়য়? কেনই বা আপন ইচ্ছায় জেল খাটয়া সে পাপের প্রায়শ্চিত্ত না করিব? আপন ইচ্ছায় এ প্রায়শ্চিত্ত করিলে, দেবতা কি প্রসয় হইবেন না ? য়াই হউক, উ্পস্থিত অয়াভাব নিবারণের উপায় ইহা অপেক্ষা আর কি হইবে?

রামেশ্বর উঠিয়া বলিলেন, "আমি সম্মত, আমায় পঞ্চাশ টাকা অগ্রিম দাও।" নায়েব তৎক্ষণাৎ টাকা দিয়া বলিলেন, "আর একটি কথা আছে। জেলায় যাইয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকট এই চুরি করা স্বীকার করিতে হইবে; একরার না করিলে স্বাবার আমাকে মিথ্যা প্রমাণ যোজনা করিয়া পাঠাইতে হইবে।''

রামেশ্বর উঠান হইতে মাথা নাড়িয়া নায়েবের কথার উত্তর দিয়া চলিয়া গেলেন, এবং বাটী পৌছিয়া পঞ্চাশ টাকা গণিয়া স্ত্রীর হাতে দিলেন। পার্কাতী টাকা হস্তে করিয়া জিজ্ঞাসা করিলেন "এ কোথায় পেলে" রামেশ্বর সবিস্তারে দকল বলি লেন।

পার্বতী উহা শুনিবামাত্র টাকা দূরে নিক্ষেপ করিয়া স্বামীর পাদমূলে আসিয়া পাদ্ধয় ধরিয়া উদ্ধায়ুবে সজল নয়নে বলিতে লাগিলেন, "এমন কর্ম্ম কখন করিও না, ছার টাকার জন্ম সাধ করিয়া কয়েদী হইও না, আমি ভিক্ষা করিয়া খাওয়াইব; তুমি এমন কর্ম করিও না, এই বিদেশে আমায় রাখিয়া তুমি যাইও না. আমার নিমিত্ত না ভাব, ছেলের মুখ পানে চাও, ছেলের আর কে আছে ? ছেলের রোগ হলে আমি কোথা যাব. কাহার দ্বারে দাঁড়াব ?'' এই বলিতে বলিতে পতিবক্ষে মুখ লুকাইয়া অজল অশ্রুবর্ষণ করিলেন। এইসময়ে শিশু ছারের নিক্ট কর্দ্ধম লইয়া থেলা করিতেছিল, মার ক্রন্দনশন্দ তাহার কর্ণে গেল, ব্যস্ত হইয়া কর্দম আপন অঙ্গে মুছিতে মুছিতে উভয়েব প্রতি চাহিতে লাগিল; শেষে "বাবা টুই মাকে মাল্লি?" এই বলিয়া মার অঙ্গের উপর ঝাপ দিয়া শত শত মুখচ্ছন করিল, আর বলিতে লাগিল, "মা টুমি কেডো না বাবাকে খুব मानदा खकून।" अमिन शार्का मकन जुनिया श्रातन, পুত্রকে কোলে লইয়া বলিলেন, "কৈ ওঁরে মার আগে।" শিশু কোল হইতে উঠিয়া "এই মেলেসি!" বলিয়া ক্ষুদ্র হাতে বাপের পিটে মারিল, আবার তথনই গলা ধরিয়া তাহার মুখচুম্বন করিতে লাগিল। পার্ব্বতী শিথাইয়া দিতে লাগিল, "আবার মার।"

শিশু তৎক্ষণাৎ ''আবাল মেলেসি'' বলিয়া আবার সেই কোমল অমৃত মাথা কর পিতার পৃষ্ঠে ফেলিল। এইরূপ পবিত্র স্থথে কি-ঞিৎকাল অতিবাহিত হইলে রামেশ্বর উঠিয়া টাকা গুলিন এক-ত্রিত করিয়া শয়ার উপর রাখিয়া চলিয়া গেলেন। পার্ব্বতী সন্তান লইয়া অন্যমনে রহিলেন।

শ রামেশ্বর নায়েবের নিকট গিয়া বলিলেন, মহাশয় "আসায়
চালান দিতে আর বড় বিলম্ব করিবেন না। বিলম্ব হইলে বুঝি
আমার যাওয়ার ব্যাঘাত হইবে। স্ত্রীর কাতরতা আর একবার
দেখিতে গেলে আমার বোধাবোধ থাকিবে না, অতএব য়াহা
হয় করুন, আমি এখনও দৃঢ়প্রতিজ্ঞ আছি। নায়েব ব্যস্ত
হয়য়া দারোগাকে সংবাদ পাঠাইলেন। দত্তেক কালের মধ্যেই
পদাতিকগণ রামেশ্বরকে বেইন করিয়া জেলায় লইয়া চলিল।
তিনি আর স্ত্রী পুত্রকে দেখিয়া আসিলেন না।

তখন প্রথম রামেশ্বরের স্মরণ হইল এ যে জেলে যাইতেছি! জেল! যেখানে ব্রহ্মন্ত, নারীন্ধ, গোঘাতক, পাপাত্মারা থাকে;— যেখানে ভাকাত, রাহাজান, ঠগ, ইহারা বন্ধু—সেই জেলে! যেখানে মাহুষকে গোরু করিয়া ঘানি গাছে জোড়ে, সেই জেলে! যেখানে জাতি নাই, ব্রহ্মণ মুসলমান একপংক্তিতে খায়, হাড়ি ডোমের সঙ্গে এক শ্যায় শুইতে হয়, সেই জেলে! যেখানে বিচার নাই, তৎপরিবর্জে কেবল বেত্রাঘাত আছে, সেই জেলে! কি অপরাধেণ অপরাধ, থাইতে পাই না—অপরাধ স্ত্রী পুত্রের অলাভাবে মৃত্যু দেখিতে পারি না—অপরাধ।

এমন সময়ে শূন্য মার্গ বিদীর্ণ করিয়া, বৃক্ষ লতা শাখা পত্র পূষ্পবিশিষ্ট গ্রাম্য প্রদেশ কম্পিত করিয়া, তীত্র করুণ মর্ম্মভেদী রোদন ধ্বনি রামেশ্বের কর্ণে প্রবেশ করিল। পশ্চাৎ ফিরিয়া দেখিলেন, যে পার্বতী প্রায় রুদ্ধখাসে ছুটতেছে; কাঁদিয়া \*

বলিতেছে "একবার দাড়াও! তোমায় দেখি।" রামেশ্বর আর সহ্থ করিতে পারিলেন না, ফিরিয়া দাড়াইলেন, দৌড়াইরা ব্রাহ্মণীর নিকট আসিতে চেষ্টা করিলেন, কিন্তু পদাতিকেরা আসিতে দিল না, ধাকা মারিয়া লইয়া চলিল। রামেশ্বর আর একবার ফিরিয়া দেখিলেন। দেখিলেন কয়েকটি গ্রামবাসী আসিয়া পার্বতীকে ধরিয়া রাখিয়াছে, পার্বতী ধূলায় পড়িয়া চীৎকাম করিতেছে; আর তাহার কেশরাশি ধূলায় ধূষরিত হইতেছে। রামেশ্বর আর দেখিতে পাইলেন না; ক্রমে দূরতা বৃদ্ধি হইতে লাগিল; বায়ুসঙ্গে পত্নীর ক্রন্দনধ্বনি মধ্যে মধ্যে আসিতে লাগিল। তখন তাঁহার বোধ হইতে লাগিল যেন সাগর উছ্লিতেছে, জগৎ ক্রাদিতেছে।

#### দ্বিতীয় পরিচেছদ।

পুলিসের পদাতিকগণ রামেশ্বরকে লইয়া গেলে পর রাত্রে দারোগা আর নায়েব উভয়ে আহারাস্তে একত্রে বসিয়া কথাবার্তা কৃহিতেছিলেন, এমত সময় একজন দাসী সংবাদ দিল যে রামেশ্বরে স্ত্রী কিঞ্চিং শাস্ত হইয়াছে। এক্ষণে যন্ত্রণাযে সহ্ব করিতে গারিবে এমত বোধ হইতেছে। সন্তানকে খুম পাড়াইয়া আপনিও শুইয়াছে, কিন্তু এখনও ধীরে ধীরে কুঁাদিতেছে।

নায়েব বলিলেন, ''তাহার নিকট অদ্য যাহার থাকিবার কথা ছিল সে স্ত্রীলোকটি এখনও যায় নাই ?'' দাসী উত্তর করিল ''সে সেখানে আছে, আমিও এপর্যান্ত ছিলাম। এইমাত্র আসিতেছি।''

দাসী এই কথা বলিয়া চলিয়া গেলে দারোগা বলিলেন।
"বেদ্ধপ শুনিরাছি তাহাতে বোধ হয় আসামি পলাইবার নিমিত্ত
ব্যস্ত হইয়া থাকিবে। একান্ত না পলাইতে পারে মাজিট্রেট সাহেবের নিকট আর একরার করিবার সম্ভাবনা নাই।" নায়েব

জিজ্ঞাসা করিলেন, "তাবৈ এক্ষণে উপার?" দারোগা বলিলেন যে "আসামি একান্ত স্বীকার না করে তবে অহ্য প্রমাণ দিতে হইবে। আসামীর ঘর হইতে চুরির মাল বাহির করিতে হইবে। অতএব পূর্বাহ্নে তাহা পঁ,তিয়া রাখিয়া আসিতে হইবে। একটা জলপাত্র এই সময়ে আপনি স্বয়ং যাইয়া উহার স্ত্রীকে সন্মত ক্রুরিয়া রাখিয়া আহ্মন।" নায়েব বলিলেন "অদ্য রাত্র হইয়াছে; কল্য প্রাতে তাহা করা যাইবে।" দারোগা বলিলেন, "তাহা কদাচ হইবে না, প্রাতে অহ্যলোক দেখিলে সকল কথা রাষ্ট হইয়া যাইবে। অতএব তুমি অবিলম্বে যাও।" নায়েব অগত্যা যাইতে স্বীকার করিলেন।

রামেশ্বরের অদৃষ্টশৃঙ্খল, চারিদিণ্ হইতে রামেশ্রকে আঁটিয়া ধরিতেছিল। গভীর রাত্রে রামেশ্বর পদাতিকদিগের নিকট হইতে পলাইলেন, পাছে কেহ জানিতে পারে এই ভয়ে সংগো-পনে আসিয়া গৃহের নিকট এক বৃক্ষপার্শ্বে দাঁড়াইয়া চারিদিক দেখিতে লাগিলেন। এইসময়ে পূর্কদিণ্ হইতে এক ব্যক্তি আসিতেছিল; তাহাকে দেখিয়া রামেশ্বর লুকাইয়া থাকিয়া, তাছার আপাদ মস্তক নিরীক্ষণ করিতে লাগিলেন, চিনিলেন যে সে ব্যক্তি নায়েব। অতএব ভাবিলেন এই সময় নায়েবের নিকট গিয়া তাঁহার পায়ে ধরিয়া টাকা ফিরাইয়া দিই। স্তীর স্বথসাধন নিমিত্ত এই কর্ম্ম করিতে প্রবৃত্ত হইয়াছি, যদি তাহারই কট্ট হইল তবে আর টাকায় প্রয়োজন কি। এই ভাবিতে-ছিলেন, এমত সময় দেখিলেন যে নায়েব তাঁহার ছারে গিয়া তখনও পার্কতী অতি মৃতুস্বরে কাঁদিতেছিল। নাডাইল। প্রতিবাসিগণ বলিল "ওণো একটু নিদ্রা যাও নতুবা পীড়া হইবে।" এই বলিবামাত্র পার্ব্বতী আরো অধিক কাঁদিয়া উঠি-নায়েব ছারদেশে দাঁড়াইয়৷ ক্রন্দনশক শুনিয়া বলিল.

"মা একবার দ্বার খুলিয়া দাও, আমি তোমার স্বামীর কোন সংবাদ আনিয়াছি।" যেথানে, বৃক্ষান্তরালে লুকাইয়া রামেশ্বর সকল দেখিতেছিলেন, সেথান হইতে এসকল কথাবার্ত্তা কিছুই শুনা যাইতেছিল না-পার্ব্বতীর অফুচ্চ রোদন শব্দও শুনা যাইতেছিল না। পার্বতী নায়েবের কথা শুনিবামাত্র ক্রতবেগে षात थूलिया हित्तन, ভালমন কিছুই ভাবিলেন না । নায়েব গু<del>চ্ছ</del> প্রবেশ করিয়া বলিলেন, " অনেক কথা আছে। প্রথমে উঠিয়া দ্বারক্রদ্ধ কর, নতুবা কে শুনিতে পাইবে।" রামেশ্বর দূরহইতে দেখিলেন যে নায়েব দারে আসিয়া দার নাড়িতে লাগিল, অস্পষ্টস্বন্ধে পার্ব্বতীকে ডাকিয়া কি হুইএকটি কথা বলিল, তাঁহার নিখাদ খরতর বহিতে লাগিল। আবার দেখিলেন অবিলম্বে পার্বতী দার উদ্ঘাটন করিয়া দিলেন, নায়েব গুহে প্রবেশ করিলে আবার দ্বার ক্রন্ধ হইল। রামেশ্বর মনে করিলেন তাঁহার বুঝিতে আর কিছুই বাঁকি রহিল না। ভাবিলেন, এই নিমিত্ত নায়েব আমাকে কৌশল করিয়া দারোগার হস্তে সমর্পণ অতএব ইহার প্রতিফল দিব, এই বলিয়া দারের নিকট আসিয়া দাঁডাইলেন। তাহাদের কথা বার্ত্তার শব্দ শুনিতে পাইলেন। একবার ভাবিলেন, কি কথা হইতেছে শুনি; অমনি আপনার প্রতি ক্রদ্ধ হইয়া দ্বারে পদাঘাত করিলেন। গহাভ্যন্তর নিস্তন্ধ হইল। তথন মর্ম্ম যন্ত্রণায় একপ্রকার রুদ্ধ-স্বরে বলিলেন, "আমি আসিয়াছি, তুমি যাহার জন্ত এত কাঁদিতেছিলে, সেই আমি আসিয়াছি—তোমার উপপতি তোমার ঘরে আছে, এখন আমি চলিলাম।" পার্বতী এই স্বর শুনিল, আহলাদে কথা বুঝিতে পারিল না, উন্মন্ত হইয়া বর্হিগত হইল। বর্হিগত হইয়া প্রেমপুরিত ব্ররে ডাকিতে লাগিল। রামেশ্বর বিশ্বিত হইলেন। আর কিছুই না বলিয়া চলিয়া গেলেন।

পাৰ্ব্বতী হারু খুনিয়া স্থানীকে না দেখিয়া ভাকিতে ডাকিতে উক্তর না পাইরা, শেষে কাঁদিতে লাগিল।

রামেশ্বর আর কোন উত্তর না দিয়া ভাবিলেন অমাকে আর কষ্ট দিব না, আপনি আর কষ্ট পাইব না, এই ম্বণিত পৃথিবী ত্যাগ করিব। এই সিদ্ধান্ত করিয়া চলিলেন। অপরাক্তে যে কুল্লনধ্বনি মর্ম্মভেদী বলিরা বোৰ হইয়াছিল, এক্ষণে সেই শক্ষ পৈশাচিক বোধ হইতে লাগিল।

রামেশ্বর কিরদুরে গিরাদেখিলেন পদাতিকগণ ফিরিয়া আদিতেছে। তাহাদের সম্বথেষাইয়া বলিলেন, "আমাকে বন্ধন কর আমি আসিয়াছি।" রামেশ্বরের মৃর্তি দেখিয়া সকলে ভয় পাইল। বন্ধন করিতে আর কাহারও সাহস হইল না। তিনি বলিলেন "পরিবার দেখিবার বড় ইচ্ছা হইয়াছিল, তাহাই গিয়াছিলাম। এখন চল তোমাদের ভয় নাই। আমি নিজে আসিয়াধরা দিয়াছি, তাহাই তোমাদের দারোগা আমাকে চালান দিতে পারিয়াছেনু, নতুবা তাঁহার সাধ্য হইত না। সেদিবস খুন্করিয়াছিলাম, আমি ধরা দিই নাই বলিয়া কেহ সন্ধান পায়

ইহা গুনিয়া জমাদার অতি আগ্রহসহকারে জিজ্ঞাসা করিল "দে খুন কি তুমি করিয়াছিলে ?" রামেশ্বর উত্তর করিল, "হাঁ আমিই সে খুন করিয়াছি।" জমাদার আবার জিজ্ঞাসা করিল, "তুমি আদালতে ইহা স্বীকার করিতে পারিবে ?" রামেশ্বর বলিল "অবশ্য স্বীকার করিব কাহারে ভয় ?"

সার কেহ কোন কথা বলিল না, সকলে তাঁহার সঙ্গে সঙ্গে চলিল।

পর দিবস মাজিট্রেট সাহেবের সম্মুদে আনীত হইয়া রামে-

4

ষার উচ্চাসনে দাড়াইলেন। মাজিষ্টেট সাহেব তাঁহার আপাদ মস্তক নিরীক্ষণ করিয়া জিজ্ঞাসা করিলেন, "এই কি সেই খুনি মামলার একরারি আসামি?" রামেশ্বর "হাঁ" বলিয়া সেলাম করিলেন। তথন তাঁহার আন্তরিক ষন্ত্রণা বড় গুরুতর হইয়া উঠিয়াছিল, কোনরূপে এ দেহ ত্যাগ করিতে পারিলেই ভাল, এই বিবেচনার হত্যাকারী বলিয়া আন্থাপরিচয় দিলেন। রামেশ্বর, দাওরা আন্থাপরিচয় করিয়া দিলেন। রামেশ্বর, দাওরা সোপর্দ,হইলেন। দাওরার বিচারে তাঁহার প্রতি যাবজ্ঞীবন দ্বীপান্তরের হকুম হইল।কিছু দিন পরে নিজামত আদালত দণ্ড কমাইয়া দিলেন। তথন পিনল কোড ছিল না; বিশা বৎসরের নিমিত্ত রামেশ্বর দ্বীপান্তরে গেলেন।

এদিগে পার্ব্বতী, একবার স্বামীর কথার শব্দ শুনিয়া, আর উত্তর না পাইয়া, উন্মাদিনীর ন্যায় ভাহার সন্ধানে বনে বনে ছুটিতে লাগিল। কোপাও স্বামীর সাক্ষাং পাইল না, কত ডাকিল কোন উত্তর পাইল না। কত কাঁদিল, কেহ তাঁহাকে 'শাস্ত করিল না। শেষে পদা নদীর ধারে দাঁডাইরা ভাবিতে লাগিল। তখন হঠাৎ মনে পড়িল যে রামেশ্বর যখন চলিয়া যান, তখন তাঁহার কথায় কি একটি শব্দ ছিল-অতি নিষ্ঠ্র অতি ভয়ন্বর, একটি কথা ছিল্—পার্ব্বতী তখন আহলাদে তাহাতে কাণ দেয় নাই—তখন রামেশ্বরের কথার অর্থ বৃঝিতে এখন সেই কথাটি মনে পড়িল—এখন তাহার অর্থ বৃঝিল-এখন বৃঝিল, রামেশ্বর কেন পলাইয়াছে। বৃঝিল তাঁহার কপাল ভাঙ্গিয়াছে, বুঝিল এসংসারে আর স্বামীর সহিত সাক্ষাৎ হইবে না। তথন তাহার চক্ষে আকাশ, নক্ষত্র, জল नकनरे आँधात रहेशा आमिन। निष्यात अकि निक रहेन: জলে তরঙ্গ উঠিল, ক্রমে মিলাইয়া র্গেল, শেষ সকল স্তব্ধ হইল।

পাৰ্কতী যেখানে দাঁড়াইরাছিল, দে বেখানে আর নাই। পাকতী ফল্টিয়াইইরাছে।

30 -

## তৃতীয় পরিচেছ্দ।

ে এই ঘোরনাদী সমুদ্রের অনস্ত বজ্ঞগন্তীর কল্পোল শুনিতে গুনিতে বিশ বৎসর! এই বালুকাময় উপকূলারত নারিকেল বৃক্ষের সন্ধীর্ণ ছায়ায়, কোদালি হাতে, বিশ্রাম করিতে করিতে বিশবৎসর! এই সাগরপ্রাস্তব্যাপী কেণবিকীর্ণ ধূমমধ্যে আনল ত্লালের হাসিভরা মুখের অন্বেষণ করিতে করিতে বিশবৎসর! ক্ষেছানির্কাসিত রামেশ্বর মনে করিয়াছিল, মরিব।—মরিতে পারিল না—বিশবৎসরের যন্ত্রণা ভোগ করিতে আসিল। আমর্কামনে করি, এই করিব, আর একজন করেন আর। অনুষ্ঠিত গের কার্য্য, দৃষ্ট, তাঁহার কার্য্য, অনুষ্ঠি!

ষধন, বিশ্বাস্থাতিনীর কথা মনে করিয়া, রামেশ্বর মরিতে চাহিয়াছিলেন, তথন ত আনন্দগুলালকে মনে পড়ে নাই। এখন দিবারাত্রি, এই নির্বাসিতের বাস্বীপে, আনন্দগুলালের অকৃত্রিম, সরল, হাসিভরা মুখ, তাহার আধ্বং কথা, তাহার থেলা মনে পড়িতে লাগিল। যখন সমুদ্র শাস্ত হইয়া, মূহু মূহু ডাকে, রামেশ্বর ভাবেন, আনন্দগুলাল কথা কহিতেছে। যখন দূরে অস্পটলক্ষ্য একটি তরঙ্গ উচু হইয়া নাচে, রামেশ্বর মনে করেন, আনন্দগুলাল নাচিতেছে। রামেশ্বর মনে করিয়াছিলেন, যে তিনি বিশ বৎসর বাঁচিবেন না—কিন্তু বিশ বৎসর বাঁচিলেন। কাল পূর্ণ হইলে, স্বদেশে ফিরিয়া আসিলেন। ভাতিপুরে আসিয়া দেখিলেন, তাহার সে কুটীর নাই—উাহার পত্নী নাই, কই আনন্দগুলাল ত নাই। কেহু তাহাদের কথা কিছু বলিতে

#### ভ্রমর |

পারিল না। রামেশ্বর দুরামেশ্বর কে ? রামেশ্বরক্ কেহ চেনে না।

করেক দিন সন্তানের নিমিত্ত উন্মত্তের ন্যায় ভ্রমিলেন। এক দিবস রামেশ্বর হাটে য।ইবার পথে বসিয়া থাকিলেন; ভাবিলেন, হয়ত তাঁহার সন্তান অদ্য হাট করিতে আসিবে; রামেশ্বর যুবা পণিক মাত্রই সকলকে অতৃপ্ত লোচনে দেখিতে লাগিলেন। হঠাৎ একটি স্ত্রীলোককে দেখিয়া, রামেশ্বর শিহ-तिलनः खीलाकि कि कि शिया त्वाध हरेन तम त्वामाः, व्याकात দেখিয়া, রামেশ্বরের বোধ হইল সে পার্কতী ৷ রামেশ্বর যথন দ্বীপান্তরে যান, তথন পার্ব্বতীর বয়স বিশ বংসর, এক্ষণে তাহার বয়স চাল্লিশ হওয়ার কথা; ইহার সেই বয়স। যাহাকে বিশ বৎসর বয়সের পর আর দেখি নাই, তাহাকে চল্লিশ বৎসর বয়দে সহজে চেনা যায়না। যে পার্কতীকে, রামেশ্বর ত্যাগ করিয়া গিয়াছিলেন, এ সে পার্বতী নহে বটে, কিন্তু রামেশ্বর मत्न वृत्तित्नन त्य, त्य देवसमुभा तम्था याष्ट्रत्वह, जाहा वत्याशित-বর্ত্তনে ঘটিয়াছে। বেশ্যা রক্তবর্ণ বস্ত্র পরিয়া শুষ্ক খেত ফুলের মালা গলায় দিয়া তামাক খাইতে খাইতে এক জন মুসলমানের সহিত কথা কহিতেছে; দেখিবা মাত্র রামেশ্বর তাহার নিকট গিয়া গম্ভীর ভাবে জিজ্ঞাস। করিলেন "আমার পুত্র কোণার ?" বেশ্যা আকাশমুখী হইরা হাসিরা উত্তর করিল "কে তোর, ছেলে ?'' রামেশ্বর বলিলেন ''আনন্দ তুলাল।'' নটী বলিল "মরণ আর কি। তোমার কি দড়ি কলসী যোটে না ?" রামেশ্বর वितालन, "भीष युष्टितः अकल आभाग वल आनसङ्गानत्क কোপায় পাঠাইয়াছিস্ ?" বেশ্যা উত্তর করিল "চুলায় পাঠাই-য়াছি। নদীর ঘাটে তারে পুতিয়া আসিয়াছি। তাহার ওলাউঠা হইয়াছিল। সে গিয়াছে, একণে তুমিও বাও।"

3

সহু করিতে পারিলেন না; জোরে তাহার বক্ষে পদাঘাত করিয়া চলিয়া গেলেন।

গেলেন কোথার ? কোথার যাইতেছিলেন তাহা কিছুই জানিতে পারিলেন না। দ্বীপাস্তরে বিসিয়া এই পুল্রের মুখ ভাবিতেন। কবে আবার তারে দেখিবেন, বিসয়া বিসয়া কেবল তাহাই ভাবিতেন। এই আশা এ পৃথিবীর এক মাত্র গ্রন্থি ছিল। এক্ষণে প্রার কোথার বাইবেন ? অথচ গেলেন।

পথে দেখিলেন, আর এক জন স্ত্রীলোক একটি ছেলে কোলে করিয়া লইয়া যাইতেছে। রামেশ্বর, হঠাৎ তাহাকে এক চপেটাঘাত করিয়া, তাহার ক্রোড় হইতে ছেলে কাড়িয়া লইয়া নামাইয়া দিলেন। স্ত্রীলোক উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিল। রামেশ্বর বলিলেন, "তোরা রাক্ষসীর জাত। ছেলে মারিয়া ফেলিবি—ছেলে ছেড়ে দে।"

রামেশ্বর সমস্ত দিন পথে পথে বনে বনে কাঁদিয়া বেড়াই-লেন। রাত্রে বড় ক্ষুধার্ত হইলেন। সন্মুথে এক দোকান দেখিলেন; দোকানি ঝাপ ফেলিয়া শুইয়া আছে। রামেশ্বর দোকানের ঝাঁপ ভাঙ্গিয়া, প্রবেশ করিয়া সন্মুথে যাহা পাই-লেন, খাইতে আরম্ভ করিলেন। দোকানি উঠিয়া গালি পা-ড়িতে আরম্ভ করিল। রামেশ্বর, দোকানির গলদেশে হস্ত দিয়া দোকানের বাহির করিয়া দিলেন।

দোকানি ফ'। ড়ির বরকন্দাজ ডাকিয়া আনিল; রামেশ্বর বরকন্দাজের লাঠি কাড়িয়া তাছার মাথায় মারিলেন; বরকন্দা-জের মাথা ফাটিয়া গেল।

শীম্র বটিল, এক জন প্রাসিদ্ধ দায়মালী, পিলো পিনাং হইতে ফিরিয়া আসিয়া, দেশ লুঠ করিতেছে, যাকে পাইতেছে, তাকে মারিতেছে। পুলিষ শশব্যস্ত হইল; মাজিট্রেট রামেশ্বরের প্রেপ্তারির জন্য ছই শত টাকা পুরস্কার ঘোষণা করিয়। দিলেন রামেশ্বর দিন কত লুঠিয়া থাইয়া, মানুষ ঠেসাইয়া, লুকাইয়া থাকিয়া দিনযাপন করিল। সকলে বন্য পশুর ন্যায় তাহাকে তাড়া করিয়া বেড়াইতে লাগিল। যত বদমাস, ডাকাইত, তাহার প্রতাপ শুনিয়া, তাহার চারি পাশে জমিল। তথন রামেশ্বর ডাকাতের সর্দার হইয়া, মনুষ্য জাতির উপর ভয়য়র দৌরায়ায় করিয়া বেড়াইতে লাগিলেন। কেহ তাহাকে ধরিতে পারিল না; কিন্তু একবার প্রায় ধরা পড়িয়াছিলেন। তিনি স্বদলে, বহু দ্রে, এক ডাকাতি করিতে গিয়াছিলেন। গৃহ রক্ষকেরা সতর্ক, এবং বলবান্; রামেশ্বর শুক্ষতর আঘাত প্রাপ্ত হইয়া অচ্চেন হইয়া পড়িয়া গেলেন। তাহার সঙ্গিগণ তাঁহাকে বহিয়া আনিয়া গ্রামান্তরে এক জঙ্গলে ফেলিয়া গেল।

সেই গ্রামের লোক, পর দিন প্রাতে সভয়ে দেখিল, যে একজন মৃতপ্রায়, আহত ব্যক্তি বনে পড়িয়া আছে। তাহারা পুলিষে সম্বাদ দিতে যাইতেছিল। একজন তাহার নিকটক্ষ নগর হইতে কোন ধনিব্যক্তির চিকিৎসা করিতে, সেই দিন সেই গ্রামে আসিয়া ছিলেন। তিনি বলিলেন, "তোমরা পশ্চাৎ পুলিষে সম্বাদ দিও; কিন্তু ও মুম্র্যু। আমি আগে উহার চিকিৎসা করিয়া বাঁচাই; এক্ষণে উহাকে পুলিষে লইয়া গেলে, উহাব মৃত্যু হইবে।" লোকে ডাক্তারের কথা শুনিল, পুলিষে তথন সম্বাদ দিল না। ডাক্তার, তৎক্ষণেই তাহার চিকিৎসা আরম্ভ করিয়া, তাহার জীবন দান করিলেন। রামেশ্বরের উত্থান শক্তি হইতে পলাধ্যন করিয়া পুলিষের হাত এড়াইল।

## • \ চতুর্থ পরিচেছদ।

রামু সন্দারের ভয়ে দেশ কাঁপিতে লাগিল; কিন্তু আনন্দ ত্লালের শোক রামু ভুলিল না। শেষোক্ত ঘটনার চারি বংসর পরে, একদিন রামু বা রামেশ্বর দলবল সঙ্গে এক ডাকা-ইতিতে যাইতে 📴 । রাত্র প্রায় হুই প্রহর । প্রান্তরে, বুক্ষাগ্রে, ननी जल हुन किंद्रव काँिशिटाइ । . अक थानि शास्त्रि धीरत धीरत নদীর ধার দিয়া যাইতেছে। পালকির মধ্যে রারু শয়ন করিয়া পালিতে শয়ন করিয়া বাবু অন্যমনঙ্কে নানা বিষয় ভাবিতেছিলেন। গৃহিণী, কন্যা, ইটের পাঁজা, নুতন বাগান; নৃতন বাগানের কেবলা মালীর দোরস্থা দাড়ী, তাহার মালিনীর খাঁদা নাক; তাঁহার চিন্তার ভাগী হইল। বাবু এই রূপ ভাবিতেছেন এমত সময় হঠাং পাল্পি চুলিয়া উঠিল। ছুই এক পদ হটিল, শেষ ভূমিতে নামিল। বাবু পালি হইতে মুখ বাহির করিলেন। শিহরিয়া উঠিলেন। দেখিলেন প্রায় ২৪।৩০টি তরবারি ফলকে চন্দ্রকিরণ জলিতেছে এবং যাহাদের হস্তে সেই তর্বারি ছিল তাহারা গম্ভীর পদক্ষেপে অগ্রসর হইতেছে। বাবু তথন সকল বুঝিলেন। দস্তারা পাল্কির দারে আসিয়া দাঁড়াইলে একজন হস্ত প্রসারণপূর্বাক চল ধরিয়া বাবুকে বাহির করিল। আর একজন মাথা সমান হস্ত তুলিয়া সড়কি সন্ধান পূর্বাক নিক্ষেপ করিতেছিল, এমত সময় রামেশ্বর সেই সড়কির ফলক ধরিয়া বাবুর প্রাণ্রক্ষা করিল। এবং সকলকে বলিল "তোমরা একটু অপেক্ষা কর আমি একবার বিশেষ করিয়া দেখি, এই ব্যক্তিকে বুঝি কোথায় দেখিয়াছি।" যে সড়কি নিক্ষেপ করিতেছিল সে জুদ্ধ ভাবে উত্তর করিল "তুমি সকলকেই দেখিয়াছ! সকলেই তোমার

আত্মীর কুট্র, তুমি একটু সরিয়া দাঁড়াও আমরা বাব্র পরিচয় লই।" রামেশ্বর তথন দর্পে তরবারি ঘুরাইয়া বলিলেন "যা সকলে তফাৎ যা, নহিলে কে পারিস, হাতিয়ার লইয়া এগো।" এই কথা শুনিয়া সকলে সরিয়া দাঁড়াইল। তথন রামেশ্বর জিজ্ঞানা করিল "বাব্ আপনি কি ডাক্তার ?" বাব্ বলিয়া উঠিলেন" আমি ডাক্তার। আমার বাঁচাও আক্রিচরকাল তোমারক্রীতদাস হইয়া থাকিব।"

রামেশ্বর বলিল, "কোনে ভয় নাই, আমিই তোমার ক্রীত দাস।" এই বলিয়া অন্য দস্থাদিগকে ডাকিয়া কি বলিল; তাহার অমত দেখিয়া শেষ যে উদ্দেশে তাহারা যেখানে যাইতেছিল, সেই দিগে চলিয়া গেল। তখন ডাক্তার বাবু দস্থাকে জিজ্ঞাসা করিলেন, "কিরপে তুমি আমাকে চিনিলে আর কেনই বা আমাকে রক্ষা করিলে, ইহা সবিশেষ জানিতে অমার বড় ইচ্ছা হইতেছে।"

দস্যা বলিল "কয়েক বৎসর হইল আমি জথম হইয়া এক জঙ্গলে পড়িয়াছিলাম—আপনি আমাকে তুলিয়া লইয়া গিয়া, প্রাণদান করিয়াছিলেন। গ্রাম্য লোকের হাত হইতে রক্ষা করিয়াছিলেন, প্রলিষে দেন নাই। আমি আপনার নিকট চির-কাল বিকাইয়া আছি। চলুন আমি আপনাকে ঘাঁটি পার করিয়া রাখিয়া আসি।"

ডাক্তার বাবু দস্কার এরপ ক্বতজ্ঞতা দেখিয়া বলিলেন.''তুনি স্বভাবতঃ মহাস্মা—কেন এ দস্কার্ত্তি অবলম্বন করিয়াছ ?''

রামেশ্বর দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া নীরব হুইয়া রহিলেন।
দেধিয়া, ডাক্তার বাবু বৃঝিলেন, এ ব্যক্তি কোন গুরুতর মনোছঃখ পাইয়া দস্থ্য হইয়াছে—চেষ্টা করিলে ইহাকে কুপথ পরিত্যাগ করাণ যায়। মনে ভাবিলেন, এ আমার প্রাণরকা

### রামেশ্বরের অদৃষ্ট।

করিরাছে—ইহার উদ্ধারের উপার করা আমার কর্ত্তর। তথন ভাক্তারবাব্ রামেশ্বরকে বলিলেন, "তুমি কে? কেন তোমার এ দস্তারত্তি ঘটরাছে? তোমার বৃত্তান্ত জানিতে বড় কৌতৃহল হইতেছে। যদি তোমার কোন আপতি না থাকে, তবে আমাকে পরিচর দিরা পরিতৃপ্ত কর। তুমি আমার জীবন রক্ষা করিলে, আমার ঘারা ভোমার কোন অনিষ্ট ঘটবার সন্তাবনা নাই।"—দস্তা বলিল, "তুমিও একবার আমার জীবন রক্ষা করিয়াচ, অতএব তোমার ঘারা যদি এক্ষণে দেই জীবনের কোন বিদ্ন হয়, তাহাতেও আমার আক্ষেপ নাই।" এই বলিয়া আপনার পূর্ব্ব পরিচয় দিতে আরম্ভ করিল। শেষ চক্ষের জল মুদ্রিয়া বলিল, "যদি আমার সন্তান জীবিত থাকিত, যদি তাহাবে আর দেখিতে পাইতাম!" এই বলিয়া ত্বার হইয়া রহিল। আবার তাহার চক্ষ্ দিয়া অজন্ত্র জলধারা পড়িতে লাগিল। ডাক্তারও তাহার সঙ্গে কাঁদিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে, চক্ষের জল মুদ্রিয়া ডাক্তার বাবু বলিতে লাগিলেন,

" অমি সেই ভাতিগ্রাম চিনি। সেখানে আমি চিকিৎ দা করিতে গিয়া কিছুদিন ছিলাম। আপনার পূর্ব্ব বৃত্তান্ত সবিশেষ আমি সেখানকার নায়েব ও অস্তান্ত লোকের মুখে শুনিয়াছি। আপনার আদৃষ্ট নিতান্ত মন্দ। সেইজন্য আপনি ভয়ত্বর ভ্রমে পতিত হইয়া সর্বত্যাগী হইয়া দীপান্তরে গিয়াছিলেন।

রামেশ্বর বিশ্বিত হইয়া জিজ্ঞাসা করিল "সে কি ?" ডাব্রুনর বলিলেন, "আপনি হাটের পথে যে বেশ্রাকে দেখিয়া পার্কতী মনে করিয়াছিলেন, সে পার্কতী নহে।"

রামেশর বলিল, "না হউক—সমানই কথা। সে পাপিঠাও কোথার বেখাবেশে কাল কটিছিতেছে।" ডান্তার বাবু বলিলেন, "আজ্ঞানা। তিনি আপনার শোকে পদার জলে ঝাঁপ দিয়াছিলেন।"

রামেশ্বর এ কথায় অশ্রদ্ধা করিয়া হাসিয়া উঠিলেন।

যে প্রকারে হউক, ডাব্রুলার বাবু প্রকৃত বৃত্তান্ত অবগত ছিলেন। নায়েব ও দারোগার পরামর্শ হইতে, পার্ব্বতীর পদার নিমজ্জন পর্যান্ত, প্রকৃত কথা রামেশ্বরের নিকট সবিস্তারে বলিলন। শুনিয়া, রামেশ্বর আপন যক্তোপবীত বাহির করিয়া, ডাব্রুলার বাবুর হাতে জড়াইয়া দিয়া, বলিলেন, "আমাকে প্রতারণা করিও না—শপথ করিয়া বল, এ কথা কি সত্য! মিথ্যাবল, তবে ব্রহ্ম হত্যার পাপী হইবে,—এসকল কথা সত্য ?"

ডাক্তার বলিলেন, "এ সকল কথাই সত্য।"

তথন রামেশ্বর ধীরে ধীরে সেই চক্রকরোজ্বল কোমল শৃষ্ণশোভিত তীরভূমিতে উপবেশন করিলেন। তুই করে মুখমওল
আর্ত করিলেন। ক্রমে তাঁহার দেহ কাঁপিয়া উঠিতে লাগিল
ক্রণকাল পরে রামেশ্বর, ভূমিতে লুটাইয়া, 'পার্ক্ষতি!
পার্ক্ষতি!' বলিয়া উটেচঃশ্বরে রোদন করিতে লাগিলেন।
ভাহার অসহু যন্ত্রণা দেখিয়া ডাক্তার বাবু, তাঁহাকে শান্তনা
করিয়া, হাত ধরিয়া উঠাইলেন, বলিলেন,

" আপনি কাঁদিবেন না। এই ছঃখের সময়ে, আপনাকে আমি একট স্থসন্থাদ দিব। আপনার পুত্র মরে নাই।''

রামেশর বিহাদৎ বেগে দাঁড়াইয়া জিজ্ঞাসা করিলেন "আমার হলাল জীবিত আছে? শীঘবলসে আমার,কোথায়?" "তোমার পুত্র তোমার পাদমূলে" এই বলিয়া ডাব্ডার বাবুরামেশ্বরের পদতলে পড়িয়া অশ্রুবর্ষণ করিতে লাগিলেন। রামেশ্বর প্রথমে কিছুই বুঝিতে পারিল না; ক্রমে বুঝিল। হুই হস্তে সস্তানের মুখ তুলিয়া দেখিতে লাগিল; চক্ষের জলে

নিছুই দেখিতে পাইল না; তথন সম্ভানের মন্তক বুকের উপর চাপিরা ধরিষা কাঁদিতে কাঁদিতে বলিতে লাগিলেন, "সভাই এই আমার আনন্দত্লাল।" কাণেক বিলম্বে পিতার বক্ষ হইতে মাথা তুলিরা সম্ভান বলিলেন, "আপনি এই পারিতে চড়িরা আমার গৃহে চলুন, কি প্রকারে আমি প্রতিপালিত হইলাম, এবং লেখাপড়া দিখিলাম ভাহার বিস্তারিত পরিচয় দিব।"

রামেশ্বর ব্ঝিলেন, তিনি একণে পুত্রের সঙ্গে গেলে প্রকে পদরজে যাইতে হইবে। অতএব বলিলেন,

"তুমি আগে চল। আমাকে তোমার বাড়ীর ঠিকানা বলিরা দিরা যাও, আমি কাল প্রাতে পৌছিব।" আনন্দছলাল বিশেষ অন্তরোধ করাতেও রামেশ্বর শুনিলেন না, স্তরাং পুত্র অগ্রসর হইলেন। রামেশ্বর সেই নদীতটে বসিয়া সাধ্বী পার্ক্তীর জন্য রোদ্দন করিতে লাগিলেন।

পরদিন প্রাতে, রামেশ্বর পুজের ভবনে উপস্থিত হইয়া, পুজকে পুনরপি আলিঙ্গন করিলেন। সেই সময়ে অর্দ্ধাবগুণ্ঠনারতা এক স্ত্রীলোক আদিয়া, রামেশ্বের পায়ের উপর আছ্ডাইয়া পড়িয়া উচ্চৈঃশ্বরে কাঁদিতে লাগিল। কণ্ঠশ্বর শুনিয়াই রামেশ্বর চমকিল—এ কার গলা ? ছই হাতে তাহাকে ত্লিয়া নিরীক্ষণ করিয়া চিনিলেন—এই যে যথার্থ পার্বতী!

তথন রামেশ্বর পুত্তের দিকে মুথ ফিরাইয়া বলিলেন, "সে
কি? তুমি যে আমাকে বলিয়াছিলে, তোমার মাতা পদার

তুবিয়া ছিলেন।"

আনলহলাল বলিলেন, "আমি সতাই বলিয়াছি। মা, পদারে ঝাঁপ দিয়াছিলেন কিন্তু মরেন নাই—জালিয়ারা তুলিয়া-ছিল। সে সকল কথা পশ্চাৎ শুনিবেন।" তথন তিনজনে, একত্তে আহলাদে রোদন করিতে করিতে, পূর্ব্যক্তান্ত সকল বিবৃত করিরা পরস্পরকে শুনাইতে লাগিলেন।

## নিদ্রা।

আলেকজণ্ডর বেন বলেন, আমাদিগের যত গুলি শারীরিক বৃত্তি আছে, তন্মধ্য নিদ্রা সর্বাপেক্ষা বলবতী। ইহার অর্থ
আমরা ইহাই বৃঝি, যে অস্তান্ত শারীরিক বৃত্তি গণের চরিতার্থতা সাধন করা না করা, আমাদিগের ক্ষমতাদীন। আমরা
ইচ্ছা করিলে, কুধা নিবারণ না করিলে না করিতে পারি; তৃষ্ণা
পাইলে জল না থাইরা থাকিতে পারি; তাহাতে কন্ত হইবে,
গীড়া হইবে, শেষে মৃত্যু হইবে, তথাপি সাধ্য বটে। কিন্তু
নিদ্রাকর্ষণের পর ইচ্ছা করিলে জাগ্রত থাকিতে পারি না; অনেক যত্ন করিলেও আপন অজ্ঞাতে নিদ্রাভিত্ত হইয়া পড়িব।
নিদ্রা বোধ হয়, এক।ই অনিবার্যা।

কিন্তু এ কথা নিশ্চিত বলা যার না। চীনদেশে এক প্রকার অসাধারণ রাজদণ্ড প্রচলিত ছিল ঝ আছে—নিদ্রাহানির দ্বারা অপরাধীকে বধ করা। ১৮৫০ সালে আমর নগরে একজন বিক্ আপনার স্ত্রীকে বধ করিয়াছিল বলিয়া তাহার প্রতি এই ভীষণ দণ্ডের আজ্ঞা হইয়াছিল। দণ্ডসাধন জন্য, তাহাকে কারাগারে অবরুদ্ধ করা হইল। সেখানে তিন জন প্রহরী নিযুক্ত হইল; ঘণ্টার ঘণ্টার প্রহরী বদল হইত; তাহাদিগের কার্য্য অপরাধীর নিদ্রার বিশ্ব করা। তাহারা পর্য্যায়ক্রমে দিবারাত্র উপস্থিত থাকিয়া, বলীকে এক পলক জন্য ঘুমাইতে দিল না। অষ্ট্রম দিবসে কয়েদীর যন্ত্রণা এসন ভয়ানক হইয়া উঠিল যে সে

অনেক অস্থুনয় করিয়া প্রার্থনা করিল যে আমাকে গলা চাপিয়া বধ কর। প্রার্থনা গ্রাহ্ন হইল।

শী সাহেব বলেন যে আমরা কিয়দংশে ইচ্ছাপূর্বক নিজা আনিতে সক্ষম। আমরা হৃৎপিত্তের গতি মন্দীভূত এবং শারীকি তাপ শান্ত করিয়া দিই; তাহা হইলেই নিজা আইসে। শৈত্যের ফল যে নিজা ইহা অনেকেই জানেন। বাঁহারা শীত প্রধানদেশে রাত্রে বরফে পড়িয়াছেন, তাঁহারা জানেন যে সে অবস্থায় অনিবার্য্য নিজার আবেশ হয়ণ সেই নিজায় অভিভূত হইলেই মৃত্যু উপস্থিত হয়। বাঁহারা অনিজায় কইপান, তাঁহারা শীতল জল অকে সেচন করিয়া দেখিয়াছেন যে আশু অনিজা দ্র হয়। বাঁহাদের কোন ঔষধে অনিজা দ্র হয় নাই, মৃদ্ধাপ্রদেশে শীতল জল ব্যবহারে শীত্রই তাঁহাদের নিজা হইয়াছে।

কিন্ত ঘুম আনিবার আরও কতকগুলি কৌতৃকাবহ কৌশল আছে। শী সাহেব বলেন, উত্তরশিয়রে শয়ন করিলে অনিদ্রা দূর হয়; পশ্চিমশিয়রে শুইলে নিদ্রার বিদ্ন ঘটে। পার্থিব চৌম্ব-কাকর্ষণ কি ইহার কারণ ?

" মেমেরাইস্" করিলে ঘুম আইসে কেন ? কেহ কেহ ব-লেন, নিদ্রা আসিবে এই বিশ্বাস, এবং নিদ্রার প্রত্যাশা ভিন্ন অন্য বিষয় হইতে মনের বিরতি। নিদ্রার প্রত্যাশায় জনন্যমনা হইয়া স্থির থাকিলে নিদ্রা আসে এ কথা সত্য বটে। জনেক সময়েই এই উপারাবলম্বন করিয়াই আমরা স্বয়ুপ্ত হই।

নিজিতাবস্থার সচরাচর অস্তরিক্রির এবং বহিরিক্রির উভরেই ক্রিরাশূন্য থাকে। কিন্তু ইহার ব্যতিক্রম সর্বাদা ঘটে। কথন বা অস্তরিক্রির নিশ্চেষ্ট, বহিরিক্রিয় সচেষ্ট, কথন বা বহিরিক্রির নিশ্চেষ্ট, অস্তরিক্রিয় সচেষ্ট; দেখা যায়। নিজিতাবস্থায় যে কেহং উঠিয়া বেভার, কথা কর, দস্তপেষণ করে, ইহা সকলেই জানেন।

অন্তরিক্রিরের স্বয়ুপ্তিকালে, বহিরিক্রিরের সচেষ্টতার ইহা উদা-বহিরিক্রিয়ের সুষ্প্রিকালে, মন যে বার্যাতৎপর থাকে, স্বপ্ন তাহার উদাহরণ স্বরূপ সচরাচর নির্দিষ্ট হইয়া থাকে। স্বপ্নতত্ত্বের ব্যত্তাম্ভ অতি কৌতুকাবহ, কিন্তু সচরাচর আধ্যাত্মিক বিজ্ঞান বিষয়ক গ্রন্থে তদ্বিবরণ সবিস্তারে পাওয়া যায়, এজন্য আমরা সে দকল কথার কোন উল্লেখ করিতে চাছি না। কিউ শ্বথাবস্থার বেমানসিক, বাশারীরিক কার্যা সেমকল অপ্রকৃত: চকু. দেখিতেছে না, অথচ বোধ হইতেছে যে দেখিতেছে; কর্ণ গুনি-তেছে না. অথচ বোধ হইতেছে যে শুনিভেছে, ইত্যাদি। স্বপ্ন ভিন্ন আর একটি আশ্চর্যা ব্যাপার আছে—নিদ্রাবস্তায় মনের প্রকৃত এবং স্বাভাবিক কার্য্য সকল নির্ব্বাহিত হইয়া থাকে। কোন কোন ব্যক্তি নিদ্রিতাবস্থাতেও জাগ্রতের ন্যায় নানাবিষয় চিন্তা করিরা থাকেন। বর্ত্তমান লেখকও অনেক সময়ে নিদ্রি-তাবস্থাতেও এইরূপ চিন্তাক্ষম হইয়াছেন। তখন, চকু দেখিতে অক্ষম, কর্ণ গুনিতে পায় না, স্পর্শ অমুভূত হয় না, কোন অঙ্গ চালনা করা যায় না, অথচ বেশ জানিতে পারা যাইতেছে যে আমি ঘুমাই নাই, এবং প্রয়োজনীয় বিষয়ে চিস্তা করিতেছি।

এখানে কেবল মনই সচেষ্ট্, কিন্তু কথন কথন নিদ্রাকালে
মন, এবং কতকগুলি বহিরিক্রিয়ও সচেষ্ট্র থাকে—তথন অন্যান্য
ইক্রিয় নিদ্রিত। আমরা ক্লানি একজন ডেপ্ট মাজিট্রেট,
সাক্ষির জবানবন্দী লিখিতে লিখিতে কখনং তক্রাভিত্ত হরেন;
তথন তিনি স্বছলে নিদ্রা থান, কিন্তু পূর্বের যেরূপ জোবানবন্দী
লিখিতেছিলেন, সেইরূপ লিখিতে খাকেন, প্রায় কোন ভূল হয়
না। সর্ উইলিয়ম হামিল্টন, একজন ডাকের হরকরার
কথা লিখিয়াছেন, সেও মন্দ্র ব্যাপার নহে। ভাকের পুলিন্দা
লইয়া সে প্রত্যহ চারি ক্রোশ মাতায়াত করিত। মধ্যে একটা

মাঠ—পথ নির্বিল্ল। মাঠ পারে, একটি নদীর উপর অতি অপ্র শস্ত একটি সৈতু ছিল। গোটাকত ভাঙ্গা ধাপে উঠিয়া সেই সে-ভূতে উঠিতে হইত। বিশেষ অনুসন্ধান ও প্রমাণের দারা স্থির হইয়াছিল, যে ডাকের হরকরা যতক্ষণ ঐ মাঠ পার হইত তত ক্ষুণী সে ঘুমাইত; গমন, নিন্তিভাবস্থাতেই হইত; এই নিন্তিভা বস্থাতেও সে কথন পথ ভূলিত না, ঠিক্ সেতৃর দিগে যাইত: আর সেই ভাঙ্গা ধাপের কাছে গিয়া ভাষার নিন্তাভঙ্গ হইত।

আমরাও শুনিয়াছি বে বহরমপুরে কোন আদালতে একজন আমলা ছিলেন, তিনিও এইরপ নিজার পটু। তিনি আহারান্তে আপিসে বাত্রা করিতেন; রাস্তার পদার্পন করার পরেই তাঁহার নিজারস্ক হইত; কাছারীর নিকট তাঁহার নিজাভক্ষ হ-ইত। কিন্তু এবিষয়ের সত্যতা আমরা নিশ্চিত করিয়া ব্লিভে পারি না।

ইরাশ্বনের পত্রাবলীতে নিয় লিখিত বৃত্তান্তটি পাওয়া যায়।
অপোরিনদ্ নামে একজন তাঁহার বিদ্যান্ বন্ধু ছিলেন। উভয়ে
একদা এক পাছনিবাসে উপস্থিত হইয়াছিলেন। একথানি
প্তক সম্বন্ধে উভয়ের কোতৃহল ছিল, দে খানি অপোরিনদের
সঙ্গে থাকায় তিনি পাঠ করিতে আরম্ভ করিলেন। ইরশ্বস
শুনিতে লাগিলেন। কিয়্দুর পাঠ হইলে, ইরশ্বস একটি শন্ধ
ব্রিতে পারিলেন না—তিনি তদ্বিমে অপোরিনদ্কে জিজ্ঞাসা
করিলেন, উত্তর না পাওয়ায়, প্রশ্ন করিতে করিতে জানিতে
পারিলেন। যে অপোরিনদ্ নিদ্রিত! নিদ্রিতাবস্থাতেই গ্রন্থ
পাঠ করিতেছিলেন। ইরশ্বস্ তাঁহার নিদ্রাভঙ্গ করিলেন,
তথন অপোরিনদ্ দেখিলেন যে তিনি কি পাঠ করিয়াছেন
তাহার কিছু মাত্র মনে নাই। আমরা যে ডেপুটি মালিইেটের
কথা বলিয়াছি অপোরিনদ তাঁহারই দোসর।

#### ভূমর।

অতএব নিদ্রা সম্বন্ধে এই করেকটি কথা নিশ্চিত বোধ হয় ;—

- (১) নিজাকালে সচরাচর সর্বাঙ্গ ও মন নিশ্চেষ্ট হয়। ইহাই সম্পূর্ণ নিজা।
  - (২) কখন ও কেবল সর্বাঙ্গ নিদ্রিত হয়; মন জাগ্রত থা<sup>টে</sup>।
- (৩) কখন কোন কোন অঙ্গ নিদ্রিত, কোন কোন অঙ্গ জাগ্রত থাকে।
- (৪) নিদ্রিতাবস্থার মন জাগ্রত থাকিলেও মনের সকল শক্তি জাগ্রত থাকে না। নিদ্রিতাবস্থার যাহা লেখা যার বা পড়া যার, নিদ্রা ভঙ্গের পর তাহার কিছুই মনে থাকে না।
- (৫) কোন কোন অঙ্গ অণ্ডো, কোন কোন অঙ্গ পরে নিদ্রিত হয়। দেখা যায়, সচরাচর সর্বাণ্ডো চক্ষু মূদিত হয়।

# अत्न कुन

কে ভাসাল জলে তোরে কাননস্থলরি ! বসিরা পল্লবাসনে, ফুটেছিলে কোন বনে, নাচিতে পবন সনে, কোন বৃক্ষোপরি ? কে ছিড়িল শাখা হতে শাখার মুঞ্জরী?

₹

কে আনিল ভোরে, কুল, তরঙ্গিণী-তীরে?
কাহার কুলের বালা, আনিয়া কুলের ভালা,
ফুলের আঙ্গুলে তুলে ফুল দিল নীরে?
ফুল হতে কুল খদি, জলে ভাদে ধীরে।

#### जल कुल।

ভা সিছ সলিলে যেন, আকাশেতে তারা। কিম্বা কাদম্বিনী গার, যেন বিহঙ্গিনী প্রার, কিম্বা যেন মাঠে জ্রমে, নারী পথ হারা। কোপার চলেছ, ধরি, তর্মিণী ধারা?

8

একাকিনী ভাসি যাও, কোথার অবলে! তরঙ্গের রাশি রাশি, হাসিরা বিকট হাশি, তাড়াতাড়ি করি তোরে থেলে কুত্হলে? কে ভাসাল ভোরে ফুল কাল নদী জলে!

Ø

কে ভাসাল ভোরে ফুল, কে ভাসাল মোরে! কাল স্রোতে ভোরই মত, ভাসি আমি অবিরত. কে ফেলেছে মোরে এই, তরঙ্গের ঘোরে ? ফেলিছে তুলিছে কভু, আছাড়িছে জোরে!

189

শাধার মুঞ্জরী আমি, তোরই মত ফুল।
বোঁটা ছিড়ে শাথা ছেড়ে, বুরি আমি স্লোতে পড়ে,
আশার আবর্ত্ত বেড়ে, নাহি পাই ক্ল।
তোরই মত আমি ফুল, তরফে আকুল!

তৃই যাবি ভেসে ফুল, আমি যাব ভেসে। কেহ না ধরিবে তোরে, কেহ না ধরিবে মোরে, মনস্ত সাগরে তুই, মিশাইবি শেষে। চল যাই ছুই জনে অনস্ত উদ্দেশে।

# স্ত্রীঙ্গাতি বন্দনা।

হেদেবি! এব সভূমে ভূমিই একা জাগ্ৰত; অতএ বতোমাকে প্ৰণামকরি।

তুমি সর্বব্যাপিনী! কেননা সকল ঘরে আছে। তুমি অন্ন হুর্না। কেননা তুমি আপনার উদর অন্নে পূর্ণ করিয়া থাক; তুমি অভর।. কেননা তুমি পতির বাবাকেও ভয়কর না।

তুমি দিগস্থরী! যে অবধি শান্তিপুরে ধৃতি উঠিয়াছে।

তুমি র**কাকালী! কেননা** পতির পরমায়ুঃ তুমি বাম করে রকা করিতেছ।

ভূমি মহামায়া! কেননা জ্ঞানী কি অজ্ঞানী ভূমি সকলকে ভূলাইয়াছ।

তুমিই পুরুষের চক্ষুং, তুমিই কর্ণ, তুমিই জ্ঞান; তাহার। আপন চক্ষে যাহা দেখে তাহা মিথ্যা; আপন কর্ণে যাহা শুনে তাহা বুথা।

এসংসারে ভূমিই কর্ণধার ! 'কেননা ভূমি সকলের কর্ণ ধরিয়া চালাইতেছে।

তোমার নিমিত্ত সকলে মোট বহিতেছে; তোমারই নিমিত্ত শ্বরং মহাদেব'ভিক্ষার ঝুলি বহিয়াছেন।

হে দেবি ! তুমি স্পষ্ট করিয়া বল তোমার বীজমন্ত্র ওঁকার, না অলঙ্কার ?

েহে স্কৃচি! তুমি স্বরূপ বল, মংস্যের " নেজা'' ভালবাস কি প্রতিবাসীর " মুড়া '' ভাল বাস ?

হে দেবি! তুমি মনে করিলে সকলের মুঞ্ছু ঘুরাইতে পার
কথায়; পৃথিবী ভাসাইয়া, দিতে পার—রোদনে; পৃথিবীকে
রসাতল পাঠাইতে পার—কলতে।



### মাসিক পত্র।

১ম খণ্ড।

देजार्छ ১२৮১।

২ সংখ্যা।

### मायिनी।

#### প্রথম পরিচ্ছেদ।

বহুকগল হইল একদিন সন্ধার সমর সপ্তবংসর বয়স্কা একটি বালিকা ভাগীরথীতীরে দাড়াইরা অনিমেষ লোচনে স্রোভ স্তাড়িত দীপমালা দেখিতে দেখিতে পশ্চান্বর্ভিনী এক বৃদ্ধাকে বলিল "আই! আমার দীপ ভাসিয়া গেল।" আই উত্তর করিলেন "তা যাক, এখন তুমি ঘরে চল, অন্ধকার হইল।" "আর একট দেখি" বলিয়া বালিকা দাড়াইয়া রহিল।

বালিকাটির নাম দাসিনী। বৃদ্ধা মাতামহীব্যতীত দামিনীর আর কেহই ছিল না; সেই মাতামহীর সঙ্গে আসিয়া দামিনী এই প্রথমে দীপ ভাসাইল; দীপ ভাসিয়া গেল। অন্য বালিকার ন্যায় "এই আমার দীপ যাইতেছে" বলিয়া আহলাদে সঙ্গিনীকে দেখাইল

### ভ্ৰমর্কীনা।

না ; কেবল গম্ভীন্নভাবে একদৃষ্টিতে সেই দীপে রহিল t

নদী প্রশাস্ত; অক্কলারে সেই মদী আবার গভীর এবং জক্ল বলিরা বোধ হইভেছিল। সেই অক্ল নদীতে দামিনীর দীপ একা ভাসিরা চলিল। দামিনীর দীপ দামিনী আপনি উংসা-ইরাছে, এক্ষণে আর উপার নাই; অতএব কাতর অস্তরে দামিনী বলিতে লাগিল "হে ঠাকুর! আমার দীপকে রক্ষা কর।"

অন্ধকার ক্রমে ঘনীভূত হইতে লাগিল দেখিয়া মাতামহী माभिनीरक ग्रटश नरेशा छनित्नन। माभिनी गञ्जीत ভाবে किवन দীপের গতি ভাবিতে ভাবিতে গহে গেল। প্রাঙ্গণপার্মে একটি কলসে জল ছিল; দামিনী সেই জলে আপন কুদ্ৰ পদন্বয় কুদ্র কুদ্র অঙ্গুলি দারা প্রকালন করিরা শরন ঘরে প্রবেশ করিল। শয়ন মাত্রেই নিদ্রা আদিল। নিদ্রায় স্বপ্ন দেখিতে লাগিল যেন মেঘ অন্ধকারে ভারি হইয়া নদীর উপর নামিয়া পড়িরাছে। ঐ মেঘ দেখিয়া দামিনীর দীপ যেন ভয়ে অল্ল অল্ল জনিতে জনিতে পলাইতেছিল, এমত সময় পতনোৰুথ ভয়া-নক ভয়ানক তরঙ্গ আসিয়া তাহার চারিদিকে ঘেরিল। ঐ তরঙ্গের মধ্যে একটির চূড়ার উপর গম্ভীর ভাবে একটি বিড়াল বদিয়া আছে। দামিনী চিনিল যে সেইটি ভাহাদের পাড়ার হুরম্ভ বিড়াল; সেইটি তাহাকে দেখিলেই নথাঘাত করিতে আসিত। দামিনী তৎকর্ত্তক আক্রাস্ত হইলে কেবল চক্ষু মুদিয়া চীৎকার করিত, কখন পলাইতে পারিত না। এক্ষণে তরঙ্গচূড়ায় সেই বিড়ালকে দেখিয়া দামিনী ভয়ে মাতামহীর অঞ্চল ধরিয়া চক্ষু মূদিল। বৃদ্ধা বেন ক্রুদ্ধা হইয়া আপন অঞ্ব ছাড়াইয়া বইয়া দামিনীর ক্ষুদ্র দেহ সেই অগাধ

জলে ঠেলিয়া ফেলিয়াদিলেন। দামিনী চীংকার করিয়া উঠিল।
মাতামহী ভা কি বলিয়া নিজিত দামিনীকে ক্রোড়ে টামিয়া
দাইলেন। দামিনী নিজা ভঙ্গে "আমার মা কোথায়" বলিয়া
কাঁদিতে লাগিল। অভাগিনীর মা ছিল না; তিন বংদর পূর্কে
ত্থার মাতা নিরুদ্ধে ইইয়াছিল।

পর দিবদ প্রাতে দাদশ বর্ষীয় একটি বালক পাঠশালায় যাইতেছিল; দামিনীর গৃহদ্বারে দাড়াইরা পক্ষিশাবকের নিমিন্ত পতঙ্গ সংগ্রহ হইরাছে কি না, জিজ্ঞাসা করিল। দামিনী একা বিসরাছিল, বালকের প্রশ্নে কেবল মাথা নাড়িয়া উত্তর দিল। বালক অগ্রসর হইরা জিজ্ঞাসা করিল জর হইরাছে কি ? দামিনী আবার মাথা নাড়িল। বালক বলিল আইর উপর রাগ করিয়াছ ? দামিনী কোন উত্তর দিল না। বালক বস্ত্রাগ্র হুইতেকথক গুলিন পতঙ্গ দামিনীর নিকট রাখিয়া চলিয়া গেল।

বালকটির নাম রমেশ। দামিনীর সঙ্গে কোন সম্বন্ধ ছিল না;
প্রতিবাদী বলিয়া দামিনী তাহাকে রমেশ দাদা বলিয়া ডাকিত।
দামিনী ধ্মেশের বড় অন্থগতা ছিল। যে বিড়ালটিকে দামিনী
বড় তর করিত, রমেশ তাহাকে দেখিলেই মারিত। স্নানের
সময় রমেশ স্রোতে দস্তরণ করিয়া দামিনীর নিমিত পূব্দা ধরিয়া
আনিত; দামিনী তাহা লইয়া হাসিতে হাসিতে কেশে পরিত।
পরা হইলে মাথা নামাইয়া জিজ্ঞাসা করিত "রমেশ দাদা,
দেখ, হয়েছে ?" রমেশ প্রায়্ম ভাল বলিত, আবার মধ্যে মধ্যে
মনোনীত না হইলে আপনি পরাইয়া দিত। রমেশ জানিত য়ে
গ্রামের দকল বালিকার অপেক্ষা দামিনী শাস্ত আর জ্গেখিনী।
আর দামিনী ভাবিত যে প্রামের দকল বালক অপেক্ষা রমেশদাদা তাহার " আপনার জন" আর কেহ ত তাহার জন্য
ফুল কুড়ায় না, পতঙ্গ ধরে না, বিড়াল মারে না। এই জন্য

×

রমেশ দাদাকে দেখিলেই দামিনী দৌড়িয়া নিকট যাইয়া দাঁড়া-ইত। হাসি মূখে সকল কথার উত্তর দিত। িস্ত এই দিন রমেশকে দেখিয়া আর পূর্বাস্থরপ আ‡লাদ প্রকাশ করিল না। দামিনী শৈশবে গন্তীর হইয়াছে।

দামিনী শৈশবে এত গম্ভীরপ্রকৃতি কেন ? যে স্থী, টামই চঞ্চল, যে ছঃখী, সেই শাস্ত, সেই ধীর, সেই গন্তীর। দারুণ ছঃথে দামিনী এই শৈশবে কাতরা! দামিনীর মাকোথা? তাহার মা কি মরিয়াছেন ? তা হইলে লোকে বলে না কেন? পাড়ার সকল ছেলে, মার কোলে পোর, মার হাতে খায়, মার কথা শোনে, মার মুখ পানে চায়, মার সঙ্গে গল্প করে, মার সঙ্গে कान्त्रन करत, मात्र काष्ट्र (मोत्राच्या करत, मामिनीतरे कशारन এই সকল হলো না কেন ? আগ্নি আছে—আগ্নি বেশ—মার মত ভাল বাসে—তবু মা! মার আদর কেমন! তিনবংদর বয়দে দা-মিনী মা হারাইরাছিল, দামিনীর মাকে একটু একটু মনে পড়িত। —একটু একটু—কেবল ছায়াটি—কেবল একথানি শরীর আর একখানি মুথ-তাতে আহ্লাদ আর হাসি-যেমন, ৫ব বাল্য-কালে তুর্গোৎসব দেথিয়াছে—আর কথন দেখে নাই—তাহার যেমন প্রোঢ়াবস্থায় সেই হুর্গা প্রতিমা মনে পড়ে—দামিনীর তেমনি মাকে মনে পড়িত। দামিনী কত সময়ে মনে মনে নাকে গড়িত-বসনে, অলম্বারে, মনে মনে সাজাইত,-তাহার উপর হাসিতে, আদরে, প্রতিমার সর্বাঙ্গ ভরিয়া সাজাইত-সা-জাইয়া মনে মনে মা। মা। মা। বলিয়া ডাকিত!

আজি মার কথা ভাবিতে ভাবিতে মার কণা, দীপের কথা, স্বপ্নের কথা, রমেশের কথা, সব কেমন মিশাইরা মনের ভিতর গোলমাল হইল। দামিনী ভাবিল, মরি ত বেশ হয়।

#### দ্বিতীয় পরিচেছদ।

দশ বংসর পরে আর এক দিবস অপরাক্তে একটি কুদ্র শয়নুপ্রার্থক দামিনী একা শ্যারচনা করিতেছিলেন। পশ্চিম দিকের কুদ্র বাতায়ন দিয়া হর্য্য কিরণ শ্যায় পড়িয়া দামিনীর মৃথকমলে প্রতিবিধিত হইতেছিল। তাঁহার নাসাত্রে এবং কপোলে কুদ্র কুদ্র ঘর্মবিন্দু কুদ্র-মুক্তারাজির নাায় শোভা পাইতেছিল। দামিনী একখানি সিক্ত গাত্রমার্জ্কমী লইয়া গাত্র মার্জ্জনা আরম্ভ করিলেন।

দামিনী আর ক্ষুদ্র বালিকা নাই; এক্ষণে সপ্তদশ বর্ষীয়া ব্বতী। তাঁহার সর্বাঙ্গ এক্ষণে সম্পূর্ণতা প্রাপ্ত হইরাছে। শরী-রের গুরুত্বামূরপ আবার অঙ্গচালনার গান্তীর্য জন্মিরাছে। দামিনী স্বভাবতঃ গৌরাঙ্গী, এক্ষণে সেই বর্ণ অপেক্ষাকৃত নির্ম্মণ হইরাছে।

গাত্র মার্জন নমাধা করিয়া দামিনী একখানি দর্পণ তুলি-তেছিলেন, এমত সময়ে প্রাঙ্গন হইতে একটি স্বর তাঁহার কর্নে প্রবেশ করিল। দামিনী অমনি চঞ্চল হইয়া দর্পণ ফেলিয়া ছারে যাইয়া দাঁড়াইলেন। বালিকাবয়দে ঘাঁহারে দামিনী রমেশ দাদ। বলিতেন, তিনি প্রাঙ্গণে দাঁড়াইয়া আপনার বিমাতার সহিত কথা কহিতেছেন। তাঁহার প্রতি সম্মেহ লোচনে দামিনী চাহিয়া রহিলেন।

রমেশ দামিনীর স্বামী; দামিনীর সর্বস্থ।

কথা সমাধা হইলে রমেশ আপন শয়নকক্ষে প্রবেশ করিলেন।
শযাায় ছই একটী পূষ্প পড়িয়া আছে দেখিয়া দামিনীকে বলিলেন
"কোন চোরে আমার নামাবলী থেকে ফুল চ্রি করেছে রে ?"
দামিনী বলিল, "পুব করেছে। উনি ফুল এনে নামাবলীতে

9.6

বেঁধে রাখতে পারেন, আর লোকে চুরি করতে পারে না? থুব করেছে চুরি করেছে।

রমেশ বলিলেন, "খুব করেছে বই কি? চোরকে এক বার ধরতে পারলে বুঝিতে পারি।"

टांत यानिया थता मिल।

রমেশ ছই হতে দামিনীর ছই গাল ধরিকেন; ছই কর দামিনীর ছই গাল ধরিকেন; ছই কর দামিনীর ছই গাল ধরির। দেখিতে লাগিলেন। দামিনী রমেশের ছই বাহু ধরিয়া উর্দ্ধ মুখে রমেশকে দেখিতে লাগিলেন। রমেশ দেখিতে ক্রিলেন "আয়ার বুকির।" দায়িনীর চুকু অমনি জলে প্রিয়া আসিল; দায়িনী কাদিয়া উঠিলেন।

্রমেশ দামিনীকে ছাড়িয়া দিয়া ভশ্বস্থরে বলিলেন, "তুমি কি নিত্য কাঁদিবে ?" দামিনী চক্ষু মুছিতে মুছিতে বলিলেন, "তুমি নিত্য আদর কর কেন ?"

এই সময় ছারের পার্শ্বে ঘন ঘন নিশ্বাসের শব্দ হইরা উঠিল।

ব্য়েন আর এক জন কেছ কাঁদিল। দামিনী ও রমেঁশ উভমে

ব্যস্ত হইয়া সেই দিগে দেখিতে গেলেন। দেখিলেন, একজন

অপরিচিতা অর্জবয়সা স্ত্রীলোক অঞ্চল দিয়া চক্ষু মুছিতে

মুছিতে চলিয়া যাইতেছে। দামিনী তাহার সঙ্গে সঙ্গেলেন;

বহির্দার পর্যান্ত দামিনী গোলে স্ত্রীলোকটি ফিরিয়া দাড়াইল।

হঠাৎ তাহাকে উন্মাদিনী বলিয়া বোধ হইল। দেখিয়া,

দামিনীর বেন কি মনে পড়িল—কিন্তু কি মনে পড়িল, তাহা

স্থির করিতে পারিলেন না। উন্মাদিনী হঠাৎ দামিনীর গলা

ধরিয়া, তাহার বক্ষে মাথা দিয়া, "মা! মা!" বলিয়া কাঁদিতে

লাগিল—কত কি বলিল—কত আণীর্কাদ করিল—দামিনী কিছু

বৃঝিয়া উঠিতে পারিলেন না, —কিন্তু, তিনিও কাঁদিতে লাগিলেন

—কারা দেখিলে কারা পার বলিরা; কি কেন—তাহা জানি না।
দামিনী দ্বীরে ধীরে উন্মাদিনীর আলিঙ্গন হইতে আপনাকে
বিমুক্তা করিয়া জিজ্ঞাসা করিলেন, '

'কুঁখা তুমি কে গা?"

'উন্মাদিনী, কিছু বলিল না, ''মা! মা!'' বলিয়া কাঁদিতে লাগিল, দামিনী বলিলেন,

" কাদিতেছ কেন ?"

উचानिनी जिळामा कतिन,

"তোমার মা আছে ?"

দামিনী কাঁদো কাঁদো হইয়া বলিলেন, "বিধাতু জানেন," বলিয়াই কাঁদিতে আরম্ভ করিলেন। পাগল বলিল,

" দেথ, তোমার মার নামেই তুমি কাঁদিতেছ,—আমি আজি আমার মা পাইয়াছি—আমি কাঁদিব না ?"

একটি কথা সহসা বিহাতের মত দামিনীর মনের ভিতর চমকিল—'' এই আমার মা নয় ত ?''

হাঁ সেঁই ত মা। দামিনীর মা স্বামীর শোকে পাগল হইরা পলাইয়ছিল। কোপায় গিয়ছিল, কোপায় ছিল, তাহা কে জানে? দিনকত তৈরবী হইয়া ত্রিশূল ধরিয়া বেড়াইয়াছিল। আবার বছকাল পরে, সংসার মনে পড়িল—দামিনীকে দেখিতে আসিল—লুকাইয়া দামিনীকে দেখিতেছিল। দামিনীর মনে হঠাৎ উদয় হইল—"এই আমার মা নয় ত?

এমন সময় পশ্চাৎ হইতে রমেশের বিমাতা ডাকিলেন।
দামিনী চমকিয়া ফিরিলেন। বেখানে পাগ্লী দাঁড়াইয়াছিল
সে দিগে আবার দেখিলেন; পাগ্লী চলিয়া গিয়াছে। একবার
ভাবিলেন তাঁহার অন্তুসরণকরি; ছই এক পদ অগ্রসর হইলেন।
আবার কি ভাবিয়া ফিরিয়া আসিলেন, রমেশ জিপ্তাসা করিলেন,

4

#### ভ্ৰমর |

"স্ত্রীলোকটিকে?" দামিনী অন্যমনে মৃছ্ভাবে ভাবিতে ভাবিতে, উত্তর করিলেন "পাগল।"

রমেশ আর কোন কথা না বলিয়া বহির্বাটীতে গেলেন।
দামিনী শরনগরে প্রবেশ করিয়া বালিশে মুখ লুকাইয় ্রেণজে
কাঁদিলেন। ছই একবার অক্ট্সবরে মা বলিয়া ডাকিলেন।
দৈশবে মা হারাইয়াছেন, সেই অবধি মা বলিয়া ডাকেন নাই।
এক্ষণে পাগলের কোলে মাথা রাথিয়া কাঁদিতে বড় সাধ হইল।
দামিনী বালিশে মুখ লুকাইয়া কত কাঁদিলেন।

### তৃতীয় পরিচ্ছেদ।

যে গ্রামে রমেশ বাস করিতেন, তাহার দক্ষিণ প্রান্তে ভাগী-রথীতীরে একটি ভগ্ন অট্রালিকা ছিল। প্রবাদ আছে পূর্বকালে এক রাজা আপন মাতার গঙ্গাবাসের নিমিত ঐ অট্রালিকা প্রস্তুত করাইরাছিলেন, কিন্তু কোন দৈব ঘটনার ঐ অট্রালিকার একটি স্ত্রীহত্যা হওয়ার রাজার মাতা উহা পরিত্যাগ করেন। সেই পর্যান্ত কেহ তথার বাস করে নাই। অট্রালিকার ক্রমে ভৌতিক অপবাদ জন্মিল। শেষে দিবাভাগেও কেহ ঐ অট্রালিকার নিকট দিয়া গতিবিধি করিতে সাহস করিত না।

পাগল দেখিলেন যে এই ভয়ানক ভয় অট্টালিক। তাহার বাদোপযোগী। অতএব গোপনে তথার বাদ করিতে লগালেন। দামিনীর সহিত দাক্ষাৎ করিয়া পাগলের অনেক মতিস্থির হইয়াছিল; তথাপি মধ্যে মধ্যে দামিনীকে চুরি করিয়া এই গোপনীয় স্থানে আনিয়া একা দেখিবেন এই মনে মনে স্থির করিতেন। আবার পরক্ষণেই ইহার অকর্ত্তব্যতা বুঝিতে পারিতেন। পাছে চাঞ্চল্য প্রযুক্ত আত্মপরিচয় দিয়া জামাতার কলক রটান, এই ভয়ে আর দামিনীর বাটীতে যাই-

তেন না। একা ভগ্ন অট্টালিকায় বসিয়া আপনাপনি উদ্দেশে দামিনীকে তথ্যদর করিতেন, দামিনীকে কিরপে রমেশ আদর করিতেছিল আবার তাহাই ভাবিতেন।

একদ্বিদ রাত্র ছই প্রহরের সময় পাগল মিগ্ধ গন্ধাজলে অবর্ণাহন করিয়া ভগ্ন অট্টালিকার ছাদের উপর বসিয়া অন্ধ কারে কেশ শুকাইতেছিলেন। কেশরাশি নানাদিগে নানাভঙ্গী-তে তুলিতেছিলেন, ফেলিতেছিলেন। এমত সময় পূর্ব্বদিগের অশ্বর্থ বৃক্ষমূলে হঠাৎ এক অশ্বের চীৎকার শুনিতে পাইলেন। দক্ষিণকরে কেশগুচ্ছ ধরিয়া অতি তীক্ষ দৃষ্টিতে বৃক্ষমূল প্রতি চাহিয়া রহিলেন। দেখিলেন ক্রমে ছই একটা মদাল জালিত হইল। এবং তদালোকে কতকগুলি অন্ত্রধারী দৈনিক আর এক অশ্বারোহী পুরুষ দৃষ্ট হইল। পাগ্লী প্রথমে ভাবিল ইহারা ডাকাইত; পাছে ইহারা আমার দামিনীর ঘরে ডাকাতি করে এই আশক্ষায় ক্রতবেগে ছাদের উপর হইতে অবতরণ করিয়া ডাকাইতদিগের নিকট বাইতে ইচ্ছা করিলেন। ফিরিয়া ঝটিতি গৃহৈ আসিয়া সহসা ভৈরবী বেশ ধারণ করিয়া, করাল ত্রিশূল হত্তে লইয়া সদর্পে চলিলেন। কণঞ্চিৎ নিকটবর্ত্তী হইয়া একথানি পান্ধি দৈথিয়া ভাবিলেন, ইহারা ডাকাত নহে ডাকাতের সঙ্গে পাল্কি থাকে না। ইহারা বর্যাত্রী হইবে। পাগল তাহাদের দঙ্গে চলিলেন। দামিনীর বিবাহ তিনি দেখিতে পান নাই, অতএব বিবাহ দেখিব মনে করিয়া পরম আহ্লাদপূর্বক পালির সঙ্গে সঙ্গে চলিলেন। তাঁহাকে কেহই প্রথমে দেখিতে পায় নাই, শেষ কতক দূর গেলে এক জন শিবিকাবাহক তাঁহাকে দেখিয়া কুইভাবে জিজ্ঞাসা করিল "কেরে তুই এমত সময় আমাদের সঙ্গে যাই-তেছিস ?" পাগল "উত্তর করিলেন আমি তোমাদের সঙ্গে

\*

বিবাহ দেখিতে যাইতেছি, তোমাদের সঙ্গে বাদ্যকর নাই কেন?।"

বাহক উত্তর করিল এবড় ভয়ানক বিবাহ, এবিবাহে বাদ্য থাকে না। পাগল একথায় মনোনিবেশ না করিয় শ্মাপন ইচ্ছাত্মপ জিজ্ঞাসা করিলেন "কাহার বাড়ীর বর, কাহার বাড়ির কনে ?" বাহক বলিল হিন্দুর কনে মুসলমানের বর। পাগল উত্তর করিল "মিছে কথা" বাহক দেখিল যে স্ত্রীলোকটি পাগল অতএব তাহার সঙ্গে রঙ্গ করিতে লাগিল। "কে বর" এই কথা উন্মাদিনী পুনঃ পুনঃ জিজ্ঞাসা করায় বাহক অখারোহীকে দেখাইয়া দিল। উন্মাদিনী দেখিল অসম্ভব নহে, বয়স অয়, জ্বরির কাপড় পরিধান। আর কোন প্রশ্ন না করিয়া সঙ্গে চলিল।

সঙ্গীদিগের পরিচয় দিতে বাহকের প্রতি বিশেষ নিষেধ ছিল কিন্তু সে নিষেধ তাহার পক্ষে ক্রমে ভার হইয়া উঠিতেছিল। পাগ্লীকে পাইয়া বাহক মনে করিয়াছি৸ যে সে ভার নামাইবে কিন্তু পাগ্লী আর কোন কথা জিজ্ঞাসানা করায় তাহার আশা, পরিতৃপ্ত করিবার ব্যাঘাত জন্মিল। শেষে বাহক পাগ্লীকে বলিল, তুমি স্ত্রীলোক আমাদের সঙ্গে যাওয়া ভাল নহে, এখনই কাটাকাটি হইবে অতএব তুমি পলাও। পাগ্লী বলিল, বিবাহ শুভ কর্ম্ম, ইহাতে কাটা কাটি হইবে কেন? বাহক উত্তর করিল এব্যাপার বিবাহের নহে; যিনি তাজ পরিয়া তরবারি লইয়া ঘোড়ার উপর যাইতেছেন উনি আমাদের ফোজদারের পুত্র। এই গ্রামে একটি অন্তুত স্কুলরী আছে শুনিয়া তাহাকে কাড়িয়া লইতে যাইতেছেন; তাই বলিতেছিলাম কাটাকাটি হইবে।

পাগ্লী শিহরিয়া উঠিয়া জিজ্ঞাস। করিলেন কাহার কন্যা লইয়া যাইবে? বাহক বলিল আমি সবিশেষ জানি না, গুনিয়াছি কোন ভট্টাচার্য্যের পুত্রবধ্; যুবতীর স্থামী নাকি অদ্য কয়েক দিন হইল শিষ্যালয়ে গিয়াছে। স্ক্রীর নাম বুঝি দু, মনী।

এই কথা শুনিবামাত্র পাগলী ফণিনীর ন্যায় বাহকের সম্প্রেণ দাঁড়াইয়া পথরোধ করিলেন; দক্ষিণ হস্তে ত্রিশূল তুলিলেন। সে মূর্ত্তি দেখিয়া বাহক ভয়ে বলিল, আমি দরিদ্র বাহক পেটের আলায় দকল করি আমাকে মারিলে কি হইবে, আমি হিন্দু অত এব হিন্দুর অত্যাচার আমার ইচ্ছা নয়। এক্ষণে গোলযোগ করিলে এই যবনেরা তোমাকে খণ্ড খণ্ড করিয়া ফেলিবে অত্তব আমার পরামর্শ শুন। তুমি অন্য পথ দিয়া ক্রত যাইয়া গ্রামবাসীদিগকে জাগ্রত কর; সকলে একত্রে প্রতিবন্ধক হইলৈ সকল হইতে পারিবে নতুবা আর উপায় নাই।

পাগ্লী শুনিবামাত্র ছুটিলেন; গ্রামের মধ্যে যাইরা দারে দারে চীংক্টর করিতে লাগিলেন, বলিতে লাগিলেন, হিন্দুর হিন্দুর যার সকলে উঠ; সতীর সতীত্ব যার, একবার সকলে উঠ। অদিতি ভট্টাচার্য্যের সর্ব্ধনাশ হয় একবার সকলে উঠ। ফৌজদারের পুত্র আসিয়া তাহার পুত্রবিধূকে হয়ণ করে একবার সকলে উঠ।

কেহই উঠিল না। কেহ বলিল "যাউক শত্রু পরে পরে।" কেহ বলিল "পরের নিমিত্ত মাথা দিবার আমার কি প্রয়োজন পড়িয়াছে?" কেহ বলিল "অদিতির সর্ব্ধনাশ হয় যদি তাহাতে আমার কি ক্ষতি?"

ক্ষতি আছে। আমরা ভিন্ন তাহা অপর দেশীয় সকলে বুঝে। বিপদ অদ্য আমার কল্য তোমার; অত্যাচার এক ঘরে প্রবেশ করিতে পাইলে সকল ঘরে পথ পায়। অগ্নি এক ঘরে লাগিলে সকল ঘর আক্রমণ করে। পরের ঘরের অগ্নি যে নিবায় কেবল সেই আপনার ঘর রক্ষা করে। এবোধ গাঙ্গালা হইতে অনেক কাল অন্তর্হিত হইয়াছে অতএব পাগ্লীর চীৎকারে কেহই উঠিল না।

ছুর্ত্ত যবনের অত্যাচার কেই নিবারণ করিল না; রমেশের পিতা অদিতি বিশারদ একা, তাহে বৃদ্ধ; দামিনীকে রক্ষা করিতে পারিলেন না। যবনেরা দ্বার ভাঙ্গিয়া মৃচ্ছিতা দামি-নীকে লইয়া গেল।

পাগ্লী দেখিলেন কেহই উঠিল না, কেহই সহায়তা করিল না। রমেশের গৃহন্বারে আসিয়া দেখিলেন, সকল ফুরা-ইয়াছে; দামিনীকে লইয়া গিয়াছে। তখন পাগ্লীর কপোল মধ্যে যেন অগ্নি জলিয়া উঠিল। পাগ্লী পূর্ব্বমত উন্মতা হইয়া সিংহিনীর ন্যায় ক্ষণেক দাঁড়াইলেন। শেষ ত্রিশূল তুলিয়া ছুটলেন।

যবনেরা এক প্রান্তরের মধ্য দিয়া দামিনীকে লইয়া যাইতে ছিল। পাল্কির চারিদিগে অন্তধারী পদাতিক। সর্ব্ধ পশ্চাতে ফৌজদারপুত্র অশ্বারোহণে যাইতেছিল। পাগ্লী বায়ুবেগে তথায় উপস্থিত হইয়া ত্রিশূল নিক্ষেপ করিল। ত্রিশূল ফৌজদার পুত্রের পৃষ্ঠদেশে প্রবেশ করিয়া সমূথে ঈষং দেখা দিল। ফৌজদার পুত্রের শরীর প্রথমে ছলিল, শেষে অশ্বপৃষ্ঠচ্যুত হইয়া পাড়িয়াগেল। পাগলী বিকট হাসি হাসিল; অশ্বচমকিয়া উঠিল; পদাতিকেরা ফিরিয়া দেখিল।

পাগলী আবার বিকট হাসি হাসিতে হাসিতে ছুটিল।
দামিনীকে আর তাহার শ্বরণ হইল না। সেই অবধি পাগলীকেন্ত আর কেহ দেখিতে পাইল না

পদাতিকেরা দেখিল যে কৌজদারপুত্র সাজ্যাতিক আঘাত পাইয়াছেন অতএব তাঁহাকে ধরাধরি করিয়া পালিতে তুলিল। পালি হইতে দামিনীকে ফেলিয়া দিয়া গেল। দামিনী একা প্রান্তরে পুড়িয়া রহিলেন। নবপল্লবিত পুষ্পিত লতা বৃক্ষ্ হইতে ছিঁড়িয়া পথে ফেলিয়া গেলে যেমন বাতাসে ভাহা উলটি পালটি করিতে থাকে, প্রান্তরে পড়িয়া দামিনীর সেইরূপ্ দশা ঘটিল। বাতাসে তাঁহার অঞ্চল উলটি পালটি করিতে লাগিল।

### চতুর্থ পরিচেছদ।

ৱাত প্রভাত হইল। রমেশের পিতা অদিতি বিশারদ নানাবলী স্বন্ধে লইয়া বহিস্কানীতে আসিলেন। প্রাতঃসন্ধ্যা হয় নাই: দামিনী নাই, সন্ধ্যার আরোজন আর কে করিয়া দিবে? বিশারদ অতি বিমর্বভাবে একা বসিয়া রহিলেন; ক্রমে প্রতি-বাদিগণ, গ্রামবাদিগণ, আত্মীয় কুটুম্বগণ আত্মীয়তা করিতে আসিতে লীপিলেন। কেহ আসিয়া বলিলেন " কি বিপদ, কি বিপদ!" কেহ বলিলেন "কখন কাহার কি ঘটে কে ৰ-লিতে পারে।" কেহ বলিলেন অদৃষ্টই নূল। অদিতি বিশারদ ইহার কোন কথাতেই উত্তর করিলেন না দেখিয়া গণেশচন্দ্র নামে জনৈক মধ্যবয়স্ক স্থলশরীর প্রতিবাদী জিজ্ঞাদা করিলেন "পুর্বেই হার কি কোন স্কনা ছিল না? অর্থাৎ পূর্বেক কি মহা-শয় কিছুই জানিতে পারেন নাই?'' অদিতি বিশারদ ধীরে ধীরে নিখাস ত্যাগ করিয়া বলিলেন "যদি পূর্ব্বে জানিতে পারিব তবে এমন ঘটিবেই বা কেন? রমেশকেই বা বিদেশে যেতে দিব কেন ? এই রাত্রে রমেশ থাকিলে শৃগালের সাধ্য কি যে সিংহের গৃহে প্রবেশ করে ?"

গণেশচক্র বলিলেন "রমেশের প্রয়োজন কি ? আমরাই যে আপনার পুত্রবধূকে রক্ষা করিতে পারিতাম। তবে কি জানেন সকল সময় সাহস হয় না; যবনেরা প্রায় বিশল্পনী আমরা একা: বিশেষতঃ তথন যদি সদর বাড়ীতে থাকিতাম তবে যুা হয় এক-খানা করিয়া বসিতাম। কিন্তু আপনার তুর্ভাগ্য বশতঃ অথবা রমেশের তুরদৃষ্ট বশতঃ আমি তথন অন্দরে শয়ন করিয়াছিলাম। শয়ন করিলে সহজে উঠা যায় না; তথাপি ব্রাহ্মণীর কথায় উঠি-লাম. ভালকরে কাপড পরিলাম. সেই অন্ধকারে অনুসন্ধান করিয়া নস্ত শম্বুক বাহির করিলাম, একটীপ বিলক্ষণ করিয়া গ্রহণ করি-লাম: এদকল কার্যো নসা আবশুক। এসকল কার্য্যে ঘর্ম ভাল নহে: কি জানি পাছে যবনেরা পিছলে পলায় এই মনে করিয়া গাত্রমার্জনী দারা বিলক্ষণ করিয়া ঘর্মা পরিষ্কার করিলাম; সকল বিষয় এক-কালে স্মরণ হয় না গাত্রমার্জনী রাখিলে অক্টের কথা মনে প-ড়িল। আমি বলিলাম পুতির তক্তা আন। ব্রাহ্মণী বলিলেন তাহার কর্ম নহে। শেষে একটি শিশু, আমার সপ্তম সন্তান, একটি ইট আনিয়াদিল, আমি দেই ইট হাতে করিয়া ছাদে আ-দিয়া দেখি, ছবুর্তেরা তথন ফিরিয়া যাইতেছে; আমি অমনি সেই ইট ছুজ্লাম।

প্রতিবাসী এইরূপ আত্মবীরত্বের পরিচয় দিতেছেন এমত সময় একজন ক্ষী আসিয়া বলিল যে ফৌজদার পুত্র পথে মারা পড়িয়াছে। কে তাহারে মারিয়াছে তাহার স্থির নাই।

গণেশচক্র আহলাদে বলিয়া উঠিলেন তবে সে আমারই ইটে মরিয়াছে; নিশ্চয় বলিতেছি আমিই যবন মারিয়াছি। আমার ক্লাব্যর্থ সন্ধান।

আর একজন ঈষং হাসিয়া বলিল ওরূপ কথা মুখে আনা

ভাল নহে। থিনি মরিয়াছেন তিনি ফৌজদারের একমাত্র পুত্র: সে পুত্রকে যে মারিয়াছে তাহার অদৃষ্টে নিশ্চয় শূল আছে।

গণেশ অমীন ভয়ে জড়বং হইলেন। কম্পারিত সরে বলিতে লাগ্রিলেন আমি উপহাস করিতেছিলাম; আমি তা বলি নাই; আমি কি বলেছি, কিছুই নহে। আমার দ্বারা হাকিমের অনিষ্ট হইবে, কখন সম্ভব নহে। আমি বরং বলেছি যে এত ডাকা ডাকি করেছে তথাপি আমি কথা কই নাই। রমেশ বড় না হাকিম বড়। এই বলিতে বলিত তিনি পলাইলেন।

যে ব্যক্তি ফৌজদারপুত্রের মৃত্যুসংবাদ আনিয়াছিল সে
অদিতি বিশারদকে বলিল যে মহাশরের পুত্রবধ্ বাড়ী ফিরে
আসিতেছেন। এই কথা শুনিবা মাত্র বিশারদ সকলের মৃথ
প্রতি চাহিলেন। কেহ কিছু বলিলেন না। শেষে অদিতি বিশারদ রদ আপনিই সকলকে জিজ্ঞাসা করিলেন যে এক্ষণে কর্ত্তব্য কি?
আমার পুত্রবধ্ যবনস্পৃষ্ঠ হইয়াছেন, এক্ষণে তাঁহাকে গ্রহণ করা
যাইতে পারে কি না ? সকলে উত্তর করিল যে মহাশয় অদ্বিতীয় পণ্ডিত, ইহার ইতিকর্ত্তব্যতা আপনিই মীমাংসা কর্ত্তন ।
আদিতী বিশারদ কিঞিৎ ভাবিলেন, শেষে অন্সরে যাইয়া গৃহিগীকে জিজ্ঞাসা করিলেন।

কর্ত্তা বলিলেন " কেন, তাহার ত কোন দোষ নাই।"

গু। দোষ তবে সকল আমার?

ক। না, তোমায় দোষ দিই নাই আমি জিজ্ঞাসা করি পুত্রবধূকে গ্রহণ করিলে কি দোষ হইতে পারে ?

গ। দোষ অনেক। প্রথমে লোকে গালে কালি চুণদিবে,

\*

দিতীয়তঃ শিষ্যেরা ত্যাগ করিবে, তথন আমার এই শিশু সস্তা-নের কি উপায় হইবে ?

ক। .কেন লোকেরা দোষ দিবে ? আমার্দের পুত্রবধু কুলত্যাগী নহে, ইচ্ছাপূর্বক যায় নাই, যবনগৃহেও যারু নাই, পথ
হইতে ফিরিয়া আদিয়াছে।

গৃ। কুলত্যগী নহে? ইচ্ছাপূর্বক যায় নাই, একথা তোমায় কে বলিল ? তুমি সকল সম্বাদই প্রায় জান। কয় দিবস পর্যান্ত এক মাগি পাগলের কেশ ধরিয়া যাতায়াত করিতেছিল, সে দিবস সন্ধ্যার সময় বধ্কে লইয়া পলাইতেছিল, আমি যাইয়া ফিরাইয়া আনিলাম। ফিরে এসে বালিশ মুখে দিয়া যে আবার মেয়ের কায়া! আমি কি সকল কথা তোমায় বলি। তোমার পুত্রবধু যথন দেখিল যে আমি থাকিতে আর পলাতে পারিবেনা, তথন এই পরামর্শ করিয়া লোক জন আনাইয়া চলিয়া গেল।

গৃহিণীর বাক্য শুনিয়া কর্তা বিশ্বিত হইলেন, ছই একবার ব লিলেন, "শাস্ত্র মিথা। হয় না, স্ত্রীচরিত্র কে ব্ঝিতে পারে ?" শেষে বলিলেন "ভূমি যাহা বলিলে তাহা আমার বিশ্বাস হইল, আমি কলাচ তাহাকে আর গ্রহণ করিব না।"

অদিতিবিশারদ বহিক্সাটীতে আসিয়া সকলকে বলিলেন, "আমার ভ্রম হইয়াছিল, মনে করিয়াছিলাম আমার পুত্রবধূ নির্দোষী। একণে জানিলাম তাহা নহে; তোমরা আমার আত্মীয় তোমাদিগের নিকট বলিতে লজ্জা কি? আমার পুত্রবধূ কুলটা। অনেক দিন পর্যান্ত গৃহত্যাগ করিয়া যাইতে চেষ্টা করিতেছিলেন; কিন্তু গৃহিণীর সতর্কতা হেতু সফল হইতে পারেন নাই। সম্প্রতি আমার এই ঘর দার ভগ্ন হওয়া সে কেবল আমার কুলবধ্র পরামর্শ ও কৌশলে হইয়াছে। সে যাহা হউক যদি তাঁহাকে

নির্দ্দোষী বলিরা আমরা স্থীকার করি তথাপি তিনি যে যবনস্পৃষ্টা হইয়াছেন সে বিষয়েত আর সন্দেহ নাই। অতএব শাস্তামুসারে তাঁহারে আর ক্রমন করিয়া গ্রহণ করি। শাস্ত্রে সকল পাপের প্রার্দিত, আছে, এ পাপেরও অবশ্য আছে কিন্তু বৃধ্কে গ্রহণ করিলে আর একটা বিপদ আছে। ফোজদার মনে করিবেন যে, আমরাই তাঁহার পুল্লকে হত্যা করিয়া বধ্কে ঘরে আনিয়াছি। আমি কিং যে কেহ বধুকে আশ্রয় দিবে তাহারই প্রতি সেই সন্দেহ হইবে। অতএব আত্মরক্ষা মন্থারে প্রধান ধর্ম্ম; শাস্তে তাহার ভূরি ভূরি প্রমাণ আছে। এক্ষণে স্থির করিয়াছি পুল্রবধূগুহে আসিতে চাহিলে আর আমি তাঁহাকে স্থান দিব না। তোমরা এ পরামর্শে কি বল?"

সকলেই একবাকো বলিয়া,উঠিলেন "এ ভাল মুক্তি করিয়াছেন, আমরাও এই পরামর্শান্থবর্তী হইয়া কার্য্য করিব। আমরাও
কেহ আপনার পুত্রবধূকে স্থান দিব না; অহ্য কেহ স্থান দিতে
চাহিলে নিবারণ করিব। কেন একটা পাপিষ্ঠার নিমিত্ত গ্রামস্থ
সকলে বিপদ্গ্রন্ত হই। বিশেষতঃ কুল্টাকে গ্রামে স্থান দেওয়া
উচিত নহে, এখানে স্থান না পাইলে সে আপনিই অহ্যত্র
যাইবে।"

সকলে এই পরামর্শ করিয়া আপন আপন গৃহ সাবধান করিতে উঠিয়া গেলেন।

#### পঞ্চম পরিচেছদ

সকলে স্ব স্থ গৃহে গেলে পর কিঞ্চিৎ বিলমে গৃহিণী কর্তাকে ডাকিয়া বলিলেন "তোমার দেশ উজ্জ্বল মৃথ উজ্জ্বল কুলবধূ আসিতেছেন এথন কি বলিতে হয় যাইয়া বল।" ইহা শুনিয়া

অদিতি বিশারদ ধিড়কি দ্বারের নিকট যাইয়া দাঁডাইলেন। দামিনী মুখ ঢাকিয়া অধােমুখে ধীরে ধীরে আসিতেছিলেন, দ্বারে খণ্ডরকে দেখিয়া আর থাকিতে পারিলেন না কাঁদিয়া উঠিলেন. ব্জ যন্ত্ৰণা পাইয়াছেন। অন্তদিন হইলে সে ক্ৰন্ধন দেখিয়া অদিতি বিশারদ আপনিও কাঁদিতেন কিন্তু এসময় তিনি কাঁদি-লেন না: চক্ষে জল আসিয়াছিল স্ত্রীর প্রতি অলক্ষ্যে চাহিয়া তাহা সম্বরণ করিলেন। পরে নস্য শম্বক বাহির করিয়। চুট একবার তাহাতে অঙ্গুলির আঘাত করিয়া শেষ দীর্ঘ টানে এক টিপ টানিয়া চক্ষু মুদিয়া বলিলেন, "বংসে। আমি সকল দিগ ভাবিয়া দেখিলাম তোমায় আর গ্রহণ করিতে পারি না; তুমি যবমস্প্রী হইয়াছ; বাক্ষণগ্রে আর তুমি স্থান পাইতে পার না; অতএব স্থানান্তরে যাও।" এই বলিয়া অদিতি বিশারদ দার কৃদ্ধ করিয়া চলিয়া গেলেন। দামিনী প্রথমে ব্রিতে পারি-লেন না; ক্রমে খণ্ডরের প্রত্যেক বাক্য স্থরণ করিয়া অর্থ বুঝিলেন। किंद्ध जाश विश्वाम कतिलान ना; जाविलान देश अक्ष दहेता। স্থপ্ন কি না স্থির করিবার নিমিত্ত চারিদিগ চাহিয়া দৈখিলেন। নিকটে তিন্তিড়ী বৃক্ষ, তাহার শুষ্ক ডালে একটি চিল বসিয়া আছে; থিড়কি পুষরিণীর কাল জ্বলে ডাহুক সাঁতার দিতেছে, ঘাটের নিকট জলে উচ্ছিষ্ট পাত্র রহিয়াছে; যে দাসী তাহা জলে রাথিয়া গিয়াছে তাহার জলসিক্ত পদচিহ্ন সোপানে স্পষ্ট রহিয়াছে। খণ্ডর যে দারক্ত্র করিয়া গিয়াছেন এখনও তাহা কন্ধ রহিয়াছে। দামিনী একবার দেই দ্বারে হাতদিয়া দেখিলেন পরে আপনার গাত্তে, চক্ষে হাতদিয়া দেখিলেন স্বপ্ন নহে—সকলই সতা ! গুহে প্রবেশ করিতে নিষেধ সত্য— দামিনী 'বান্ধণের অগ্রাহ্ম' এই কথা যাহা শুনিয়াছিলেন, তা-शुंख अप्र नरहं। मामिनीत हरक सूर्या निविद्या शिल, मकलहे

অন্ধকার হইল, দামিনী পড়িয়া গেলেন।

ক্ষণকাল বিলম্বে পাড়ার অনেক গুলিন রুদ্ধা, মধ্য ব্যক্ষা, যুবতী, বালিকা সকলে আসিয়া দামিনীকে ঘিরিয়া দাড়াইল। • দামিনী তথনও মতিস্থির করিতে পারেন নাই। যেখানে পড়িয়া গিয়াছিলেন সেই খানে নতমুখে বসিয়া একটি ত্র্কাদল, নথবারা অভ্যমনত্ত্ব ছিলেন। অভ্যমনত্ত্ব ইউক, আর সমনত্ত্ব ইউক তাঁহার, নয়ন হইতে বারিধারা বহিতেছিল।

প্রতিবাসীদিগের মধ্যে একটি বৃদ্ধা বলিলেন, "এমনও কপাল করে ভারতে এসেছিলে! আহা কি অদৃষ্ট! কি ছভাগ্য!" দামিনী ধীরে ধীরে মাথা তুলিরা বৃদ্ধার মুখপ্রতি ব্যথিতা হরিণীর ন্যায় চাহিয়া রহিলেন। বৃদ্ধা বলিলেন "এমুখপ্রতি পোড়া খণ্ডর একবার ফিরে চাহিল না। ধর্ম্ম বড় হল না, জাত বড় হল। আরে পোড়া বিধাতা! কপালে মন্দ লিখিতে আর কি লোক পেলে না! এই ব্যুদ্ধে এই কষ্ট। আহা! মরি মরি, মেয়েত নর্ম, যেন স্থালিতা!"

আর এক জন মধ্যবরস্কা বলিলেন, "আহা! দামিনী আমাদের চিরহুঃখিনী; বুড়া মাতামহী দামিনীর বিবাহ দির।
বলিরাছিল যে 'এতদিনে আমার দামিনীর উপার হইল, এখন
আমি নিশ্চিস্ত হইয়া মরিতে পারিব।' আহা! যদি বুড়ি বেঁচে
থাকিত, তবে দামিনী দাড়াইবার একটা স্থান পাইত। এখন
আর দামিনীর দাড়াইবার স্থান নাই।"

দামিনীর অঙ্গ কাঁপিয়া উঠিল; ঘন ঘন নিশাস বছিল; শেষে
দামিনী মাতামহীর জনা কাঁদিয়া উঠিলেন। উদ্দেশে মাতা-মহীকে ডাকিয়া কাঁদিতে লাগিলেন, "আয়ি! আমায় কার কাছে কেলে আপনি চলে গেলে!" এই ক্রন্দনধ্বনি শুনিয়া তাঁহার খাত জী রাগভরে সশব্দে থিড়কি দার খুলিয়া দাড়াইয়া তিরস্কার আরম্ভ করিলেন। "বলি বউ! তোমার কেমন আক্রেদ আচরণ! এই চুই প্রাহর বেলা গৃহস্থের দারে বিদিয়া মর্র্য কারা আরম্ভ করিলে? জাননা কি যে এতে গৃহস্থের অমঙ্গল হয়।" প্রতিবাদিনীদিগকে লক্ষ্য করিয়া বলিলেন, "আর তোমাদেরই বা কি আচরণ! আপনার আপনার ঝি বউ ঘরে রেথে পরের বউ নাচাতে এলে। এখন স্কলে সময় পাইয়াছ, ভাল, পর্মেশ্বর আমাকেও একদিন দিখেন, আমিও একদিন পাব।"

কেহ কোন উত্তর করিল না; সকলেই একে একে চলিয়া গেল। দামিনীও চক্ষের জল মৃছিয়া নিঃশব্দে বিসিয়া রহিলেন। প্রত্বাসিনীরা আপন আপন গৃহকার্য্যে গেল। তাঁহাদের মধ্যে এক্জন সমবয়স্কা একটু দ্রে গিরা দাঁড়াইরা ছিলেন। রমেশের বিমাতা পূর্ক্ষত ছারক্ষ্ম করিলে দামিনীর নিকট আসিয়া বলিলেন "একবার উঠ ত।" দামিনী বলিলেন, আমি আর কোথায়ও যাব না; কোথায়ও যাইবার আর আমার স্থান নাই; কেহ আর আমার স্থান দিবে না। সমবয়স্থা বলিল তবে কি এই থানে মরিবি ? দামিনী উত্তর করিলেন এইখানেই মরিব আমার স্থান কোথা ? তিনি আমার এইখানে রাথিয়া গিরাছেন আমি এইখানেই থাকিব। যতদিন তিনি না এসেন ততদিন যেমন করে পারি বাঁচিব। আমি তাঁরে না দেখে মরিতে পারিব না।

এই বলিয়া নিঃশব্দে কাঁদিতে লাগিলেন। সমবয়স্কা বলি-লেন অন্যত্র না যাও এই বৃক্ষমূলে আসিয়া বস; রৌদ্র অস্থ হইয়াছে আমরা আর দাঁড়াতে পারি না। দামিনী এই কথায় ধীরে ধীরে সেই বৃক্ষমূলে গিয়া বসিলেন, ধীরে ধীরে বলিলেন, ''আপনার গৃহে ধাও, তোমার গৃহ আছে, গৃহে তোমায় না দেখিলে তোমার মা ব্যস্ত হবেন, আবার বুড়মান্থ এই রৌদ্রে তোমায় গুঁজিতে আদিবেন।"

প্রতিবাদ্ধিনী গৃহে গেলেন, কিন্তু বিস্তবক্ষণ থাকিতে পারি-লেন না। কুপরাহ্ণ না হইতে হইতেই অদিতি ভট্টাচার্য্যের বাটীর পশ্চাতে আসিয়া উপস্থিত হইলেন। দেখিলেন দামিনী পূর্ব্বমত একা বৃক্ষমূলে বসিয়া অন্যমনত্তে একটি পক্ষী দেখিতে-ছেন। আর চক্ষে জল নাই।

প্রতিবাসিনী আসিয়া দামিনীর নিকটে বসিংল্ন। পরস্পর কেহই ক্ষণেকাল পর্যান্ত কথা কহিলেন নার্থিরে দামিনী বলিলেন, "যদি এই রাতে তিনি আসেন।"

প্র। কে ? তোমার স্বামী ? তা আসেন ত ভালই হয়। যাহা হউক ভালমন্দ একটা স্থির হইয়া যায়।

দা। তিনি যদি আসিয়া পথ হইতে ফিরে যান?

প্র। সে কি! তাকি হইতে পারে?

দা। পারে। পথে যদি তাঁরে কেহ কোন কণা গুনায়। তিনিও কি আমায় ত্যাগ করিবেন।

প্র। কি জানি ভাই! পুরুষের মন কথন কেমন থাকে তা কে বলিতে পারে ?

দা। তিনি আমার কত ভাল বাদেন। আমার দেখিতে দেখিতে কাঁদেন। আমার দেখিবার তাঁর কত সাধ। দেখিবার বার নিমিত্ত কত ছল করে আমার কাছে আসিরা বদেন। কত বার কতদিগে বদে দেখেন। আবার কপালে হাত দিয়া দেখেন; দাড়িতে হাত দিয়া দেখেন; ওঠে হাত দিয়া দেখেন; দেখিয়া আর তাঁহার পরিভৃপ্তি হল না। রাজে নিতা ভঙ্গে উঠিয়া আমার মুখের উপর চাহিয়া থাকেন, আমি পোড়া চক্ষু ব্রিয়া যুমাইয়া থাকি।

এই বলিতে বলিতে দামিনীর নয়ন অশ্রপূর্ণ হইল। দামিনী কাঁদিতে লাগিলেন। প্রতিবাসিনী বলিলেন, সন্ধ্যা হইল, রাত্রি যাপন কিব্নপে হইবে ? কোখায় থাকিবে ? দামিনী প্রথমে বলিলেন কি জানি, পরক্ষণেই বলিলেন এইথানেই থাকিব। কে আমায় স্থান দিবে গ

প্রতিবাসিনী শিহরিয়া বলিলেন <sup>12</sup>তাকি স্ত্রীলোকের সাধ্য। এই অন্ধকার বনমধ্যে একা পুরুষে থাকিতে পারে না, তুমি কেমন করিয়াপাকিবে। রাজের নিমিত্ত ঘরে না হউক বাটার অন্য কোন চালায় খণ্ডর শাণ্ডড়ী কি স্থান দিবেন না ? অবশাই দিবেন।"

দামিনীও সেই আশা করিয়াছিলেন। তিনি নিশ্চয় মনে করিয়াছিলেন যে রাত্রে কেহ না কেহ তাঁহাকে ডাকিয়া লইয়া যাইবে। কিন্তু রাত্র হইল প্রতিবাসিনী চলিয়া গেল। তাঁহার তত্ত্ব করিল না। থিড়কি দার এতক্ষণ মুক্ত ছিল শেষে তাহাও ক্রন্ধ হইন।

্দামিনী একা অন্ধকারে বসিয়া রহিলেন। গভীর হইল। দূরে যে ত্বইএকটি দীপালোক দেখা যাইতে ছিল তাহা একে একে নিবিয়া গেল। গ্রামবাসীয়া নিশ্চিত হইয়া मकल निजा शिलन, मामिनीत ভाবনা কেহ ভাবিল না। দামিনী আপনার ভাবনা আপনি ভাবিতে লাগিলেন। তুই একবার ভয় পাইতে লাগিলেন, অন্ধকারে নানা দিগে নানা মর্ত্তি দেখিতে লাগিলেন। একা থাকা বিষম হইয়া উঠিল। একে সমস্ত দিন অনাহার, তাহে আবার সমস্ত দিন কাঁদি-য়াছেন, শরীর অবসর হইয়া আসিল। দামিনী ধূলায় শয়ন করিলেন, শীঘ্র নিজা আসিল। স্বপ্নে যেন শুনিলেন, কে ডাকিল ''মা।'' স্থপ্নে যেন উত্তর দিলেন, ''মা।'' স্বপ্নে যেন বোধ

#### मात्रिनी।

60

হইল, তাঁহার মা বলিতেছেন, "উঠ মা!--এ ঘরে আর কাজ কি ?"।

পরদিন আহতে উঠিয়া কেহ আর দামিনীকে দেখিতে পা-ইল না।

#### ষষ্ঠ পরিচেছ্রদ।

দশ বারো দিবস পরে রমেশ বাটা আসিয়া সকল শুনিলেন। পিতাকে কিছু বলিলেন না, দিমাতার প্রতি দোষারোপ করিলেন না, কাহারেও কিছু না বলিয়া বাটীহইতে চলিয়া গেলেন। প্রামে প্রামে পথে পথে পাঁচ সাত দিবস লমণ করিলেন কোথাও দামিনীর সন্ধাদ পাইলেন না। শেষে এক দিবস রাত্রশেষে বিষয়ভাবে বাটা প্রত্যাগমন করিতেছিলেন, নদীতীরে ভগ্ন অটালিকা দেখিয়া দাড়াইলেন। ভগ্ন অটালিকার অবস্থাসহিত আপনার সাদৃশ্য দেখিলেন। অটালিকার আলিসা ছাদ ভাঙ্গিয়া গিয়াছে; স্থানে স্থানে অস্থা বট প্রভৃতি রক্ষ, আপন আপন মূল বিদ্ধ করিয়া সাহক্ষারে ত্লিতেছে। ত্র্বলিকা একা নদীতীরে দাঁড়াইয়া তাহা সহ্থ করিতেছে।

রমেশ অগ্রসর হইলেন, দ্বারে যাইরা দাঁড়াইলেন। দ্বার
মুক্ত ছিল, গৃহ প্রবেশ করিলেন। তাঁহার সমাগমশব্দে অসংখ্য
চামচিকা বাছ্ড অব্ধকারে উড়িতে লাগিল। ক্ষণকালপরে ক্রমে
ক্রমে তাহাদের শব্দ থামিল। ঘর ভ্রমানক গন্তীর হইল।
রমেশ দাঁড়াইরা রহিলেন। পরক্ষণেই কক্ষান্তরে মন্থ্য-কণ্ঠনিঃস্ত একটিমৃত্শক্ শুনিলেন। রমেশের শরীর কণ্টকিত হইল।
রমেশ সাবধানে নিঃশব্দে সেইদিগে গেলেন। অস্পাঠ চক্রালোকে
দেখিলেন মৃত্যুশব্যায় একটি কল্প মন্ধ্য দেহ একা পড়িয়া রহিয়াচে।

**¢8** 

রমেশ কি ভাবিরা কাঁপিতে লাগিলেন। নরদেহ একে-বারে সংজ্ঞাহীন হর নাই, তাহার কণ্ঠস্বর আবার অরেং নিঃস্ত হইতে লাগিল। "আরি! এলে? বসো, আর্!বিলম্ব করিব না, কেবল একবার রমেশকে দেখে আসি।"

রমেশ চীৎকার করিয়া কাঁদিয়া উঠিলেন " দামিনি, দামিনি! আমি এসেছি, আর কথন তোমা ছাড়া হব না।"

দামিনী কোন উত্তর দিলেন না। রমেশ আছড়াইরা পড়িরা চীৎকার করিতে লাগিলেন, "আবার কথা কও; অনেক দিন কথা শুনি নাই; আবার কথা কও।" আর কোন উত্তর নাই সকল নিঃশন্ধ। রমেশ কথক ব্রিলেন, রুদ্ধানে গ্রামধ্যে গোলেন। তথা হইতে দীপ আলিবার দ্রবাদি লইরা আসিলেন। দীপ আলিলেন। দেখিলেন সেখানে আর একটি বৃদ্ধা স্ত্রীলোক বসিয়া দামিনীর প্রতি চাহিরা রহি-য়াছে। দামিনী এজনোর মত চকু মুদিয়াছেন।

রমেশকে দেখিয়া বৃদ্ধা হাসিয়া উঠিল, সে ভীষণ হাসি ।
দেখিয়া রমেশের শারীর রেমানিঞ্চ হইল। বৃদ্ধা উঠিল,
দাড়াইয়া একদৃষ্টিতে রমেশের দিগে চাহিয়া রহিল। রমেশ
চিনিলেন যে এই পূর্বাপরিচিত পাগলী।

পাগলী একবার ওঠে অঙ্গুলি নির্দেশ করিয়া বলিল, ''চুপ, আমার দামিনী বুমাইতেছে; বুমাইতেছে;'' পরক্ষণেই ।
আবার বিকট হাসি হাসিয়া রমেশের উপর পড়িয়া রমেশের 
গলদেশ বক্সবং টিপিয়া বলিল, আমি চিনিয়াছি তুই রমেশ;
তোর জন্যই আমার দামিনী মরিয়াছে।''

রমেশের খাস রুদ্ধ হইল, চকুর শিরা সকল উঠিল। রমেশ বাক্যরহিত, শক্তিরহিত, শেষে দামিনীর পার্মে পড়িয়া গেলেন। পাগলিনী আবার রমেশের গলদেশ পূর্বমত ধরিল। এবার সকল ফুরাইলে।

# জলজ—সুন্দরী।

### নলিনী।

(2)

বিজন কানন হলে, সরসীর কাল জলে,

একটা নলিনীমাত্র আই দেখ হুটেছে।

নিবিড় পরব দিয়া, ভয়ে ভয়ে প্রবেশিয়া,

প্রভাতে সোণার তামু তাহে গলে পড়েছে।

রাঙা গায়ে রবি আল, নলিনী সেজেছে ভাল,

চারিধারে পাতাগুলি ভেসে ভেসে রয়েছে।

বিজনে এমন শোভা, নহে কার মনোলোভা,

রাত্রে যেন ক্ষণ-প্রভা গতি হীনা হয়েছে।

(২)

নলিনি তোমার কাছে, ও নলিনী কোথা আছে,

নলিনি তোমার কাছে, ও নলিনী কোণা আছে,

এজগতে কারে নাহি রূপে ভূমি জিনেছ।

তব চারু নেত্র তলে, কত ক্ষণপ্রভা থেকে,

ভূমি কি ও রাঙা গারে অভরণ দিরেছ।

স্বর্ণ তব অঙ্গে বাজে, স্বর্ণ কি তোমার সাজে,

শশাক্ষে রজত শোভা কোণা বল গুনেছ।

সরসী–হিল্লোল দলে, কিবা সে চক্রিকা থেলে

তাহে কি মধুর হাসি হাসিরে না দেখেছ।

তব রূপ গুণ যত, সেই জানে আছে কত,

বাহার হলর মাঝে একবার ভেসেছ।

ত্ৰীগোপাল কৃষ্ণ দেবাব।

# হুতন জীবের সৃষ্টি।

পূর্ব্বকালে যত প্রকার জীব ছিল, অন্যাপি তত প্রকার আছে, কি তাহার অপেক্ষা বৃদ্ধি হইয়াছে এই কথা বদি জিজ্ঞানা করা যায় তাহা হইলে কি উত্তর সস্তবে? বোধ হয়, প্রথম স্ষ্টেকালে যাহা স্ট হইয়াছিল, তাহা ভিন্ন সচরাচর অনেকেই বলিবেন যে এক্ষণেও তত প্রকারই আছে আর কোন নৃতন জীবের স্থলন হয় নাই।

্যাহারা এই কথা বলেন তাঁহারা বোধ হয় এক প্রকার স্থির করিয়া রাধিয়াছেন যে প্রথম প্রথম পরমেশ্বর পাঁচ দাত দিন এই পৃথিবীতে বদিয়া স্বহস্তে নানা জীব জন্তু স্থলন করিয়া চলিয়া গিয়াছেন, এক্ষণে আর তিনি পৃথিবীতে আইদেন না, কাজেই আর কোন নৃত্ন প্রকারের জীবস্ঞান হয় না।

কিন্তু আর এক সম্প্রদায়ের লোক বলিয়া থাকেন যে ঈশ্বর আর এ পৃথিবীতে আফ্রন বা না আফ্রন, নিজহত্তে আর কৃষ্টি করন বা না করুন, নৃতন নৃতন জীবের স্পৃষ্টি হইতেছে এবং এই রূপ চিরকাল হইতে থাকিবে। যাহারা এই কথা বলেন ঠাহারা দৃষ্টান্তম্বরূপ অনেক গুলিন সঙ্কর জন্ত দেখাইয়া দেন। গর্দ্ধন্তের গর্ভে আর ঘোড়ার গুরুবের যে স্বতন্ত্র আরুতির জন্ত জন্ম, তাহাকে তাঁহারা নৃতন জন্ত বলেন। এই জন্ত পৃথিবীর প্রথমাবস্থায় ছিল না; ইহা গর্দজ্ ও ঘোড়া স্ষ্ট হইলে পর হইয়াছে সন্দেহ নাই। ঈশ্বর আসিয়া এই জন্তর সৃষ্টি করেন নাই অথচ ইহার সৃষ্টি হইয়াছে।

এই সহর পশুটির বেরপে জন্ম সেইরপে আর অনেক পশু পক্ষীর জন্ম হইয়াছে। পায়রা আর ঘুবু সংযোগে যে নৃতন প্রকারের পক্ষী জলিয়াছে তাহা বোধ হয় অনেকেই দেখি-য়াছেন।

যিনিই কৈছা করেন তিনিই যত্ন পাইলে সন্ধর জীবের উদ্ভাবন করাইতে পারেন। ভিন্ন ভিন্ন জাতীয় পশু কি পক্ষীর মধ্যে যদি আক্রতি প্রকৃতি ও গঠনের বিশেষ বৈলক্ষণ্য না থাকে তবে তাহাদের একত্রে রাখিলে নৃত্ন জীবের উদ্ভাবন হইতে পারে। অনেকেই তাহা পরীক্ষা করিরা দেখিয়াছেন। সম্প্রতি বর্দ্ধনানের মহারাজের পশুশালার একটি নৃত্ন জন্তু দেখিতে পাওয়া যার, বোধ হয় উহা গর্দভ ও গোলাতি হারা উদ্ভাবন করা হইয়াছে।

কতক গুলিন বিজ্ঞান ব্যবসায়ীরা বলেন যে কি ভূচর কি থেচর এখনকার অধিকাংশ প্রধান জস্তু নৃত্ন স্বষ্টু হইয়াছে, তাহারা পৃথিবীর প্রথমাবস্থায় ছিল না, পরে জন্মিয়াছে।

প্রায় সকল দেশের সকল শাস্ত্রের মত যে প্রথমে পৃথিবী জলময় ছিল, কোধায়ও উচ্চভূমি ছিল না। এই কথা যদি, সত্য হয় তবে সেই অবস্থায় পৃথিবীতে কোন জন্ধ থাকিলে তাহারা জলে বাস করিত। তাহা হইলে স্বীকার করিতে হইবে অগ্রে জলচর জন্তর সৃষ্টি হইয়াছে। ভূচর জন্ধ তথন ছিল না; ভূচরেরা অপেক্ষাক্তত নৃতন জন্ধ। যদি তাহা হয় তবে প্রথমে আমরা যে কথার প্রস্তাবনা করিয়াছিলাম তাহার এক প্রকার মীমাংসা হইল অর্থাৎ পৃথিবীর প্রথমাবস্থায় যত প্রকার জন্ধ স্থলন হইয়াছিল এক্ষণে তদ্যাতিরেকে অনেক নৃতন প্রকার জন্ধ জন্মিছাছে। পৃথিবীতে প্রথমে কেবল জলজন্ধ ভিন্ন অন্ত কোন জন্ধ যে ছিল না তাহার ভূরি প্রমাণ বিজ্ঞানবিদেরা পাইয়া-ছেন। এম্বলেসে সকল প্রমাণের উল্লেখ করা গেল না। তাঁহারা প্রতিপন্ন করিয়াছেন যে এক্ষণে মন্থ্য যেমন সমুদ্র জীর্দিগের

#### ভ্রমর।

মধ্যে প্রধান, সেই রূপ এক সময় পৃথিবীর মধ্যে মংস্থ প্রধান ছিল। তথন পশু, পক্ষী, মহুষ্য ইত্যাদির স্টি স্থয় নাই। ক্রমে হইল।

মৎস্তের পর মৎস্ত ও চতুশদ জীবের মধ্যবন্তী কোন জীব জিক্সিয়াছিল, তাহার পর বোধ হয় বানরের আবির্ভাব হয়, বানর চতুশদ অথচ দ্বিপদের সদৃশ এবং অঙ্গুলিবিশিষ্ট, বান-রের পর মনুষ্য জিন্মিয়া থাকিবে।

মৎস্থের পর কি রূপে কোন জীব জ্মিল, আবার তাহার পর কিরূপে মন্থ্যের উৎপত্তি হইল এই সকল বৃতান্ত পর্যায় ক্রেম নির্দেশ করা আমাদের উদ্দেশ্য নহে, সাধ্যও নহে। যে সকল বিশেষ বিশেষ বিজ্ঞান বিশারদেরা এই বিষয়ে চেন্তা পাই-র্যান্থেন তাহারাও যে সম্পূর্ণরূপে কৃতকার্য্য হইতে পারিয়াছেন এমতও বোধ হয় না।

মৎস্থের পরে চতুষ্পদ তাহার পর মহুষ্য কৃষ্টি হইয়াছে, এ কৃথা কেবল সাহেবেরা যে বলেন এমত নহে। মামাদিগের দশাবতারে এ ক্থার অর ছায়া আছে।—

দশ অবতারের অন্য যে অর্থ থাকুক আমরা ইহা দ্বারা প্র-ধান প্রধান জীবের পর্য্যায়ক্রমে স্কলের পরিচয় বুঝিয়াছি।

নারায়ণ প্রথমে মংস্য অবতার হইলেন। তথন সর্বত্ত জল।

পরে নারায়ণ কৃর্ম অবতার হইলেন। চতুপাদের স্ত্রপাত হইল। মংস্যের চারি ডানার স্থলে চারিট পদের অর গঠন হইল। কৃর্ম মংস্য নহে অথচ সম্পূর্ণ চতুপাদও নহে; উভয়ের মধ্যবর্জী।

অনন্তর নারারণ বরাহ হইলেন। এই সম্পূর্ণ চতুম্পদের আরম্ভ হইল। তথন স্থানে২ ভূমি দেখা দিরাছে, কিন্তু সম্পূর্ণ শুষ্ক হর নাই, প্রায় কর্দম ময়। পরে নারায়ণ নরসিংহ হইলেন। পূর্ব্ধে পশুশ্রেষ্ঠ সিং-হের স্পষ্টি হই। গিয়াছে। এবার নরের আবির্ভাব হইবে এই মধ্যসমধ্যে নরসিংহ অবতার। কতক পশু কতক নর। (এই কি Gorrilla গরিলার সৃষ্টি?)

পঞ্চমবারে নারারণ বামন অবতার হইলেন। এই প্রথম মন্ত্রা কৃষ্টি হইল, কিন্ত তাহার গঠন ,এখনও সম্পূর্ণতা প্রাপ্ত হয় নাই। পরে মন্ত্রা অবতারে তাহা ইক্ল।..

অন্য অবতারের উল্লেখ করা এস্থলে নির্ম্প্রের লন। উপস্থিত প্রস্তাবনার প্রথম ছয় অবতারের পরিচয় আবশ্যক হইরা
ছিল, তাহার উল্লেখ করা গেল। অবতারের আমরা বে অর্থ
ব্রিয়াছি তাহা যদি সঙ্গত হয় তাহা হইলে, স্ষ্টিসম্বন্ধে ইউরোপীয় তত্ত্ববিৎ দিগের অন্থত্ব আমাদের শাস্ত্রের সহিত অনৈক্য
নহে। প্রথমে জলজন্ত শেষে অন্যান্য পশুর পর মনুষ্রের স্ষ্টি
ইহা উভয়ের মত।

উভয়ের মতামুসারে আর একটি কথা প্রতিপন্ন হইরাছে।
পৃথিবীতে ক্রমে উন্নত জীবের স্কন হইতেছে। মংস্থ হইতে
ক্রমে ক্ষমতাবান্ বৃদ্ধিমান্ জীবের স্কন হইরা আদিয়া এক্ষণে
নন্নুয়ের স্ষ্টি হইরাছে। এইরপ ক্রমাররে যদি আরও উন্নত
জীবের স্টি হয় তাহা হইলে ক্রমে ক্রমে মনুষ্য অপেক্ষা ক্ষমতাবান্ ও বৃদ্ধিমান্ জীবদিগের স্টি হইতে থাকিবে। এক্ষণে
মনুষ্যের তুলনার মংস্থ যেরূপ হীন এক সমন্ন মনুষ্য আবার
কোন ভাবী জীবের তুলনার সেইরূপ হীন, বলিয়া বোধ
হইবে। কিন্তু ক্রমেই যে উন্নত গঠনের জীব স্টু হইবে
এমতও বিজ্ঞানবিদেরা নিশ্রম করিয়া বলিতে পারেন না।
তাঁহারা বলেন যে উন্নতি অধোগতি এতছভ্রেই সম্ভব। তাঁহারা প্রমাণ পাইয়াছেন যে ক্থন কোন পশুশ্রেণীর আক্রতি

প্রকৃতি সম্বন্ধে ক্রমে উন্নতি হইরাছে, আবার কখন তাহাদের ক্রমে অধাগতি হইরাছে। আবার হরত কে<sup>ন</sup> পণ্ড পৃথিবী হইতে একেবারে অন্তর্ধান করিরাছে, সে সকল পশুর অন্থি অদ্যাপিও মৃত্তিকার মধ্যে পাওয়া যার।

এইরপ নৃতন নৃতন জীবের এপৃথিবীতে কেনই বা আবি-জাব হয় আবার কেনইবা দে জাতির তিরোভাব হয় তাহা কে বলিতে পারে १ কিছু পিষ্ট দেখা বায় পরমেশ্বর স্বয়ং এই স্জন বিসর্জন ব্যাপারে আর লিপ্ত নহেন, তিনি আর স্বয়ং কোন জাতি স্জন করেন না কিখা তাহাদিগকে পৃথিবী হইতে উচ্ছেদ করেন না। এ সকল তাঁহার নিয়মাধীন, নিজের অধীন নহে।

--000-

## ভারত ভাগুরি।

এক দিবস ভারত ভাণ্ডারি নদীতীরে বসিয়া নোকা গণিতিছেন এমত সময় একজন আসিয়া বলিল তুমি এখানে বসিয়া কি করিতেছ ? শীঘ্র ঘরে যাও তোমার মুনিবের সর্ক্ষনাশ হইল তাঁহার খানোর গোলার আগতন লাগিয়াছে। ভারত ভাণ্ডারি আশত্য হইয়া বলিল "কেমন করে আগতন লাগিবে ? গোলার চাবি যে আমার কাছে।"

একবার জনেক বিধবা ভারতের হত্তে একটি টাকা দিয়া বাজারে পাঠাইলেন। ভারত যথাকালে দ্রব্যাদি ক্রের করিয়া বিধবাকে দিয়া বলিল, আতব চাউল আট আনার, থ্রত চারি আনার, সৈন্ধৰ হুই আনার এই চৌদ আনার দ্রব্য লও। বিধবা কহিল, "আর হুই আনা ?"

ভারত কহিল, " আমি বে তোমার টাকা ধারি, তাহার হলে কটোন গেল।"



# মাসিক পত্র,

১ম খণ্ড।

আষাত ১২৮১।

তি সংখ্যা।

# বৃষ্টি ৷

চল নামি—আষাড় আসিয়াছে—চল নামি।

আমর। কুদ্র কুদ্র বৃষ্টি বিকু, একা এক জনে যুথিকা কলির শুক্ত মুখও ধুইতে পারি না—মন্নিকার কুদ্র হৃদর ভরিতে পারি না। কিল আমরা সহস্র সহস্র, লক্ষণক, কোটি কোটি,—মনে করিলে পৃথিবী ভাসাই। কুদ্র কে?

দেখ, যে একা, সেই কুজ, সেই সামানা। যাহার একা নাই, সেই তুচ্ছ। দেখ, ভাই সকল, কেছ একা নামিও না— অর্দ্ধ পথে ঐ প্রচণ্ড রবির কিরণে ওকাইয়া যাইবে—চল, সহত্রে সহত্রে, লক্ষে লক্ষে, অর্ধ্বুদে অর্ধ্বুদে, এই বিশোষিতা পৃথিবী ভাসাইব।

পৃথিবী ভাসাইব। পর্বতের মাথার চড়িয়া, তাহার গলা ধরিয়া, বুকে পা দিয়া, পৃথিবীতে নামিব। নির্বর পথে ক্ষাটিক হইয়া বাহির হইব। নদীকুলের শ্নাহৃদয় ভরাইয়া, তাহাদিগের রূপের বসন পরাইয়া, মহাকলোলে ভীমবাদ্য বাজাইয়া, তরক্ষের উপর তরঙ্গ মারিয়া, মহারঙ্গে ক্রীড়া করিব। এসো, সবে নামি।

কে বৃদ্ধ দিবে—ৰাষু ? ইন্! বাষুর ঘাড়ে চড়িয়া দেশ দেশান্তবের বেড়াইব। আমাদের এ বর্ষা যুদ্ধে, বাষু ব্লুড়ো মাত্র;
তাহার সাহায্য পাইলে, স্থলে জলে এককরি। তাহার সাহায্য
পাইলে বড় বড় গ্রাম, অট্টালিকা, পোত মুথে করিয়া ধুইয়া
লইয়া যাই। তাহার ঘাড়ে চড়িয়া, জানলা দিয়া লোকের ঘরে
চুকি। যুবতীর যত্ন নির্ভূতে শ্যা ভিজাইয়া দিই—স্বুপ্ত স্কলরীর
গায়ের উপর গা টালি। বাষু! বাষু ত আমাদের গোলাম।

দেখ ভাই, কেহ একা নামিও না—ঐকাই বল—নইলে আমরা কেহ নই। চল—আমরা ক্ষুদ্র বৃষ্টি বিলু—কিন্তু পৃথিবী রাধিব। শশু ক্ষেত্রে শসা জন্মাইব—মন্ত্রা বাঁচিবে; নদীতে নৌকা চালাইব—মন্ত্রোর বাণিজ্য বাঁচিবে—তৃণ লতা রক্ষাদির পৃষ্টি করিব—পশু পক্ষী কীট পতঙ্গ বাঁচিবে। আমরা ক্ষুদ্র বৃষ্টি বিলু—আমাদের সমান কে? আমরাই সংসার রাথি।

ুন্ধি ক্ল প্রস্তি! আয় মা দিগাওল বাাপিনি সৌরতেজঃ সংহারিনি! এসো, গগন মওল আছের কর, আমরা নামি! এসো ভারিনি! এসো লগনি স্কারুক হাসিনি চঞ্চলে! বৃষ্টি কুল মুখ আলো কর! আমরা ডেকে ডেকে, হেদে হেদে, নেচে নেচে, ভূতলে নামি। তৃমি বৃত্তমর্মান্তেদী বজ্ঞ, তৃমিও ডাক না—এ উৎসবে তোমার মত বাজনা কে? তুমিও ভূতলে পড়িবে? পড়, কিছু কেবল গর্কোরতের মস্তকের উপর পড়িও। এই কুলু পরোপকারী শস্তমধ্যে পড়িও না—আমরা তাহাদের বাঁচাইতে ঘাইতেছি। ভাক ত ঐ পর্বক শৃক্ষ ভাক; পোড়াও, ত ঐ উচ্চ দেবালয় চূড়া পোড়াও। কুলুকে কিছু বলিও না—আমরা কুলু—কুলুর জন্য আমাদের বড়বাগা।

দেখ, দেখ, আমাদের দেখিরা পৃথিবীর আহলাদ দেখ! পাছ-পালা মাথা নাড়িতেছে—নদী ছলিতেছে, ধানা ক্ষেত্র মাথা নামা-ইয়া প্রণাম করিতেছে—চাসা চসিতেছে—ছেলে ভিজিতেছে— কেবল বৈস্বিউ আমসী ও আমস্ব লইয়া পালাইতেছে। মর্ পাপিষ্ঠা! ছই এক ধানা রেখে যানা—আমরা খাব। দে মাগির কাপড় ভিজিয়ে দে!

আমরা জাতিতে জল, কিন্তু রঙ্গ রঙ্গ জানি। লোকের চাল ফুটা করিয়া ঘরে উকি মারি—দম্পতীর গুহে ছাদ ফুটা করিয়া টু দিই। যে পথে স্থান্দর বৌজলের কলিনী লইয়া ঘাইবে, সেই পথে পিছল করিয়া রাখি। মলিকার মধুধূইয়া লইয়া গিয়া, ভ্রমরের অন্ন মারি। মুড়ি মুছকির দোকান দেখিলে, প্রান্ন কলার মাথিয়া দিয়া যাই। রামী চাকরাণী কাপড় শুকুতে দিলে, প্রান্ন তাহার কাজ বাড়াইয়া রাখি। ভণ্ড বামুনের জন্য আচমনীর ঘাইতেছে দেখিলে, তাহার জাতি মারি। আমরা কি কম পাত্র! তোমরা সবাই বল— আমরা রসিক।

তা নাক্—আমাদের বল দেখ। দেখ পর্বত, কলর, দেশ প্রদেশ, ধুইয়া লইয়া, নৃতন দেশ নির্মাণ করিব। বিশীণা স্বাকারা ভটনীকে, কুলপ্লাবিনী দেশমজ্জিনী অনন্ত দেহধারিণী অনন্ত রঙ্গ রঞ্জিণী জলরাক্ষমী করিব। কোন দেশের মাহ্ম রাখিব—কোন দেশের মাহ্ম মারিব—কত জাহাজ বহিব, কভ জাহাজ ভুবাইব—পৃথিবী জলময় করিব—অথচ আমরা কি ক্ষুত্র! আমাদের মত কুলু কেং আমাদের মত বলবানু কে!

মাছ্ব! তুমিও আমাদের মত কুজ! তুমিও, মনে করিলে আমাদের মত বলবান্ হইতে পার। ইহার এক মন্ত্র ঐক্য। একা নামিও না—প্রচিও রৌজে ভকাইয়া যাইবে।

### কণ্ঠ মালা।

#### প্রথম পরিচ্ছেদ।

এক দিন অপরাক্তে ছাদে বিসরা জনেক নাপিতানী একটি অরবয়য় গৌরাঙ্গীর পদে অলক্তক পরাইতেছিল। নাপিতানী চিত্রকরের ন্যায় আতি সাবধানে অঙ্গুলি সঞ্চালন করিতেছিল। ফ্বতী একাগ্রচিত্তে তাহুফে দেখিতেছিলেন; উভয়েই নিস্তর্কা, অনেকক্ষণপরে দাপিতানী দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিরা বলিল ''হয়েছে''। স্কলরী ঈবং বক্র হাসি হাসিয়া বলিলেন ''বাঁচলাম, আল্তা পরা এত দায় ?'' নাপিতানী উত্তর করিল ''কি করিব আ, কালো পা হলে শীল্ল আল্তা পরা হয়, কিন্তু তোমার মত স্কলর বর্ণ হলে আল্তার রেখা সাবধানে টানিতে হয়; একটু বাঁকা হলে লোকে বলিবে নাপিতানীর চক্ষু ছিল না।''

যুবতী হাসিয়া বলিলেন " আমার বর্ণ কি এত স্থন্দর?"

নাপিতানী বলিল "সে কথা তোমার নিকট আর কি বলিব, আমরা ঘরে বসে সর্কান বলাবলি করে থাকি। এমন স্থানর বর্ণ কথন দেখি নাই; এমন স্থানর সঠনও কথন দেখি নাই; পা ছখানি যেন ননীতে গড়া; টাপাফ্লের বর্ণ, তাতে আল্তার সঙ্গো কত শোভা হয়। ইচ্ছা করে তুমি ছগাছি হীরা কাটা নতুন মল পর; আমরা দেখে চক্ষু সার্থক করি। এই গড়ন, এই বর্ণ, তাতে যদি আল্তার উপর মল ঝলমল করে তবে যে কত শোভা হয় তা আর কি বলিব"।

স্থন্দরী অনিচ্ছার হাসি হাসিয়া বলিলেন "তা আর এজস্কে হয়েছে নিত্য যে অর পাই এই বর্থেষ্ট। আবার স্থীরাকাটা মল কোথা পাব"। নাপিতানী বলিল "তা হবে না মা হীরাকাটা মল তোমাকে পরিতেই হবে; তুমি একবার বাবুকে বলিও"। এই বলিয়া না-পিতানী বিদায় হইল। নিকটে একখানি পুরাতন দর্পণ ছিল। যুবতী কি ভাবিতে ভাবিতে দর্পণখানি সন্মুখে রাখিয়া তাহাতে আপনার প্রতিবিদ্ধ দেখিতে লাগিলেন, পরে গাত্র মার্জ্ঞনী লইয়া বাধর আর একবার মার্জ্জন করিলেন, অল্ল পূর্কে কেশ বিন্যাস করিয়াছিলেন কেশ পূর্কাত বিন্যস্ত আছে তথাপি দর্পণের প্রতি দৃষ্টি রাখিরা আর একবার হৈছু এক গাছি কেশ উপযুক্ত ছানে সংস্থাপন করিতে লাগিলেন। তাই নিসাধা হইলে দর্পণ হাতে করিয়া ধীরে ধীরে উঠিলেন; দাড়াইরা গ্রীবাবাকাইয়া স্কন্ধো পরি দিরা শুল্ করিছিত অলক্তক রাগদেখিতে লাগিলেন; দেখিবার নিমিত্ত বাম শুল্ফ ঈষং তুলিতে হইল, শরীর অর বাঁকাইতে হইল বক্ষ ঈষং উন্নত হইল ওঠাধরে অল্ল হাসির বৈশা থেলিতে লাগিল।

এই ভঙ্গীতে তিনি যাহা দেখিলেন তাহা স্থলর; এই ভঙ্গীতে তাঁহাকে বে দেখিল সে ও ভানিল স্থলর। নিকটত অন্য একটি ছাদে বিলাস বাবু দাঁড়াইয়া দেখিতেছিলেন যুবতী তাহা জানিতে পারেন নাই! অলক্তক রাগ তাঁহার দেখা হইলে তিনি ধীরে ধীরে চলিতে লাপিনেন; পাছে অলক্তক রাগ মুছিয়া যায় এই জন্য পদ প্রতি দৃষ্টি রাখিয়া ধীরে ধীরে চলিয়া গেলেন। তিনি চলিয়া গেলে বিলাস বাবুর মনে হইল যেন বিছাৎ ধেলাইডে থেলাইতে এক খানি গভীর মেষ চলিয়া গেল।

সুদ্রীর নাম শৈল। বরস উনবিংশতি বংসর। তিনি আপনার গৃহে একা কুটিয়া থাকিতেন, স্বামী ভিন্ন আর কেহ গৃহে ছিল না; স্বামীক নাম বিনোদ, বরস বিত্রশ বংসর, বিদ্বান্, বৃদ্ধিসান্, কলিষ্ঠ আমোদ প্রিয়। কোন কারণ প্রযুক্ত পিতৃত্যক্ত অর্থ সনেক দিন হইল নষ্ট করিয়াছিলেন, এক্ষণে যে সামান্য আয় ছিল তাহার উপর নির্ভর করিয়া অতি কন্তে কাল্যাপন করিতেন। কন্ত তিনি স্বিশেষ জানিতে পারিতেন না। সাংসারিক অপ্রভূলতা জনিত যত যন্ত্রণা, তাহা প্রায় শৈল একা ভোগ করিত বিনোদ কেবল আহারের সময় আসিয়া আহার করিতেন কোন বিষয়েষ তত্ব লইতেন না। অপ্রভূলের কোন প্রতীকার করিতে পারি বেন না বলিয়া কোন তত্ব লইতেন না।

শৈল অলক্তক প্রিষ্টা ছাদ হইতে নামিলেন। শয়ন গৃহে
স্বামীকে দেখিয়া নক্তিলেন "বেলা যে শেষ হইল এখনও স্নান করিতে গেলেনা।" বিনোদ প্রতাহ অপরাছে স্নান করিতেন; অপরাক্ত হইয়াছে শুনিয়া গ্রন্থ রাথিয়া উঠিলেন, উঠিলে স্ত্রীর প্রতি দৃষ্টি পড়িল; বিনোদ একটু হাসিয়া জিজ্ঞাসাকরিলেন,

''কোথায় রক্ত মাড়াইলে?'' শৈল বলিলেন ''আলতা পরি-য়াছি বলে উপঞ্জাস করিতেছ, তবে আমি ধুয়ে ফেলি ''

বিনোদ বলিলেন ''ধুতে হবে না বড় স্থল্পরদেখাতেছে; তোমায় কিলে না স্থলর দেখায়! দে দিন দেঁতোর মার উপর রাগ করিয়া যখন তাহাকে তিরস্কার করিতেছিলে তখন তোমা-কেকত স্থলর দেখাইতেছিল। সিংহীর ন্যায় কেশ রাশি ফ্লা-ইয়া ঈষৎ বাঁকাভাবে দাঁড়াইয়াছিলে আমি কত স্থলর দেখি-লাম। আর এক দিন একখানি গাঁচিধৃতি পরিয়া শরীর কৃঞ্চিত করিয়া কৃষ্টিত ভাবে সেই কাপড় টানিতেছিলে শরীর ঢাকা পড়ে কিন্তু ঢাকা থাকে না; তুমি লজ্জা পাইতেছিলে লজ্জার হাসি অধর পার্শ্বে টিপিতেছিলে, এক একবার আমার দিকে চুপি চুপি চাহিতেছিলে; আমি তোমার সেই মূর্ত্তি কত স্থলর দেখিয়াছিলাম।"

শৈল বলিল ' আর এক দিন আর এক মূর্ত্তি দেখ; পাঁচিধু-

তিতে স্থন্দর দেখিয়াছিলে, আর একদিন বানারসি শাড়ী আর তাহার উপযুক্ত গহনা পরাইয়া দেখ কেমন দেখায়।''

বিনো। কোথায় পাব ?

শৈ ঐ তুমি কোথায় পাবে তা আমি কি জানি ? বানারসি শাড়ী না পাও তুগাছা ডাইমন কাটা মল দেও আমার মল পরি-তে বড সাধ হয়েছে।

বিনো। "এসাধ নিতান্ত অসমত নহে এসাধ প্রাইতে অধিক বায়ও আবশ্যক নাই কিন্তু" কথা বলিয়া একটু বিমর্থ হইলেন।

শৈল। কিন্তু কি ? তুমি যাহা ভাবিতেছ আমি তাহা বুঝিয়াছি। তোমায় আর ভাবিতে হবে না, আমি মল সত্য সভ্য চাই ।
না, মল পরিয়া আমার কি স্থুখ বাড়িবে? লোকে বলুবে বেশু
স্কলর দেখাতেছে, তাহাতে আমার কি লাভ ? মল না পরিলেও
ত তুমি আমার স্থলর দেখ, সেই আমার স্থল। মলের কথা
লইয়া আমি উপহাস করিতেছিলাম, ভাবিতেছিলাম দেখি তুমি
কি বল।

বিনো। মল তুমি না পরিতে সাধ কর আমার পরাতে সাধ হয়েছে। আমার কিছু কালের নিমিত্ত ছুটি দেও, আমি একবার বিদেশে যাই।

ৈশেল। সে কি! এমন কথা মুখে এননা; আমার কার কাছে রেখে যাবে, আমার কে আছে? আমি কবে একা থাকিয়াছি? তুমি এই প্রামে বেড়াইতে যাও একদও আসিতে বিলম্ব হইলে আমি কাঁদি; তুমি বিদেশে যাবে আর আমি ঘরে নিশ্চিন্ত থাকিব? তোমার মত নিষ্ঠুর পুরুষ আর ভারতে নাই; তুমি অনাথাসে স্তীহত্যা করিতে পার; তুমি একথা কি রূপে মুখে আনিলে? আমার টাকার কাজ নাই, আমার গহনার কাজ নাই; তুমি আমার

টাকা, তুমি আমার গহনা; তুমি ঘরে থাক আমি দিবা রাত্র দেখি। বিনো। লোকে কি স্ত্রী ফেলে বিদেশে যায় না?

শৈ। যাদ সত্য, কিন্তু দে সকল স্ত্রী ফেলে যাবার উপযুক্ত।
আমাকে যদি সেই রূপ ভাব, তবে আমার মরণ ভাই: আমার
আগ্রে মেরে তাহার পর বিদেশে দেও: তোমার পারে পড়ি তুমি
বিদেশে যাইও না; বিদেশে ভাবিতে গেলে আমার বুকের
ভিতর কেমন করে।

জীর কাতরতা ক্রের্ডির বিনোদ বড় বাস্ত হইলেন; পুনঃ পুনঃ স্বীকার করিলেন যে আর কথন বিদেশে যাইবার কথা মূথে আ-নিবেন না। তাহার পর একথানি গাত্রমার্জ্জনী ক্ষরে ফেলিয়া শৈলেও সন্মথে দাড়াইয়া রহিলেন। শৈল তথন দীর্ঘ নিখাস ত্যাল্য নরিয়া চক্ষের জল মুছিতে মুছিতে ভগ্ন স্বরে বলিলেন "কোথায় যাইতেছিলেয়াও, বড় বিলম্ব করিওনা।" বিনোদ ধীরে ধীরে শৈলের একটি হাত আপনার হাতের মধ্যে তুলিয়া লইলেন। শৈলের মুখপ্রতি চাহিতে চাহিতে ক্ষুদ্র অঙ্গুলি গুলি আদরে টিপিলেন। আবার হাতথানি যে খানে ছিল সেই থানে যত্নে রাখিয়া চলিয়া গেলেন। যাইতে যাইতে প্রাঙ্গণ হইতে একবার ফিরিয়া দেখিলেন। শৈল তখনও বিমর্ষ ভাবে দাবে মাথা হেলাইয়া বিনোদের প্রতি চাহিয়া আছেন। বিনোদের চক্ষে জল আসিল, বিনোদ চলিয়া গেলেন। তিনি দৃষ্টির বাহির হইলে শৈল शमिया उठिरलन; मानीरक जिल्लामा कतिरलन "र्एंटलात मा, সকল পুরুষ কি এই রূপ নির্বোধ ?" দেঁতোর মা উত্তর করিল " একজন ব্যতীত প্রায় সকলেই এই রূপ।"

रेनन। रम रक ?

দেত। এখন বলিবনা, পরে তুমি আপনিই চিনিক্ত পারিবে।

এখন সে কথা যাক, বাবু বিদেশে যেতে চাইতেছিলেন, তুমি আবার বারণ করিলে কেন ?

শৈল। অন্যমনক্ষে উত্তর করিলেন "আমার ইচ্ছা" এই বলিয়া কিঞাবিতে ভাবিতে ভাবিতে ঘরে গেলেন, পালকে শয়ন করিলেন; আনেক কল পর্যান্ত মৃৎ পুত্তলিকার ন্যায় পড়িয়া রহিলেন; তাহার পর হঠাৎ উঠিয়া এদিক্ ওদিক্ চাহিয়া দেঁতোর মাকে চুপি চুলি কিবলিলেন। দেঁতোর মা জিজ্ঞাসা করিল "কবে বলিব?" শৈল বলিলেন "এখনই, আর মনে থাকে মুমুন যে, গহনা হউক আর না হউক তাহার নিমিত্ত ভাবনা চিত্তা নাঁই এটি

দেঁতোর মা ঝাঁটা ফেলিয়া চলিয়া গেল। শৈল কিঞ্ছিৎ চঞ্চল হইলেন, ছই একবার প্রাঙ্গনে নামিলেন; অকারণে সিন্ধুক খ্লিলেন। শেষ রেরতী ঠাকুরঝি আসিলে পাড়ার নানা কথা আরম্ভ হইল।

#### দ্বিতীয় পরিচ্ছেদ।

গাত্রমার্জনী হ্বন্ধে ফেলিয়া বিনোদ বহির্গত হইলেন শ্রুপ্রেথ যাইতে যাইতে ভাবিতে লাগিলেন "শৈলের হৈছে কি অসীম। আনি তাহার হেছের প্রতিশোধ করিবার কোন চেটা করিনা অথচ এই ভালবাসা। শৈল কেন এত আমায় ভাল বাসে? আমার ভার অর্থহীন ব্যক্তিকে বে ভালবাসে সে স্বার্থহীন। তাহার ভাল-বাসা অক্তিম। স্ত্রী মাত্রেই স্বামীকে ভাল বাসে, কিন্তু শৈলের ভালবাসা সচরাচর স্ত্রীর মতনহে। ইহার কিঞ্জিৎ বিশেষ আছে; এ ভালবাসা সকলের অদ্ঠে ঘটেনা আমি ভাগ্যবাস্। যাহার স্ত্রী এরূপ স্কুশীলা পতিপরায়ণাসে অবগ্র স্থা।"

এই রূপে স্থামূভব করিতে করিতে যাইতে ছিলেন এমন সময় বিলাস বাবু ডাকিয়া বলিলেন, "ওছে বিলম্ব কর না সন্ধার পরই তাদ আরম্ভ করিতে হইবে।" বিনোদ হাদিয়া উন্তর করিলেন ''আচ্ছা "। আবার কিয়দ্দুর ঘাইতে না যাইতেই আর একজন সমবয়স্ক ভাকিয়া বলিলেন ''দেখ হে শীল্ল এসো, অদ্য সন্ধ্যা হইতে কেবল টপ্লা।" বিনোদ হাসিয়া উত্তর দিলেন ﴿আছেব ।" আবার কতক দূর গেলে গোপাল বাবু বৈঠকথানা হইতে বলি-লেন "শীঘ্ৰ শীঘ্ৰ গা ধৃইয়া আইস, এইখানে কাপড়ছাড়িছে इटेरव।" विसाम शमिशा जिल्लामा कतिरान "এখানে कि आश-রের দৌরাম্ম আছে?" শ্রেপাল বাবু বলিলেন 'আছে; শুটি কতক খইচুর পাইয়াছি, ভারিলাম যে অপাত্তে ফেলিব।'' বিনোদ বলি-লেন " উত্তম ভাবিয়াছ, এখন ছুইএকটা নমুনা পাইতে পারি?" এই সময় কতকগুলিন শিশুর কোলাহল শব্দ গোপাল বাব শুনিয়া বলিলেন"বুঝেছি ছেলেদের জ্ঞা নমুনা আবস্তাক হইয়াছে। কিন্তু তাহী উহাদের দেওয়া রুথা। ছেলেরা এসব জিনিসের আসাদন বুঝিতে পারেনা।" বিনোদ ভাবিলেন "আমিই কোন পারি।" এই সময়ে শিশুরা আসিয়া বিনোদকে ঘেরিল; কেহ পৃষ্ঠের উপর উঠিল, কেন্দুগলা ধরিল, কেহ কাপড় ধরিয়া টানিতে লাগিল। ভিনি একে একে সকলকে বুকে তুলিয়া মুখচুমন করিতে লাগিলেন। ''আমি আগে, আমি আগে,'' বলিয়া অনেক ছেলে হাত তুলিতে লাগিল। গোপাল বাবুর দেড় ৰংসরের একটি পুত্র তাহার অষ্টন বর্ষীয়া ভগিনীর ক্রোড়ে আসিয়া বিনোদ্ধাবুর সম্বাথে হেলিয়া পড়িল। বিনোদ তাহাকে ক্রোড়ে করিয়া মুখচুম্বন করিলেন; শিশু ভগিনীর প্রতি চাহিয়া মাথা হেলাইয়া হাসিতে লাগিল যেন ভগি-নীকে বলিতে লাগিল "দেখিলি ? আমি কোলে উঠেছি।" আবার विताम वावत मिरक कितिया महामा वमत्न চाहित्छ नाशिन; তাঁহার ওঠের মধ্যে একটি কুদ্র অবুলি প্রবেশ করাইয়া আপনা আপনি বলিতে লাগিল "এই কাকা।"

মে স্থান হইতে বিনোদ চলিলেন। শিশুরা পশ্চাৎ পশ্চাৎ দৌড়াইতে লাগিল। তাঁহার সঙ্গে এই শিশুর পন্টন দেখিয়া ছাগীরা হশ্বন্ধলী দোলাইতে দোলাইতে, পলাইতে লাগিল। তাহা-দের একটি<sup>র্স</sup> বংস ধরা পড়িল। একটি উলঙ্গ ছেলে বংসটিকে পেটের উপর তুলিল; আর এক জন কোলে লইতে পারিল না ৰলিয়া পা ধরিয়া টানিতে লাগিল। গোপাল বাবুর সন্থানটি ভগিনীর ক্রোড় হইতে হেলিয়া পড়িয়া ছাগশিশুর মুখে অঙ্গুলি দিয়া ভগিনীকে দেখাইতে লাগিল '' এই বাুা'' বিনোদ বছষত্ত্বে ছাগশিশুকে অব্যাহতি দিয়া পদা পুষরিণীর দিকে চলিলেন। ছেলেরাও সঙ্গে চলিল। পুক্ষরিণীর কুলে দাঁড়াইয়া কে কোন পদাটি লইবে তাহা দেখাইয়া দিতে লাগিল। বিনোদ বাবু জ্লে নামিলেন। জলের পক্ষীরা চারিদিক হইতে কোলাহল করিয়া এক স্থান হইতে উড়িয়া আর এক স্থানে পড়িতে লাগিল, পা-পড়ি ভাঙ্গিতে লাগিল, পাতা ছি'ড়িতে লাগিল। বিনোদ তাঁহা-দের গালি দিতে লাগিলেন: ছেলেরাও সঙ্গে সঙ্গে গালি দিতে লাগিল। জলে চলিতে চলিতে বিনোদ বাবু জল দোলাইতি লাগিলেন। জলের সঙ্গে সঙ্গে পদোরা ছলিয়া উঠিল। ভ্রমরগণ পদ্ম ছাডিয়া ঝন্ধার দিয়া পদ্ম বেডিয়া উভিতে লাগিল। পদ্ম অ-স্তির দেখিয়া শেষ অন্যদিগে বেগে উড়িয়া গেল। বিনোদ হাসিয়া গাইতে লাগিলেন।

> ''ও বঁধু যেও না হে যেও না, রাগ করে যেও না।''

সঙ্গে সঙ্গে শিশুরাও গাইয়া উঠিল।

''দেও না দেওনা আগ কলে দেও না"

বিনোদ বাবুর সকল গীত, সকল শ্লোক ছেলেরা জানিত; বিনোদ গাইলে তাহারাও গাইত। বিনোদ পদ্ম তুলিয়া এক

#### ভ্ৰমর ।

একটি সকলের হাতে দিলেন, আনন্দে ছেলেরা নাচিতে লাগিল;
এক জন কাঁদিয়া উঠিল, বলিল " আমার পদ্ম ঘুমাইয়া পড়িয়াছে,
ঘুম ভাঙ্গাইয়া দেও।" পদ্মকলি জলে মাথা ভুলিয়াছিল; শিশুর
হাতে আসিয়া তাহার মাথা হেলিয়া পড়ির। ক্রোড়স্থাশিশুর নিদ্রা
আসিলে যেরপ মার স্কন্ধে মাথা হেলিয়া পড়ে, পদ্মকলির মাথা
সেইরপ হেলিয়া পড়িয়াছিল। বালক কাজেই মনে করিল
আমার পদ্ম ঘুমাইয়াছে। বিনোদ সেই ঘুম ভাঙ্গাইতে নানা
কৌশল করিতে লাগিল্পেম।

এদিকে রেবলী ঠাকুরঝি, শৈলের সঙ্গে বিনোদ সবদে বিতণ্ডা আরম্ভ করিয়াছিলেন। রেবলী বলিতেছিলেন বিনোদ নির্ধিরাধী। শৈল তাহার প্রতিবাদ করিতেছিলেন; বলিতেছিলেন, "যে, তাঁহার বিরোধের জালায় আমার বিড়াল প্রায় বাড়ী ছাড়া হইয়াছে, বাছা পুকুর ধারে বনের ভিতর বিশেয়া আমায় ডাকে।" রেবলী বলিলেন "বিনোদ যথার্থ স্থপী।" শৈল উত্তর করিলেন "তাঁহার স্থথের কথা ছেড়ে দেও, তিনি যে কিসে স্থপী না হন তাহা বলিতে পারি না; পূর্ণিমায় বলেন 'দেথ কেমন পৃথিবী হাসিতেছে, এ পৃথিবীতে লোকে আবার কেমন করে অস্থপী হয়, জ্যোৎমা স্থলর, শাদা ফুলগুলিন স্থলর, তুমিও স্থলর আমি কেন স্থপী না হইব।' আবার অমাবস্যার রাত্রে বলেন 'দেথ, দেখ, রাত্র কেমন অন্ধকার; মরি, মরি, এ অন্ধকার যে না দেখিল সে এ পৃথিবীর কিছুই দেখিল না।''

এইরূপ কথা হইতেছে এমত সময় বিনোদ বাবু গোপালের শিশুকে ক্রোড়ে লইয়া পুরবি আলাপঢারি করিতে করিতে গৃহ প্রবেশ করিলেন। রেবতী উঠিয়া গেলেন।

## তৃতীয় পরিচেছদ।

পর দিবস অপরাক্তে শয়নকক্ষে বিদয়া শৈল স্থানকী কেশ বিন্যাস করিতেছেন, নিকটে দেঁতোর মা বিসয়া আছে। কেশ বিন্যাস করিতে করিতে শৈল অন্যমনস্থ হইলেন; দক্ষিণ হস্তে কেশগুল্ভ ধরিয়া ঈষৎ জকুটী করিয়াকি ভাবিতেলাগিলেন; কিঞ্ছিৎ পরে দেঁতোর মার প্রতি অতি তীব্র দৃষ্টিতে চাহিয়া জিজ্ঞাসা করিলেন " সকালে আমার যে কথা বলিতেছিলি তা কি সত্য?" দেঁতোর মা সভয়ে উত্তর করিল "মিথ্যা বলেছি শ আমি তোমার থাই, ভূমি যা বল তাই করি, তোমায় যে যা বলিতে বলে আমি তথ্য নই আসিয়া তাই বলি।"

শৈ। "সে কেমন পুরুষ? ছেলের গলা হতে একখানা গহনা খুলে নিতে পারিলে না, ছি, ছি, সে আবার পুরুষ?"

দে। " তিনি বলেন যে আমার ভয় করে।"

শৈ। "ভয় করে ? তার মুপু করে ! সকল পুরুষই কি জয় ? এমন আকার, এমন শরীর, পোড়া! তার ভিতরেও কি ভয় ? ব্ঝিলাম পুরুষমাত্রেই ভীত—আজন্মভীত। তাহারা ছেলেবেলা মার আচল ধরে বেড়ায়; যৌবনে স্ত্রীর আঁচল ধরে; বুড়া হলে মেয়ের আঁচলে মরে। বোকার জাত! দেব তার পুরুষেরাও নাকি এইরূপ জয় ছিল। তাহাদের কোন ক্ষমতা ছিল না; মহিষাস্থর দেখিলেন অমনি পালিয়ে স্ত্রীর আঁচল ধরিলেন; শুন্ত নিশুন্ত এলো অমনি দোড়। শেষ তাহা দের স্ত্রী আসিয়া অস্তর দমন করিয়া দিত, তখন দাঁত বার করে স্তর করিতেন, 'আপনি সাক্ষাৎ শক্তি, আদ্যাশক্তি, রক্তারিকা।' মরণ আর কি! জয়ৢর জাত! এই সকল দেখে শুনে

কালী আর থাকিতে না পেরে শেষ শিবের বুকে পা দিয়া দাড়া। ইয়াছিলেন; খুব করেছিলেন।"

দে। "আমরা ছোটলোকের মেয়ে— এ সকল কি জানি মা; তোমরা ভদ্রলোকের মেয়ে পাঁচটা শাস্ত্রজান। আমরা কেবল এই বুঝি যে দেঁতোর বাপ বেঁচে থাকিলে আমি আজ দাসী হতেম না।"

শৈ। "সে কথা সত্য; আমাদের সেবা করিবার জন্য একটা আবটা পুক্ষ আবশ্যকু; সংসার করিতে বেমন গোরু পুষিতে হয়, তেমনি আবিরি পুক্ষ পুষিতে হয়; আমাদের যখন যা চাই তথনই তা আনিয়া দিবার জন্য পুরুষগুলার আবশাক। যে অকল্মা সে সকল আনিয়া দিতে পারে না—তারে আমাদের কার্জ নাই।"

এইরপ কথা বার্তা হইতেছে, এমত সময় বিনোদ বাবু গৃহে আসিলেন, শৈলকে দেখিয়া ঈষৎ হাসিলেন। শৈলের ভয় হইল; সভয়ে জিজ্ঞাসা করিলেন "কেন হাসিলে ?" বিনোদ কোন
ইভির না করিয়া হাসিয়া বলিলেন "আমার পাশে বলে ভোমার
ঐ স্কর অঙ্গুলিগুলিন আমার মাণায় দেও—আমি শয়ন করে
ভোমায় দেখি।"

শৈ। এ আবার কি?

বি। কে জানে কেন, আমার এ সাধ গিয়াছে। এই সাধ হল বলে তাস থেলিতে খেলিতে উঠে এলেম।

এই কথা শুনিরা শৈলের ভাবনা গেল, এক দীর্ঘ নিখাস ফেলিয়া বলিলেন "আমার কত ভাগা যে তোমার এ দাধ হয়েছে। তোমার গায়ে পায়ে হাত ব্লাইব এই আমার চির-দাধ: কিন্তু তোমার দেখা আমি কোণা পাইব ? তুমি সর্কাদা অন্তির: কেবল পাড়ায় তাস খেলে গান বাজনা করে বেড়াও; যদি ঘরে এস এমনি সময় বুঝে এস যে আমি সংসারের কাজে বাস্ত থাকি, তোমার পদদেবা করিতে পারি না। আমার অদৃষ্টে থাকিলে ত আমি পতির পদসেবা করিতে পাব।

বি। তুমি ইচ্ছা করিলেই আমি কোন্তোমায় পদ সেবার যন্ত্রণা দিই, আমি ত সতা সতা দেবতা নই যে সিংহাদনে বদে তোমার সেবা খাব আর তুমি এই আমার বঁকো পা পুজে পুণা জনাবে।

এই সময় গোপাল বাব্র কন্তা আপনার সংগ্রেদরকে ক্রোড়ে করিয়া বিনোদ বাব্কে ডাকিতে আসিল। বিনোদ বাবু অনি-চ্চায় উঠিয়া গেলে শৈল শিশুটিকে ক্রোড়ে লইয়া আদর করিতে লাগিলেন।

প্রহরেক রাত্র অতীত হইলে পর দেঁতোর মাকে ক্রিক্। শৈল বলিলেন "সেই কা প্রুষকে তুই বলে আর যে সে ফাতে ভর পাইরাছিল আমি তাহাতে ভর পাই নাই। আমি গ্রনা সংগ্রহ করিয়াছি, এক্ষণে আর যা করিতে হয় সে তা করে।"

দে। ''সে কি! গৃহস্থের বউ হয়ে এমন কর্ম্মণ বিনোদ বার্জ্জ পরিবার হয়ে এ দিগে তোমার মন কেন গেল ? গৃহনা নাই বা পরিলে? এত লোকের গৃহনা নাই তাদের কি দিন যায় না ?'

শৈ। "মর্নেকি! তোর আবার ভয় হলো, কিসের ভয় ? আমি কণ্ঠ মালা লইরাছি তা কে দেখেছে যে তোর ভয় হলো? বিপদ পড়ে, জানিস্নেযে, ঘরে একটা পুরুষ বাগা আছে; সকল বালাই তার ঘাডে যাবে।"

দোঁ। ''এসকল পাপ কর্মা। একবার পরকাল দিগে দেখিতে হয়।''

দৈ। "মর মাগি। আমায় আবার পরকাল দেখাতে এলো; আমার থাবি, আবার আমায় গালি দিবি; জানিস না 93

যে ঝাঁটা পেটা করিব। পাপ হয় আমার হবে, না হয় একদিন গঙ্গাল্লান করে আসিব, কি জগনাথ দেখে আসিব, তা হলেই ত তোদের,কাছে ধার্মিক হব। এখন যা আমি ্যাহা বলিতে বলিলাম তাহা বলিয়া আয়।"

দেঁতোর মা অগত্যা ধীরে ধীরে বিলাস বাবুর বাটীতে গেল।

# চত্ব্র্থ পরিচেছ্দ।

প্রদিন প্রতি প্রাঙ্গণপার্শে বিদিয়া বিনোদ মুধ প্রকালন করিতেছেন এমত সময় ছুই জন কনেষ্টবল আসিয়া খড়কি দারে দাড়াইল। সেই সঙ্গে অপর দার দিয়া আর কতকগুলিন কনেষ্ট্রল ও পুলিস দারোগা, গোপাল বাবু বিলাস বাবু প্রভৃতি আসিলেন। বিনোদ ইহার কারণ কিছুই বুঝিতে না পারিয়া ক্ষণকাল অবাক্ হইয়া তাঁহাদের দেখিতে লাগিলেন। শেষ তাঁহারা নিকটবর্তী হইলে ধীরে ধীরে জিজ্ঞাসা করিলেন, শ্রামি কি স্বপ্ন দেখিতেছি?"

দারোগা উত্তর করিলেন, "স্থানহে, যাহাদেখিতেছেন তাহা প্রকৃত বটে; পাড়ায় একটা চুরী হইয়াছে, সেই চুরীর জব্য অন্ন্সকান করিতে আমি আপনার বাড়ী আসিয়াছি। গোপাল বাবুর বালিকা কন্তা বৈশ্বালে তাহার ছোট ভাইকে কোলে লইয়া আপনার বাড়ীতে বেড়াইতে আসিয়াছিলেন। রাত্রে ঘরে গোলে গোপাল বাবুর পরিবার দেখিলেন, শিশুর গলায় কণ্ঠমালা নাই। প্রাতে আমি সেই সম্বাদ পাইয়া তদস্ত করিতে আসিয়াছি, অতএব বিলম্ব করিবেন না; আপনার পরিবার ও দাসীকে এই পাকশালায় শীঘ্র আসিতে বলুন।" বিনোদ বাবু উঠিলেন, একবার গোপালবাবুর দিকে চাহিলেন। গোপাল

বাবু কিঞ্ছিৎ অপ্রতিত হইয়া বলিলেন, 'আমি কি করিব ভাই, চুরী গিয়াছে, পুলিষে জানাইতে হয়, আমি জানাইয়াছি। এত দূর হইবে অমূভব করিতে পারি নাই। আমি ইতস্ত করিয়াছিলাম, কিন্তু বিলাস বাবু জেদ করিলেন, বলিলেন, ফৌজদারি আইন শক্ত, পুলিষে সম্বাদ না দিলে আবার হয় ত কি ঘটিবে। অতঃপর এই হইল যে কেহ কাহারও সস্তানকে আদর করিবেনা, ঘরেও আসিতে দিবেনা।"

বিনোদের পরিবার পাকশালায় আসিল। লারোগা প্রথমে ভক্ষস্থা, নাউমাচার তলা, এদিক্ সেদিক্ সকল সন্ধান করিলন। শেষ সকলকে সমভিব্যাহারে লইয়া শয়নগৃহে প্রবেশ করিলেন। বিলাস বাবু এই সময় এক টুক্ত হাসি, ওঠপ্রাস্থেদমন করিতেছিলেন, তাহা কেহ দেখিতে পাইল না।

দারোগা প্রথমে ছই একটি সিন্ধুক পেটারা সন্ধান করিলেন; তাহার পর একটি ক্ষুদ্র বাক্স বিনাদকে খুলিতে বলিলেন। বাক্সটি শুলের; বিনোদ তাহার নিকট হইতে চাবি চাহিলা আনিয়াছিলেন; সেই চাবিদ্বারা বাক্স খুলিয়া দিলেন। দারোগা ছই একটি জিনিস তুলিবামাত্রই চোরা কণ্ঠমালা বাহির হইল। তাহা দেখিবামাত্র বিনোদ শিহরিয়া উঠিলেন, এক দৃষ্টিতে কণ্ঠমালার প্রতি চাহিয়া রহিলেন। ক্রমে ছই একটি পূর্ব্বকথা তাহার ক্ষরন হইল; অলম্বারের নিমিত্ত শৈলের পূর্ব্ব উত্তেজনা মনে পড়িল। আবার এখনই যে শৈলকে কনেইবলেরা লইয়া গাইবে, তাহাকে উপলক্ষ করিয়া পথে কত রিসকতা করিবে, হয়ত ধাক্কা মারিবে, এই সকল আশক্ষা শেলবৎ বিনোদের হদরে আদিল। দারোগা জিজ্ঞাসা করিলেন, "বাক্ক আমার।" দারোগা বিনোদন পরিস্কার স্বরে বলিলেন, "বাক্ক আমার।" দারোগা

#### ভ্রমর ।

কহিলেন, "কিরপে কণ্ঠমালা এ বাক্সে আসিল?" বিনোদ উত্তর করিলেন, "আমি রাখিয়াছিলাম।"

দা। আপনি তবে চুরি একরার করিতেছেন ?

বি। একরার করিতেছি।

তাহার পর আর কেহ কোন কথা বলিলেন না, সকলে নি:শব্দে গৃহহইতে বাহির হইলেন। পথে আসিয়া বিনোদ জিজ্ঞাসা করিলেন। "দারোগা তোমার হাতকড়ি কই?"

দারোগা বলিলেন, "হাতকড়ি ইতর লোকের নিমিত।"

বিনোদ বলিলৈন ''আমি ইতর লোক, আমায় শীঘ্র হাতকড়ি দেও, আমার অসহু হইয়াছে।''

জমাদার কিঞ্ছিৎ ইতস্ততঃ করিয়া হাতকড়ি পরাইতে লাগি-লেন।

বিনোদ। জোরে, আরও উপরে,

বিনোদ বাবুকে গ্রেপ্তার করিয়া লইরা গোলে তাঁহার আদ রের স্ত্রী পাকশালা হইতে মুথ বাড়াইয়া দেখিলেন। সকলে শ্রিয়াছে দেখিয়া দেঁতোর মাকে বলিলেন "গুলো শীঘু,আয়; এই বেলা আমরা কাঁদিতে বিসি, নইলে পাড়ার পোড়া লোকেরা কি মনে করিবে।" এই বলিয়া উঠানের মধ্যস্থানে সাবধানে বিদিলেন, পাছে বস্ত্রে ধূলা লাগে এই জ্বন্য সাবধানে বিসলেন। ব-সিয়া রীতিমত স্থর করিয়া চীৎকার করিতে লাগিলেন " ওগো আমার কি হলো গো।"

(म। कि इला शा।

শৈ। অকশ্বাং এ বজ্বাঘাত কেন হলো গো। কে এমন করিলে গো।

(में । त्मानात काँ म वाव्त मभा कि इतना तथा।

শৈ। আমর মাগি, সত্য সত্যই যে কাঁদলি।

দে। কে জানে, আমার প্রাণের ভিতর কেঁদে উঠিতেছে। বাবু শাদা শিদে। এ সব কিছুই জানেন না। তিনি যে তো-মায় বড় ভালবাদেন; তুমিই তার এই দশা করিলে। তাঁর প্রা-ণের ভিতর কি হতেছে ভাব দেখি।

শৈলের চক্ষে সত্য সতাই একটু জল আসিল। এই সময় প্রতিবাসীরা আসিয়া তিরস্কার করিতে লাগিল। সকলেই অমঙ্গল স্চক কালা নিষেধ করিল। শৈল আর চক্ষের জল ফেলিলেন না।

যে গ্রামে বিনোদের বাস, তথা হইতে মেজেন্টরি কাছারি প্রায় তিন ক্রোশ পথ। মধ্যাক্ষকালে মেজেন্ট্র বসিয়া কাছারি করিতেছেন এমত সময় দারোগা বামাল সমেতৃ আসামীকে হাজির করিলেন। গোপাল বাবু চুরীর এজাহার দিলেন। বিনোদের বাক্স হইতে চুরীর দ্রব্য যে পাওয়া যায়, তৎসম্বন্ধে। সাস বাবু ও আর একটি ভদ্রলোক সাক্ষ দিলেন। শেষ বিনোদ স্বয়ং চুরী স্বীকার করিলেন। বিনোদের প্রতি এক বৎসর সম্রমে কারাবাসের মাজা হইল। কিন্তু হুকুম দিবার সময় মেজেন্ট্র বলিলেন যে "এই আসামীর কোন পরিচয় আমি জানি না; ইহাকে ইতিপুর্বের আর কখন দেখি নাই। কিন্তু দেখিবা মাল, ইহাকে নির্দোধী বলিয়া বোধ হইয়াছিল। ইহার মুথের প্রতি অল্পেনির্দালতা, সরলতা অন্ধিত রহিয়াছে। যে মেজেন্টরেরা মুখ দেথে বিশ্বাস করেন তাঁহারা যে কত ভুল করেন, তাহা এই মুখ দেথে ব্রিতে পারিলাম।"

এই কথা গুনিবামাত্র সকলে আসামীর প্রতি চাহিল। বিনাদ তথন অধােম্থে কি ভাবিতেছিলেন; মেজেটুরের কথা গুনেন নাই। তাঁহার মুখে, অভিনান দৃষ্ট হইল। এই অভিনান শৈলের প্রতি হইয়াছিল।

মোকদ্দমা শেষ হইয়া গেলে এক জন কনেষ্ট্রল তাঁহার

গাত্রে হাত দিয়া বলিল " চল।" বিনোদ অন্যমনকে চলিলেন। পরে জেলখানার দ্বারে আসিয়া কনেষ্টবলগণ দাঁড়াইল। জেলের লোহনিশ্মিত ভীম কবাটের ভীষণ ঘর্ষণ শব্দ হইল : বিনোদ চাহিয়া দেখিলেন জেলথানা। পরে জিজ্ঞাসা করিলেন ''আমার কত দিনের মেয়াদ হইয়াছে ?'' এক জন কনেইবল বলিল "এক বংসর।" বিনোদ পশ্চাৎ ফিরিয়া দেখিলেন গোপাল বাবু অতি বিমর্থভাবে দাড়াইয়া আছেন, উভয়ের মধ্যে কেহই কাহারে কোন কথা বলিলেনু না, পরস্পরে ক্ষণেক দাঁড়াইয়া রহিলেন। শেষ গোপাল 'বাবুর চক্ষু জলে পূরিয়া আসিল; তাহা দেখিয়া বিনোদ বলিলেই " আমি চলিলাম ৷ আপনি ঘরে যান, তথায় সকলে আপ্রশ্র নিমিত্ত ব্যস্ত হইয়াছে। আমার বাড়ীতে বলি বেন 'লে—" আর বলিতে পারিলেন না, বিনোদ কাঁদিয়া উঠি-লেন; শেষকিঞ্চিৎ স্থির হইয়া বলিলেন 'বদাদা, আমার শৈলকে দেখ,—অল বয়স, এতটা বুঝিতে পারে নাই—এতক্ষণ বুঝিয়াছে —তার আর কেহ রহিল না" শেষ কথাগুলিন অতি ধীরে ধীরে হ্মনামনক্ষে বলিলেন।

#### পঞ্চম পরিচ্ছেদ।

ছয় মাদ অতীত হইল। বিনোদ বাবু জেলখানায় আছেন; উৎকট পরিশ্রমে উৎকট পীড়া জন্মিয়াছে। আর দে গৌর কান্তি নাই, আকার আর সরল নাই—ঈষং নত হইরাছে। স্কাগ্র উচ্চ হইয়াছে, গলদেশ যেন দেহমধ্যে ডুবিয়া গিরাছে, দৃষ্টি বিকট হইয়াছে, কপোলে রেখা পড়িয়াছে চক্ষুপার্শ্বে শিরা উঠিলাছে। মুথ কেবল অস্থিময় হইয়াছে।

বিনোদবাবু এই অবস্থায় একদিন অপরাহে একটি স্তস্তে মাথা

ঠেশদিয়া ঘন ঘন নিশ্বাস ফেলিভেছেন; পার্শ্বয় উঠিতেছে পড়িতেছে। নিকটে একটি ঘানি, ধীরে ধীরে যুরিভেছে, তিন চারিজন করেদী তাহা বছশ্রমে খুরাইতেছে। এই কয়েদীদিগের মধাে শস্তুনামে একজন নিকটে আদিয়া মৃত্তাবে জিল্ঞানা করিল 'বাবু, কপ্ত কমিয়াছে ?'' বিনাদ উত্তর করিলেন 'অনেক।'' কয়েদী প্রদার বদনে ফিরিয়া ঘানিতে বুক দিল। ঘানি এবার অপেকারত শীঘ্র চলিতে লাগিল।

ক্ষণেক বিলম্বে বিনোদ বাবু স্কুছ হইয়া ঘানি ফিরাইতে গোলেন। সঙ্গীরা ঘানি স্পর্শ করিতে দিল না, ধলিল "আবার পরিশ্রম করিলে আর বাঁচবে না" বিনোদ বিল্লেন, "আমায় দাঁড়াইয়া থাকিতে দেখিলে ওবারসিয়ার বাঁচাবেনা।" শভু বলিল "তার সঙ্গে আমি বুঝিব।"

এই কথা বলিতে বলিতেই ওবারদিয়ার আদিয়া উপস্থিত হইল। বিনোদ বাব্র প্রতি অতি তীত্র দৃষ্টিতে জিজ্ঞানা করিল, "তুমি যে কৃষ্ণঠাকুরের মত দাঁড়াইয়া আছ?" বিনোদ বলিলেন, "বড় পীড়া বোধ হইয়াছে তাই একটু দাড়াইয়াছি।"

ওবা। পীড়া হইয়া থাকে ডাক্তরকে বলিও, আমার কাচে সৈ কণা থাটিবে না। কেন ? ডাক্তার যে বড় মোটা দরমাহা থায়, পীড়া ভাল করিতে পারে না। আজ তোমায় রাত্র এক-প্রহর পর্যান্ত ঘানি চালাইতে হইবে; একা চালাইতে হইবে; না পার পিঠের ছাল যাবে।

শস্তুক্যেদী এতক্ষণ কিছু বলে নাই; শেষ এই কথা গুনিয়া ওবারসিয়ারের সমুখে আসিয়া দাঁড়াইল। গন্তীব ভাবে বলিল "বিনোদ বাবুকে আমি কাজ করিতে দিই নাই, আর তুমি যদি মন্তুষ্যের জাত হতে, তুমিও কাজ করিতে দিতে না। বিনোদ বাবুর আকার দেখ, তাহার পর হকুম জারি করিও।" ৮২

ওবা। চোর আবার বাবু হলো কবে ?

শস্ত্। সাবধানে কথা কও, বিনেদ বাব্কে যদি অমদের কর, তবে নিশ্চয় তোমার মরণ। তার নমুন। দেখ এই বলিয়া এক চড়।

ওবারসিয়ার বসিয়া পড়িল। তৎক্ষণাৎ উঠিয়া রাগভরে চলিয়া গেল। বিনোদ ধীরে ধীরে বলিলেন "কর্ম্ম ভাল হইল না।"

কর্ম যে ভাল হয় নাই তাহা এক ঘণ্টার মধ্যে জান। গেল।

সন্ধার সময় একজন প্রহরী আসিয়া বিনোদকে জেল দারোগার

নিকট লইয়া গোল। জেল দারোগা একজন ইতর সাহেব।

তিনি কতক হিঞ্চিকতক ইংর জিতে বলিলেন, "তুমি অদ্য কর্ম

কর নাই ব লুলা ভোমার নামে রিপোর্ট হইয়াছিল, ভোমার প্রতি

চারি কেন্তর হকুম আসিয়াছে, অতএব প্রস্তুত হও।" বিনোদ
বাবু অধোবদনে রহিলেন, কোন উত্তর করিলেন না; হকুম তামিল

হইল।

বাত ছই প্রহরের সময় বিনোদের চেতন হইল; দেখিলেন কে তাঁহার পার্শ্বে বিসিয়া বাজন করিতেছে। ভাবিলেন, "এ শৈল" অতএব মৃত্স্বরে বলিলেন "শৈল, তোমার হাতে বাথা হবে; শৈল, রাত্র অনেক হয়েছে।" পার্শ্বে বিসিয়াছিল সে বাক্তি বলিল, "আমি শৈল নই, শৈল তোমার কে?" বিনোদ উত্তর করিলেন। "শৈল আমার সর্ক্সা! তুমি কে?" পার্শ্বর্ত্তী বলিল "আমি শস্তু।"

বিনোদ ছই একবার মুথে বলিলেন, "শস্তু! শস্তু! শস্তু কে ? আমি তবে কোথায় ?" শস্তু উত্তর করিল, "তুমি জেলখানায় ভংয় আচ।"

বিনোদের সকল মনে পড়িল, মর্ম্ম পীড়ায় একটি অক্টুট শব্দ করিয়া চুপ করিলেন। অনেক ক্ষণ আর কোন কথা কহি- লেন না। ক্রেমে নিদ্রা আসিল, কিন্তু নিদ্রা অধিকক্ষণ স্থারী হইল না। বেত্রাঘাতে অক্ষে বেদনা হইয়াছে শয়ন অসাধ্য হইল; ধীরে ধীরে হস্তপ্রসারণ করিয়া বলিলেন, "শস্তুখ্ড়া, আমায় তোল; আমি আর পারি না।" শস্তু বিনোদকে তুলিল, কিন্তু বিনোদ বসিতে পারিলেন না, পশ্চাৎভাগ বড় বেদনা। বলিলেন, "অংমায় দাঁড় করাও।" কিন্তু বিস্তরক্ষণ দাঁড়াইতেও পারিলেন না, শরীর কাঁপিতে লাগিল, বসিতেও ভয় হইল, শয়নের ত কণা নাই, অবস্থা বিষম হইয়া পড়িল। তথ্ন শস্তুর স্কন্ধে মস্তক রাখিয়া বিনোদ কাঁদিয়া বলিলেন " শৈল। কেন এমন কাজ করেছিলে?"

অনেকক্ষণ পরে শস্তু জানিতে পারিল বিনোদী শব্ অচেতন হইয়াছেন তথন তাহাকে শয়ন ক্রাইয়া রাথিল।

ক্রমশঃ

# জলে আলো।

সুবের কার্ত্তিক মাস—প্রাদেশ সময়,
স্থির বায়, স্থির পত্র—স্থির সমৃদয়।
নিথর জাহ্নবী-স্পলে,
একটা আলোক জ্বলে,
একটা নক্ষত্র যেন ভানে বোদ হয়;
বিশ্বিত হইয়া নীরে,
যার চলে ধীরে ধীরে—
ক্রেমেতে হতেতে রাত্রি অন্ধকারময়;
চারি দিকে বারি রাশি.

ত হাতে যেতেছে ভাসি,

এখনি নিবিবে মনে হতেছে সংশয়,
কেজালিল জলে আলো—অবোধ-হৃদয়?
নিবে নিবে যায় যায়,
তবু না নির্বাণ পায়,
আবার পূর্বের মত,
স্থির রশ্মি শত শত,

নাজানি এরূপ ভাবে কতক্ষণ রয়— অই জলেতে আলো জলে শোভাময়।

ক্ষেক্তিনে অসংখ্য তারা উদয় হইয়া

ক্ষেক্তিনরে দেখিছ রঙ্গ হাসিয়া হাসিয়া?

তোরাত বিমানবাসী
ভূমগুল দেখ হাসি

বল দেখি স্লোতোভরে কত দূর গিয়া
নিবিবেক অই আলো-আঁধার করিয়া?

೨

এখনো নিশ্চল বায়,
জলে ভেসে আলো যায়,
কিন্তু যবে তটিনীর বিশাল হৃদয়
তরক্ষে আকুল হবে
কে আলো রাখিবে তবে
কেতারে যতন করি দিবেক আশ্রয়।
দেখিতে দেখিতে আলো,
দৃষ্টি পথ ছেড়ে গেল,
আমি সেই তীরে বসি
আলো কোথা গেল ভাসি
চারিদিক্ অক্কার দেখি স্মুদ্রয়!
মরি কি জলেতে আলো জলে শোভাময়!

৫ কার্ত্তিক ১২৮০।

শ্ৰীগোপালকৃষ্ণ ঘোষ।



# প্রান্তি মাসিক পত্র।

১ম খণ্ড।

खांवन ১२৮১।

8 সংখ্যা।

# কণ্ঠমালা।

### यर्छ পরিচেছদ।

যে রাত্রে বিনোদ বেত্রাঘাতে আহত হইয়া জেলখানায় অজ্ঞানাবস্থায় পড়িয়াছিলেন, সেই রাত্রে গোপাল বাবু আপন শয়নঘরে আদিয়া দেখেন, ঠাহার সস্তানেরা নিদ্রা যায় নাই; কেহ শব্যার শয়ন করিয়া আছে, কেহ বদিয়া বলিতেছে " আমি ঘুমাইব না।" এই সময় কেহ তাহারে শয়ন করিতে বলিলেই সে কাঁদিয়া উঠিতেছে। ভাহাদের গর্ভধারিনী নিকটে বদিয়া আদর করিয়া ভুলাইতেছেন।

এই সময় গোপাল বাব্র সর্ব্ব কনিষ্ঠ সন্তানটি মাকে জিজ্ঞাসা করিল " কাকা কুতা ?"

গোপাল বাবুর পরিবার বুঝিতে না পারিয়া জিজ্ঞাদা করি-লেন " কে কাকা ?"

শিশু বলিল " সেই কাকা?"

शृहिनी विलियन " (कान काका ?"

শিশু ক্ষুদ্র অঙ্গুলিটি উচ্চ করিয়া বলিল "সেই।" তথাপি গর্ভ-

এখনি নিবিবে মনে হতেছে সংশার,
কেজালিল জলে আলো—অবোধ-হৃদ্য়?
নিবে নিবে যার যায়,
তবু না নির্বাণ পায়,
আবার পূর্বের মত,
স্থির রশ্মি শত শত,
নাজানি এরপ ভাবে কতক্ষণ রয়—
অই জলেতে আলো জলে শোভাময়।

2

কাগনে অসংখ্য তারা উদয় হইয়া

. কথকনরে দেখিছ রঙ্গ হাসিয়া হাসিয়া?

তোরাত বিমানবাসী
ভূমণ্ডল দেখ হাসি

বল দেখি স্রোতোভরে কত দূর গিয়া
নিবিবেক অই আলো-আঁধার করিয়া?

೦

এখনো নিশ্চল বায়,
জলে ভেসে আলো যায়,
কিন্তু যবে তটিনীর বিশাল হৃদয়
তরক্ষে আকুল হবে
কে আলো রাথিবে তবে
কেতারে যতন করি দিবেক আশ্রয়।
দেখিতে দেখিতে আলো,
দৃষ্টি পথ ছেড়ে গেল,
আমি সেই তীরে বসি
আলো কোণা গেল ভাসি
চারিদিক্ অন্ধকার দেখি স্মুদায়!
মরি কি জলেতে আলো জলে শোভাময়।

৫ कार्डिक ১२৮०।

শ্রীগোপালকৃষ্ণ ঘোষ।





১ম খণ্ড। ] শারণ ১২৮১।

8 সংখ্যা।

# কণ্ঠমালা।

## यर्छ পরিচেছদ।

যে রাত্রে বিনোদ বেত্রাঘাতে আহত হইয়া জেলথানায়
অজ্ঞানাবস্থায় পড়িয়াছিলেন, সেই রাত্রে গোপাল বাবু আপন
শয়নঘরে আসিয়া দেখেন, তাঁহার সন্তানেরা নিদ্রা যায় নাই;
কেহ শয়্যায় শয়ন করিয়া আছে, কেহ বসিয়া বলিতেছে " আমি
ঘুমাইব না।" এই সময় কেহ তাহারে শয়ন করিতে বলিলেই সে
কাঁদিয়া উঠিতেছে। ভাহাদের গর্ভধারিনী নিকটে বসিয়া আদর
করিয়া ভুলাইতেছেন।

এই সময় গোপাল বাব্র সর্ব্ব কনিষ্ঠ সস্তানটি মাকে জিজ্ঞাসা করিল " কাকা কুতা ?"

গোপাল বাব্র পরিবার বুঝিতে না পারিয়া জিজ্ঞাসা করি-লেন " কে কাকা ?"

শিশু বলিল " সেই কাকা?"

शृहिनी विलालन " (कान काका ?"

শিশু কুদ্র অঙ্গুলিটি উচ্চ করিয়া বলিল "সেই।" তথাপি গৰ্জ-

ধারিণী ব্ঝিতে পারিলেন না দেখিরা শিশুটি কাঁদিরা উঠিল। শিশুর জোষ্ঠা ভগিনী নিকটে ছিল; সে ধলিল, "খোকা বিনোদ কাকার কথা জিজ্ঞাসা করিতেছে।"

গোপাল বাব্র পরিবার সম্প্রেছে সন্তামকে ক্রোছে লইয়া মুখচুম্বন করিয়া বলিলেন " আমার সোণার চাঁদ তুমি তাঁরে ভুল নাই। তাঁরে সকলে ভুলে গেছে। যার জন্য তিনি জেলে গেলেন সে পর্যান্ত তাঁরে ভুলে গেছে।"

গোপাল বাবু এই সময় অগ্রসর হইয়া বলিলেন " আমি বি-নোদকে ভূলি নাই, এজন্মে ভূলিতে পারিব না। যে পর্যান্ত বিনোদ গিয়াছে সেই পর্যান্ত আমি বৈঠকখানায় আলো জালিতে দিই নাই।" এই কথা বলিতে বলিতে গোপাল বাবুর চক্ষে জল আর্সিল। সঙ্গে সঙ্গে তাঁহার স্ত্রীও কাঁদিলেন; নিঃশব্দে কাঁদিতে কাঁদিতে অনেক কল পরে দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া, তিনি বলিলেন " এমন কালসাপিনী ঘরে আসিয়াছিল।"

গোপাল বাবু বলিলেন " কিন্তু বিনোদ এখনও স্ত্রীকে ভালবাঁসে; জেলথানার প্রবেশ করিবার সময় আমায় থত বিনীত
ভাবে কত কাতর স্বরে বলিয়াছিল, 'দাদা আমার শৈলকে দেখ,
তার অল্ল বয়দ কিছু বুঝিতে পারে নাই, তার অপরাধ মার্জ্জনা
করিও।' এই কথাগুলিন আমার হৃদয়ে অঙ্কিত হইয়া রহিয়াছে; কি অক্কবিম ভালবাদা!'

গোপালের স্ত্রী বলিলেন পোড়াকপাল অমন ভালবাসার।

গো। পোড়াকপাল নহে; এই ভালবাস।ই স্থের। বি-নোদের ভালবাসায় ভ্রম আছে সত্য, কিন্তু কানা না হইলে ভালবাসা জন্মে না, যে দোষ দেখিতে পায় সে কখন ভাল-বাসিতে পারে না; ভ্রমই এই পৃথিবীর স্থা।

গোপাল বাবুর পরিবার আর কোন উত্তর না করিয়া শিশুকে

ক্রোড়ে শর্ম করাইয়া দোলাইতে লাগিলেন। শিশুকে এতক্ষণ তাহার জোষ্ঠা ভগিনী বিহু কাকার কথা বলিয়া ভ্লাইতেছিল; বিনোদের নিমিত্ত শিশু অনেকক্ষণ কাঁদিয়া শেষ ক্লাস্ত
হইয়া আসিয়াছিল। এক্ষণে মাতৃক্রোড়ে ছলিতে ছলিতে নিদ্রাসক্ত হইল। শিশুকে দোলাইতে দোলাইতে মাতা অতি মধুর
কঠে বলিতেছেন " ঘুম আররে ঘুম আয়।" শিশু ক্ষুদ্র হস্তে
মাথা কপ্তৃয়ন করিতে করিতে, নিদ্রাবেশে ছলিতে ছলিতে, মাতার
স্বরের সংশ্বে বলিতেছে "কাকা আয় লে আয়!"

গোপাল ভাবিতে লাগিলেন, বিনোদের ৡজীন্য অজ্ঞান শিশুর এই কাতরতা। কি আশ্চর্যা।

### সপ্তম পরিচ্ছেদ।

পরদিবস প্রাতে জেলখানায় ডাক্তার সাহেব আসিলে শভু তাঁহার নিকট যাইয়া অতি বিনীতভাবে বিনোদের অবস্থা সংক্ষেপে
বিরত করিব্রা। ডাক্তার সাহেব সদয় হইয়া যে ঘরে বিনোদ পড়িরাছিলেন সেই ঘরে আসিলেন। পরীক্ষা করিয়া অতি বিমর্থ হই
লেন। বলিলেন, "রোগ সাংঘাতিক।" পরে জেল দারগাকে
তিরস্কার করিয়া বলিলেন, "তোমার অনবধানতা প্রযুক্ত এই লোকাট মরিতে বসিয়াছে। তুমি তর লইলে আর আমাকে সময়ে
জানাইলে, এতদ্র ঘটিত না।" ডাক্তার সাহেব চলিয়া গেলে
জেল দারগা নেটিব ডাক্তারকে ভর্ৎসনা করিয়া বলিল "তুমি
সময়ে চিকিৎসা করিলে এরপ হইত না।"

বেলা ছই প্রহরের সময় মেজেস্টর সাহেবকৈ সঙ্গে লইরা ডাক্তার সাহেব আবার আসিলেন। তথন বিনোদ কথা বার্ত্তা কহিতেছিলেন। উত্তর সাহেব একত্রে তাঁছার অবস্থা পরীক্ষা 2

#### ভূমর I

করিয়া তাঁহাকে শ্রম হইতে অব্যাহতি দিয়া গেলেন। মেজেট্র সাহেব কাছারীতে গিয়া বিনোদকে থালাস দিবার রিপোর্ট করিলন। কিছু দিন পরে রিপোর্ট মঞ্র হইয়া আসিল। প্রাতঃকালে জেলদারগা স্বয়ং আসিয়া বিনোদকে সে সংবাদ দিয়া গেল।

বিনোদ আহলাদে চক্ষের জল মুছিলেন। সাহেবকে আশী বাদ করিয়া শস্তুর অমুসন্ধান করিতে গেলেন। শস্তু এ সন্ধাদ পূর্বেই শুনিয়াছিল অতএব বিনোদকে দেখিয়া বিশেষ আহলাদ করিলেন না; কেবলু বলিলেন 'তোমার গাইয়া অবধি আমি সংসারের যন্ত্রণা অনুভাব,করিতেছিলাম; তুমিই আমার সংসার হইয়া পড়িয়াছিলে।" ক্নিনাদ বলিলেন 'এখনও তুমি আমার জনা যন্ত্রণা পার্টে। আমার মনে পড়িবে আর তুমি কাতর হইবে। সত্য করে বল শস্তুথুড়া তুমি কাতর হবে না ?"

শস্তু গন্তীর হইলেন কোন উত্তর দিলেন না। অনেকক্ষণ পরে জিজ্ঞাসা করিলেন " তোমার আর কে আছে? শৈল তো-মার কে? অনেক দিন অবধি এইটি জিজ্ঞাসা করিব মনে ছিল কিন্তু এপর্য্যন্ত তাহা করি নাই, এখন না জিজ্ঞাসা করে থাকিতে পারিলাম না।"

বিনোদ বলিলেন '' শৈল আমার স্ত্রী— শৈল ব্যতীত আমার আর কেহ নাই; আর আমি ব্যতীত শৈলের আর কেহ নাই। শৈল আমাকে বড় ভালবাসে, এক দণ্ড আমাকে না দেখিলে অন্থির হয়, এত দিন আমাকে না দেখিয়া সে কেমন করে প্রাণ ধরে আছে জানি না।''

শস্তু। সে বিষয় তোমার চিন্তা করিতে হবে না। পুত্র-শোক যাহারা সহু করিতে পারে, তাহারা যে বড় অধিককাল পর্যান্ত তোমার জন্য ভাবিবে এমন মনে করিও না। এখন কথা এই যে, তুমি পীড়িত, তোমার চিকিৎসা আবশাক, সেবা আব-খক, এ সকল তোমার স্ত্রীর দারা সম্পন্ন হবে ?

বি। হবে। সে বিষয়ের কিছু ভাবনা নাই। তুমি জান না শৈল কত যত্ন জানে। ত্বীজাতি রত্নবিশেষ।

শ। জীজাতি ইদানীং রত্ন হয়ে থাকিবে, কিন্তু আমি যথন

ক্রেলে আসি নাই, তথন এ রত্ন বড় দেখিতে পাই নাই। আমি ভাল

মন্দ কতক ব্ঝিতে পারি, আমার পূর্ববিস্থা আর একরূপ ছিল।

এক সময় আমি বিজ্ঞ বলিয়া খ্যাতিলাভ ক্রিয়াছিলাম। ভাল

একটা কথা জিজ্ঞাসা করি ভূমি ত শৈলের ক্রিণে ক্রেদ হও

নাই?

বিনোদ শিহরিয়া উঠিলেন বলিলেন 'িছ্কু—না—মিথ্যা কথা।''

শস্থ উঠিয়া গেলেন। বিনোদ অনেকক্ষণ বিমর্থ হইয়া বসিয়া রহিলেন। শস্থ আবার আসিয়া আর একটি পরিচয় জিজাসা করিলেন। বিনোদ সে পরিচয়টি দিবা মাত্র শস্থু শিহরিয়া উঠিলেন, অতি জত প্রাদক্ষেপে চলিয়া গেলেন। শস্তুর সহিত আর বিনেধ-বের সাক্ষাৎ হইল না।

ফন্যান্য ক্ষেদীরা আসিরা বিনোদের সহিত মিষ্ট সম্ভাষণ করিল। "রোগ শীঘ্র আরোগ্য হউক" বলিয়া সকলেই দেবতার নিকট প্রার্থনা করিতে লাগিল। তাহারা সকলে স্বস্ক কর্ম্মে চলিয়া গেলে বিনোদ একা বসিয়া বাটী যাইবার আনন্দ অনুভব করিতে লাগিলেন। "আজু শৈলকে দেখিতে পাব। শৈল এখনও জানিতে পারে নাই যে আমি আজু বাড়ী যাব। আমায় হঠাৎ দেখিয়া সে কিরপ করিবে ? আহ্লাদে চীৎকার করিয়া উঠিবে। না—না—আহ্লাদে নহে। ছঃথে কাঁদিয়া উঠিবে আমার পা জড়াইয়া কাঁদিয়া বলিবে 'আমি তোমার পায়ে কত অপ-

沭

রাধী কি মামার জন্যে কত কষ্ট পেয়েছ।' জাবার এই ক্রপ্প শরীর দেথিয়া আরও কাঁদিয়া উঠিবে, আমি তথন কি বলে তারে শান্ত করিব ? আমি তথন তার মুখখানি আমার কাঁধে লইয়া চক্ষুর জল মুছাইতে মুছাইতে তারে দেথিব; ছর মাস দেখি নাই চোক পূরে দেখিব, আর তারে প্রবোধ বাক্যে বলিব ভয় নাই, আমি শীঘ্র আরোগ্য হইব।'' বিনোদ এইরপ স্থথান্থভব করিতেছেন এমত সময়ে একজন কনেষ্টেবল আসিয়া বিনোদকে জেল দার-গার নিকট লইয়া গেল ।

## অফ্টম পরিচ্ছেদ।

বেল! তৃতীয় প্রহর অতীত হইলে পর বিনোদ বাবু জেলখানা হইতে মুক্তি পাইলেন। যে বন্ধ পরিধানে জেলখানার
আসিয়াছিলেন সেই বন্ধ পরিয়া একটি মৃষ্টির উপর ভর দিয়া জেলখানার বাহিরে আসিয়া দাঁড়াইলেন। প্রাচীরে, রুক্লে, আকাশে
শত শত পক্ষী আহলাদে কোলাহল করিতেছে। পথে ছেলের।
হাসিতেছে, খেলিতেছে। যুবতীরা কলসী কক্ষে স্থেবর কথা
কহিতে কহিতে ঠমকে ঠমকে চলিতেছে; পৃথিবী পূর্ব্বনতই আছে।
বিনোদের কস্টে দেশের কোন পরিবর্ত্তন হয় নাই; কেহই বিমর্ব হয় নাই। পরিবর্ত্তন কেবল বিনোদের শরীরে হইয়াছে,
যদি কেহ বিমর্ব হইয়া থাকে বিনোদ ভাবিলেন সে কেবল শৈল
হইয়াছে।

এইরূপ চিন্তা করিতেং বিনোদ ধীরে ধীরে চলিলেন। বা-জারে প্রবেশ মাত্রই আরসী, চিরুণী, ফিতা, প্রভৃতি শৈলের প্রীতিকর সামগ্রী তাঁহার দৃষ্টিগোচর হইল। লাঠিটী মৃত্তিকায় রাখিয়া বিনোদ ধীরে ধীরে একথানি দোকানের সমুধে বিদি লেন। আদিবার সময় জেলদারগার নিকট হইতে যে কয়টি প্রদা পাইয়াছিলেন তাহা দোকানীকে দিয়া একথানি চিরুণী বাছিয়া লইলেন। বহু যত্নে সেইখানি আবার বস্ত্রাগ্রে বাঁধিয়া যটির উপর ভর দিয়া ধীরে ধীরে উঠিলেন।

নগর অতিক্রম করিয়া অল্ল দূর গিয়া এক বৃক্ষমূলে বসিলেন।
শরীর অবসর ইইয়া আসিয়াছে, আর চলিতে অক্ষম। জেলখানা
ইইতেবধন বহির্গত হয়েন তখন আপন তুর্বলতার বিষয় কিছুই
ভাবেন নাই। শৈলকে দেখিবার স্পৃহা বলবতী ইইয়াছিল অতএব চলিবার কট্ট ভাবেন নাই। এক্ষণেও স্লেই স্পৃহা বলবতী
রহিয়াছে, অতএব শৈলের মুখ মনে করিয়ৢ৾ আবার উঠিলেন;
কিন্তু কতক দূর গিয়া আর ষাইতে পারিলেন নাল বুদ্রিয়া পড়িলেন।
এই সময় এক জন ক্ষক নগরে ধান্য বিক্রয় করিয়া বাটী
ফিরিয়া যাইতেছিল। বিনোদ তাহাকে কাতর স্বরে অবস্থাজানাইলেন। ক্ষক যত্ন করিয়া বিনোদকে গাড়ীতে তুলিয়া লইল।

বিনোদ গাড়ীতে উঠিয়া নিজগ্রামের দিকে চাহিতে চাহিতে চলিলেন।

চল্রেদের দেখিবে বলিয়া ক্ষুদ্র ক্ষুদ্র মেঘ গুলিন পূর্ব্বদিকের
অংবাশ প্রাস্তে আসিয়া দাঁড়াইতে লাগিল; মেঘতরঙ্গদীমা স্বর্ণ-

আবাশ প্রান্তে আদিয়া দাঁড়াইতে লাগিল; মেবতরঙ্গদীমা স্বর্ণ-রেখায় মণ্ডিত হইতে লাগিল। ছই একটি অতি ক্ষুদ্র ক্ষণ্ডবর্ণ পক্ষী আকাশ পথে উড়িতে লাগিল। তালপত্র কাঁপিতে লাগিল, শেষ তাহার অন্তরাল হইতে চক্র উঠিতে লাগিল, পৃথিবী আলোকে ভাদিল। আনশে ক্ষক গীত আরম্ভ করিল—

" সাথা তোল পদ্ম মুখি চাঁদের আলোয় মুথ দেখি।"

গীত সমাপ্ত হইলে বিনোদ জিজ্ঞাসা করিলেন "তোমার কে আছে?" কৃষক উত্তর করিল "সংসারে আমার সকলেই আছে,"

¥

ভ্রমর |

বি। তোমার স্ত্রী আছেন?

ক্ক। আছে; না থাকিলে আমি চাষ আবাদ করিতে পারি-তাম না; এথন আমি ভাবি যাহাদের স্থী নাই, তাহারা কেমন করে পৃথিবীতে থাকে!

বিনোদ আর কোন উত্তর করিলেন না কিন্তু মনে মনে ভাবিতে লাগিলেন যে এতক্ষণ জানেলা দিয়া চক্রের আলো শৈলের গাত্রে লাগিয়াছে; শৈল শয়ন করিয়া আমার যন্ত্রণা ভাবিতেছে। ক্ষণেক পরে কৃষক বলিল, এই স্থানে নামিতে হুইবে আমি অন্ত পথে যাইব। বিনোদ নামিলেন।

ক্ষক আপনার গ্রামাভিমুখে চলিয়া গেলে, বিনোদ একা পদরজে চলিতে নাগিলেন। নিজ গ্রাম আর অধিক দ্র নাই, গ্রামের বৃক্ষাদি দেখা যাইতেছে। সেই সকল বৃক্ষের নিকটেই দৈল আছে—তথায় গেলেই তাহারে দেখিতে পাইবেন—সকল যন্ত্রণা যাবে, এই মনে করিয়া বিনোদ চলিতে লাগিলেন। কিন্তু আবার পদ অবশ হইয়া আসিতে লাগিল তবু চলিতে লাগিলেন; শ্রীর কাঁপিতে লাগিল তবু চলিতে লাগিলেন; শ্রীর কাঁপিতে লাগিল তবু চলিতে লাগিলেন; শ্রাম কাঁপিতে লাগিল তবু চলিতে লাগিলেন দেখিতে পান না তথাপি চলিতে লাগিলেন; শেষ পড়িয়া গেলেন।—কিন্তু অচেতন হইলেন না। গ্রামের আলোকপ্রতি চাহিয়া পড়িয়া রহিলেন।

হুই একবার কাদিলেন, রক্ত উঠিল। চিকিৎসার কৌশলে প্রায় সপ্তাহ রক্ত উঠে নাই এবং সেই অবধি শ্বাস রোগের যন্ত্রনা ভোগ করিতে হয় নাই; এক্ষণে সে রোগও উপস্থিত হইল। আর পড়িয়া থাকিতে পরিলেন না, ধীরে ধীরে উঠিলেন। মৃত্তিকায় জান্থ রাথিয়া নক্ষত্রেরদিকে মুখ তুলিয়া নিশ্বাস ফেলিতে লাগিলেন; চক্ষু বড় হইল, শ্রীর কাঁপিতে লাগিল। কিন্তু এই অবস্থা অধিকক্ষণ রহিল না; ক্ষণেক পরেই শ্বাস মন্দীভূত হইয়া

আদিল। বিনোদ ক্লাস্ত হইয়া সেই ক্লেত্র মৃত্তিকায় আবার এলাইয়া পড়িলেন। মৃত্তিকায় পড়িবার সময় একবার বলিলেন "মরণ হল না!"

ক্ষণেক পরে নিজা আসিল। নিজাবেশে বিনাদ স্বপ্ন দেথিতে; লাগিলেন যেন শৈল আসিরা তাঁহার পার্শ্বে বসিয়া কাঁদি তেছে; কাঁদিয়া কাঁদিয়া বলিতেছে "এখন ওঠ, আমি এসেছি, চল তোমায় ব্কের ভিতর করিয়া লইয়া যাই; তোমায় কত দিন দেখি নাই; কত দিন তুমি আমায় আদর করে ডাক নাই; এখন চল—তোমার ঘর অন্ধকার হইয়া পড়ে আছে, একবার দেখিবে চল; তুমি আসিবার সময় যেখানে যাহা ফেলিয়া আসিয়াছিলে সেইখানেই তাহা পড়িয়া আছে, আমি তাহা তুলি নাই তুলিতে পারি নাই, তুলিতে গেলে তোমায় মনে পড়ে।" শৈলের স্বেহ দেখিয়া নিক্রাবস্থায় বিনোদ কাঁদিয়া উঠিলেন।

নিজাভঙ্গে বিনোদ দেখিলেন শৈল নাই। নিকটে একটি শ্গাল দাঁড়াইয়া আছে; মৃত দেহ ভাবিয়া দে আদিয়াছিল কিন্তু
বিনোদকে কাঁদিতে দেখিয়া শৃগাল শীরে ধীরে ফিরিয়া গেল।
বিনোদ উঠিয়া বদিলেন, একে একে সকল স্মরণ করিলেন,
আবার উঠিলেন, ধীরে ধীরে কাঁপিতে কাঁপিতে চলিতে লাগিলেন, কিন্তু অধিক চলিবার সাধ্য নাই; কখন চলেন, কখন বদেন।
কণেক পরে আর চলিতে পারিলেন না বদিতেও পারিলেন না,
কাতরে বলিয়া উঠিলেন '' শৈলরে আর বুঝি দেখা হল না!'

ভালবাসার অসাধ্য কিছুই নাই। তাহার মোহিনী বলে রাত্রি ছই প্রহরের সময় বিনোদ বাটা পোঁছিলেন। শয়ন ঘরের নিক-টেই থড়কী দার। তথার যাইয়াডাকিলে, দৈল শীঘ্র ভনিতে পাই বেন এই প্রত্যাশার বিনোদ সেই দিকে কোন মতে গেলেন। থড়কী দার স্পর্শ মাত্রে খুলিয়া গেল; বিনোদ আহ্লাদে বলিবার

চেষ্টা করিলেন "শৈলরে আমি এসেছি" কিন্তু বাক্য ক্রুর্তি হইল না—কণ্ঠ হইতে কেবল একটা বিকট শন্ধ নির্গত হইল মাত্র। বিনোদের রাক্যরোধ হইয়া আদিয়াছিল ; সর্বাঙ্গের ক্রিয়া রোধ হইতেছিল। বিনোদ শয়ন ঘরের নিকট আদিয়া পড়িয়া গেলেন। আর কোন অঙ্গ সঞ্চালনের সাধ্য রহিল না। শৈলকে আর ডাকিতে পারিলেন না। কোন শন্ধ দ্বারা আগমন বার্তা জানাইতে পারিলেন না কেবল ভ্ষতিলোচনে দ্বারের দিকে চাহিয়া রহিলেন। মনে মনে বলিতে লাগিলেন "শৈল একবার উঠ আমি তোমার দ্বারে পড়ে। শীঘ্র উঠ নইলে বৃষ্ধি আর দেখা হল না।"

শৈল শীঘ্র ভিঠিল। বিনোদ গৃহ প্রবেশ মাত্র যে শক্ষ করিয়াছিলেন শৈল তাহা শুনিয়াছিল। কি শক্ষ হইল জানিবার নিমিত্ত শৈল প্রদীপ হস্তে দ্বারোদ্বাটন করিল। বিনোদ তাঁহাকে দেখিয়া চরিতার্থ হইলেন; শৈল আরও স্থানর হইয়াছে ডাইমনকাটা মল পরিয়াছে, গলায় চিক্ দিয়াছে, শান্তিপুরে ধৃতি গরিয়াছে। শৈল এ সকল কোথা পাইল এই মনে করে বিনোদ একাগ্র চিত্তে শৈলের প্রতি দৃষ্টি করিতে লাগিলেন। শৈল মাথা ফিরাইয়া "এসো না ?" বলিয়া এক জনকে ডাকিল। "যাইতেছি" বলিয়া ঘরের মধ্য হইতে একজন পুরুষ আদিয়া শৈলের পশ্চাতে দাঁড়াইল। বিনোদ চিনিলেন যে সে "বিলাস বারু!" বিনোদ অমনি চক্ষু মৃদিত করিতে চেষ্টা পাইলেন, কিন্তু চক্ষু মৃদিত হইল না। কোন অক্ষই তাঁহার আর বশ নহে, চাহিয়া থাকিতে হইল।

শৈলের কথামত বিলাস বাবু থড়কী দারে শব্দের কারণ অনুসন্ধান করিতে গেলেন। যাইতে তাঁহার দক্ষিণ পদ বিনো-দের বুকে পড়িল; বিলাস চমকিয়া উঠিলেন; ফিরিয়া দেখেন, একটা মন্থা দেহ পড়িয়া রহিয়াছে; শৈলকে প্রদীপ আনিতে বলিলেন, দীপালোকে চিনিতে পারিলেন। শৈল জিজাসা করিল "কে?" বিলাস বাবুকোন উত্তর দিতে পারিলেন না, মন্ত্র-মুগ্ধবৎ দাঁড়াইয়া রহিলেন। তখন শৈল আপনি প্রদীপ লইয়া দেখিল, চিনিতে পারিয়া বিলাসকে জিজাসা করিল, "এ আবার কি কাণ্ড, আছে না গেছে?"

विनाम मछत्य विनन "शियादह।"

শৈ। "এথন উপার্গ মরিবার আর কি জারগা ছিল না।" বিনোদ তাহা শুনিলেন। পিশাচীর প্রতিকেবল চাহিয়া রহিলেন।

বিসাস পলাইবার উদ্যম করিল, শৈল তাহাঁ ব্ঝিতে পারিয়া তাহার চুল ধরিল, এবং গর্জন করিয়া বলিল "আমার স্বামীকে তুমি খুন করিয়াত, কাল আমি থানায় জান।ইব, তোমায় ফাঁসি দেওয়াইব। কালামুধা এই সময় পলাতে চাও ?"

পরে শৈল ঘরের মধ্যে বিলাসকে লইয়া গিয়া কোদালি সাবল দেখাইয়া বলিল '' যাও এই সকল লইয়া ঐ প্রাচীরের নিকট গর্ত্ত কর, অংমি মড়া লইয়া যাইতেছি।''

#### নবম পরিচ্ছেদ।

রাত্রি প্রায় তৃতীয় প্রহর। বিলাস বাবু গর্ত্ত কাটিতেছেন;
নিকটে বিনোদ পড়িয়া আছেন, তাহার পার্শ্বে ক্ষীণ আল জলিতেছে। বৃক্ষ সকল স্তর্ক, নক্ষত্র কণ্টকিত হইয়া শৈলের কার্য্য দেখিতেছে। গর্ত্ত খনন সমাধা হইল, বিলাস বাবু গর্ত্ত হইতে উপরে উঠিলেন; শ্রমজনিত নিখাস ফেলিলেন, কপালের ঘর্মা মুছিলেন।

বিনোদ আপন আসন্নকাল উপস্থিত দেখিয়া কাতর অস্তরে কত কথাই ভাবিতেছিলেন। যার ক্ষন্য এত কট্টভোগ করিলেন, যারে একবংর দেখিব বলিয়া এত কট্ট পাইয়া গৃছে আসিলেন, সেই বলিল "মরিবার আর কি জায়গা ছিল না" যার কাছে যুড়াইতে আসিলেন দেই আবার প্রাণহস্তা হইল। একণে প্রাণ যায়; গর্ভ প্রস্তুত, মুহুর্ভেকমাত্র বিলম্ব, তাহার পর সকল ফুরাইবে; বিনোদের বাক্য রোধ হইয়াছে, গতি রোধ হইয়াছে, আর কোন উপায় নাই। শৈলকে কত আদর করিবেন, কত কথা বলিবেন মনে করিয়া আসিয়াছিলেন একণে সে সকল ফুরাইল। এখন মরণই ভাল। বিনোদ মনে মনে তথন জগদীশ্বরকে ডাকিতে লাগিলেন; বিনোদের অস্তর বিদীণ হইতেছিল। কিন্তু চক্ষে জল আসিল না, বাস্থিক তাহার কিছুই প্রকাশ হইল না।

এই সুমুয় বিলাস বাবু শৈলের প্রতি চাহিয়া বলিলেন।
"এখন হব গর্তে ফেলি?"

শৈল তৎকালে গর্ত্তের পার্শে বিদিয়া প্রাচীরের দিকে কি দৈখিতেছিল; ক্রমে তাঁহার স্পদ্দরহিত হইয়া স্কাসিতেছিল। শেষ অতি অক্ট্রস্তরে বিলাস বাবুকে বলিলেন, "ঐ বৃক্ষের দিকে চাও।" সেদিগে বিলাস বাবু যাহা দেখিলেন, তাহাতে তাঁহার হংকম্প হইল; তিনি তৎক্ষণাং পড়িয়া মৃদ্ধ্য গেলেন। শৈল সেই দিকে উর্দ্ধর্থে চাহিয়া রহিল। বৃক্ষপার্শ্বে প্রাচীরের উপর এক দীর্ঘাকার পুরুষ দাঁড়াইয়া আছে।

দীর্ঘাকার পুরুষ প্রাচীর হইতে অবতরণ করিয়া নিকটে আসিতে লাগিল, শৈল উঠিয়া দাঁড়াইল।

সম্ব্থে দাড়াইয়া মেঘবৎ গন্তীর স্বরে সেই ভীমাকৃত জি-জ্ঞাসা করিলেন, "শৈল! একি?"

শৈল শিহরিয়া উঠিল, এম্বর অপরিচিত নছে। বালিকা

কালের কোন এক ঘোর অগচ অস্পষ্ট ভয় মনে আদিয়া আর আসিল না।

ভীম পুরুষ জিজ্ঞাসা করিলেন, "চিনিতে পারিষ্ট্রাছ ?" শৈল বলিল "ন।"

তখন সেই পুরুষ শবের পার্য হইতে প্রদীপ লইয়া আপনার মুখের নিকট ধরিলেন।

শৈল চীৎকার করিয়া উঠিল, কাঁপিতে লাগিল, সর্ক্র শরীরে কম্পের তরঙ্গ উঠিল। জানুতে জানুতে জান্বাত হুইতে লাগিল, দস্ত কাঁপিতে লাগিল, অন্ন কণ্টকিত হুইয়া উঠিল, শৈল ক্রমে কর যোড় করিতে চেষ্টা করিতে লাগিল। ভীম পুরুষ জিজ্ঞানা করিলেন "যে মরিয়াছে সে আবার এত দিনের পর কিরপে বাঁচিয়া আদিল এই ভাবিতেছ? আমাকে প্রেত ভাবিয়া ভয় পাইতেছ? তোমার গর্ত্তধারিণী আমাকে হত্যা করিয়াছিল সত্য—কিন্তু আমি মরি নাই। এক্ষণে আইস আমার সঙ্গে আইস।" শৈল যাইতে অসম্মতি প্রকাশ করিলে তিনি একরূপ মর্মাভেদী কটাক্ষে তাহার প্রতি চাহিন্তেন। শৈল মন্ত্রমুগ্ধ হুইয়া সঙ্গে সঙ্গে চলিল।

অনেককণ বিলম্বে ভীম পুরুষ একা ফিরিয়া আদিলেন, শৈল সঙ্গে ছিল না। বিনোদ যেস্থানে পড়িয়া ছিলেন সেই স্থানে আদিয়া দাঁড়াইলেন। বিনোদ ধীরে ধীরে জিজ্ঞানা করিলেন ''কে, শস্তু কাকা?''

ক্রমশঃ।

### এক ঘরে।

যিনি যাহাই বলুন, বাঙ্গালি মাত্রেই এক ঘরে; সহস্র ঘর একজে বাস করিলেও আমরা এক ঘরে। একজে বাস করার ফল কি আমরা জানি না, এই জন্য তাহা ভোগ করিতে পারি না।

একরে বাস করিলে সমাজ হইল সতা; কিন্তু পরস্পর সাহায্য না করিলে সেই শুমাজ বুথা হয়, সমাজ থাকে না। মন্ত্রা মাত্রেই কতকটা স্বার্থপর, আপনার জন্য বাস্তঃ, আপনার ইষ্ট্র-সাধন করিতে তৎপর। কিন্তু সমাজভূক্ত হইলে কিঞ্ছিৎ স্বার্থ-পর্বতা তাঁগা করিতে হয়, নতুবা আপনার ইষ্ট্র সাধন হয় না; অথবা আপনার ইষ্ট্র সাধন করিতে গেলে অন্যের ইষ্ট্র সাধন করিতে হয়; আবার কথন কথন অন্যের ইষ্ট্র সাধন না করিলে স্নাপনার ইষ্ট্রসাধন হয় না। সমাজের এই নিয়ম; আমরা তাহা ভাল বঝি না।

কোন জমিদার বা নীলকর আমাদের প্রতিবাদীকে বলপূর্বক ধরিয়া লইয়া গেলে অথবা অন্যপ্রকার পীড়ন করিলে
আমরা কোন কথাই কহি না; মনে ভাবি "আমাদের উপর ত
কোন পীড়ন হয় নাই, তবে অন্যের নিমিত্ত আমরা কেন কথা
কহিব; যাহার বিপদ দেই একা ভোগ করুক আমরা অন্যের
নিমিত্ত কথা কহিয়া কেন অনর্থক দোষী হইব।" পীড়ন যদি
কেবল দেই প্রতিবাদির উপর হইয়া শেষ হইত তাহা হইলে
এই পরামর্শ বিজ্ঞের ন্যায় হইয়াছে বলিতাম। কিন্তু দমন না
হইলে পীড়ন সমাজে ক্রমেই বৃদ্ধিপায়; অদ্য অন্যের উপর
পীড়ন অবাধে সম্পন্ন হইল, কল্য তোমার উপর হইবে। যিনি

#### এক ঘরে।

ষদ্য অবাধে পীড়ন করিলেন, তিনি দেখিলেন, পীড়নের প্রতিফল নাই, ইহাতে সমাজের আপত্তি নাই, তাঁহার সাহস আরও বৃদ্ধি হইল; সঙ্গে অন্যেরও উৎসাহ জয়িল। এপম, প্রয়োজন হইলে আর শক্তি থাকিলে, অনেকেই অত্যাচার আরম্ভ করেন। তথনও হয় ত আমরা ভাবি, অত্যাচার অনেকে করিতেছে, অনেকের উপর হইতেছে সত্য, কিন্তু তাহাতে ক্ষতি কি থাাাদের উপর ত কোন পীড়ন এপর্যান্ত হয় নাই। হয় নাই সত্য; কিন্তু প্রতিবাদীর উপর পীড়ন হইয়াছে; পীড়ন আর দুরে নাই, নিকটে আসিয়াছে।

কিন্তু আমাদের সে দ্রদৃষ্টি নাই; আমাদের দৃষ্টি কেবল আপনার উপস্থিত সচ্ছন্দতার প্রতি; কেবল আপনার ঘরের প্রতি। যতক্ষণ আপনার ঘরের মধ্যে কোন বাাঘাত না হয় ততক্ষণ আমরা ভাবি পৃথিবীতে কোন বিদ্ধ নাই। সমাজের কেবল এই এক ঘরের প্রতি আমাদের দৃষ্টি; এই জন্য বলি আমরা এক ঘরে।

মন্ব্য ধখন বন্য অবস্থায় থাকে তখন ঐক্লপ কেবল আপননার ঘরের উপর দৃষ্টি সম্ভবে; সে অবস্থায় সমাজ থাকে না। বন্যেরা সকলেই স্বতন্ত্র; কেহ কাহারও উপর নির্ভর করে না; কেহ কাহারেও সাহায্য করে না; আত্মরক্ষা আপনার হাত; আপনি রক্ষা করিতে পারিলে রক্ষা হইল, না পারিলে আর উপায় নাই। বন্য অবস্থায় রাজা নাই, রাজদণ্ড নাই, বিচার নাই; পরস্পরের সহায়তা নাই। আমাদের রাজা, রাজদণ্ড, সকলই আছে, কেবল পরস্পর সহায়তা নাই; এবিষয়েআমরা প্রায় ব্ন্য জাতির ন্যায় বহিরাছি।

পরস্পর সহায়তা না থাকায় আমাদের আর উন্নতি নাই। অর্থের উন্নতি হইতেছে বটে, কিন্তু অর্থোন্নতি কেবল বাহ্নিক উন্নতি মাত্র; সহায়তা এবং একতা দারা সমাজের আভ্যন্তরিক উন্নতি সাধন হয় 🛩

একতা অবং পরস্পরের সহায়তা সমাজের মূল; একতা না থাকিলে বলিষ্ঠও ছর্ম্মল। কোন বিথাতে পণ্ডিত বলিয়াগিয়াছেন যে মহ্যা অপেক্ষা সিংহ ও ব্যাঘ্র মহাবল পরাক্রান্ত হইয়াও মহ্যাদিগকে পৃথিবী হইতে উচ্ছেদ করিতে পারিল না। তাহারা পরস্পর সহায়তা করিতে পারে না, করিতে জানে না, কোন উদ্দিষ্ট সাধন করিবার নিমিত্ত পরস্পর সমবেত হইতে পারে না এই জন্য তাহারা মহ্যাকে উচ্ছেদ করিতে পারিল না। মহ্যা একা ছর্ম্মল, অক্ষম, অগ্রাহ্ম। কিন্তু তাহারা সমবেত হইতে পারিলে চাহাদের অসাধ্য, আর কিছুই থাকে না, তথন দেবতারাও ভয় পান।

মন্থাের প্রথমাবস্থার অর্থাৎ বন্য অবস্থার একতা থাকে না, পরে তাহাদের যত ব্দ্ধিরতি পরিমার্জিত হইয়া আইসে ততই একতার ফল ও শক্তি, তাহারা ব্নিতে পারে। বন্য অবস্থা হইতে কোন জাতি কত দ্র উরত হইয়াছে, তাহা তাহা-দের একতা দেখিয়া অন্তব করা যাইতে পারে। একতা বিজ্ঞ-তার ফল; আমাদের মঙ্গলের নিমিত্ত উহা আবশ্যক।

যাহার। নিতান্ত স্বার্থপর অর্থাৎ একঘরে, তাঁহার। আপন আপন স্বার্থপরতার অনুরোধে দমাজের সহায়তা করুন; দমাজের মঙ্গলে যে তাঁহাদের মঙ্গল এইটি অরণ রাখুন, আমরা কেহ দমাজ ছাড়া নহি, আমাদের প্রত্যেকের দমষ্টিতে দমাজ। দমাজের ইষ্ট হইলে প্রত্যেকের ইষ্ট, দমাজের অনিষ্ট হইলে প্রত্যেকের ইষ্ট, দমাজের অনিষ্ট হইলে প্রত্যেকের অনিষ্ট। যে দমাজবাদিরা এই কথাটা বুঝিয়াছে তাহারাই উন্নত হইয়াছে, তাহারাই দামাজিক স্কথ ভোগ করি

য়াছে; এবাকো যাহারাই অবহেলা করিয়াছে তাহারাই অবনত হইয়াছে ক্রমে আমাদের ন্যায় তুর্দশাপন হইয়াছে।

আমাদের ছর্দশার মূল কারণ কতক বিষয়ে একতা অভাব। কতক বিষয়ে অভাব কিন্তু অনেক বিষয়ে একতা আছে। গৃহ নির্দ্যাণ সমাজের আবশুক কার্যা, এসম্বন্ধে আমাদের একতা আছে। গৃহ নির্দ্যাণের নিমিত্ত কেই চূণ প্রস্তুত করিতেছে, কেই তাহা প্রীহট্ট ইইতে আনিয়া সানে স্থানে পৌছাইয়া দিতেছে। কেই নেপাল রাজ্য ইইতে রহং বৃহৎ করে আনিতেছে, কেই ইটুক প্রস্তুত করিতেছে, কেই কল কবজা প্রস্তুত করিতেছে। ইহারা কেই পরম্পর কাহার সহিত পরামর্শ করিয়া কার্য্য করিতেছে না অণচ ইহাদের মধ্যে একতা রহিয়াছে, ইহারা সকলেই গৃহনির্দ্যাণের সহায়তা করিতেছে। এই এক জাতীয় একতা। এই কপ একতা আমাদের অনেক বিষয়ে আছে। বন্ধ সম্বন্ধে একপ আছে। কেই কার্পাস কর্ষণ করিতেছে, কেই হতা প্রস্তুত করিতেছে। কেই বন্ধ ব্যবন করিতেছে, এই ব্যক্তি দিগের মধ্যে একতা। বহিষ্কাছে। ইহারা সকলেই বন্ধ প্রস্তুত করিতে একতা হিষ্কাছে।

অসভা জাতিদিগের মধো এই জাতীয় একতা নাই। কুটীব নির্মাণ করিতে গেলে তাহাদের প্রত্যোককে একা সকল জ্ব্যাদি আহরণ করিতে হইবে, বন হইতে একা কাষ্ঠ সংগ্রহ করিতে হইবে, একা রক্ষু প্রস্তুত করিতে হইবে, একা কুটীর নির্মাণ করিতে হইবে, একা সকল করিতে হইবে, অন্যের সহায়তা নাই। অসভ্য জাতির মধ্যে কেহ কাহার নিমিত্ত কিছুই করে না। এই সংসারে তাহাদিগের যাহাই প্রয়োজন হউক. তাহাদের সকলকেই তাহা একা সংগ্রহ করিতে হইবে, তাহার অন্যাণার প্রয়োজনীয় বস্তু পাইবে না।

আমাদের মধ্যে যদি এইরূপ ঐক্যের অভাব থাকিত, তাহা হইলে আমাদের সাংসারিক সমুদ্য দ্রব্যাদি আপনাদিগের নিজে প্রস্তুত করিতে হইত। বস্ত্রের নিমিত্ত আপনাকে ভূমি কর্মণ করিয়া কার্পাস উৎপাদন করিতে হইত; কার্পাস হইতে আপ-নাকে সূতা প্রস্তুত করিতে হইত; সূতা হইতে আপনাকে বসু বয়ন করিতে হইত। আবার জলপাত্রের নিমিত্ত আপনাকে ধাতৃ সংগ্রহ করিতে হইত, ধাতু সংগ্রহের নিমিত্ত কত দেশ বিদেশ পর্যাটন করিতে হইত; ধাতু সংগ্রহ হইলে আপনাকে কাংস্কারের কার্য্য করিতে হইত, তাহার পর জলপাত কি পান পাত্র ভোগ করিতে পাওয়া যাইত। এইরপে সাংসারিক সমস্ত खवा**मि यमि आभामिरा**वर शबस्थातरक निज्ञहरस श्रेष्ठिक क्रिटि হুইত তাহা হইলে কি বিষম ব্যাপার হুইরা উঠিত। ঐ সকল দ্রব্যাদির মধ্যে একটি একা প্রস্তুত করিতে গেলে জীবন অবসিত হয়, সমূদ্য গুলিন প্রস্তুত করার ত কথাই নাই। শেষ কথা: এই সকল দ্রব্যাদি নিজে প্রস্তুত করিতে হইলে কোনটিই প্রস্তুত ছইতে পারিত না। আমরা ইহার কোন দ্রবাই ভোগ করিতে পারিতাম না। সমাজের প্রসাদাৎ আমরা এই সকল ভোগ ক্রিতে পাইরাছি; প্রস্পারের সহায়তায় এই স্কল হইয়াছে।

পূর্ব্বে উল্লেখ কর। গিয়াছে যে এই সকল বিদ্যে আমাদি গের সমাজের একতা আছে। এই জাতীয় একতা সমাজ নাত্রেরই আমুষ্পিক। সমাজবন্ধ হইলেই এইরূপ একতা সঙ্গে সঙ্গে জরে। আমাদের দেশে এই জাতীয় একতা বছকালাবধি আছে। ইহার লাভ আগু প্রত্যক্ষ; কাহাকেও বুঝাইতে হয় না। এই বিদয়ে আমাদের বালা সংকার জন্মিরাছে। কিন্তু এই বিষয়ের একতা ভিন্ন কোন নূতন বিষয়ে আমাদের একতা হয় না। জনা বিষয়ে আমাদের বালা সংকার নাই বলিয়াই হয় না। যে বিষয়ে আমা- দের সংস্কার নাই সে বিষয়ে একতা উচিত কি না, তাহা প্রথমে বিবেচনা করিয়া স্থির করিতে হইবে। বিবেচনা দারা স্থির হই-লে পর, বাঙ্গালার সমুদর লোকের সহিত পরংমর্শ করিতে হইবে, তাহাদের লওয়াইতে হইবে। এই বিস্তীব বাঙ্গালা ব্যাপিয়া মাহারা বাস করিতেছে তাহাদের সংখ্যা অল্প নহে, তাহাদের একে একে লওয়াইরা কে ঐকস্তা সাধন করিতেপারে ১

অনেকে বলিবেন এ কার্য্য সংবাদ পত্র সাধন করিবে, কেন না বিলাতে এ কার্য্য সংবাদ পত্র সাধন করিতেছে। একথা যদি সতা হয় তাহা হইলে আমাদের আপাততঃ কোন আশা নাই; কেন না তত্পযোগী সংবাদ পত্র আমাদের দেশে প্রচার হাইতে অনেক বিলম্ব। যদি তাহার বিলম্ব না থাকে, যদি এই সম্বেই সেইরূপ সংবাদ পত্র প্রচার হয়, তথাপি কোন ফল ফলিবে না; এক্ষণে বাঙ্গালায় কয় জন সংবাদ পত্র পাঠ করিতে পারে? যদি কথন গবর্ণর (Sir George Campbell) সার জর্জ ক্যাম্বেল সাহেবের রোপিত বীজ অস্কুরিত হয় তাহাহইলে কতক আশা করা যাইতে পারে। তিনি অপর সাধারণ সকলের লিখিতে প্রতিতে শিথিবার হত্রপাত করিয়া গিয়াছেন; যদি কথন তাঁহার কলাণে অপর সাধারণ সকলেই সংবাদ পত্র পাঠ করিতে সক্ষম হয় আর যদি কথন উপযুক্ত সংবাদ পত্র প্রচার হয় তবেই বাসা লায় ক্রেয়ের আশা করা যাইতে পারে, নতুবা—নতুবা কি সে আশা করা যাইতে পারে?

পূর্ব্ব লৈ যে সংবাদ পত্র দারা একতাসাধন ছইত এমত নহে, অনেক দেশে অপর সাধারণ লেখা পড়া জানিত না অগচ মতবিশেষে সকলেই এক মত হইত। অনা দেশের কথা দূরে থাকুক এই বঙ্গবাসীর ই পূর্ব্বে কগন কখন এক মত হইয়া সামাজিক কার্য্যের অনুষ্ঠান করিয়া গিরাছেন আমরা অন্যাপি

সেই দকল কার্য্যের অনুবর্তী হইয়া চলিতেছি। কিন্তু কয়েক বৎসর হইল নীলকরদিগের অত্যাচারে পীড়িত বঙ্গ ক্ষমকেরা করা হইয়া অত্যাচার নিবারণ করিয়াছিল। তাহারা একস্থানবাসী না হইয়া পরম্পর মিলিত হইয়াছিল, লেখা পড়া সম্বন্ধে নিত্তি তা সরেও পরম্পর একবাক্য হইয়াছিল। তাহাদের একতা কিরূপে সাধিত হইয়াছিল পরিস্কাররূপে আমাদের জানানাই। আমাদের ইতিরুত্ত নাই বোধ হয় এখন অপেক্ষা পূর্বের্থ আমাদের অধিক প্রকা ছিল। পূর্বের্বি ভদ্র কি অভদ্র, কি ধনবান্ কি দরিদ্র প্রায় সকলেরই শিক্ষা একই প্রকার ছিল, বিদ্যা বিজ্ঞানে সকলেই সমান ছিলেন; ভাল মন্দ বিচারের ক্ষমতা সকলের একইরূপ ছিল। তদ্তির সকলেই এক শাস্তার্থ সকলের একইরূপ ছিল। তদ্তির সকলেই এক শাস্তার্থ কিবরীত ঘটয়াছে। শিক্ষা স্বতন্ত্র হইয়াছে: শাস্ত্রে অবজ্ঞা জিরিয়াছে; ধর্ম পৃথক্ হইয়াছে; পিতা প্রেল্ল অনৈক্য হইয়াছে।

পূর্বে ছই চারি জন বিদ্বান্ ছিলেন সন্দেহ নাই কিন্তু তাহা-দের বিদ্যা একতার বিরোধী হইত না। অপর সাধ্রেণ সকলেই তাঁহাদের ভক্তি করিত, তাঁহাদের মতাবলধী হইত: সকলেই জানিত তাঁহাদের মত শাস্ত্রমূলক। বাত্বিক তাঁহাদের মত শাস্ত্রমূলক ভিন্ন অনারূপ হইতে পারিত না; তাঁহাদের চিন্তা-শক্তি আধীন কি স্বত্র হইতে পারিত না; মূল কথা, তাঁহারা অপর সাধারণের সঙ্গে সমভাবে থাকিতেন। এক্ষণে আমাদের দেশে যে বিদেশীর বিদ্যার অনুশীলন হইতেছে তাহাতে বিদ্যান্-দিগের মনোর্ভি একেবারে পরিবর্ভিত করিরা দিরাছে; তাঁহাদি-গকে এক প্রকার স্বত্র জাতি করিয়া তুলিয়াছে; আমাদের দে-শীয় শাস্ত্রে তাঁহাদের অবজ্ঞা জ্নিয়াছে। একতার এই একটী মূলচ্ছেদে হইয়াছে। আবাব শাস্ত্রের সঙ্গে সঙ্গে শাস্ত্রোক্ত ধর্মো অভক্তি জন্মিরাছে, একতার সেই আর একটি মূলছেদ হইরাছে। তঁংহারা অন্য ধর্মাবলম্বন না করিরা পাকুন কিন্তু তাঁহারা আর হিন্ধর্মাক্রান্ত নহেন। তিন্তির বিলাতীয় বিজ্ঞান ও জন্যান্ত বিদ্যান্ত্রশীলনে তাঁহাদের বৃদ্ধিবৃত্তি মার্জিত হইয়া স্বতন্ত্র প্রভা প্রাপ্ত হইয়াছে। মূল কথা বঙ্গবাসীদিগের সহিত তাঁহাদের আর সহদরতা নাই বরং কতক সহ্বদয়তা ইংরাজদিগের সহিত জন্মিয়াছে।

যোদে তাহা সঙ্গত কি অসঙ্গত তিবিবের আমরা কিছু বলি নাই; আমরা এই মাত্র বলিয়াছি যে পূর্বের বন্ধবাসিগণের ঐক্য হইবার উপকরণ ছিল এক্ষণে তাহা নাই। পূর্বের উপকরণ থাকিলেও কথন বাঙ্গালীর কোন বিষয়ে ঐক্য হইয়াছিল কি না তাহা অনেকে সন্দেহ করিতে পারেন। কিন্তু আমরা অগ্রেই বলিয়াছি আমাদের ইতিমৃত্ত নাই এ সকল বিষয় নিরাকরণ হইবার উপায় নাই। পূর্বের দেবীবর ঘটকের সময় এক সম্প্রদায়ের বাজিরা কতক পরিমাণে এক মত হইয়া থাকিবেন বলিয়া অন্ধ্রুত্ব হয় কিন্তু তাহার বিশেষ প্রমাণ নাই।

এক্ষণে আমাদিগের মধ্যে অনৈক্যের অনেক কারণ জন্মিরাছে, পূর্ব্বে সে দকল ছিল না। সে দকল কারণ না থাকা সন্থেও পূর্ব্বে সমৃদয় বাঙ্গালি একমত হইবার একটি বিদ্ন ছিল। এক অঞ্চলবাসীর সহিত অপর অঞ্চলবাসিগণের কোন সংশ্রব ছিল না, পরস্পারের মতামতের বিনিময় হইত না, হইতে পারিত না; তৎকালে বন্ধ সমাজ সহস্র সহস্র ক্ষ্পে অংশে বিভক্ত হইয়া পড়িয়াছিল মতের ঐক্য অনৈক্য কেবল সেই সকল এক এক অংশে আবদ্ধ থাকিত অপর অংশের সহিত সংস্কৃত্বি হইত না। এত্তিরে আর একটি বিদ্ন ছিল; যে সকল হেতৃতে সমৃদয় দেশ

বিচলিত হয় সে সকল হেতু তৎকালে অন্নই ঘটিত; রাজশাসনে প্রজার। পীজিত হইলে দেশে বিপ্লব উপস্থিত হয় কিন্তু পূর্বকালে অর্থাৎ মূদক্ষানদিগের সময়ে সে আশক্ষা বড় ছিল না। তৎকালের রাজসাশন প্রজাদিগের স্পর্শ করিতে পারে নাই; প্রজাদিগের সম্বন্ধ কেবল জমিদারের সহিত ছিল। ধন সম্পত্তি লইয়া বিরোধ উপস্থিত হইলে জমিদার তাহার বিচার করিতেন। ফৌজদারি জমিদারের হাতে ছিল, পূলিস অর্থাৎ শান্তিরকার বিষয়ে জমিদার কর্ত্তা ছিলেন। রাজ পূক্ষের সঙ্গে বাঙ্গালিদিগের অন্নই সংস্পর ছিল। স্থানে স্থানে কাজি ছিলেন সত্য, কিন্তু তাঁহারা প্রায় মুসলমানদিগের পৌরোহিত্য কার্য্যেই ব্রতী থাকুকিতেন, কথন কথন বিচার করিতে বাসিতেন। কিন্তু মুসলমান ভিন্ন হিন্দুরা তাঁহাদের নিক্ট কথন বিচার প্রার্থী হইতেন না; কাজির বিচার উপহাসের বিষয় ছিল।

দেওয়ানি ফৌজদারি পুলিস অধিকাংশ এই তিন লইয়া রাজার সহিত প্রজার সংস্রব কিন্তু এই তিনের কোনটাই মুসলমানদিগের হাতে ছিল না। প্রকৃতার্থে রাজসাস্থ হিলুদিগের হাতে ছিল। পলীগ্রামে কোন রূপেই মুসলমানের অধিকার জানিতে পারা যাইত না। তাহার কোন চিহ্ন ছিল না। বাস্তবিক রাজধানী কি তরিকটবর্ত্তী স্থান ব্যতীত পলীগ্রামে মুসলমান অধিকার কথন হয় নাই।

মুদলমানদিগের সমরে প্রকৃতার্থ হিল্পাগের অধিকার ছিল, হিল্প প্রণালীমত সকল কার্যাই হইত। বাঙ্গালা ক্ষুদ্র ক্ষুদ্র সমাজে বিভক্ত হইরাছিল কিন্তু দেই প্রত্যেক ক্ষুদ্র সমাজে এক এক জন হিল্প সমাজপতি ছিলেন; তাঁহারাই জমিদার থাহারাই ভূসামী, তাঁহারাই প্রকৃত রাজা ছিলেন। প্রত্যেক সমাজে হিল্পাস চলিত; মুদলমানের আইন কামুন প্রস্তুত করিয়াছিলেন

সতা, কিন্তু সে সকল প্রায় নবাবের দেওয়ান দপ্তরে চলিত, প্রজারা তাহা কথন শুনিতেও পাইত না; জমিদারের অভিকৃচি প্রজাদিগের পক্ষে একমাত্র আইন ছিল। জমিদারের প্রভিক্ষিক্র প্রজারা তাহা পিতার পীড়ন মনে করিয়া সহু করিত; নিতান্ত অসমত পীড়ন হইলেও সহু করিত। জমিদারের প্রভুত্ব দেবদন্ত বলিয়া তাহাদের বালা সংস্কার ছিল, জমিদারের পীড়ন সহিতে হয় ইহা বিধি লিপি বলিয়া তাহাদের বোধ জিল।

একণে আর হিন্দুর অধিকার নাই। ইংরাদ্ধ অধিকার এক্ষেণে গ্রামে গ্রামে ঘরে ঘরে প্রকাশ পাইতেছে। পূর্ব্বকার ক্ষুদ্র ক্ষুদ্র সমাজ ভাঙ্গিয়া সমুদ্র বঙ্গদেশ একসমাজ হইতে আরম্ভ হইরাছে। ক্ষুদ্র সমাজ পতি বা জমিদার দিগের প্রভুত্ব লোপ পাইতেছে; তাঁহাদের আর রাজত্ব নাই। কেহ কেহ সতরঞ্চর রাজার নাায় কেবল রাজ উপাধি লইরা বসিয়া আছেন। পূর্ব্বে যাহারা ইহাদিগকে রাজা মনে করিয়া সকল অত্যাচার সহ্ করিত এক্ষে: তাহারা ইহাদিগকে আপনাদিগের স্থায় প্রজার বিলিয়া ব্বিতে প্রিয়াছে বা পারিতেছে। ইহাদের অত্যাচার আর অধিক দিন স্থায়ী হইবে না কেবল প্রভাদিগের মধ্যে ঐক্য অভাব রহিয়াছে। সকলে এক হইয়া গবর্গমেণ্টকে জানাইতে পারিলে এই সতরঞ্চের রাজারা বৃদ্ধের কিন্তিতে মাৎ হইবেন।

# ভারত ভাগুারি।

ভারত ভাণ্ডারি একদিন দৈবছর্বিপাকে আদালতে সাক্ষী দিতে গিয়াছিলেন। দিবা আবক্ষঃচৃষিত ক্মশ্রাজি লম্বিত ক-রিয়া কাটরার মধ্যে দণ্ডায়মান, নাম, বাপের নাম, জিজ্ঞাসার পর ভারত ভাগুরিকে জিজ্ঞাসা করা হইল, যে, তাহার বরস কত ? ভাগুবী উত্তর দিলেন, "সতে র কি আঠার হইবে," উকীল ঈক্ষ্ণহাস্য করিয়া জিজ্ঞাসা ক্রিলেন, "সে কি! ভোমার অতবড় দাড়ী তোমার সতে র বছর বয়স ?" তাহাতে ভারত ভাগুরি উত্তর দিলেন, "আজ্ঞে, এদাড়ী বাবা তারকেশ্বরের।"

আর একদিন কালিঘাটে তাঁহার এক আত্মীয়ের সহিত সাক্ষাৎ হইলে আত্মীর বিলিল "ভাণ্ডারি মহাশয় আপনি আত্মিন মাদে প্রভার সময় আমার বাটীতে যাইবেন প্রতিশ্রুতি ছিলেন কিন্তু বোধ হয় দৈ কথা বিশ্বরণ হইয়াছিলন। ভারত অমনি কৃভঙ্গি করিয়া বলিল "আমি সিয়ানা লোক কখন কোন কথা ভুলি না; তবে কি জান, আমার জর হইয়াছিল তাহাই যাইতে পারি নাই।" আত্মীয় উত্তর করিল আখিন মাদে ত আপনার জর হয় নাই আষাঢ় মাদে রথের সময় জর হইয়াছিল। ভারত অতি গভির ভাবে বলিলেন "তবেই হইল, আখিন হউক আর আষাঢ়ে হউক জর ত হইয়াছিল।"

নাকা আরোহণ করিলেন, নৌকায় কিছু বোঝাই অধিক হইয়াছিল দেখিয়া তিনি একটু ইতস্ততঃ করিলেন, কিন্তু আর কোন
উপায় না দেখিয়া অগতা৷ মনিবের পশ্চাৎ দিকে যাইয়৷ বসিলেন, ভাবিলেন এখানে বসিলে আর কোন ভয় থাকিবে না।
কিঞ্চিৎ দূর গিয়৷ মনিব পশ্চাৎ ফিরিয়৷ দেখেন ভারত কতক
গুলিন লেপ বালিশ আপন স্কন্ধে লইয়৷ বসিয়৷ আছেন। মুনিব
বলিলেন, "পুকি হে; ঘাড়ে লেপ বালিশ কেন?" ভারত
বলিলেন, "আঙজ্ঞা, এ গুলাতে নৌকা বড় বোঝাই হইয়৷
উঠিয়াছিল।"



# ক্ষাভ্রত মাসিক পত্র ।

১ম খণ্ড।!

ভাদ্র ১২৮১।

৫ সংখ্যা

# কণ্ঠমালা।

### দশম পরিচেছদ।

শস্তু এক সঙ্গীন ডাকাতি মোকশনার করেদ হইয়াছিল, তণাপি জেনীদারগা কথন কথন শস্তুকে ডাকাত নহে বলিয়া ভাবিতেন। এক দিন তিনি গোপনে শস্তুর পরিচয় জিজাসা করিরাছিলেন। শস্তু তাহাতে উত্তর করিলেন, আমাকে আপনার করেবার হয়? জেলদারগা বলিলেন তোমার শক্তি, সাহস, রাগ, প্রথর দৃষ্টি প্রভৃতি দেখিয়া তোমাকে ডাকাত বলিয়াই আমার প্রতীতি হয়; কিন্তু তোমার হুথানি পা দেখিলে আমার সন্দেহ জ্বো। আমি অনেক ডাকাত দেখিয়াছি, এই হাতে অনেক ডাকাতকে যুসা মারিয়াছি কিন্তু কথন কহোরও এরপ পা দেখি নাই; দেখিলেই বোধ হয় তোমার পা কথন কঠিন মৃত্তিকাম্পর্শ করে নাই, বোধ হয় যেন ছুতা পরা তোমার সর্পাদা অভ্যাস ছিল; কিন্তু ডাকাতরা ত কথন জুতা পরে না; তাহাদের পা পুরু,

ফাটা, বাঁকা, কঠিন, তাহাদের পায়ে প্রায় কাঁটা ফ্টে না কিন্তু দেখিতেছি তোমার পায়ে ঘাসের আগাও বিধিতে পারে। অন্ত ডাকাতের সৈহিত তোমার এ প্রভেদ কেন, আমি বুঝিতে পারি না। শস্তু বলিলেন আমি ডাকাতি মোকদ্দমায় দণ্ড পাইয়া আপ নার জেলথানায় আসিয়াছি, অতএব আমাকে ডাকাত ভিন্ন অন্য ভাবা অনর্থক; ডাকাত যদি ধনী হয় তবে এক জোড়া জুতা পরিয়া পা রক্ষা করিবে তাহার আশ্চর্য্য কি ?

জেলদার্ক্রা কুঞ্চিত করিয়া ক্ষণকাল ভাবিলেন; শেষ জিজাসা করিলেন, "শস্তু তুমি আমায় প্রতারণা করিও না, নিশ্চয় করিয়া বল তুমি ডাকাত কি না?" শস্তু বলিলেন "আমি নিশ্চয় করিয়া বলিতেছি আমাকে ডাকাত বিবেচনা করা উচিত। ডাকাত কি? আমি ডাকাতের অপেক্ষাও অপকৃষ্ট কার্য্য করিয়াছি কিন্তু দে সকল কথা বলিব না, বলিলে আমার আবার দণ্ড হইবে।"

ু জেলদারগা বলিলেন "আমিও তোমায় সে সকল কথা জি-জ্ঞাসা করিতে ইচ্ছা করি না। কিন্তু তুমি যদি উাকাত, তবে তোমার অধীন লোক অবশা ছিল, তাহারা এক্ষণে কোথায়?"

শস্তু বলিলেন "তাহারা এক্ষণে কোণায়, আমি জেলে থাকিয়া কিরপে বলিব?" জেলদারগা বলিলেন, "দে কথা সত্য, কিন্তু তুমি যদি কোন রাজে এই জেল হইতে পলাইতে পাও তাহা হইলে কি কর? তুমি কি আবার ভাহাদের সহিত মিলিত হইয়া ডাকাতি কর?"

শস্তু বলিলেন " করি।"

জেলদারগা বলিলেন " তোমার আর কে আছে ?"

শস্তু উত্তর করিলেন ''আমার আর কেহ নাই, সকল ডাকা-তেই যে সংসার প্রতিপালন করিবার নিমিত্ত ডাকাতি করে

এমত নহে: অনেকে নিম্বর্মা থাকিতে পারে না কাজেই ডাকাতি ডাকাতির পরামর্শ, অনুসন্ধান, লোকযোজনা প্রভৃতি কার্য্য আমার মত লোকের পক্ষে বড স্থাখের: আবার ডাকাতির সময় আরও স্থা। আপনার। ইংরাজ, বুঝিতে পারিবেন দশ-হাজার ফৌজ লইয়া আপনারা যথন একটি কেল্লা চড়াও করেন, বলুন দেখি তথন দেই ফৌজের মধ্যে যাহারা বীরপুরুষ, তাহা-দের কত স্বথ হয় ? সেই মৃত্রমূত তোপের ধ্বনিতে কোন বীরপুরুষের অন্তর বাজিয়া না উঠে? তথন কে আগে কেলায় উঠিবে, এই লইয়া পরস্পার মধ্যে প্রতিযোগিতা জন্মে, চারি-দিকে গুলি বুষ্টি হইতেছে তথাপি গ্রাহ্ম নাই, চারিদিকে কামান ফুৎকার করিয়া বজ্রবর্ষণ করিতেছে তাহাতে কাহারও ভয় নাই বরং বীরেরা তাহাতে আরও মাতিয়া উঠে; আমাদের দেশৈ ডাকাতিতে সেইরূপ মাতামাতি আছে। আমরা যুদ্ধে যাইতে পাই না কিন্তু আমাদের সে প্রবৃত্তি রহিয়াছে, ডাকাতি করিয়া দে বীরবৃত্তির কতক শমতা করি, আমরা দশ হাজার ফৌজ লইয়া কেল্লা লুঠিতে যাই না, দশজন কি পনের জন একজে যাই এবং সেই দশ পনর জনের উপযুক্ত কেলা দখল করি। কিন্তু দশ জনে গৃহস্থের ঘরই আক্রমণ করা যাক কিম্বা দশহাজার জনে কেলাই আক্রমণ করা যাক, সাহসীর স্থুখ উভয় স্থলেই সমান। ডাকাতির পর আরও স্থে আছে; পুলিশের চক্ষে ধূলা मिटि (य कोमन **आ**वगाक, जाहात जाननाम आरनक स्थ हम: কিন্তু এক্ষণে যদি আমি কোন রাত্রে গিয়া ডাকাতি করি তাহা হইলে সেই স্থাপে বঞ্চিত হইব।"

জেলদারগা জিজ্ঞাসা করিলেন "কেন বঞ্চিং হইবে?" শস্তু উত্তর করিলেন "পুলিশের চকে ধূলা দিবার নিমিত্ত আমার কোন কৌশল করিতে হইবে না, আমি জেলখানায় আছি, \*

#### ভ্যর ৷

আমায় কেহ দলেহ করিবে না আমায় নিশ্চিম্ন থাকিতে হইবে, তাহাহইলে আমার স্থু আর কই হইল।'' জেলদারগা সেদিন আর কোন কথা বলিলেন না, অন্যমনম্বে কি ভাবিতে ভাবিতে চলিয়া গেলেন।

আর এক দিন সন্ধার সময় শস্তুকে গোপনে লইরা গিয়া জেলদারগা আপনার ঘরে বসাইলেন; অস্তাস্ত ছুই একটি কথার পর বলিলেন " তুমি যে সে দিবস বলিতেছিলে যে একণে জেল হুইতে গিয়া জাকাতি করিলে কেহ তোমার প্রতি সন্দেহ করিবে না, এ কথা আমি ভাবিয়া দেখিয়াছি তুমি ঠিক্ বলিয়াছিলে; যদিও কোন গতিকে কেহ তোমাকে চিনিতে পারে তথাপি কেহ তাহা মুখে আনিতে পারিবে না।"

শস্তু বলিলেন "পাকা ডাকাতকে চিনিবার সাধ্য কাহারও নাই; অন্তলাকে চেনা দ্রে থাকুক দলের লোক সকলে জানিতে পারে না: দলে কে কে আসিয়াছে আর কে কে আসে নাই সেতত্ব লইবার ক্ষমতা সকলের নাই। দলস্থ অধিকাংশ লোক সাছেতিক স্থানে একে একে গিয়া অয়কারে জমিতে থাকে। তথন সর্দারের নায়েব সর্কাথে থাকে, কেবল তাহার স্বর চিনিতে পারিলেই তাহারা সন্তন্ত হয়, আর কেহ কাহারও তত্ব লয় না। তত্ব লইবার সময়ও থাকে না, অতি অয়ক্ষণ সাঙ্কেতিক স্থানে থাকিতে হয় তাহার পরই কার্য্য আরম্ভ হয়, তথন কে কার অসুসন্ধান করে।" জেলদারগা বলিলেন "তবে ত এক্ষণে তুনি নিঃশঙ্ক হইয়া ডাকাতি করিতে পার।" শস্তু বলিলেন তাহা পারি মত্য, কিন্তু জেলথানা হইতে যাইতে পারি কই শত

জেলদারগা বলিলেন "যদি আমি যাইতে দিই তাহা হইলে তুমি আমাকে কি দিবে ?"

শস্তু বলিলেন "যাহা আমি উপার্জ্জন করিব, তাহার অর্দ্ধেক দিব। অথবা প্রত্যেক রাত্রের নিমিত্ত ছইশত করিয়া টাক। দিব, ইহার অধিক পাই আমার থাকিবে; ইহা অপেক্ষা অল্ল পাই আমার পূর্ব্ব সঞ্চয় হইতে আপনাকে পূরণ করিয়া দিব।"

জেলদারণা বলিলেন, ''আমি ইহাতে স্বীকৃত আছি, কিস্ত তোমায় ছাড়িয়া দিলে ভূমি যদি আর কিরে না আইস তথন কি হইবে?''

শস্তু উত্তর করিলেন, "এ সন্দেহ আপ্রনি অবশ্রুই করিতে পারেন, কিন্তু আমি যে পলাইব না, তাহার জামিন আমার কথা ভিন্ন আর কিছুই দিতে পারি না; আমি হিন্দু, মিথ্যা কথা আমার ধর্মবিকদ্ধ। আমি মিথ্যাবাদী হইলে কখন জন্মে আমাকে সদ্দার বলিয়া গ্রহণ করিত না; তাহারা ডাকাত সতী, কিন্তু তাহারা কাপুক্ষকে ঘুণা করে, মিথ্যা কথা কেবল কাপুক্রবের অবলম্বন। আমার কথার উপর নির্ভর করা না করা আপনার ইচ্ছাধীন, সাহস করিয়া আমায় ছাড়িয়া দিতে পারেন লাভ আপনার নিজের; না পারেন তাহাতেও বিশেষ ক্ষতি নাই।"

জেলদারগা বিসিন্না অনেকক্ষণ ভাবিলেন,পরে উঠিনা ঘরের মধ্যে আবার অনেকক্ষণ বেড়াইলেন, শেষ শস্ত্র সম্মুখে আসিরা দাড়াইলেন, কিঞ্জিংকাল তাহার প্রতি নিরীক্ষণ করিরা বলিলেন, "শস্তু তুমি বীরপুরুষ, আমি ইংরাজ, বীরের মাহাত্মা বুঝিতে পারি, তোমার কণায় বিশ্বাস করিলে আমাকে যে বিপদ্গ্রস্ত হইতে হইবে না, তাহা এক প্রকার নিশ্চয় বুঝিতে পারিতেছি; অতএব তুমি যে রাত্রে ইচ্ছাকর সেই রাত্রেই ফাইতে পারিবে, কিন্তু পুর্কাক্ষে আমায় না জানাইলে আমি তাহার উদ্যোগ করিতে পারিব না। সেম সাহেবের নিমিত্ত আমি নিতান্তই

দায়গ্রস্ত হইয়াছি; তাহাতেই তোমাকে মধ্যে মধ্যে ছাড়িয়া দিতে স্বীকার করিলাম কিন্তু দেখ যেন আমি মারা না পড়ি।"

শস্তু ঈষৎ হাসিয়া বলিলেন ''আপনি নিশ্চিন্ত থাকুন, সে বিষয়ে আপনার কোন ভয় নাই।''

সেই দিন হইতে শস্তু এক প্রকার স্বাধীন হইয়াছিলেন, যে দিন ইচ্ছা সেই দিন জেলথানা হইতে বহির্গত হইতেন, কেবল একবার সন্ধ্যার সময় জেলদারগাকে,জানাইতে হইত; জেলদারগা তাঁহার আগম নির্গমের উপায় করিয়া দিতেন। এই জন্য যেদিন বিনোদ জেলথানা হইতে মুক্ত হন, সেই দিন শস্তু অনায়াসেই বিনোদের বাটা ঘাইতে পারিয়া ছিলেন।

#### একাদশ পরিচেছদ।

্ যখন বিনোদ মৃত্যুশ্যার পজিরা অতি মৃত্সরে শস্তুকে সন্থা ষণ করিলেন, তথন শস্তু আহলাদে আর থাকিতে পারিলেন না, বিনোদকে বুকে তুলিলেন। শস্তু মনে করিয়াছিলেন যে পিশা-চিনী বিনোদকে হত্যা করিয়াছে, এক্ষণে বিনোদকে জীবিত দেখিয়া দৈবের প্রতি তাঁহার কিঞ্চিৎ শ্রদ্ধা হইল। পরে বিনোদকে উপযুক্ত স্থানে শয়ন করাইয়া চলিয়া গেলেন।

বিনোদের বাটী হইতে বহির্গত হইয়। শস্তু অতি ক্রতপদ-বিক্ষেপে এক প্রকাণ্ড প্রান্তর অতিক্রম করিয়। একটা সামান্ত গ্রামমধ্যে প্রবেশ করিলেন। গ্রামটী বনাকীর্ণ, বসতি অতি অল্ল; মধ্যে মধ্যে তুই একটি দেব মন্দির আছে, আর অধিকাংশ স্থানে বৃহৎ বৃহৎ ভগ্নাট্টালিকা পড়িয়া রহিয়াছে। শস্তু একটী

ভগাট্টালিকার মধ্যে প্রবেশ করিলেন। তাঁহাকে দেখিয়া চুই একটি পেচক স্বাস্থান পরিত্যাগ করিয়া নিকটস্থ এক ভগ্ন মন্দির বেড়িয়া চীৎকার করিতে করিতে উড়িতে লাগিল; তাহা-দের পক্ষসঞ্চালিত বায়ুর দারা একটি স্ক্র লতা(সেই ভগ্ন মন্দির হইতে ঈষৎ হুলিতে আরম্ভ করিল; দূরে একটি শৃগাল ক্ষুদ্র বন হইতে মাথা তুলিয়া শস্তুকে দেখিতে লাগিল। চক্রালোকে শস্থারে ধারে ইষ্টকস্তাপের উপর দিয়া চলিতে লাগিলেন, কথন বাম বাছ কখন দক্ষিণ বাছ উদ্বে তুলিয়া পদখলন রক্ষা করিতে করিতে চলিতে লাগিলেন। পৈষ একটি দ্বারের নিকট উপস্থিত হইয়া দাঁড়াইয়া দেখিলেন, যে গৃহাভ্য-ন্তরে প্রদীপ জলিতেছে। পরে মৃত্সুরে সস্কৃত রামদাস সল্লাসী দ্বার মোচন করিয়া সম্মুখে আসিয়া দাড়ী-রামদাস প্রথমে শস্তুকে চিনিতে পারে নাই, পরে তৎক্ষণাং চিনিতে পারিয়া অভিবাদন পূর্ব্বক যোড় করে জিজ্ঞাসা করিল "মহারাজের এত সত্বর আবার ফেরা হইল কেন? পথে যাইতে কোন ত বিল্ল ঘটে নাই ?"

শস্তুসে প্রশ্নের কোন উত্তর না দিয়া জিজ্ঞাসা করিলেন, "রামদাস! তুমি এখনও শয়ন কর নাই?"

রাম। ইতিপুর্বে মহারাজ যে ভার দিয়া গিয়াছিলেন, তাহা সম্পন্ন ক্রিয়া এই মাত্র গৃহে আসিতেছি।

শস্তু। দেখ, তাহার কোন অংশে অভ্যাত হয় নাই? রাম। মহারাজের আজো কথন তিল পরিমাণে অন্যথা হইতে শুনি নাই।

শন্ত্র। তোমার অধীনে নৌকা কি পাল্কী প্রস্তত আছে? ছুইয়ের এক আমার অবিলম্বে চাই। রাম। পাল্কী প্রস্তুত হইতে পনের মিনিট লাগিবে, নৌকা প্রস্তুত করিতে আর আধু ঘণ্টা আবশ্যক।

শস্তু।, তবে পাল্কীই ভাল, শীঘ্ৰ আনয়ন কর।

এই বলিয়া শস্ত এক ভগ্ন পালক্ষের উপর বসিলেন। রামদাস সম্বর বেহারা ডাকিতে গেল; এই সময় গৈরিক বস্ত্রধারী একটি মোহাস্ত আসিয়া ছই হস্ত তুলিয়া আশীর্কাদ করিল। শস্ত্রাহাকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "রামদাস কি সম্বরে পালকী আনিতে পারিবে ?"

মোহান্ত উপ্তর করিলেন ''পারিবে, বেহারা প্রস্তুত আছে, সর্ব্বদাই প্রস্তুত থাকে, যেখানে যেখানে মহারাজের আশ্রম নির্দ্ধি আছে, সেই খানেই বেহারা প্রস্তুত রাধিবার অন্ত্র্মতি পিঁয়াছি, আপনি কবে কোথায় যান, তাহার স্থিরতা নাই, এই জন্যই এ অন্ত্র্মতি দিয়াছি।"

শস্ত্র। উত্তম করিয়াছেন, এক্ষণে একথপু হীরক আনম্বন কর্মন। প্রজন এরতির ন্যান না হয়, ইতি পূর্ব্বে ছই শত টাকা যে কারণে লইয়াছি ইহাও সেই বিষয়ে খরচ লিখিতে অন্তমতি করিবেন। আর একটা কথা আছে; দিন ছঃখীর বিবাহ নিমিত্ত কত টাকা বাৎসরিক বরাদ আছে? মোহাস্ত উত্তর করিলেন এক-লক্ষ টাকা

শস্তু। উত্তম, এই **টাকা অ**দা হইতে অনাথ গৃহে বৎসর বংসর ব্যয়িত হইবে, অনাথ গৃহের বরাদ বড় অল আছে।

মোহাত্ত। অনাথ গৃহে পাঁচ লক্ষ ব্যয় হইয়া থাকে। শস্ত্যা উত্তম, এখন হইতে ছয় লক্ষ ব্যয় হইবে।

মোহান্ত। মহারাজ যথন বিবাহের বিষয়ে এই টাকা বরাদ করেন, তথন বলিয়াছিলেন যে, যুবা মাত্রেরই বিবাহ হওয়া উ-চিত; না হইলে স্ত্রী পুক্ষ উভয়েরই স্বভাব কল্যিত হয়, সং-

229

সার না থাকিলে সমাজ থাকে না; অবিবাহিত অবস্থাধর্ম-বিক্লদ্ধ।

শস্তু। এসকল কথা বলিয়া থাকিব, কিন্তু এক্ষণে এবিষয়ে আমার অনাজ্ঞপ বিবেচনা হুইয়াছে।

মোহান্ত। যথন মহারাজ অজ্ঞাতবাস হইতে আসিলেন—

শস্তু। এখনও আগার আক্ততেবাদ। বোধ হয় আপনার বলিবার অভিপ্রায় যে, যখন আগি পশ্চিম দেশ হইতে পুন-রায় বাঙ্গালায় আদি।

মেহারাজ পশ্চিম হইতে আদিরা রাজকুমারীর কোন উদ্দেশ পাইলেন না—

এই কথায় শভু শিহরিয়া উঠিয়া বলিলেন 'রোজকুমারীর নাম আর আমার সাক্ষাতে উল্লেখ করিবেন না, আমি তাহার উদ্দেশ পাইয়াছি।''

নোহাস্ত তথন শস্তুর প্রতি চাহিয়া ভীত হইলেন; যে কথা বলিতে আরুম্ভ করিয়াছিলেন তাহা সমাপ্ত না করিয়া পাল্কী আদিল কি না, তাহা দেখিবার ছলে কক্ষ হইতে বহির্গত হইলেন। এই সময় রামদাস, গৃহপ্রবেশ করিয়া শস্তুর নিকট পালী আসার সমাদ দিল। শস্তু উরুর উপর উরু রাখিয়া বাম হস্তের অঙ্গুলি দ্বারা চিবৃক ধরিয়া অতি তীব্র দৃষ্টিতে দীপশিথার প্রতি চাহিয়া রহিয়াছিলেন। রামদাসের স্বর শুনিয়া ধীরে ধীরে মন্তক কিরাইয়া রামদাসের প্রতি চাহিলেন, রামদাস পুনর্কার বলিল 'পালী বেহারা প্রস্তুত।' শস্তু এই কথাটী বৃঝিবার নিমিত্ত আপনা আপনি তুই একবার বলিলেন ' পালী বেহারা প্রস্তুত' শেষে ক্ষরণ হইল। হঠাৎ উঠিয়া রামদাসকে বলিলেন ' পালী লইয়া শীত্র ক্রপ্রামে যাও, তাহার দক্ষিণপাড়ায় একস্তানে তিনটি

次

দেবদাক বৃক্ষ আছে, সেইথানে যে বাটীরন্বারে দেথিবে একটি আন্ত্রশাথা ঝুলিতেছে আর তোমার নামের আদ্যাক্ষর ইপ্টকথণ্ডে লিখিত আছে, সেই বাড়ীতে প্রবেশ করিরা যে কর পুক্ষকে দেখিবে, তাহাকে পান্ধীতে ত্লিবে। তাহার নাম বিনোদ, সেখানে আর কেহ নাই। বিনোদকে ভ্বনপুরে লইয়া আমার বৈঠকথানায় রাখিবে, চিকিৎসা করাইবে; তাহাকে আমার কোন পরিচয় দিও না; সে আমাকে শস্তু কয়েদি বলিয়া জানে, তাহার সেই বিশ্বাস রাখিঘে। আর আর যাহা করিতে হইবে তাহা আমি পরে লিখিয়া পাঠাইব। কিন্তু সাবধান, বিনোদকে যে তোমরা স্থানাস্তরিত করিলে ইহা কেহ জানিতে না পারে; প্রতিবাসীরা জাগ্রত হইবার পুর্কেই তাহাকে লইয়া যাইবে। শীত্র যাও।"

রামদাস বেহারা সমভিব্যাহারে চলিয়া গেল। এই সময় মোহান্ত প্রত্যাবর্ত্তন করিয়া শস্ত্র হত্তে হীরকথণ্ড আনিয়া দিলেন। শস্তু জিজ্ঞাসা করিলেন, "রাত্রি আর কত আছে ?" মোহান্ত উত্তর করিলেন "অতি অল্প আছে।" শন্তু সার অপেক্ষা করিলেন না সত্তর চলিয়া গেলেন।

#### দ্বাদশ পরিচেছদ।

বিলাস বাব্ প্রাচীরের উপর ভীমাক্কতি দেখিরা মৃচ্ছা গিরাছিলেন, মৃচ্ছাভঙ্গে দেখিলেন সেখানে শৈল কি আর কেহই নাই কেবল মৃত্যুদেহ তাঁহার পার্শ্বে পড়িরা আছে। বিলাস বাব্ ধীরে ধীরে উঠিয়া যথাসাধ্য বেগে পলাইলেন। আপনার গৃহে যাইরা শয়নকক্ষের সমুদর ছার জানেলা বন্ধ করিয়া শয়ন করিবলন। তথন কোন ক্রমে মনস্থির করিয়া আকাশ পটে যে মৃর্ভির

279

#### কণ্ঠমালা।

কতক আভাস চিত্রিত দেখিয়াছিলেন তাহা স্করণ করিতে লাগিলেন। একবার ভাবিলেন "প্রাচীরে কেবল মন্থ্যাকৃতিই
দেখিয়াছিলেন।" আবার ভাবিলেন "না, আর কিঁ হইবে।"
বিলাস বাবু বাস্তবিক সে মূর্তিটি বিশেষ করিয়া দেখিতে পারেন
নাই, পূর্ব্ব হইতেই তাঁহার মনে ভয় সঞ্চারিত হইয়াছিল;
একে রালকাল, তাহে নিকটে মৃতদেহ চক্ষুঃ চাহিয়া রহিয়াছে,
আবার তিনিই সেই দেহের প্রাণ নস্ত ক্রিয়াছিলেন। বিলাস
বাবু নিশ্চয় মনে করিয়াছিলেন যে তাঁহারই প্দদলিত হইয়া
বিনোদের প্রাণতাগি হইয়াছে, অতএব ভয়ে তাঁহার অস্তর
কম্পিত হইতেছিল। এই অবভায় সামান্ত উপলক্ষ হইলেই
তিনি মূর্ছ্যি যাইতেন, যাহা দেখিয়াছিলেন তাহা বেশীর,ভাগানু

বিলাস বাবু যাহা দেখিয়াছিলেন শয়ন করিয়া অনেকক্ষণ পর্যান্ত সেই মূর্ত্তি অরণ করিতে লাগিলেন কিন্তু কিছুই স্থির করিতে পারিলেন না, ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন মূর্ত্তি মনশ্চক্ষে দেখিতে লাগিলেন; ক্রমে ক্রমে সেই সকল মূর্ত্তি ভয়ানক হইতে লাগিল; ক্রেমৈ ভয় বৃদ্ধি হইতে লাগিল; শেষ বিলাস বাবু চক্ষু মৃদিলেন তব্ও বিকট মূর্ত্তি দেখিতে লাগিলেন, চক্ষু বোজা বৃথা হইল। মনশ্চকে এই সকল মূর্ত্তি দেখিতেছিলেন দৈহিক চক্ষু মুদিলে কি হইবে। বরং চক্ষু মুদিয়া বিলাস বাবু আরও বিষম করিলেন, ভয়ে আর চক্ষু খুলিতে পারিলেন না; তখন ঘরের ভিতর চারিদিগে সেই সকল বিকট মূর্ত্তি রহিয়াছে বোধ হইতে লাগিল। ক্রমে সেই সকল মূর্ত্তি যেন তাঁহার দিগে আসিতে লাগিল। তাঁহার শযাের চারিদিগে বিসতে লাগিল। বিসয়া যেন একবার পরস্পার পরস্পারের দিগে চাহিয়া মাথা নাড়িয়া বিলাসকে দেখাইল; তাহার পর যেন এক বাক্যে সকলেই মাথা নামাইয়া গলা বাড়াইয়া বিলাসের মুখের নিকট তাহাদের নাসা

জানিল, তাহাদের নিশ্বাস প্রশাস শুনা যাইতে লাগিল, ক্রমে বোধ হইতে লাগিল, তাহাদের নাসা বিলাদের মুথের উপর আসিয়াছে। মুথস্পর্শ করে নাই, অল্ল, অতি অপ্ল, ব্যবধান আছে, স্পর্শ করিতে আর বিলম্ব নাই। তথন বিলাস বাব্ ঘর্মাক্ত, কম্পিত, শুক্ষকণ্ঠ হইয়া চীৎকার করিতে চেষ্টা করিলেন, কিন্তু পারিলেন না। বিকট আকারের। যেন দস্ত দেখাইয়া নিঃশব্দে হাসিয়া উঠিল। বিলাস বাবু আবার মুছ্বা গেলেন।

অনেককণ পরে বিলাস বাবুর জ্ঞান হইল, তখনও মনের মধ্যে একটা আতক্ষ রহিয়াছে, কিন্তু কিদের নিমিত্ত সে আতম্ব তাহা বড় স্থরণ নাই; ক্রমে চক্ষু উন্মীলন করিলেন, ছারের ছিত্র দিয়া ঘরে হুর্যাকিরণ আসিয়াছে, পার্মস্থ ক্রবাাদি দেখিয়া জানিলেন যে তাঁহার আপন শয়ন কক্ষেই আছেন। পুর্বে রাত্রের ঘটনা তখন একে একে স্মরণ হইতে লাগিল। আন্দ্যেপান্ত সকল স্মরণ হইলে ভাবিতে লাগিলেন, '' শেষ যে ঘটনা হইয়াছিল তাহা কি ভৌতিক গুভোতিক ভিন্ন আৰু কি সহুবে ৭ মুমুষা কে এমন আছে যে দেই সময় হঠাৎ উপস্থিত হটবে ৷ শৈলের বাডিতে কি হটতেছে না হইতেছে তাহা সেই রাত্রে অনুসন্ধান করিবার জন্য কাহার প্রয়োজন পড়িবে ? অত-এব অবশ্য কোন ভৌতিক ব্যাপার হইয়াছিল। নতুবা শৈল (काश) (शन । रेमलरक रकाशांत्र नहेम्रा रशन, नहेम्रा कि कतिन, তাহাকে কি বধ করিয়াছে ? না—বোধ হয় এই ব্যাপারভৌতিক নহে, যদি তাহা হইত তবে মৃত দেহ পড়িয়া থাকিত না, শুনি-য়াছি, শবের সহিত ভূতের নিকট সম্বন্ধ আছে, ভূতের আবির্ভাব হইলে মৃত দেহ সঙ্গে সঙ্গে চলিয়া যায়। যে ব্যক্তি আসিয়াছিল দে ব্যক্তি চোর নহে, শৈলের কি ছিল যে চোর কন্ত পাইয়া আসিবে ? বিশেষ, যদি চোর আসিত তাহা হইলে প্রদীপ আর

আমাদের দেখিয়া কদাচ দে অপেক্ষা করিত না, প্রথম উদ্যানেই পলাইত। কিন্তু যদি চোর না হইল, দৈল অথবা বিনোদের কোন আত্মীয় স্বজন না হইল, তবে কে ? তবে কি পুলিধের লোক আসিয়ছিল? মৃত দেহ দেখিয়া শৈলকে গ্রেপ্তার করিয়া লইয়া গিয়াছে। আমি যে খুন করিয়াছি তাহা অমুভব করিতে পারে নাই, বোধ হয় আমাকে দেখিতেও পায় নাই। কিন্তু না দেখুক শৈল বলিয়া দিবে, সে অনায়াদে পারে, তাহার অসাধ্য কিছুই নাই। বিশ্বাস্ঘাতিনী, নিশ্চয়ই আমার নাম করিবে। তাহা হইলেই আমি গেলাম। খুন করিয়াছি, আমিই খুন করিয়াছি। ফাঁসি—"

ফাঁদির আয়্ষধিক একেবারে সমস্তই মনে পড়িল, চারিনিপ্থা কনেষ্টবল, মেজেষ্টর, ও অন্যান্য লোক, মধ্যস্থানে মঞ্চ, তাহার কাষ্ঠনির্মিত সোপানাবলি, উদ্ধেদ্য ছলিতেছে। বিলাস বাবু অমনি আপনার গলায় একবার হাত দিলেন, ভাবিলেন, "এইবার আমার শেষ হইল, গোপাল বাবু প্রস্তৃতি সকলেই এই পৃথিবীতে স্থা ভোগ করিবে কেবল আমিই গেলাম। কেনই বা এমন কুকার্য্য করিয়ার্ছিলীম। শৈলের সহত আলাপ হইবার প্রের্ধ আমি ত স্থা ছিলাম; কত স্থা ছিলাম; এখন আমার দশা কি হইল। ক্রমে তাহার চক্ষে জল আদিল, "বিনোদ! বিনোদ!" বলিয়া কাঁদিয়া উঠিলেন, বিনোদ! আমি তোমার নিকট সহস্র অপরাধে অপরাধী, ভূমি আমায় বিনাশ করিলে উচিত বিচার হইত, তাহা না হইয়া আমি তোমায় হত্যা করিয়াছি।"

ক্রন্দনধ্বনি বিলাস বাবুর মাজুস্বসার কর্ণে গেল, তিনি কর্ম্মান্তরে বিলাস বাবুর শয়ন কক্ষের নিকট আসিয়াছিলেন। শক্ষ শুনিয়া দার ঠেলিলেন, দার ক্ষম; বিলাসুকে ডাকিলেন, বিলাস ভগস্বরে উত্তর দিলেন। তাঁহার মাতৃস্বসা ভাবিলেন, বিলাস সপ্নে কাঁদিরাতে—অতএব আর কিছু না বলিয়া চলিয়া গেলেন।

বিলাস বাবু গৃহদ্বার মুক্ত করিয়া দেখিলেন বেলা দেড় প্রহর অতীত হইয়াছে, ভাবিলেন। "এত বেলা হইয়াছে অথচ কেহ আমাকে ডাকে নাই, মাসি আমার ক্রন্দন ধ্বনি শুনিয়াও কোন কথা জিজ্ঞাসা করিলেন না। অবশ্য আমার প্রতি সকলের কিছু মন ভার ইইয়াছে, রাত্রের ব্যাপার সকলে জানিতে পারিয়াছেন। পুলিষে সন্ধাদ পাইয়াছে বলিয়া যাহা মনে করিয়াছিলাম, তাহা মিপাা, পুলিস জানিতে পারিলে এত বেলা পর্বান্ত বাকিত বাকিত না, প্রভূাষে আনিয়া আমাতে গ্রেপ্তার করিত। কেবল এই গ্রাম বাসীয়া যদি জানিয়া থাত তবে অবশ্য সংকারের নিমিত্ত বিনাদকে নদীকলে লইয়া গিয়াছে।"

এই মনে করিয়া বিলাস বাবু ছাদের উপর উঠিলেন, তথা ছাইতে বিনোদের গৃহাভ্যান্তর কিছুই দেখা যায় না, কেবল প্রাক্তনন্থ আত্রবক্ষের উদ্ধৃভাগ দেখা যায়, তথায় শকুনি প্রভৃতি মাংস ভুক্ পক্ষী মাত্র দেখিতে পাইলেন না, কুকুর দিগের কলহ ধ্বনি শুনিতে পাইলেন না অতএব মনে করিলেন যে নিশ্চয় বিনোদকে সংকারের নিমিত্ত প্রতিবাসীরা লইয়াগিয়াছে। আবার ভাবিলেন, ''আমিও ত প্রতিবাসী, নিকট এবং আত্মীয়, আমাকে ভাকে নাই, তাহাতেই বোধ হইতেছে সকলে জানিতে পারিয়াছে, নতুবা আমাকে ভাকিত।''

এইরপ ভাবিতে ভাবিতে বিলাস ছাদ হইতে অবতরণ করিয়া আপন কক্ষে যাইতেছিলেন এমত সময় পথে কনিষ্ঠা সহোদরার সহিত সাক্ষাৎ হইল। এক রাজের মধ্যে বিলাসের মুখসাধুরী একেবারে পরিবর্ত্তন হইয়া গিয়াছে। চর্ম শুক ইইয়াছে, চক্ষু

३२७

তেজাহীন, কেশ রুল্ম এবং কণ্টকবং হইয়াছে; বিলাস বাব্
থান কত দিনের রোগী। তাঁহার ভগিনী হঠাৎ তাঁহার এই
পরিবর্তন দেখিয়া তাঁহার ম্থপ্রতি চাহিয়া রহিল। লজ্জা
বতী কথন জ্যান্তের সন্থাথ মুখ তুলেনাই অদ্য চাহিয়া রহিল।
কিনোদ ভাবিলেন সহোদ্যাও সকল শুনিয়াছে তাহারও আমার
প্রতি ঘুণা হইয়াছে। বিনোদ সহরে আপেন ঘরে লুকাইলেন,
কিঞ্জিৎ বিলম্বে জানেলার রন্ধু দিয়া দেখিলেন পাকশালার
ঘারের নিকট দাঁড়াইয়া ছুইটি প্রতিবাসীর কন্যা অতি মৃত্ত্বরে
কথা কহিতেছে আর, একবার একবার এদিগ শুদিগ চাহিতেছে
বিলাস বাব্ নিশ্চয় বুঝিলেন তাঁহারই কথা হইতেছে। এই সময়
তাঁহার সহোদরা আনিয়া প্রতাধর মধ্যে অঞ্চলাগ্র দিয়া তাহা
দের প্রতি একদৃষ্টে চাহিয়া দাড়াইয়া রহিলেন। বিলাশের
সন্দেহ হইল যে নিশ্চয় আমার কথা হইতেছে।

আবার ক্ষণেক বিলম্বে অন্য জানেলা খুলিয়া দেখেন পথে স্থানে স্থানে ত্ই চারি জন লোক দাঁড়াইয়া কথা কহিতেছে। বিলাস ভাবিলেন অন্য দিনত এত কথা বার্ত্তা লোকে কহিত না, অদ্য সকলে কেবল আমারই কথা কহিতেছে। আমি কি কুকার্যাই করিয়াছি।

বিলাস বাবু অতি ব্যথিত হইয়া পুনরায় শয়ন করিলেন।
এই সময় এক জন বুদ্ধা অপরের সহিত কলহ করিয়া পথিমধ্যে আপনা আপনি ছই একটি তিরস্কার ছড়াইতে ছড়াইতে
যাইতেছিল। বিলাস বাবু অনামনক্ষ ছিলেন বুদ্ধার কেবল এই
কথাগুলিন শুনিতে পাইলেন ''অমন লোকের গলায় দড়ি,
ছি! যারে হাড়ি বাদ্দীতে গালি দেয়, ঝাঁটা মারিতে চায় তার
আবার বাঁচা কেন।'' বৃদ্ধা জ্ঞাতিতে বাদ্দী। বিলাস বাবু
ভাবিলেন "এই গালি লোকে পথে আমারই উদ্দেশে দিতেছে।

#### ভ্রমর।

যদি এ যাত্রা রক্ষা পাই তবে আর কখন বাটীর বাহির হইতে পারিব না।''

### ত্রয়োদশ পরিচেছদ।

বেলা তৃতীয় প্রহর অতীত হইলে দেঁতোর মা গোপালবাবুর অন্তঃপুরে অসিয়া গোপাল বাবুর পরিবারকে প্রণাম করিয়া নিকটে বদিল, গোপাল বাবুর স্ত্রী তাহাকে আশীর্কাদ করিয়া জিজ্ঞাসা করিলেন, "দেঁতোর মা, তুমি এত দিন কোথা ছিলে ?" দেতোর মা উত্তর করিল, "আমি জেলখানার নিকট একটি গৃহত্তৈর বাটীতে আছি, আমাদের বাবুকে দেখিতে পাব বলে সেইখানে গিয়াছিলাম। ভাবিয়াছিলাম, একান্ত দেখিতে না পাই, তথাপি তাঁহার নিকটে আছি, এই মনে করিতে পারিলেও আমার স্থুখ হবে। প্রথম প্রথম তাঁকে দেখিতে পাই নাই, এক এক দিন জেলখানার ভিতর সন্ধার সময় বড় গোল হইত; কেন গোল হইত তথন আমি তাহা জানিতাম না, কিন্তু আমার প্রাণের ভিতর কাঁদিয়া উঠিত, কত দেবতার নিকট মানিতাম যেন আমাদের বাবুর আবার কোন বিপদ না ঘটে।" এই বলিতে বলিতে দেঁতোর মা অঞ্চল দিয়া আপনার চক্ষের জল মুছিলেন, যাঁহারা সেখানে বসিয়াছিলেন, একে একে সক্রলেই চক্ষু মুছিলেন। তাহার পর দেঁতোর মা বলিতে লাগিল, "এক-দিন বাবুকে দেখিতে পাইলাম, তিনি অন্য কয়েদীর সঙ্গে পুঞ রিণীতে স্নান করিতে আসিয়াছিলেন। একে স্বভাবতঃ শান্ত, তাতে লজ্জার স্থণার একেবারে মাটি হইয়া গিয়াছেন। অন্য ক্ষেদীরা হাসিতে হাসিতে কথা কহিতে কহিতে আসিল, আসিয়াই

ঝপ ঝাপ করিয়া জলে পড়িল, কেছ সাঁতার দিতে লাগিল, কেহ গীত গাইতে লাগিল, কেহ জল ছডাইতে লাগিল, পুকুর একেবারে তোলপাড় করিয়া ফেলিল। আমাদের বাব গীরে ধীরে জলে নামিলেন, কোন দিকে ফিরেও চাহিলেন না, কালারও সহিত কথাও কহিলেন না, পোড়া লোকেরা কেহ একটা কথা তাঁকে জিজ্ঞাসাও করিল না। আমি মনে মনে বলিতে লাগিলাম, হে ঠাকুর, বাবু একটা কথা কছেন ত আমার কাণ জুড়ায়, একবার একটু হাসেন ত আমার প্রাণ জুড়ায়। ওমুগ কগন হাসি ছাড়া ছিল না। হাসি দূরে থাক, একটি কথাও ক*হি*লেন না, পরে বাবু জলে দাড়াইয়া সন্ধ্যা আহ্নিক করিতে লাগিলেন। আমি দাঁডাইয়া মুখ থানি দেখিতে লাগিলাম: শেষ্থণন বাব হাত মোড় করিয়। সূর্যের দিকে মাণা তুলিলেন, আমার বুক উথলে উঠিল। আমি ঠিক বুঝিতে পারিলাম বাবু মনোবেদনা সূর্যা-আমিও দেইখানে কল্পী রাখিয়া দেবকে জানাইতেছেন। তেমনি করে হাত যোড় করিয়া সুর্যোর কাছে কাঁদিলাম। বলি ঠাকুর, তুমিই এসংসারে সত্য, তুমি সকল দেখিতেছ, রাত্ দিন করিতেছে, বাবু যে নির্দোষী তা জেনেও কেন আর ছু:খ দেও ঠাকুর! যেমন করে তুমি অন্ধকার নষ্ট করিয়া থাক, একবার তেমনি করে বাবুর শত্রু নষ্ট কর, দশে ধর্মে দেখুক। তার পর সন্ধ্যা করা হইলে বাবু সকলের সঙ্গে চলিয়া গেলেন। সেই দিন ভিন্ন আর আমি বাবুকে দেখিতে পাই নাই। কিন্তু যথনই বাবুর যোড় হাত মনে পড়িত তথনই কেদেঁ উঠিতাম।"

গোপাল বাবুর পরিবার জিজ্ঞাসা করিলেন, ''তুমি কি এখন সেধানকার চাকুরি ছেড়ে এসেছ ?''

দেতোর মা বলিরা উঠিল, '' আসল কথা ভূলিরাগিরাছি। যদিও বাবুকে আর দেখিতে পাই নাই, কিন্তু মধ্যে সধ্যে বাবুর সন্ধাদ পাইতাম; বাব্র বড় শক্ত পীড়া হইয়াছিল। বোগ দেখে সাহেবেরা ভাঁহাকে কাল ছাড়িয়া দিয়াছে। এই কথা আজ প্রাতে শুনে তাই দৌড়ে এলাম; কিন্তু দেখা হল না, মাঠাকুরাণী এখনও দার খুলেন নাই; পাছে পাঁচ জনে পাঁচ কথা বলে, তাই বৃঝি লজ্জায় দার খুলেন নাই, তা হোক খেদ মিটিয়ে একা সেবা করুন, আমি না হয় পরশ্ব সেবা করিব, তিনি যে এখন আপনার ধন চিনিতে পারিলেন এই আমাদের স্থথ। তা, মা আজ আর কোথা ভাব, বলি, তোমার ঘরের এক পাশে পড়ে থাকি।"

গোপাল বাবুর স্ত্রী তাহাকে থাকিতে বলিয়া স্বামীর নিকট যাইয়া কহিলেন, যে "বিনোদ বাবু বড় পীড়িত বলিয়া সাহেব র্ভাহাকে থালাস দিয়াছে। তিনি গত রাত্রে বাটী আসিরা থাকি বেন কিন্তু শৈল এপর্যান্ত দার খুলে নাই বলিয়া আমার বড ভয় হইতেছে, তুমি লোকদারা একবার সম্বাদ জান। আপনি चार (म स्थापन गरिवात धारमाजन नारे।" (गानान वाव काकू-ঞ্চিত করিয়া জিজ্ঞাদা করিলেন, "তোমায় এদখাদু,কে দিল ?" . তাঁহার পরিবার দেঁতোর মা ও ছুই একজন প্রতিবাসিনীকে দেখা-ইয়া দিলে গোপাল বাবু স্বাগত প্রশ্ন করিয়া কিঞ্চিং চিন্তিত হইলেন; শৈল এ পর্যান্ত কেন দার খুলে নাই, তাহা স্থির করিতে পারিলেন না। রাত্রে বিনোদকে লইয়া যাইবার সময় রামদাস সন্নাদী বাটীর ভিতর হইতে দার রুদ্ধ করিয়া প্রাচীর উল্লভ্যন পূর্বক প্রস্থান করিয়াছিলেন এ সম্বাদ কেইই জানিত না, স্কুতরাং সকলেই ভাবিরাছিল শৈলই দার কন্ধ করিয়া ঘরে রহিয়াছে। শেষ গোপাল বাবু বহি-ৰ্কাটীতে আসিয়া জনেক সরকার দ্বার। দারগার নিকট সম্বাদ পাঠাইলেন।

ক্রমে অপরাহ্ হইয়া আবুসিল। গোপাল বাবু আপন ৰাটীর

সন্মুখে এক পুল্পোদ্যানে বিসমা কি ভাবিতেছেন, নিকটে তাঁহার কন্যা দাড়াইয়া একটি গোবৎসের সহিত সর্ক্রনিষ্ঠ লাতার
ক্রীড়া দেখিতেছে। নববৎসটি এক একবার দৌড়িয়া আদিয়া শিশুর সন্মুখে দাঁড়াইতেছে; শিশু তাহাকে ধরিবার নিমিত্ত
ক্রুদ্র হস্ত প্রসারণ করিতেছে আবার বৎসটি পূর্ক্রপ দৌড়িয়া পলাইতেছে, আবার আসিতেছে, একবার একবার আল্লাণ লইবার
নিমিত্ত শিশুর মন্তকের নিকট নাসা বিস্তার করিতেছে, শিশু চন্দু
মুদিয়া কাঁদিয়া উঠিতেছে। বৎস অপ্রতিভ হইয়া অমনি পলাইতেছে।

এই সময় বিলাস বাবু তথায় আসিলেন, আসিবার ভঙ্গী দেখিয়া গোপাল বাবুর কনা। তাহার আপাদ মস্তক-দেখিতে লাগিল। পদময় অচল হইয়াছে, কিঞ্জিৎ বক্রভাবে ভূমিম্পর্শ করিতেছে। গোপাল বাবুর কনা। ভাবিল পায়ে বেদনা হইয়া থাকিবে। বিলাস বাবুর সন্মুখদৃষ্টি ঘূচিয়া প্রায় পার্খদৃষ্টি হইয়াছে। গোপাল বাবুর কন্যা ভাবিল বিলাস বাবু টেরা হইয়াছেন। বিলাস বাবু প্রায় পাঁচ ছয় মাস হইবে গোপাল বাবুর বাটীতে আসেন নাই।

বিলাস বাবু আসিয়া দ্বে দাছাইলেন; গোপাল বাবুর দৃষ্টি আকর্ষণ করিবারুলনিমিত অন্ধ শক করিলেন। গোপাল বাবু তাহার প্রতি চাহিবামাত্র বিলাস বাবু বাষুতে মাথা ঠুকিলেন, অর্থাৎ আধুনিক না ইংরাজি না মুসল্মানী কেতায় সস্তামণ করিলেন। গোপাল বাবু অন্যমনস্কর্মতঃই হউক আর ইচ্ছাপূর্ব্বকই হউক, সে সন্তামণ বাহু আহণ করিলেন না। বিলাস বাবু ভাবিলেন, আমাকে গোপাল বাবু ভাল চিনিতে পারেন নাই, অতএব হুই এক পদ অগ্রস্বর হইয়া স্বর পরিকার করিবার নিমিত্ত হুই এক

বার কাসিলেন, পরে বলিলেন, "গোপাল বাবু ভাল ফাছেন? কলা রাত্রে আমি এখানে ছিলাম না, তাই ভাবিলাম যে, সে কণাটা একবার আপনাকে বলে আসি আর একবার দেখা করে আসি, অনেক দিন দেখা হয় নাই।" গোপাল বাবু ঈষং জকুঞ্চিত করিয়া জিজ্ঞাসা করিলেন "আপনি ভাল আছেন ?" বিলাস বাবু কৃতার্থ হইয়া বলিলেন "আমাকে" 'আপনি' 'মহাশয়' এ সকল কথা কেন বলেন? পুর্বেষ যখন ঐ বৈঠকখানায় বৃসিয়াদিবা রাত্র তাস শ্লেলী ঘাইত তখন ত এ সকল শক্ষ প্রয়োগ করেন নাই: অমি আপনার চিরইয়ার।"

এই সময় দারগা কনেষ্টবল সমভিব্যাহারে গোপাল বাবুর গেটের ভিতর প্রবেশ করিলেন। বিলাস বাবুর মুখ শুকাইয়া र्छील, र्जिन शलाध्वात डेमाम कतिरलन । मात्रशा डेशशमञ्चरल বলিলেন, ''বিলাস বাবু পলাও কেন?'' বিলাস বাবু সভা সভাই পলাইলেন। যেদিগে গেট সেদিগে কনেষ্টবলগণ ছিল বলিয়া অন্য দিগে ছুটিলেন, কিন্তু অল্ল দূরে গিয়াই দেখেন সমূথে প্রাচীর। প্রেদান্যানের চারি দিগে প্রাচীর আছে তাহা বিলাস বাবু বিল-ক্ষণ জানিতেন কিন্তু পলাইবার সময় সে কথা মনে আসিল না। সম্বাথে প্রাচীর দেথিয়া বিলাস বাবু তাহা উল্লন্জন করিবার एक्ट्री क्रिलिन किन्न कार शांतिरलन ना, शिक्स (शरलन । वि-লাস বাবু কেন পলাইলেন একথা গোপাক বাবু কি দারগা কেহই বুঝিতে না পারিয়া উভয়ে বিলাস বাবুর পশ্চাং পশ্চাং গেলেন। বিলাস বাবু ভূমি হইতে উঠিয়া দেশেন দারগা নি-কটে দাঁড়াইয়া। তথন অনন্যোপায় হুইয়া বলিলেন ''যুখন আ-পনি সকলই জানিয়াছেন, তথন আমি আর কৃত দূর পলাইব: আমি ধরা দিলাম কিন্তু সত্য করে বলুন আমার কি ফাঁসি ছবে প আমি খুন করেছি সত্য, কিন্তু ইচ্ছাপূর্ব্বক কি জানত খুন করি

নাই; অন্ধকারে বুকে পা দিয়াছিলাম তাতেই বিনোদের প্রাণ বাহির হইয়া গিয়াছে।"

গোপাল বাবু চীৎকার করিয়া উঠিলেন। তবে কি-''বিনোদ নাই!''

বিলাস বাবু বলিলেন, "বিনোদ নাই, কলা রাত্রে প্রাণত্যাগ ক্রিয়াছেন, দ্রেগা মহাশয় তা সকল জানেন।"

দারগা মহাশয় আর কোন উত্তর না করিয়া বিলাসকে গ্রেপ্তার করিলেন। সজোরে হাতক্তি ক্ষিতে, বিলাসকে লাগিল। বিলাস চীৎকার করিয়া উঠিলেন গোলমাল শুনিয়া প্রতিবাসীর। চারি দিগে আসিয়া দাডাইল।

ক্রেস্খ:

## অনন্তা।

পৃথিবীর একটি নাম অনুস্তা। যথন লোকের বিখাদ ছিল য়ে পৃথিবী অনস্তত্তবন এই নামটি দেওরা হইয়াছিল, কিন্তু কেহ কেহ এই পুরাতন নামটি কাজিয়া লইতে চাহেন। তাঁহার। বলেন "নে পৃথিবী মিথাা প্রবঞ্চনা করিয়া আমাদিগের নিকট হইতে এই নামটি লইয়াছিলেন এক্ষণে তাঁহার অস্ত পাওয়া পিয়াছে; কতকট। তাঁহার চরিত্র জানাগিয়াছে আর তাঁহাকে আমবা মিথাা নাম ধরিয়া ভাকিব না।"

কিন্তু আবার অনেকে এই মতের বিরোধী আছেন; তাঁহা-দের বিশ্বাস আছে যে পৃথিবী বাস্তবিক অনস্ত। বাঁহারা এই মতাবলম্বী তাঁহারা পৃথিবীকে ভাল বাসেন; তাঁহাদের সম্প্রদায়ে প্রায় প্রাতন লোকই অধিক; তাঁহারা অনেককাল পর্যান্ত এই পৃথিবীতে বাস করিয়া আসিতেছেন কাজেই ক্বভক্ত; প্রাচীনা 300

পৃথিবীকে অসম্ভব গুণে অলঙ্কৃত করিতে চাহেন। কিন্তু অন-স্তত্ব একটি মহাগুণ, কেবল সময় জার শৃন্য ভিন্ন তাহা আর কাহারও লক্ষবে না।

পৃথিবী অনস্ত এ বিশ্বাসটি বড় স্থথের, যাঁহাদের এ বিশাস আছে তাঁহারা ভাবেন যে দিকে হউক যত দ্র যাইতে ইচ্ছা ততদ্র যাওয়া যায় তথাপি পৃথিবীর শেষ হয় না। বাস্তবিক এই কথা ভাবিয়া দেখিতে পারিলে চমৎকার বোধ হইবে। এক দিক্ অবলম্বন করিয়া লক্ষ লক্ষ বৎসর গেলেও পৃথিবীর সীমা পাওয়া যাইবে না, আরও আছে, তাহার পর আরও আছে, আবার লক্ষ বৎসর যাও তথাপি আরও আছে; আবার কোটি বৎসর যাও তথনও পৃথিবীর শেষ হয় নাই; শেষ নাই; আরও আছে।

অনস্ত অন্তবাসাধ্য, যত দ্ব সাধ্য তত দ্ব স্থাদ, আমরা এ স্থ সহজে ছাড়িতে চাহি না। আমাদের শাস্ত্রে পৃথিবী অনস্ত বলিয়া পরিচিত, আমরাও তাছাই স্বীকার করিয়া লইলাম। ইয়ার মধ্যে একটি কথা আছে; স্থ্য প্রতিদিন সন্ধ্যার সময় পশ্চিম দিকে অস্তে গিয়া আবার পর দিন প্রাতঃকালে পূর্ব্ধ দিকে আসিয়া উদর হয়েন, পশ্চিম হইতে পূর্ব্ব দিকে আসিতে হইলে অবশ্য তাঁহাকে পাতাল দিয়া আসিতে হয়; কিন্তু তিনি কোন্ পথ দিয়া পাতালে নামিয়া থাকেন? পৃথিবী অনস্ত, যেথানে নামিবেন সেইথানেই পৃথিবী ঠেকিবে। তবে স্বীকার করিতে হইল পশ্চিম দিকে কোথাও একটি বহৎ গর্ভ আছে; স্থ্য সেই গর্ভ দিয়া অবতরণ করিয়া পাতালে যান, আবার পূর্ব্ব দিকে ঐয়প আর একটি গর্ভ আছে সেই পর্ত্ত দিয়া উদয় হন। স্থ্যের আবার দক্ষিণামন উত্তরায়ণ আছে। দক্ষিণ হইতে ক্রমে ক্রমে উত্তরে সরিয়া আইসেন আবার উত্তর হইতে সরিয়া সরিয়া দক্ষিণে যান। তাহাহইলে উদয়াস্তের গর্ভগুলিন অতি দীর্ঘ

হইবে; উত্তর দক্ষিণে বহুদূব ব্যাপিরা লম্বা; নতুবা উদয়াস্ত এক স্থানেই হইত।

আবার নক্ষত্র গ্রহাদিরও উদয়াস্ত আছে। কোন নক্ষত্র অতি দক্ষিণে উদয় হয় অতি দক্ষিণে অস্ত যায়; আবার কোন নক্ষত্র অতি উত্তরে অস্ত যায়। দক্ষিণ হইতে উত্তর পর্যান্ত এমন কোন স্থান নাই যে একটি না একটি নক্ষত্র সেই স্থানে উদয় হয় না কি অস্তে কায় না। তাহাহইলে যে গর্তে স্থা উদয় হন বা অস্তে যান সে গর্ত অতি দক্ষিণ হইতে অতি উত্তর পর্যাস্ত ব্যাপিয়া আছে অর্থাৎ উদয়াস্তের নিমিত্ত পৃথিবীর পূর্ব্বে পশ্চিম উভয় পার্শে একাদিক্রমে লম্বা গর্ত আছে। সেই গর্তের সীমাই পৃথিবীর সীমা, তাহাহইলে আর পৃথিবী অনন্ত নহেন পৃথিবীর অস্ত নির্দেশ হইল।

কিন্তু হিন্দুশাস্ত্রকারদিগের কৌশল অপার। তাঁহারা এই সময় চকু মৃদিত করিয়া ব্লিলেন, পাতাল হইতে পুর্যা উদয় হয়েন না, তিনি পশ্চিম হইতে পাতাল দিয়া পূর্ব্র দিকে উদয় হইতে যান না, স্থানিকেবল স্থামক পর্বাত বেস্টুন করিয়া যুরেন; স্থামেকর পার্যে গেলে অস্ত বলি; আবার অপর পার্য্ম হইতে বহির্গাত হইলে উদয় বলি। এ বড় মন্দ কথা নহে। শাস্ত্রকারেরা বলেন স্থানক স্থাকান্তরা আছে। বখন তাঁহাবা বৃক্ষান্তরালৈ প্র্যা দেখেন তখন ভাবেন স্থা স্থামকর অস্তরালে যাইতেছেন অথবা স্থামকর অস্তরাল হইতে বহির্গাত হইতেছেন। সম্দ্রক্লে দাঁড়াইয়া জলরাশির পার্য হিইতে স্থাকে বখন উঠিতে দেখেন তখন ভাবেন এই জলের পার্যে অবশ্য স্থামক আছে স্থ্যা স্থামকর পার্য হিততে বাহির হইতেছেন।

বিনিই স্মুদ্রকূলে হর্ষ্যের উদয়াস্ত দেখিবেন তিনিই বোধ

হয় সুমেক সম্বনীয় প্রস্তাবে হাস্য ক্রিবেন: কিন্তু শাস্তে গাঁহা-দের অচলা ভক্তি মাছে, তাঁহাদের কথা স্বতন্ত্র। অন্যে স মুদ্রকলে পাঁড়াইয়া জলরাশি হইতে স্থাঁকে উঠিতে দেখিবেন শাস্তভক্রা দেইথানে দাড়াইয়া স্থ্যকে পর্বত পার্য হইতে বহিৰ্গত হইতে দেখিবেন; ওথানে পৰ্বত কৈ গজিজাসা ক-तित्न विलियन अवश्रुष्टे आह्न, भाख मिथा। इट्वांत नत्ट, পৰ্কত পাষাণময়, দূরে আছে বলিয়া দেখা যাইতেছে না, সূৰ্য্য সেই পর্বতের পার্শ্ব হইতে যখন ক্রমে বহির্গত হইতে থাকেন তোমরা তথ্ন সূর্য্য উদয় হইতেছেন বল। যদি এই কথার প্রত্যুত্তরে জিজ্ঞাসা কর যে, স্থমের কি দক্ষিনায়নের সময় দ ক্ষিণ দিকে উত্তরায়ণের সময় উত্তর দিকে সরিয়া যান ? এই-রূপ সরিয়ানা গেলে হুর্যা উদয়াত একস্থানে হইত। শাস্ত্র-ভক্তরা এই কথার উত্তর কি দেন তাহা আমরা জানি না কিন্ত আমরা এই পর্যান্ত জানি যে শাস্ত্রে তাঁহাদের বিশ্বাস অচলা ত্দ্নিকদ্ধে যতই শুকুন বা যতই দেখুন কথন সে বিশ্বাসের অনুথাহয় না। ধর্ম বিষয়ে এরপ অচলাবিশাস উপকারী। এই দুচতার বলে হিন্দুধর্ম এত দীর্ঘজীবী হইয়াছেন; কিন্তু এই দৃঢ়তার দোষে আম।দের দেশ হইতে বিজ্ঞানদেবী অন্তহ্নিত হইয়াছেন।

স্থাসিদ্ধান্তের মত শাস্ত্রের বিরোধী বলিয়া এ দেশে কেই তাহা প্রাহ্ন করিল না, কিন্তু এক্ট্রে দেখা যাইতেছে যে, সেই মত সপ্রমাণিত হইরাছে। স্থাসিদ্ধান্তের মতে পৃথিবী কদম্ব ক্স্মাকার: স্থাকে বেষ্ট্রন করিয়া ঘ্রিতেছেন। বিলাতীর বিজ্ঞানবিদের।ও এই মত অবলম্বন করিয়া অন্য অনেক কথা প্রতিপন্ন করিতে পারিয়াছেন।



## 

## মাসিক পত্র ৷

১ম থও।

व्याधिन ১२৮১।

৬ দংখ্যা।

## কণ্ঠমালা।

### চতুর্দ্দশ পরিচেছদ।

বিনোদের ছরদৃষ্টে যাহা ঘটরাছিল তাহা এই স্থুথ সংসারে সচরচের ঘটে না। তজ্জনিত বিনোদের যে চিত পরিবর্ত্তন ঘটিয়াছিল, তাহাও প্রায় সর্বাদা দেখিতে পাওয়া যার না।

বিনোদের পক্ষে শৈল এ সংসারের এক মাত্র গ্রন্থিছিল: সে প্রস্থি ভি'ড়িল। বিনোদের চক্ষে সকলই শূন্য বলিয়া বোধ হুটতে লাগিল: তাহার পর তিনি ভাবিতে লাগিলেন সংসার অকারণ, পৃথিবী অকারণ, সৃষ্টিই অকারণ।

নিম্নোদ্ধত কয়েকথানি পত্র দারা বিনোদের মনের অবস্থা কতক অনুভূত হইতে পারে। এই পত্রগুলিন বিনোদ সময়ে সমবে শস্তুকে লিখিয়াছিলেন। কোন পত্তে শৈলের স্পষ্ট উল্লেখ নাই, কিন্তু তাহা না থাকুক, মনের যন্ত্রণায় যে পত্র- গুলিন লিখিত হইয়াছিল তাহা এক প্রকার ব্ঝিতে পারা যায়।

#### প্রথম পত্র।

বেখানে পাঠাইয়ছিলে আমি সেই থানেই আছি। স্থানটি চমৎকার নির্জ্জন; যে কয় দিন বাঁচিট্ইচ্ছা হয় থেন এই খানেই থাকিতে পাই। পূর্ব্বদিগের জানেলা খোলা গাকে: পালঙ্কে শুইয়া আমি সেই দিগে সর্ব্বদা চাহিয়া থাকি, কেবল পূথিবী দেখি। আকাশ, প্রাস্তর, আর মধ্যে মধ্যে রক্ষ ব্যতীত এদিকে আর কিছুই নাই। মনুষ্য সমাগ্য একেবারে নাই।

এই মাত্র বড় বৃষ্টি হইয়া গিয়াছে। আকাশপরিস্কার হইয়াছে। চুর্কাদল, রক্ষ পত্র, হুর্যা কিরনে নক্ষত্রের নাায় জনিতেছে। নানা বর্ণের প্রজাপতি উড়িতেছে; পক্ষীরা কোলাহল আরম্ভ করিয়াছে। এক একটি পক্ষী একা বিদিয়া প্রাণ ভরিয়া চীৎকার করিতেছে: ভাহারা কিছু চাহেনা, কাহারেও ডাকে না, অগচ আপন মনে চীঃকার করিতেছে। আমার ইচ্ছা হর আমিও ঐ কুপ একবার প্রাণ ভরিয়া চীৎকার করি. কিছু প্রের না! ইতি

#### দ্বিতীয় পত্ৰ।

এক্ষণে আমি এক একটু চলিতে পারি, অদ্য প্রতে শ্যা হইতে উঠিরা প্রায় দ্বার পর্যান্থ বাইতে পারিয়াছিলাম। আমি এক দূর চলিতে পারি দেখিয়। আমার আনন্দের আর সীমা ছিল না, নবশিশু ছুই এক পদ চলিতে পারিলে যে রূপ আপ-নাকে অসামান্য মনে করিয় আনন্দে হাসিতে থাকে, আমার ও সেই রূপ হইয়াছিল। আমি বে আর কথন চলিয়াছিলাম কি চলিতে পারিতাম তাহা অসের মনে ছিল না। আমার চলিতে ইচ্ছা কেন, চলিতে এত যত্ন কেন, এত আনন্দ কেন তাহা বঝিতে পারি না। ইতি

### তৃতীয় পত্র।

অদ্য কবিরাজ আসিয়াছিলেন। তিনি সনেকক্ষণ পর্যান্ত পরীক্ষা করিয়া শেষ বলিলেন " আর ভয় নাই আপনি এ যাত্রা রক্ষা পাইলেন।" অমনি আমি অংহলাদে তাঁহার হাত ধরিয়াছিলাম। হাত ধরিয়াই সকল মনে পাড়িল। আমার আহলাদ কেন? সম্প্রতি অনেকবার ভাবিয়া ছিলাম জীবনে আর আমার ইচ্ছা নাই; মরিলেই ভাল। কিন্তু সে কণা মিণ্যা; অদ্য ধরা পড়িয়াছি। বাচিতে আমার বড় ইচ্ছা! কিন্তু কেন?

আমার মত ছুর্ভাগ্যেরও এ পৃথিবীতে অবশ্য কিছু ইংখ আছে, নতুবা বাঁচিতে ইচ্ছা কেন। কিন্তু সে স্বথ কি?

আমার যে আর কিছুই ভাল লাগে না একথা আমি বলিতে পারি না। ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষীদল প্রাতে ঐ ক্ষুদ্র পূপা বৃক্ষে বুনিয়া কত কথা বুলে, কত কলহ করে, কত বার উড়ে কতবার বৃদ্যে, কত প্রথম ইরা দেলে, আমি তাহা দেখিতেভাল বাসি। প্রজাপতি গুলিন উড়িতেছে, কথন শুন্যে উঠিতেছে, কথন নামিতছে, একের পশ্চাতে অপরটি ছুটিতেছে, প্রথমটি আবার পলাইতেছে; আমি তাহা দেখিতে ভাল বাসি। বড় বড় তরু সকল স্থির ইইয়া দাড়াইয়া আছে, যে থানে অনিয়াছিল সেই থানেই দাড়াইয়া আছে, কতবার ছ্লিয়াছে একবারও সরে নাই; আমি তাহা দেখিতে ভাল বাসি। অতি প্রত্ত রৌলে বৃহৎ বৃহৎ পক্ষীরা উচ্চ আকাশে উঠিয়া তিলবৎ আকারে ঘুরিতেছে, আমি তাহা দেখিতে ভাল বাসি। ভালবাসি সত্য, কিন্তু কেবল এই সকল দেখিবার নিমিত্ত কালা বাসি। ভালবাসি সত্য, কিন্তু কেবল এই সকল দেখিবার নিমিত্ত কি আমি বাঁচিতে চাহি প কদাচ নহে।

সকল সমর ত এসমন্ত আমার ভাল লাগে না। যথনই ভাবি ঐ বৃহৎ পক্ষী সমন্ত দিন কেবল আহারের নিমিত্ত এই প্রচণ্ড স্থা তাপে উড়িতেছে, অমনি আমার রাগহয়;এই যে স্থলর প্রজাপতিসর্বাদা উড়িতেছে ইহারও আর অন্ত কোন উদ্দেশা নাই, কেবল,আহার খুজিতেছে, মরণ পর্যান্ত কেবল আহারই খুজিবে! কি কন্ত! কি যম্বাণ! ইহারা কেবল আহারের নিমিত্ত জন্মিয়াছে। হে জগদীখর! এই স্থলর প্রজাপতিদিগকে উদ্ধার কর, আর ইহাদের যম্বাণ দেখা ধার না।

কেবল প্রজাপতিরই কথা কেন বলি। জগতের সকল জীবই এইরূপ ষত্ত্রণা পাইতেছে। ভেক মুষিক, হস্তী সিংহ, মসা মাছি, বিহল বানর সকলেই কেবল আহার অন্থেষণ করিতেছে, তাহা দের আর কোন ইজা নাই, কোনউদ্দেশ্য নাই। হে জগদীখর! তাহাদের কেবল কি আহার করিতে পাঠাইয়াছ?

কেবল এই সকল জীব জন্ত কেন? মন্থ্যই বা কি পূ তাহাদের মধ্যে অধিকাংশের উদ্দেশ্য কেবল আহার। লক্ষ লক্ষ মন্থ্য নিত্য জন্মিরাছে; লক্ষ লক্ষ নিত্য মরিলাছে; কিন্তু আহারভিন্ন তাহার। আর কি করিয়া গিয়াছে। এই রূপ কত কাল অবধি মন্থ্য জন্মিতেছে মরিতেছে, তাহাদের সংখ্যা—হে জগদীখর—তাহাদের সংখ্যা একবার আমার হৃদ্যে অন্তত্ত করাইয়া দেও; একবার আমি তাহা ভাবিয়া দেও। এই অসংখ্য অভাবনীয় মন্থ্য রাশি কি কেবল আহার করিবার নিমিত্ত স্থজিত ইইয়াছিল পূ তাহারা এখন কোথায় পূ তাহাদের এক্ষনে আর কি চিক্ত আছে! তাহারা কেন জন্মিরাছিল পূ সত্য সত্যই কি কেবল আহার করিতে জন্মিরাছিল পূ তাহা যদি হয়, তবে—হে ঈশ্বর—এজীবন অনর্থক, এ দেহ বৃথা, আমি ইহা চাই না, তোমার পৃথিবী মিথাা। প্রত্যহ তোমার দেই দিন

সেই রাত্রি; সেই স্থ্য, সেই চক্ত; সেই বৃক্ষ, সেই লতা; সেই জল, সেই ভূল; আর আমার সহে না; আমার শেষ কর।

শেষ কি ? মৃত্যু! তাহার পর—পরকাল। তাহাও কি এই রূপ উদ্দেশ্যরহিত ? কে জানে, কে বলিতে পারে। পরকাল যে দেখেছে সে কেরে নাই; তৎসম্বন্ধে যে যাহা বলে সে কেবল অন্তব মাত্র; শাস্ত্রের কথাও কেবল অন্তবমূলক। কিন্তু পরকাল এক নিমিষের পথ, আমি এখনই দেখিলে দেখিতে পারি; ইহকাল আর পরকালের মধ্যে অতি কুল্লাছেদ, এখনই তাহা লজ্মন করিতে পারি। এক পদ গেলেই সরলোক দেখিতে পাই; কিন্তু তাহা দেখিলে আর ফিরিবার উপায় থাকিবে না। তথন যদি ভাল না লাগে ? তথন যদি পরলোক অপ্রেক্ষা ইহলোক ভাল বোধ হয়, তবে কি উপায় হইবে ?

আমি মরিব না, পরলোক আনি চাহি না। চাহি না বাকেন বলি, মরণ আছেই; মৃত্যু অল্ডবনীয়, অপরিহার্য্য, যে জারিরাছে সেই মরিরাছে অথবা মরিবে। তুমি নিশ্চর মরিবে। আর্থিও নিশ্চর মিট্রব। সমর উপস্থিত হইলে যত্ত্বে কি ঔষধে রক্ষা করিতে পারিবে না। অতএব আমার ইচ্ছা অনিচ্ছা রুখা।

মরণ নিশ্চিত, এই পাপ সংসার হইতে যে উদ্ধার হইব তাহ। কাজেই নিশ্চিত; তবে মরিতে অনিচ্ছা কেন? মরিতে ভর কেন? বাঁচিব শুনিলে আহল,দ কেন? মনের এ সকল গতি কিছুই বুঝিতে পারি না।

প্রকালের প্রতি সন্দেহই কি এই ভয়ের কারণ ? তাহা হইলেও হইতে পারে। তবে প্রকালের প্রতি যাহাদের বিখাস আছে, যাহারা প্রকৃত ধর্মপ্রায়ণ, বোধ হয় মরিতে কেবল তাঁহাদেরই ভয় হয় না।

এ সকুল চিস্তা আমার পক্ষে এক্ষণে গুরুতর হইরা পড়ি-

#### ভ্রমর ।

য়াছে। কিন্তু বোধ হয় তোমার ভাল লাগে না। অতএব ক্ষান্ত হইলাম। ইতি

## চতুর্থ পত্র।

তোমার বয়স হইয়াছে, অনেক দেখিয়াছ, অনেক শুনিয়াছ, কিন্তু বলদেখি কখন কি এ সংসারে উদ্দেশরহিত ব্যক্তি দেখি-রাছ? যে সংসারী, সংসারের স্থুও তাহার উদ্দেশ্য: যে সন্তাসী পরকালের স্থু তাহার উদ্দেশ্য; যে দীনহীন ধনোপার্জ্জন তাহার উদ্দেশ্য; যে ধনবান, প্রতিষ্ঠা তাহার উদ্দেশ্য; এইরূপ সক লেরই একটা না একটা উদ্দেশা আছে। তাহাই উপলক্ষ क्तिया . मकलारे कांग्रा करत, किन्नु गारात উদ্দেশ্য नारे रम कि ·বিষয়ের উদ্যোগ করিবে? সে ব্যক্তি প্রাতে উঠিয়া ভাবিবে কি করিব ? মধ্যাকে বসিয়া ভাবিবে কি করিব ? শয়নকালে দীপ জ্ঞালিয়া ভাবিবে কি করিবং বাস্তবিক এ পৃথিবীতে সে কি করিবে ? তাহার সংঘার নাই যে পরিবারের স্থুখসাধন নিমিত্ত অর্থ উপার্জন করিবে: তাহার সমাজ নাই যে সমাজের উপকার করিয়। স্থান্ত্র করিবে, তাহার ঈশ্বর নাই যে ধর্মানুষ্ঠান করিয়া ট আশা উদ্দীপন করিবে; তাহার কিছুই নাই, দে পৃথিবীতে কেন থাকিবে; তাহার বাঁচিবার প্রয়োজন কি ? সে আপনিই আপনার লোপ করিবে। তাহার আত্মহত্যা অসঙ্গত নতে। সে কতকাল অকারণে আর এথানে থাকিবে? তাহার অবতঃ ভ্যানক !

পূর্বে অরণ্য মধ্যে একটা শালবুক্ষের এই ভয়ানক অবস্থা দেখিরাছিলাম। কিকারণে জানিনা, বৃক্ষটি একসময় অগ্রিদ্ধ হইরাছিল; তাহার কোমল মঞ্জরীগুলিন গিয়াছে, প্রগুলিন গিয়াতে, শাবাগুলিন পণ্যস্ত গিয়াছে, কেবল অঙ্গারাব্শিষ্ট বুক্ষুক্ত

আর ত্রইএকটী মূলশাথার অংশমাত্র রহিয়াছে। চারিদিকে ফলে ফুলে শোভিত বিটপী সমূহ স্থাে তুলিতেছে। তাহার মধান্তলে এই দগ্ধ তরু বাহু পদারিয়া হা হা করিতেছে। স্থ সমীরণ সকল রক্ষের নিকট বাইতেছে, সকলকে ভুলাইতেছে, সকলকে দোলাইতেছে, কেবল এই পোড়া বুক্ষের নিকট যাই-তেছে না। চক্রকিরণ কত স্থার সামগ্রী; সকল তরুকে হাসাইতেছে, আলোকে সকলকে ভাসাইতেছে, কেবল এই পোড়া বৃক্ষকে স্পর্শ করিতেছে না। •চারিদিকে বৃক্ষসকল কোমল স্থবৰ্ণে প্লাবিত হইতেছে, কেবল এই ইতভাগা বৃক্ষন ্যমন আঞ্চারবর্গ তেমনই রহিয়াছে—আবার একা রহিয়াছে। অন্ত কোন বুক্ষ ইহার নিকটে নাই। দেখিলাম কেবল একটা লত। দূরহইতে ক্রমে ক্রমে এই হতভাগ্য তকর মূলপ্রাঙি আসিয়াছে। ভাবিলাম লতা স্ত্রীজাতি, তাহা না হইলে কাত-রের প্রতি এত দ্যা কেন: যাহারে সকলে ত্যাগ করিয়াছে লতা তাহারে আলিঙ্গন করিতে আসিতেছে; লতা সেই অঞ্চা-রাবশিষ্ট দেই আপন পল্লবে আচ্ছাদিত করিয়া আবার ফল ফলে শোভিত করিবে, দগ্ধতককে শীতল করিবে, সতত কাছে থা-কিবে, কোমল বাহু ছারা তাহাকে আপন হৃদয়ে বাধিয়া রাখিবে।

তথন আমার কি ভ্রম ছিল! এখন আমি বুঝিয়াছি লত। কেবল ঐ ভাগাহীন তরুকে অবলম্বন করিয়া আপন দৌলন্ম বিকাশ ক্রিবে বলিয়া আসিতেছিল, দ্যা ভাবে আইসে নাই।

তোমায় যাহা বলিব মনে করিয়া এই পত্রথানি লিখিতে বসি লাম তাহা বলিতে পারিলাম না; বারান্তরে চেষ্ঠা করিব। ইতি

### পঞ্চশ পরিচেছদ।

শস্তু কয়েদি এই শেষ পত্রখানি পড়িয়া কিঞ্চিৎ বিমর্শ হউলেন; হুই তিনবার পাঠ করিয়া রাখিয়া দিলেন। বিনোদ ভাবিয়াছিলেন যে যাহা বলিতে তাঁহার ইচ্ছা ছিল তিনি তাহা পত্রে প্রকাশ করেন নাই; কিন্তু শস্তু ভাবিলেন বিনোদ তাহা সমুদায় প্রকাশ করিয়াছেন।

শস্তু স্থিরনেত্রে অনৈকক্ষণ ভাবিলেন, শেষ আপনাপনি বলিলেন "মনের এ অবস্থা ভাল নহে।"

যে রাত্রে শস্তু বিনোদের এই পত্র পাঠ করিতেছিলেন, সেরাত্রে বিনোদ ছাদের উপর শয়ন করিয়। কত কি ভাবিতে শতিলেন। অনেক কথা ভাবিতে ভাবিতে শেষ তাঁহার দৃষ্টি চল্লের উপর পজিল। অনেককণ চক্র উঠিয়াছে, বিনোদ অনেকবার চক্রের প্রতি চাহিয়াছেন কিন্তু বিশেষ মনোনিবেশ করেন নাই। এইবার চক্রের দিকে চাহিতে চাহিতে মনে হইল যে, এই চক্র-কিরণ কতদ্র ব্যাপিয়া কত পদার্থের উপর পজিতেয়ছে; পর্বতে কলরে, অরণ্যে, সাগরে—যে পর্বতে কথন কেহ যায় নাই, যে কলর আছে কি না কেহ জানে না, যে অরণ্যে ময়ুষ্য কথন প্রশেকরে নাই, বে সাগরে মেঘ ভিন্ন অত্যের ছায়া পড়ে নাই—সর্বত্রে চক্রেকরণ পজিতেছে। এই চক্ররশ্রি হিমালয়ের তুমার রাশিতে জলতেছে; দেবমন্দিরের স্বর্ণচুড়ায় জলতেছে; শাদ্দ্রের চক্ষে জলতেছে; হত্যাকারীর অস্ত্র ফলকে জলিতেছে; ব্যাকারীর অস্ত্র ফলকে জলিতেছে; হত্যাকারীর অস্ত্র ফলকে জলিতেছে; অন্তর্গালিক রক্রপারায় জলিতেছে; আবার কত ছত্যাগ্রের নম্বনাঞ্রতে জলিতেছে।

বিনোদ আবার মনে করিতে লাগিলেন চল্লেরদিকে চাহিতে আমার যে সময় লাগিল এই অল সময় মধ্যে পৃথিবীরু কত স্থানে কত সর্বনাশ হইয়। গেল, চক্র তাহা নিঃশক্ষে দেখিলেন। এই মৃহর্ত্তমধ্যে কতস্থানে কত মনুষ্যজীবন জলবৃদ্বৃদের ন্যায় মিলিয়া গেল।

রাত্রের মৃত্যু ভরানক, নিঃশব্দে, অন্ধকারে মরণ ভরানক। মৃত্যু গৃহে রাত্রে যে আনোক জ্বলে সে আরও ভরানক। রাত্রের যম স্বতস্ত্র। তাহার সঙ্গী পাপ। রাজের যম মহুষ্য ফীবন চুরি করে, পাপ তাহার পরামশী।

দিংহ শার্দ্দ্রের, হিংসা হত্যার সময় রাত্রি। এই সময় কত পথে কত দর্প পথিকের প্রতীক্ষা করিতেছে; কত গৃহে কত কামিনী বিরপাত্র লইয়া জাগিতেছে। স্থলর দর্প মুথে ফেণ, কামিনীর কোমল করে বিষপাত্র, অসঙ্গত, অস্ত্র । কিন্তু প্রীষ্টান ধর্মপুত্তক অনুসারে ইহা সঙ্গত; দর্প ও যুবতী এক দল, একত্রে পরামর্শ করিয়া পৃথিবীতে অনিষ্টের বীজ বপন করিয়াছিল। বোধ হয় দে পরামর্শ রাত্রে হইয়াছিল। দিবস পুণা, রাত্রি পাপ। দিন স্থেণ, রাত্রি হংখ।

রাত্রি খোকের সময়। রাত্রি হতভাগের দিন। আমার মত কত হতভাগ্য এই রাত্রে চল্লের প্রতি চাহিয়া আপন গত অফুশীলন করিতেছে। তাহারা কি আমার মত? আমার মত কি আর আছে? চক্র! তুমি বৃহৎ স্কুল সকল দেখিতেছ; নদীকূলে যে কুদ্রু কুট গুলিন জল হইতে কর্দমে উঠিতেছে তুমি তাহাদিগকে পর্যন্ত দেখিতে পাইতেছ। তুমি স্বরূপ বল আমার মত হতভাগ্য আর দেখিয়াছ? তুমি অনেক দিনের। সীতাশোকে অধীর শ্রীরামের চক্ষের জল দেখিয়াছ; অভিমন্ত্রা শোকাভিত্ত অর্জুনের যন্ত্রণা দেখিয়াছ; নলরালার উন্মত্তভা দেখিয়াছ,ছোট বড় দেব মানব,কত লোকের পুত্রশোক, পত্নী-শোক দেখিয়াছ। কিন্তু স্বরূপ বল আমার মত শোকের আধার

আর কথন কি দেথিরাছ? সেই রাত্রের মত মর্ম্মতেদী তয়ানক কার্য্য আর কথন কি দেথিরাছিলে? সেই অচিন্তনীয় বাপোর কি কেবল্ আমারই অদৃষ্টে ছিল; আমারই নিমিত্ত করিত হইরা এত দিন রক্ষিত হইরাছিল! আমার এ য়ন্ত্রণা তাহারা কেন দিলে? আমার তাহারে কো দিলে? আমার কাহার ওনিকট ত দোষী নহি। আমার দোষ এই যে, আমি সকলকেই ভালবাসিয়াছি, আন্তরিক শুলবাসিয়াছি। আর এক দোষ আমি ছয় মাস অনুপস্থিত ছিলাম—ক্ষেলে গিয়াছিলাম—কিন্তু সে ত আমার দোষ নহে। যাহাই হউক এই ছয় মাসমধ্যে কি আশ্রেষ্ঠা পরিবর্ত্তন হইয়াছে! সেই স্থানরী, সরলা, পতিব্রতা এক্ষণে রাক্ষসী; পূর্ব্বে আমার কত ভালবাসিত আমিও কত ভাল বাসিতাম, এখন এমন কেন হিলাপ্ত আমিও কত ভাল বাসিতাম, এখন এমন কেন হেইল? সেই ত সকল রহিয়াছে। গৃহে সেই অমর্ক্ষ, সেই প্রাচীর, সেই দার, সেই সকলই রহিয়াছে। কিন্তু সে আদর, সেই প্রাচীর, সেই দার, সেই সকলই রহিয়াছে। কিন্তু সে আদর, সে

এই সময়ে হঠাৎ নদীক্লে মৃছ্-মধুর সঙ্গীতধ্বনি হইল।
বিনোদ বাস্ত হইরা কর্ণপাত করিলেন। সংগীতধ্বনি ক্রমে
আকাশ প্রাবিত করিল; বৃক্ষশাথাস্থ পক্ষীরা জাগ্রত হইরা
উঠিল, হুই একটি কোকিল ও পাপীরা ডাকিতে লাগিল।
তাহারা যাহাকেই ডাকুক, ডাকিবার সময় প্রথমে অলে অলে,
ধীরে ধীরে ডাকে; যাহারে ডাকে সে আইসেনা; সে শুনেও না; পক্ষীরা আবার ডাকে; ডাকের উপর ডাকে, উটচেঃ
স্বরে উপর্যুপরি ডাকে; প্রাণ ভরে মন্মভেদ করিয়া ডাকে;
শেষ ক্রাস্ত হইরা পড়ে। আবার ডাকিতে থাকে। প্রথমে,
ভগ্নস্বরে ডাকের উপর ডাকে।

বিনোদ যে সংগীত শুনিতে ছিলেন তাহাও সেইরপ।

প্রথমে ধীরে ধীরে গীত আরম্ভ হইরা, ক্রমে স্তরে স্তরে উঠিতে লাগিল, মর্মার্যথার সঙ্গে স্থ্র আরম্ভ উঠিতে লাগিল। স্থ্ রের তরঙ্গের উপর তরঙ্গ বহিতে লাগিল, স্থর যেন আকুল হইরা চারিদিগ্ ব্যাপিয়া ফেলিল। স্থরের সঙ্গে বিনোদ্ধের হৃদর চঞ্চল হইরা উঠিল, এত দিনের পর যেন কে তাঁহার নিমিত্ত কাঁদিল, বিনোদ আগনিও স্থরের সঙ্গে কাঁদিয়া উঠি-লেন। গীত থামিল; কিন্তু বিনোদ নিঃশঙ্গে কাঁদিতে লাগি-লেন, অনেকক্ষণ পরে মাথা ত্লিলেন, নিশাস ত্যাগ করিয়া চক্ষু মুছিলেন। বিনোদের হৃদয় লঘু হইল। অনেক যত্ত্রণা গেল।

আবার গীত আরম্ভ হইল। এবার স্থর স্বতন্ত্র প্রক্রপ উচ্চ নহে, তীক্ষ নহে, কেবল অলসময় কিন্তু বড় মধুর, বিনোদের চিত্ত ক্রমে প্রক্রোলুখ হইয়া আদিল কিন্তু আবার তখনই মুদিত হইয়া গেল, যেন কি তাঁহার মনে আদিতে ছিল, আরআদিল না। ক্রমে গীতধ্বনি চক্রালোকে মিলাইখা গেল।

দেই স্থৱ আবার শুনিবেন বলিয়া বিনোদ বাগ্র চিত্তে বিদয়া বহিলেন। স্থৱ আবার অলস ভরে ধীরে ধীরে উঠিতে লাগিল, এবার তাঁহার চিন্ত সম্পূর্ণ প্রকৃত্ত্তিত হইল্ল: পুর্ব্বে গাহা মনে আসিল—তাঁহার পূর্ব্ব স্থা—বে স্থাথে আপনি শৈলের অন্তরে ডুবিয়াছিলন, শৈলকে আপনার অন্তরে ডুবিয়া রাথিয়াছিলেন সেই স্থাপ্তিমা, আলোকময়, আহলাদময়, দেবপ্রতিমার নাায় মনে আসিল। পবিনোদ ভাবিলেন আমি কত স্থাথই ছিলাম; এ স্থা আমার কেন গেল, সেই শৈল কেন এমন হইল, শৈল একপ না হইলে ত আমি সেইকপই স্থাথ থাকিতাম।

শৈল কি সতা সতাই এই কার্য্য করিয়াছিল; সেই রাত্রে আমি যাহা দেথিয়াছি যাহা শুনিয়াছি তাহা কি নিশ্চিত? না, হয় ত আমার ল্রম। লম ত লোকের হয়। আমি হয় ত সে রাত্রে অজ্ঞানাবস্থায় অন্য কাহারও বাটীতে গিয়াছিলাম। প্রদীপ হস্তে যে যুবতীকে দেথিয়া শৈল ভাবিয়া ছিলাম সেহয় ত আর কেহ হইবে। শৈল সে সকল অলকার কোথায় পাইবে, এ কথা আমার তথনই বিবেচনা করা উচিত ছিল। কি আশ্চর্য্য! এই সহজ কথা আমি এত দিন অমুধাবন করিয়া দেথি নাই; অন্থক এই মর্মাভেদিয়রণায় জ্লাতিছি।

বালকে কোন স্থলর পক্ষিশাবক হঠাৎ কুড়াইরা পাইলে বেষ আহলাদে উছলিয়া উঠে, চারিদিগ্ দেখে আর শাবকটি কুবুকের ভিতর লুকাইয়া রাপিতে থাকে, বিনোদ সেইরপে মনের এই ভাবটি আহলাদে অস্তরের ভিতরে লুকাইতে লাগিলেন। 'সে যুবতী শৈল নহে—আর কেহ ছইবে' এই কগা ক্লিন যেন বিনোদ হঠাৎ কুড়াইয়া পাইলেন এবং বালকের মত স্থথে পুনঃ পুনঃ হদয়ে টিপিয়া ধরিতে লাগিলেন।

তাহার পর ভাবিতে লাগিলেন ''আমার শৈল গৃহে আছে, আমি এখানে কেন বহিরাছি? ত্রম, আমার সকলই ত্রম। যাই, এখনই তাহার নিকট যাইবার উদ্যোগ করি। উদ্যোগ আর কি, কেবল সঙ্গে একজন লোক আবশাক; তাহারও ভাবনা নাই।

এই সময় সঙ্গীত হার ক্রমে মন্দীভূত হইরা যেন অল্লে অল্লে ঘুমাইরা পড়িল, আর জাগিল না। বিনাদে অনেক ক্ষণ প্রত্যা-শাপন্ন হইরা বসিরা রহিলেন; গীতের আর কোন সম্থান নাই বৃদ্ধিতে পারিরা শেষ ছাদের উপর হইতে অধীতরণ করিলেন, ভাবিলেন এ মধুর গীত কে গাইল; একবার তাহাকে দেখির। আসি, এই মনে করিরা তাহার অনুসন্ধানে গেলেন।

## ষোড়শ পরিচেছদ।

নেদিক্ হইতে সংগীতধ্বনি হই রাছিল বিনোদ একা সেই
দিকে গিয়া অমুসন্ধান করিলেন কিন্তু গায়কের দেখা কোথাও
পাইলেন না। একস্থানে একটি বৃহৎ বটবৃক্ষমূলে বোধ হইল
এক ব্যক্তি কে খেত বন্ত্র পরিধান করিয়া বিসিয়া আছে,। বিনোদ বৃক্ষেরছায়ায় গিয়া দেখেন সেখানে কেহই নাই, কেবল
একস্থানে পত্রাভাবে চক্ররশ্মি পড়িয়াছে। অন্ধকারমধ্যে সেই
চক্ররশ্মি খেতবসন বলিয়া ভ্রম হইয়াছিল। বিনোদ ভাবিলেন,
আসাদের কত সহজেই ভ্রম হয়; বৃক্ষচ্ছায়ায় চক্রকিরণ যদি
মন্ত্রমা বলিয়া বোধ হইতে পারে তবে অজ্ঞানাব্রথয় এক
ব্যক্তিকে দেখিয়া আর এক ব্যক্তি বোধ হইবে তাহার আ
ক্রিট্য কি ? অপরা স্কল্মীকে শৈল বলিয়া বোধ হইবে তাহার
আক্রিট্য কি ?

এইরপ চিন্তা করিতে করিতে বিনোদ নদীকূলে দাঁড়াইলেন। সেঞ্জানেও কেহই নাই কেবল একথানি ক্ষুদ্র নৌকা
বাধা রহিরাছে; নৌকায় আলোক নাই ছই তিনটা দাঁড়ি
মাজি শয়ন করিয়া আছে। নৌকাখানি সমস্ত দিনের পর
বেন অবকাশ পাইয়া ক্রীড়া করিতেছে; স্রোতে ঘ্রিতেছে ফিরিতেছে, একবার একবার রজ্জু ধরিয়া টানিতেছে আবার অগ্রসর
হইয়া কূলের দিগে আসিতেছে। বিনোদ ক্ষণেক দাঁড়াইয়া
বৈঠকখানায় প্রত্যাবর্ত্তন করিলেন। একজন পরিচারক জাগ্রত
ছিল; তাহাকে বলিলেন এইমাত্র একজন কে গীত গাইতেছিল
আনি তাহার অস্বস্থান পাইলাম না, তুমি একবার নদীক্লে
য়াইয়া দেখ নৌকায় কে আছে, তাহাদের মধ্যে কেহ সেই
মধুর গীত গাইয়া ছিল কি না, জানিয়া আইস।

পরিচারক নদীকুলে যাইয়া মাজি মাজি বলিয়া ছুই এক বার ডাকিল, কেহ উত্তর দিল না। নাবিকেরা নিজিত মনে করিয়া পরিচারক জলে নামিল। তাহাকে অগ্রসর দেখিয়ানৌকা মধ্য হইতে একটি জ্ঞীলোক মৃত্যুরে মাজিদিগকে ডাকিতে লাগিল; মাজিরা কেহ উত্তর দিল না। পরিচারক নৌকার নিকটে আদিলে জ্ঞীলোকটি জিজ্ঞাসা করিল তুমি কে?

পরিচারক জিজাস। করিল যে এইমাত্র কে গীত গাই তেছিলে আমার সঙ্গে আইস।

স্ত্রীলোকটি উত্তর করিল কোথায় যাইব ? পরিচারক বলিল গেলেই জানিতে পারিবে। স্ত্রীলোকটি বলিল আমরা ঘাইব না। প্রবিচারক উত্তর করিল "না গেলে বলপূর্বক লইয়া বাইব।" স্ত্রীলোকটি বলিল "তবে তাহ।ই ভাল।" পরিচারক দেখিল স্ত্রীলোকটি ভয় পাইল না, তাহাতে তাহার কিঞ্চিং অব্যাননা বোধ হইল; শেষ রাগান্ধ হইয়া একজন দাভির বস্ত্রাগ্র ধরিয়া বলিল তোরা চল সকলে, তোদের গ্রেপ্তার করি-বার ত্রুম হইয়াছে। দাঁড়ি নিজা যায় নাই পরিচারকের কথা বার্ত্তা সকল শুনিয়া ছিল। ধীরে ধীরে উঠিয়া বলিল "আমি গীত গাই নাই আমাকে কেন লইয়া ঘাইবে যিনি গীত গাইয়া ছিলেন তিনি ঐ বাহির হইতেছেন।' এই সময় নৌকার ভিতর হইতে এক জন স্ত্রীলোক বাহির হইয়া বলিল ''আমি গীত গাইরাছি অতএব আমাকে লইয়া চল।" পরিচারক চক্রালোকে তাহার রূপরাশি দেখিয়া বলিল ''আস্থন, যিনি আপনার গীত শুনিয়া কাঁদিয়াছেন তিনি একবার আপনাকে দেখিবেন।"

ক্সীলোকটি জিজ্ঞাসা করিল তিনি কে ? পরিচারক বলিল, "আমি তাহা বিশেষ জানি না। তিনি পীজিত হইরা এই

বৈঠকথানায় আদিয়াছেন পীড়া আরোগ্য হইয়াছে, অদ্যাপি তুর্বল আছেন; এই পর্যান্ত আমি জানি। বোধ হয় সম্প্রতি তাঁহার কোন বিপদ ঘটয়াছিল; তাঁহারে দেখিলে ঝেছু হয় যেন তাঁহার সর্বস্থ গিয়াছে—যেন তাঁহার আর কিছুই নীই আর কেছই নাই: ৰাস্তবিক আগ্নীয় থাকিলে তাঁহারে কেহ না কেছ তত্ত্ব করিতে আসিত। কিন্তু এপর্যান্ত কেছ আসে নাই; কেছ একখানা তাঁছাকে পত্ৰ পৰ্যাস্ত লেখে নাই। তিনি একা থাকেন, একা বেড়ান, একা ভাবেন; মধ্যে মধ্যে জি-জ্ঞাসা করেন তোমার আর কে আছে ? আমি কর্তবার সে কথার উত্তর দিয়াছি তব আবার সেই কথা জিজ্ঞাসা করেন। সে যাহাই হউক লোকটি বড় ভদ্র কিন্তু বড় ভীত। একহিনু এক স্তানে একটি গোর দেখিয়াছিলেন, দেখিবামাত্র সিহরিয়ী উঠিলেন, আর তাঁহার পা উঠিল না। কপাল ঘামিতে লাগিল, আমি সঙ্গে ছিলাম তাহাতেই কোন প্রকারে ফিরে আসিতে পারিয়াছিলেন; কিন্তু সেই অবধি আর সে দিকে যান না। দি-নের বেলাই •ওঁ৷হার এত ভয় না জানি রাত্র হইলে কি হই চু ; যিনি নিজে এত ভীত তাঁহার কাছে কোন ভয় নাই; আপনি স্বচ্ছদে চলুন। কিন্তু যদি তিনি আপনার সঙ্গে ভাল করিয়া কথাবার্ত্তা কহেন তবে সময় মত তাঁহার পরিচয় জিজ্ঞাসা ক্রিবেন: আমি চাক্র হইয়া কোন কথা জিজ্ঞাসা ক্রিতে পারি নাই: আর কোন পরিচয় না হউক তাঁহার আর কে আছে এই কথাটা জিজ্ঞাসা করিতে পারিলেই হইল: আমার বোধ হয় ভাঁহার কেই নাই।"

স্ত্রীলোকটি "বলিল তাঁহারে এ সকল কথা জিজ্ঞাসা করি । বার আমার প্রয়োজন নাই; আর এ রাত্রে অপরিচিত পুরুষের নিকট যাওয়া ভাল দেখায় না। যদিও আমি কুলবতী না হই তথাপি আমি স্ত্রীজাতি, স্ত্রীজাতির সম্মান সকল অবস্থাতেই আছে। তুমি বাবুকে এ কথা বুঝাইয়া বলিলে বাবু আর আ-মাকে জাকিবেন না। আমার গীতে তিনি কাঁদিয়াছেন ও শিরা তাঁহাকে একবার দেখিতে ইচ্ছা হইতেছে। আবার তিনি অস্থী, তাঁহার আর কেহ নাই শুনিয়া আরও দেখিতে সাধ হইতেছে কিন্তু আমার যাওয়াভাল হয় না, অতএব তুমি যাও।" পরিচারক আর কোন উত্তর না করিয়া কিরিয়া চলিল। স্ত্রীলোকটি নৌকায় কাড়াইয়া কিঞ্চিৎ ভাবিল। এক বৃদ্ধা সঙ্গিনীকে সমভিব্যাহারে করিয়া বিনোদের দ্বারে যাইয়া সারস্বরে ঝহার ছারা আপন আগমন বার্তা জানাইল। পরিচারক অাসিয়া দার খলিলে নর্ত্তনী বলিল চল, কোথায় তিমার বাবু আছেন আমাকে দেখাইয়া দিবে চল, এই বলিয়া নৰ্ত্তকী গৃহপ্ৰবেশ করিতে উদ্যুত হইল। পরিচারক বারণ করিল না। স্ত্রীলোকের। গৃহপ্রবেশ করিয়া দেখিল বিনোদ একটি আলোকের নিকট বদিয়া একথানি পত্র লিখিতেছেন তাঁহার গাত্রে একখানি চাদর রহিয়াছে, নিকটে একটি লাঠী পড়িয়া আছে। বিনোদ সভাই কোথায় এখনই যাইবেন। স্ত্রীলো কেরা কিঞ্চিৎ দূরে যাইয়া বসিল। বিনোদ মাথা তুলিয়া তাহাদের প্রতি চাহিলেন, পত্রথানি অসম্পূর্ণ অবস্থায় ছি ড়িরা ফেলিলেন। তাহাদের প্রতি চাহিয়া রহিলেন অথচ কোন কথা জিজ্ঞাসা

নর্ত্তকী আদিবার সময় বিনোদের আকার এক প্রকার মনে মনে স্থির করিয়া আদিয়াছিল। কিন্তু আদিয়া চক্ষে যাহা দেখিল তাহাতে বিশ্বয় হইল; বিনোদ যে এত যুবা কি এমত রূপবান, নর্ত্তকী তাহা অন্তত্তব করিতে পারে নাই। বিশেষ বিনোদের স্লানবদন দেখিয়া নর্ত্তকী আরও

করিলেন না।

আশ্চর্যা হইল, স্পাষ্ট ব্রিতে পারিল এ মালিন্য পীড়াজনিত নহে, এ আর কিছু। পরিচারকের নিকট যাহা শুনিয়াছিল এবং আসিরা স্বয়ং যেরূপ বিনোদকে অন্যমনন্ধ দেখিল আ-হাতে স্থির করিল এ শোকের ছারা, এত অর ব্যুসে এত শোক। কিসের শোক?

এই সময় বিনোদ মৃত্সেরে জিজ্ঞাসা করিলেন ভোমরাই কি এইমাত্র শ্বীত গাইতেছিলেণ তোমাদের স্বর অতি মধুর আমি সার কথন এরূপ স্বর শুনি নাই। .

বৃদ্ধা সঙ্গিনী নৰ্ত্তকীকে দেখাইয়া বলিল ইনিই গাইতেছিলেন। ইনি উত্তম নাচিতেও পারেন।

নর্ত্তকী কিঞিং লজ্জিতা হইরা নত সুথে বলি ন- তুর্জা-গিনী এক সময় এই ব্যবসায় শিক্ষিতা হইয়াছিল বটে; কিন্ত এক্ষণে আমাকে গায়িকা কি নর্ত্তকী বিবেচনা করিবেন না।

বিনোদ কিঞ্ছিৎ কুন্তিত হইয়া বলিলেন আমি তোমাদের ভাকি নাই; যদি পরিচারক তোমাদের ডাকিরা থাকে তবে অনুনার করিয়াছে। তোমাদের দেখিতে বড় সাধ হইয়াছিল কিছ, তখন আমার অন্তব হয় নাই যে তোমরা স্ত্রীলোক।, এক্ষণে তবে ভোমরা নোকায় যাও; পরিচারক যে তোমাদের কট্ট দিলে তাহাতে কিছুমাত্র মনে করিও না।

নর্ত্তকী এই কথা শুনিয়া একবার মাথা তুলিয়া বিনোদের প্রতি চাহিল; চাহিয়াই আবার মাথা নত করিল, কিন্তু উঠিল না। বিনোদ ভাবিলেন বোধ হয় ইহারা কিছু অর্থ প্র ত্যাশা করে। অতএব বলিলেন আমায় তোমরা যেরূপ স্থানী করিয়াছ তাহাতে ইচ্ছা হয় তোমাদেয় পাথেয় কিছু দিট কিন্তু আমি দীনহীন অনাের অকুগ্রহে প্রতিপালিত হইতেছি।

এই কথা সমাপ্ত না করিতে করিতেই নর্ত্তকী বলিল

"মহাশয় বাস্ত হইবেন না; আপনার সহস্র মুদ্রা দান করিবার সাধ্য থাকিলেও আমি লইতাম না, আমি পূর্কেই নিবেদন করিবাছি যে একলে গীত ব্যবসায়ী নহি, মহাশ্রের চাকর আন্মান্ত কি ডাকিয়াছে বলিয়াই যে আমি আসিয়াছি এমত নহে। আমি এই বাটাতে বালিকাকালে অনেকবার আসিয়াছি। যে স্করের বা রাগিনীর আপনি প্রশংসা করিতেছিলেন তাহা এই যরে বিসমা শিথিয়াছিলান তাহাই একবার এই ঘর দেখিতে আসিয়াছি। বিনাদে জিজ্ঞাসা করিলেন তথন এ বাড়ীতে কে থাকি ত ? নর্গুকী উত্তর করিল এ বাড়ীতে তথন কেহ নির্বাধি বাস করিতেন না, মধ্যে মধ্যে মহারাজ মহেশচক্র আসিয়া থাকিতেন আমিও সেই সঙ্গে আসিতাম: আমি তাঁচার নর্গুকী ভিলাম। মহারাজ যে অবধি স্বর্গারোহণ করিয়াছেন সেই অধ্যি বাসাত্যাগ করিয়াছি। আমার আর কেহ নাই; কাডেই অথের আমার প্রেরাজন নাই।

বিনোদ বলিলেন মহারাজ মহেশচন্ত প্রাতঃকরণীয় লোক ছিলেন। আমি ঠাহাবে কগন দেগি নাই; ঠাহারু আকার কি-রূপ ছিল।

এই কথা শুনিয়া নউকী আপনার গলদেশ ছইতে স্বৰ্ণ মণ্ডিত চিত্র লইরা বিনোদের নিকট রাখিলেন। বিনোদ তাহা বাগ্র চিত্তে দীপের নিকট ধরিলেন। চিত্রিত মৃতি দেখিবামাতেই চমকিয়া উঠিলেন, দীপালোকে চিত্র আবার দেখিলেন, এবার আর কোনে কথা না বলিয়া উঠিয়া গেলেন। আবার ফিরিয়া আর্দিয়া জিজ্ঞানা করিলেন তোমায় কে বলিল এ মৃতি মহারছে মছে শচনের স্বিথা কথা, অসম্ভব।

নত্তকী বলিলেন চিত্র মিথ্যা নহে, আপনার সংশ্য মিথা। আমি তাঁহার প্রতিপালিতা, আমার কথা বিখাস কুরন। বিনোদ আর কোন উত্তর না করিয়া শয়ন ঘরে দার রুদ্ধ করিলেন। চিত্র দেখিয়া বিনোদ কেন এত চঞ্চল হুইলেন নর্ত্তনী কিছুই ধুঝিতে না পারিয়া অবাক হইয়া রহিল।

# তুর্গাপূজা।

আখিন মাদে, মাটিতে প্রতিমাগড়িয়া কি পূজা করি? ছগা। কিন্তু জগা কে ? এ বিষয়ে নানা মত আছে।

১ম। বেদে তুর্গাকে ক্রক্ষজ্ঞান বলিয়া কথিত আছে। একি জ্ঞানের পূজা ?

২য়। বেদের অক্সত ইহাকে রাত্রিস্বরূপা বলিয়া বর্ণনা কর। হইয়াছে। ইনি কি রাত্রি দেবী ?

তর। তাদুমাসে সিংহ রাশিতে হুর্যা অবস্থিতি করেন তা হার পরে আখিন মাসে কন্তা রাশিতে গমন করেন। সিংহের পরে, অথবা সংহ পৃষ্ঠে কন্তা। আমরাও পূজা করি সিংহ পুঠে কন্তা। আমরা কি নক্ষত্রমাত্র পূজা করি ?

sর্থ। পৌরাণিক মতে ইনি দেবী বিশেষ—হিমাচল কন্তা —শিবের জায়া, এবং গণেশের জননী। এইটি সাধারণগৃহীত মত।

কো। সাংখ্যাতে, জগতে প্রকৃতি আর পুরুষ। পুরুষ নিশ্চেষ্ট, প্রকৃতিই জগতের মূল। এই প্রকৃতি হইতে সৃষ্টি। কেহ কেহ বলেন, ইনি সাংখ্যের সেই প্রকৃতি মাত্র। সেই জন্ম ইহাকে আদ্যাশক্তি বলিয়া থাকে।

হয়ত সকল মতই মিশাইয়া এই দশভূজা দাড়াইয়াছে। কিয় কতকঞ্জলি কথা কিছুতেই বুঝিতে পারিনা। সঙ্গে অস্ত্র কেন ? ইহা পৌরাণিক মতে সঙ্গত—প্রাণে ছুর্গা মহিষ-মর্দ্দিনী। কার্ত্তিকয়, গণেশ, ইহারাও পুত্র। কিন্তু সঙ্গে লুর্মী সুরস্বতী কি জ্বভা? পৌরাণিক মতাস্থসারেও ছুর্গার সঙ্গে "ইহাদের কোন ঘনিষ্ট সম্বন্ধ নাই। ইহাদের পৃথক্ পূজাও হইয়া থাকে। ইহারা এ সঙ্গে কেন?

যাহাই হউক, এ প্রতিমা কখন মিথ্যা বিষয়ের প্রতিমা নছে-ভাহাহইলে এতদিন ধরিয়া, এত কোটি লোকে, এত উল্লাসের সহিত কখন ইহা পূর্জা করিত না। যাহা মহুষ্ট্রনয়ে বন্ধুন্ন, তাহা কখন মিথ্যা নহে—বঞ্চনার উপায় মাত্র নহে। বেদ পুরাণ তন্ত্রকে জিজ্ঞাসা করিব না---তাহাতে এ তত্ত্বে অন্ত পাওয়া ফুল না। মতুষ্যক্ষরকে জিজ্ঞাসা করিব। কি এ? ्रवंशर भिक्ति । नर्स्तमग्री, नर्स्तकर्माकातिनी, नर्स्तपर्यधातिनी, नर्स्त সংহারিণী। সিংহের আজ্ঞাকারিতার এবং অস্থরের নিষ্ণীডনে লোকে সেই অনন্ত শক্তিরই পরিচয় দেখিয়া থাকে। শক্তি হইতে যে বিল্লাশ, এবং শক্রর নিপাত তাহা গণপতি ক.টিকের মুট্টি স্থচিত করে। কিন্তু বাঙ্গালি কেবল শক্তিপুজায় সন্তুষ্ট নংহ। নিজে শক্তিহীন; কেবল শক্তি মাত্র আরাধ্যা হইলে ৰাঙ্গালির ঘোর হুর্দশা হইত। শক্তি যেমন সর্বলোকপুজ্যা, আর হুইটি বিষয় বাঙ্গালির কাছে প্রায় তেমনি পুজা। বাঙ্গালি দশন শাস্ত্রে গুনিরাছে, যে জ্ঞানেই নিঃশ্রেষ্স—শক্তিতে নহে। ঐশী শক্তির গুণে, জ্ঞান ব্যতীত, স্থামরা মুক্তিলাভ করিতে পারি না। আরও বাঙ্গালি দেখে, যে শক্তিই হউক, আর জ্ঞানট

আরও বাঙ্গালি দেখে, যে শক্তিই হউক, আর জ্ঞানট হউক ইহকালের স্থে, চ্ইরের এক হইতেও হর না। শক্তি শালীও ছংখ পার জ্ঞানবান্ত ছংখ পার। অতএব ইহলো-কের স্থে চ্ইরের একেরও দের নহে। সেটি ভাগ্যাধীন। অতএব ভাগ্য একটি পুণক দেবতা। ভাগ্য লক্ষ্মী; জ্ঞান সর- স্বতী। বাঙ্গালি তিনটিকে একতে পূজা করে। এই বাঙ্গালির মহোৎসব।

আমরা এমত বলিতেছি না যে শারদীয়া প্রতিমাত আছি. এইরূপ। এ কথা সঙ্গত বোগ হয় না। আদি বোধ হয় পুরাণমূলক। এবং পুরাণের কল্পনার আদি সাংখ্য। তবে. লোকে যাহা ভাবিয়া এ পূজার এই অন্তর্ত্ত তাহাই বলিতেছি। এমনও বলি না, যে এই সকল কথাগুলি কাহারও মনোমণো স্পষ্টতা প্রাপ্ত হয়; কিন্তু যাহা অস্পষ্ট, অজ্ঞাত, অ্থচ ভিতরে আছে, তাহাই বুঝাইতেছি।

এমত হইতে পারে, যে এই প্রতিমার আর একটি স্চনা আছে। হিন্দুধর্ম ত্রিতরতাপূর্ণ। প্রাচীন ত্রিমূর্তি, নার ব্রায়ু, এবং স্থ্যা। আধুনিক ত্রিমূর্তি ব্রহ্মা বিষ্ণু এবং মহেশ্বর। দিশ রের বা পুরুষের তিনটি গুণ, সহু, রজঃ তম। সেইজন্য বদীয় শক্তিভক্ত, শক্তির ত্রিমূর্ত্তি কল্পনা করিবে। স্থলচক্ষে যাহারা দেখে, তাহারা সংসারে তিনটি শক্তি দেখে—বল, ক্ষর্য্য এবং বিদ্যা,—ছ্গা, লক্ষ্মী এবং সরস্বতী। শক্তি, ভাগা, এবং জ্ঞান।

বেদিগে দেখা যায়, সেইদিগে এ পূজা সাধারণ প্রবৃত্তির অনুকারিণী বলিয়াই লোকের ইহাতে এত অনুরাগ দেখা যায়।

# প্রভাতে যামিনী।

কেন জনমিল এ হতভাগিনী ?

সদয়জালায় দিবস যামিনী

জলিতে কি সদা করমের ফলে?

ভাসিতে নিয়ত নয়নের জলে?

#### ভ্রমর।

ছাড়িতে কাতবে দীর্ঘনিখাস?
দশম বরষ বয়স হইতে
দিন গেল রথা কাঁদিতে কাঁদিতে;
ফুটিয়া বলিতে মনের বেদনা,
প্রকাশ করিতে মনের বাসনা,
কে আছ যাইব কাহার পাশ গ

₹

প্রেংসার আলয় সব শ্ন্যময়;
কোথায় দাঁড়াই ? কে দেয় আশ্রয়?
ভানিব না আর প্রাণয় বচন,
চুম্বিব না কভু পুত্রের বদন,
ডাকিবে না কেছ কভু মা বলি।
ছাড়ি লোকালয় অকে মাথি ছাই,
যোগিনী হইয়া বনে চলি যাই,
সেই এক মূর্ত্তি করি গিয়া ধ্যান,
যার সহ আশা করিল প্রস্থান,
পুড়াইয়া ফেলি স্থের কলি।

c

কেমন অভাগী এ চির ছখিনী, প্রভাতে আমার হইল যামিনী, স্থথের শৈশব কুঞ্জের ভিতরে, জীবন উষায়, প্রফুল্ল অন্তরে, থেলিতে থেলিতে বালিকাদলে, পাইলাম নব প্রেমম্য রবি, নয়নরঞ্জন মনোহর ছবি। দেখিতে দেখিতে কান বিভাবরী লইন সহসা সে রবিরে হরি, সংসার ডুবিল তিমির তলে।

8

এখন রয়েছ গাঁথা এ হৃদয়ে
সে দিনের কথা—বে দিন উভরে
মিলিলাম স্থেপ নয়নে নয়নে।
কতই উৎসব পিতার ভব্নে,
কতই আলোক, কতই বাজি।
মধুর হিলোলে বাজনা বাজিল,
নর্ত্তকী নাচিল, গায়ক গাইল।
মনোহর বর শোভিল সকাশে,
উঠিলাম নব স্থাপের আকাশে,
ভাবিলাম স্বর্গ পেলাম আজি।

t

জানিতাম যদি তথন অন্তরে
দে স্থেষর স্থান ক দিনের তরে,
পাইতাম যদি দেখিতে স্থপনে
সহসা সৌভাগা লুকাবে কেমনে,
তা হলে কি, হায়, উন্মত মত
যেতাম মছিয়া বিবাহের রঙ্গে!
অথবা ভাসিয়া কালের তরঙ্গে
অক্তান আমরা করিতেছি গতি
যেখানে লইতে বিধাতার মতি,
, অদৃষ্টের ফল ভুঞ্জিতে রত।

,

কেন করে, হায়, উৎসব বিবাহে ?
আড়ম্বরে লোকে ঢাকিতে কি চাহে
যে সকল হুথ ঘটিবেক পরে?
এ যে সন্ধ্যাসজ্জা অমানিশাভরে,
দ্বিগুণ করিতে তিমির ঘটা।
বিকতেছি আমি যেন পাগলিনী,
বিকাহ সকলে করে না ছথিনী।

• কত লোক আছে অবনীমণ্ডলে বিবাহ করিয়া যারা ভাগাবলে জীবন দেগিছে স্থের ছটা।

না জানি কি পাপে পুড়ল কপাল; জীবন সর্বস্থ কাড়ি নিল কাল, কবিল আমারে পথের কাঙ্গাল, ভাঙ্গিল আমার আশার জাঙ্গাল,, পাষাণ হৃদয়ে সহিল সব। করিলাম পতিরূপ দরশন, শুনিলাম তাঁর মধুর বচন, ফুরাল অমনি প্রণমের লীলা। কেন বিধি মোরে এত ছথ দিলা? জীয়স্তে আমার করিলে শব?



، نوی ارزی

# মাসিক পত্র।

ুম গও।

कार्डिक ३२४३।

वि मःशा।

# বঙ্গে দেবপূজা।

দেবমুটি ধাঁদালায় বহুকাল পূচা চিল; এক্ষণে তাহার অঠথা আনত্ত হুট্রাছে। সম্প্রদার বিশেষের দেব পূজার দ্বের জনিয়াছে; এমন কি ধাঁহারা মংস্থা হিংদা করিতে কুটিত হয়েন তাঁহারাও দেবহিংদায় প্রস্তুত হুট্রাছেন। কিন্তু বাঙ্গালার দেবতা প্রায় জড়পদার্থ কাহারও অনিষ্ঠ করেন না। এমন শান্ত দেবতার উপর রগে কেন ?

বাঙ্গানার দেবতা, মৃথার হউন, প্রেণেমর হউন, নিজ্জীব হউন আর যাহাই হউন, আনাদের চির উপকারী; বাঙ্গালার দেপ সচ্চকতা, আনন্দ উৎসব, সকল এই দেবমূটির প্রসাদাৎ। আনাদের পূর্বপুরুষ যাহা কিছু ভাল থাইয়াছেন ভাল পরিয়া-ছেন তাহা এই দেশপ্রসাদাৎ। করেক বংসর হইল একজন

विकुश्रतास्य वाङ्कि कान श्रीमिक्ष बाक्षिक निमञ्जय कतिशाहित्नन । ব্রাঙ্গ আহার করিতে করিতে বলিলেন "মহাশয়, শাক অর ্বৈত প্রিকার আর কথন আমি আহার করি নাই, যাহাই আহার করিতেছি তাহাই উত্তম, তাহাই পবিত্র বলিয়া বোধ হইতেছে। আর আয়োজন ত অল হয় নাই, আমার মত সামায় ব্যক্তির নিমিত্ত এই নানাবিধ জবাদি প্রস্তুত করায় আমি লজ্জিত হই-তেছি।" বিষ্ণুভক্ত ঈষং হাসিয়া বলিলেন, "আমি বাঁহার নিমিত এইসকল প্রস্তুত করিয়াছি তাঁহাকে আমি সামান্ত বিবেচনা করিনা। যাহাকে আমার ঐহিক পারত্তিকের কর্তা বলিয়া জানি, আমি কেবল তাঁহারই নিমিত্ত এইসকল প্রস্তুত করিয়াছি: অংশনার নিমিত্ত প্রস্তুত করি নাই।—ঐ দেবমন্দিরে যে প্রতি মূর্ত্তি দেখিয়াছেন তাঁহার নিমিত্ত প্রতাহ এইরূপ প্রস্তুত হইরা মহাশ্য ক্ষুদ্ধ হইবেন না, আমরা পৌত্তলিক হই, আর যাহাই হই আন্রা আপন্দিগের মত নির্কোর্বাদী অপেকা । নিত্য ভাল থাকি, ভাল আহার করি। আপনাদিগের গৃহে যদি কথন কোন সমাম বাজি আদেন তবেই আপনাবা ভাল আহা-বের উদেয়াগ করেন, কিন্তু আমাদের গৃহে দেবতা নিত্য বিরাজ-মান, আমর। নিতা উত্তম আয়োজন করি নিতা উত্তম আহার করিতে পাই। আমাদের পরিবারেরা সর্বাদা প্রিত্র থাকে; প্রভাষে পূজার আয়োজন করিতে হইবে বলিয়া প্রাতঃস্থান করে: দেবতা আহার করিবেন বলিয়া অতি সাবধানে অতি পবিত্রমনে পাক করে; দেবতার পারিচার্য্যে সর্ক্রদা থাকিতে হইলে, দেবতার সঙ্গে এক গৃহে বাস করিতে হইলে কিরূপ প্ৰিত্রস্থভাৰ হইবার সম্ভাবনা তাহা বিবেচনা করিয়া দেখন"

পৌতুলিক যাহা বলিয়াছিলেন তাহা নিতাত অমূলক নহে। বঙ্গমহিলার পুবিত্তা সম্বন্ধে আমাদেও মে অহঙ্কার আছে পৌতলিকতা তাহার একাস্ত কারণ না হৌক কতক কারণ হইলেও হইতে পারে। দেবমন্দিরে বা হিন্দুগহে যে সকল
মৃত্তি দেবমূর্ত্তি বলিয়া পরিচিত আছে তাহাকে নিরাকরেবাদ্টরা ক্
কার্ত্ত বলুন, মৃত্তিকা বলুন, বা অন্য কিছু বলুন কিও
হিন্দুমহিলার নিকট দেই সকল মৃত্তি দেবমূর্ত্তি: কেবল দেব
মৃত্তি নহে সাক্ষাং দেবতা; স্বয়ং দেবতা! মন্দ কি? প্রকৃত
ঈশ্বরের নিকটে থাকায় গে ফল তাহা তাহাদের ফলিতেছে,
বিপদে তাহারা দেবতার সাক্ষাৎ পাইতেছে, দেবতাকে সকল
কথা জানাইতেছে, যোড় হাত করিতেছে, জিন্তি করিতেছে,
কাঁদিতেছে। নিরাকারবাদীরা বিপদে ইহা অপেকা কি অধিক
সুধ পাইয়া থাকেন?

ক্রোড়ন্ত শিশু পীড়িত হইলে হিন্দু মহিলা তৎক্ষণাই দেব তার নিকট লালিস করেন; লালিস করিয়া সান্তনা লাভ করেন। নিরাকারবাদীরাও ঈশ্বরের নিকট এই লালিস করিয়া গাকেন কিন্তু নিরাকারবাদীর আর সাকারবাদীর লালিসের মধ্যে প্রভেচ্নু আছে। মাকারবাদীরা দেবতার চাক্ষুব লালিস করেন এবং সেই জন্য তাঁহাদের লালিস কতক আত্তরিক হইবার সন্তব। কিন্তু নিরাকারবাদীরা চাক্ষুম্ব প্রত্যক্ষে প্রার্থনা করিতে পারেন না বলিয়া তাঁহাদের প্রার্থনা নিতান্ত আন্তরিক হইবার সন্তব নহে। বিপদ্গ্রন্ত হইলে যদি তাঁহাদের প্রার্থনা একান্তই আন্তরিক হইয়া পড়ে কিন্তু ঈশ্বরের প্রত্যক্ষ অভাবে তাঁহাদের প্রার্থনা দ্বর্মন না হউক, তাঁহাদের মনে সান্তনা অপেক্ষাকৃত অল্পই জন্ম।

করেক বৎসর হইল একটি নবা বাবু আপনার সহধর্মিণীকে ধর্মন্টপদেশ দিবার নিমিত্ত ক্লতসংকল হইরাছিলেন। তাঁহার বিখাস ছিল যে বাঙ্গালার সমুদর আপদ্ বিপদের মূল কারণ পৌতলিক ধর্ম। আমরা তুর্বল তাহার হেতু পৌতলিক ধর্ম; বাঙ্গালায় সরক

হয়, হেতু-পোত্তলিক ধর্মা; বাঙ্গালায় ঝড় হয়,—হেতু পৌত্তিক ধর্ম; স্মামরা দরিদ্র, হেতু —পৌত্তলিক ধর্ম। অতএব পৌত্তলিক প্রেই উচ্ছেদ করিবার নিমিত্ত নবাবাব শয়নগৃহে প্রবেশ করিলেন। . গ্রাহণী তৎকালে আপন শিশুকে ক্রোড়ে লইয়া আদর করিতেছি-লেন। নব্যবাব গম্ভীর ভাবে পার্শ্বেবিসরা বলিতে লাগিলেন, 'আমি একটি বিশেষ কথা বলিবার নিমিত্ত আসিগাছি—মনো-যোগপুর্বক শ্রবণ কর; বাঙ্গালার দর্বনাশ হইতেছে; তুমি পুতুল পূজা ত্যাগ কর, আমাদের ঘরে যে কানাইরালাল আছে তাহা দেবতা নহে, পাতর, ভাঙ্গিয়া দেখ কেবল পাতর; কানাইয়ালাল এ পৃথিবীর সৃষ্টি করে নাই, যিনি সৃষ্টি করিয়াছেন, তিনি নিরা কার। ? প্রির মুখে এই কথা শুনিয়া যুবতী বলিলেন, ''ক্ষান্ত হও এসকল কথা আমার নিকট আর অধিক বলিও না। আমি কানা-ইয়ালালকে দেবতা বলিয়া জানি: যাঁহাকে ঈশ্বর বলিয়া আন্তরিক বিশ্বাস আছে, তাঁহার নিকট যাইতে, তাঁহাকে প্রণাম করিতে, তাঁ-হার খাৰার প্রস্তুত করিতে, কত সুখ হয় ় এ সুখে বঞ্চিত কেন ক্রিতে চাও গ্যাঁহারে দেবতা বলিয়া সংস্কার আছে তিনি স্বয়ং আনা-দের ঘরে রহিয়াছেন এই কথা মনে হইলে কত সাহস হয়, কেন এ সাহসমষ্ট করিতে চাওংগাঁহাকে দেবতা মনে করিয়া সেবা করি-তেছি, ভক্তি করিতেছি, আমি তাঁহার নিকট দাঁড়াইয়া চুটা কথা জোর করিয়া বলিতে পারি; তুমি তোমার নিরাকার দেবতার নিকট আমার মত জোর করিতে পার্গ সেদিন যথন আমাদের খো কার পীড়া হইরাছিল আমি কানাইরালালের নিকট গিরা কাঁদি-লাম, খোকার নিমিত্ত আমার যে ভয় হইয়াছিল, তাহা কতক তাহাতে কমিয়া গেল। আমি যদি কানাইয়ালালকে দেবতা বলিয়ানাজানিতাম তাহা হইলে আমার দশা তোমার মত ছইত। তুমি যেমন নিরাকার ঈশ্বর মনে আনিতে পার না

কেবল আকাশের দিকে মুথ তুলিয়া হা করিয়া থাক আমার দশা
ঠিক তাহাই হইত। আমি দেবতা দেখিতে পাই, এই আমার এক
মুথ, সে স্থখ তোমার নাই। আমি দেবতার সেবা স্বছক্তে কবি, ল সে আমার আর এক স্থখ, সে স্থথে তুমি বিধিত। আমি দেবতার
নিকটে থাকি, এত নিকটে থাকি যে তিনি নিজিত থাকিলেও
আমার কারা শুনিতে পান। নিরাকার ঈশ্বের প্রকাপ নিকটে
আছ বলিয়া কি কথন তোমার বিশ্বাস হয় পূ নিরাকারের নিকট
কিরপ, তাহা অমুভব করিতে পার পূ"

সচরাচর নিরাকারবাদী অপেক্ষা যে পৌত্তলিকেরা স্থা, তাহা যুবতীর উপরোক্ত কথা গুলি দ্বারা এক প্রকার প্রতীতি হইতে পারে। তাহা হইলে পৌত্তলিক ধর্ম উঠাই নিলাভ কি পূমনুষ্যের সেই স্থা কমাইবার নিমিত্ত কি পৌত্তলিকতা লোপ করিতে চাও। আমাদের দেবতারা উপকারী ব্যতীত অপকারী নহেন। তারকেশ্বর এবং বৈদ্যানাথ বোগ ভাল করেন দেত আমাদের অলাভ নহে। তুমি বলিবে দেবতাকর্তুক্ রোগ ভাল হয় না, আমাদের বিশ্বাসই আরোগ্যের মূলকারন্। ক্তি কি ? এ বিশ্বাস ত মন্দ নহে, যে বিশ্বাসের দ্বারা আমাদের এত মঙ্গল হইতেছে, তাহার মূলচ্ছেদ করিবার জন্য তোমার এত যত্ত কেন প

তাহাই ৰলিতেছিলাম, হিন্দুব দেবতা কাষ্ঠ হউন প্রস্তর হউন, আমাদের উপকারী। তাঁহাদের অন্ধ মারিয়া দেশের কি ইস্ত সাধন হইবে। সাকার দেবতা তাড়াইলে যে স্থাহানি হইবে তাহা কি দিয়া পুরণ করিবে? নিরাকার ঈশ্বর সাধারণের অন্ধ্রন নহে; আপামর সাধারণ তাহা গ্রহণ করিতে পারিবে না; গ্রহণ করিতে পারিলেও তাহাতে কি বিশেষ উপকার হইবে, বাঙ্গালির কি অধিক স্থাবাড়িবে? পৌতলিকতা অবস্থায় সে সকল

হুণই ত আছে। তুমি বলিবে "প্রকৃত ঈশ্বর পূজা করিতেছি বলিয়া হুথ হইবো" কিন্তু সে হুখ ত এখনও আছে, আমাদের দেবতাকে প্রকৃত ঈশ্বর বলিয়াইত জানি। তবে নৃতন কি পাই লাম? তুমি বলিবে "আর কিছু না পাও প্রকৃত ঈশ্বরের দ্যা পাইবে, পুতুল পূজা করিলে সে দ্যা পাইবে না, উাহার রাগ হইবে।" তত্ত্তরে বলি, তুমি আপনার প্রবৃত্তি ঈশ্বরে আরোপ করিতেছ, তুমি নিরাকার ঈশ্বর বৃঝিতে পার নাই, তুমি পৌত্ত-লিক।

এক্ষণে সে সকল কথা যাউক; কোন ধর্ম সতা কোন ধর্ম মিথ্যা তাহার বিচার করিবার আমাদের উদ্দেশ্য নহে, তাহা ুমমুষ্টোর স্পাধ্যও নহে। আমরা কেবল আমাদের হিন্দ্দেব-তার ওঁকালতি করিতেছিলাম। তাঁহারা নিরপরাধী, তাঁহাদের উপর অত্যাচার কেন্ যদি তাঁহাদের কোন অপরাধ হট্যা পাকে তাহা জ্ঞানকত নহে। তাঁহাদের ত্যাগ করিও না। নিজীব বাঙ্গালা আরও নির্জীব হইয়া পড়িবে। বংশরাস্তে তর্গোৎদবের সময় ৰাঙ্গালা একবার করিয়া জাগ্রত হয়; নৃতন বন্ধুপরে, হাসে, বাজার, গীত গায়, নৃত্য করে; শত্রুর সঙ্গে কোলাকোলি করে: শোক, ছঃখ, রাগ সকল ত্যাগ করে। এ উৎসব কেন অন্তর্গত ক্রিবে ? কিসে ভোমার এ উৎসব অসম্ভ হইয়াছে ? ভূমি বলিবে এ উৎসবের পরিবর্তে আর এক উৎসব দিব। জিল্লাসা করি. সে কি উৎসব ? সামাজিক উৎসব ? অপর সাধারণ সকলেই কি তাহা গ্রহণ করিবে ? সকলেই কি তাহাতে আম্বরিক মাতিয়া উঠিবে ? এক সময় ফরাসিদিগের দেশে একটি সামাজিক উং-সব স্থাপিত হইয়াছিল। কিন্তু মপর সাধারণ সকলেই তাহা গ্রহণ করে নাই; প্রথমে বাঁহারা তাহা গ্রহণ করিয়াছিলেন ক্রমে তাঁহাদের সংখ্যা কমিয়া আসিতে লংগিল। অদ্যাপি गा- হার। সেই সামাজিক উৎসব অবলম্বন করিয়া আছেন তাঁহার। প্রায় সকলেই নাস্তিক। তাঁহাদের কোন ধর্মোৎসক নাই বলিয়াই তাঁহারা ঐ সামাজিক উৎসব অবলম্বন করিয়া অংশ্লুন :

আর আমাদের দেশে কি সামাজিক কার্য্য হইরাছে যে তত্পলক্ষে সকলে উৎসব করিবে? ভবিষাতে যাহা হইবে তাহার প্রত্যাশায় উপস্থিত উৎসব কেন ত্যাগ কর?

আনাদের দেবপুছা কেবল পারমার্থিক নছে, ঐতিকের অনেক মঙ্গল এই দেবপুছা দারা সংসাধিত হইরা থাকে। সানাজিক যাহা কিছু আমরা করিয়া থাকি ভাছা প্রায় দেবপুছা উপলক্ষে করিয়া থাকি। বঙ্গসমাজ এবং বঙ্গীয়দেবপুছা একস্ত্রে গ্রিত, একটি নতু করিলে অপরটি নতু হইবে। গাঁ হারা বিশেষ সমাজতত্ত্ত্জ বোধ হর তাঁহারাই কেবল ইছা স্পষ্ট দেখিতে পান। অন্য দেশের সমাজ অনা প্রকারে গঠিত। বঙ্গসমাজ বঙ্গীয়ধর্ম্মের উপর গঠিত। পুর্বে সমাজকর্ত্তারা মনাায় করিয়া থাকিবেন কিন্তু এক্ষণে তাহার মনাথা করিছে। গেলে সমাজ ভাঙ্গিয়া গড়িতে হইবে। সমাজ গড়িতে পারে আমাদের মধ্যে এরপ বিশ্বক্ষা নাই। কেন তবে এখন ই সমাজ ভাঙ্গিয়া বিদ। সমাজ রক্ষা কর; আমাদের উৎসব রক্ষা কর।

দোল ত্র্ণাংসব বন্ধ করিলে বাঙ্গালায় যে কেবল আনন্দ কমিবে এমত নতে সঙ্গে সঙ্গে অন্ধান, অর্থানা কমিবে। অত দোশের দীনদরিদ্র অপেকা বঙ্গে দরিদ্র যে অবাধে প্রতিপালিত হুইতেছে, তাহা অধিকাংশ পৌর্লিক দেবতার প্রসাদাং। এমন দেবতা ভাডাইরা কেন সেই অভাগাদিগের ক্ষৃতি করিবে।

আর এক কথা আছে। ভক্তি, শ্রদ্ধা প্রভৃতি যে করেকটী গুণের নিমিত্ত বাঙ্গালা বিখ্যাত, তাহা এই দেবতাদিগের প্রসাদাং। শ্রাঙ্গালিন্ট যেরূপ মাতৃভক্তি, পিতৃভক্তি সেরূপ আর কোন দেশে নাই। দেবতাদিগকে আশৈশব পূজা করিয়া
আমাদের ভক্তি অভ্যাস হইয়া থাকে। নিরাকারবাদীদিগের
আমাদেশব এ অভ্যাস হইতে পারে না। শৈশবে নিরাকার
অন্তব হয় না। হিল্দিগের মধ্যে শৈশবেই ভক্তি অঙ্গরিত
ও বর্দ্ধিত হয়। শরীরের অঙ্গপ্রত্যক্ত যেরূপ বাল্যকালাবধি
চালনায় পৃষ্ট এবং বলবান্ হয়, মনোর্তিও চালনাম্বারা সেইরূপ
বৃদ্ধিত হইয়া থাকে। ভক্তি সম্বন্ধেও দেই নিয়ম। এইজন্য
আমরা এত ভক্ত এত প্রণিয়ী। একলে যে যে পরিবারের মধ্যে
দেবভক্তি উঠিয়া গিরাছে, প্রায় দেখা যায় সেই সকল পরিবারের
মধ্যে পিতৃ মাতৃ ভক্তি কমিয়াগিয়াছে।

পৃথিবীতে যত ধর্ম আছে, তন্মধ্যে সর্ব্বাপেক্ষা হিল্প্ ধর্ম প্রাচীন। হিল্প ধর্ম যে এত দীর্মজীবী হইয়াছে, তাহার মূল কারণ আমাদের এই ঠাকুর দেবতা। এই দেবতাতে অবশ্য কিছু মাহাক্সা আছে বলিতে হইবে। অসার হইলে এতদিন থাকিত না।

্ হিন্দুধর্ম ক্রমে ভারতবর্ষের সকল অঞ্চল যে বাাপিয়াছে, তাহাও এই ঠাকুর দেবতার গুল। অনার্যোরা যে ক্রমে হিন্দু ধর্ম অবলম্বন করিয়াছে, তাহার কারণই এই। অনেকের বিশাস আছে, অনা ধর্মাক্রাস্তেরা কথন হিন্দু হয় নাই কিন্তু তাহা নহে। তারতবর্ষের যাবতীয় ইতর জাতিরা পূর্কে ভিন্ন ভিন্ন ধর্মাবলম্বী ছিল; দেবতার প্রত্যক্ষ দর্শন, ধর্মের জীবন। যে ধর্মের দেবতা প্রত্যক্ষ দর্শন পাওয়া যায় না অর্থাং যে ধর্মের দেবতা সা

**ම**ි:

# কণ্ঠমালা।

### সপ্তদশ পরিচেছদ।

পূর্ব্ধণরিক্তদলিখিত নর্জ্ কাকে শৈল বলিয়া অনেকের অম হইয়াছিল, কিন্তু এক্ষণে বোধ হয় সে অম গিয়াছে। শৈল অপেক্ষা নর্জ্কী প্রায় সাত আট বংসর ব্যায়াধিকা: ত জিয়, শৈল ক্ষীণাঙ্গী, নর্জ্কী ঈবং সুলাঙ্গী। শৈলকে কথন হাসিতে দেখা যাইত না; নর্জ্কী কথন হাসি ছাড়া থাকিত না। নর্জ্কী কথন উচ্চ হাসি হাসিত না অথচ সতত হাসিত; মিষ্ট কথার বক্তার মুখপ্রতি চাহিয়া হাসিত; কণ্ট কথায়ও হাসিত। কর্ত্বের সময় নিক্টস্থ শ্রোতাদিগের মুখ প্রতি চাহিয়া হাসিত। আবার যথন অপ্রতিত কি লজ্জিত হইয়া হাসিত তথন মৃত্তিকার প্রতি চাহিয়া হাসিত। নর্জ্কীর অপ্রতিতের হাসি আর তাহার হুংথের কায়া প্রায় একইরূপ দেখাইত; হাসিতেছে কি কাঁদিতেরছ সহজে তাহা বুঝা যাইত না, অনেকে বলিত, ওঠের গঠনের নিমিত্ত ভাগের ক্রন্ধনেও হাসি বোধ হইত।

় আবার কথার কথার ভাছার মুখ আরক্ত হইত; তৎসঙ্গে নিয়দৃষ্টি, নাসাথো ঘর্মা, ওঠকম্প দেখা যাইত। শৈলের এসকল কিছুই ছিল না!।

শৈলের দৃষ্টি সর্কাদাই তীব্র বোধ হইত; আবার তাহার প্রতি কেহ চাহিলে সেই তীব্রতা আরও বাড়িত। নর্জ্কীর নয়ন স্বভা-বভঃ ভীত। কেহ তাহার প্রতি দৃষ্টিপাত করিলে নয়নপল্লব নামিয়া তৎক্ষণাং চক্ষুদিগকে আচ্চাদিত করিত।

নর্ত্তকীকে কেহ কথন নৃত্য করিতে দেথে ন,ই। যে হৃদ্ধা পরিচারিকা স্থিনিদের নাক্ষাতে বলিয়াছিল যে ইনি নাচিতেও পারেন, সে পরিচারিকাও কখন তাহাকে নৃত্য ক বিতে দেখে নাই। মহারাজ মহেশচক্রের সংসারে এই রূপ-বতী আশৈশব নর্ত্তকী বলিয়া প্রতিপালিত এইজন্য সকলেই ভাহাকে নর্ত্তকী বলিয়া জানিত।

কথিত আছে মহারাজ স্বয়ং নৃত্য ভালবাসিতেন না, অন্য কেহ নুত্যের প্রশংসা করিলে তিনি জ্র কুঞ্চিত করিতেন। তাঁ-হার, গৃহে কখন নাচের "মজলিস" হইত না। গীত শুনিতে তিনি আন্তরিক ভালবাদিতেন কিন্তু কথন গায়ককে সন্মুণে বসাইয়। গীত শুনিতে পারিতেন না। গায়কেরা স্বতর স্থানে বসিয়া গাইত আপনিও স্বতম্ন স্থানে একা থাকিয়া গীত ভনিতেন। সে সময় তাঁহার প্রমান্ত্রীয়গণেরাও নিকটে যাইত না; অনবধানতা প্রযুক্ত কেহ গেলে তিনি সিংহের নাায় মাথা তুলিতেন, অন্যপ্রকারে বৈরক্তি প্রকাশ করিতেন না; আর কিছু বলিতেনও না। এদেশীয় সংগীতশাস্ত্রে বিশেষ ব্যুৎ-ুপুত্তি না থাকিলে কোন গায়ক তাঁহার নিকট প্রতিপন্ন হইতে পারিত না। অথচ তিনি কখন এই দেশী 'রাগ রাগিণী গুনিতেন না। তিনি বাহা গুনিতেন তাহার কোনটির নাম "শোক" কোনটির নাম ''স্থুখ'' ই ত্যাদি। নর্ত্তকীর প্রথম যে স্কুরে বিনোদ কাঁ-দিরাছিলেন তাহার নাম "শোক" দিতীয় স্থরটির নাম " স্থ।" এই সকল রসাত্মক স্থর একজন ব্রহ্মচারী নর্ত্তকীদিগকে শিখা-ইতেন।

মহারাজের নর্ত্তকী অনেক ছিল। তাহারা সকলে মাসিক বেতন ও মধ্যে মধ্যে উৎসব উপলক্ষে স্বর্ণগচিত বস্ত্র এবং তত্পযোগী অলক্ষার পাইত। কিন্তু যে নর্ত্তকীর পরিচর দেওয়া যাইতেছে সে কথন বস্ত্র অলক্ষার লইত না। এই সকল মনোহর দ্রবোর প্রতি তাহার এক প্রকার ভ্র ছিল। নত্তনীর প্রথম যৌবনকালে একবার তাহার মঙ্গলাকাজ্জীরা তাহাকে অলন্ধারাদি দারা সাজাইয়াছিল। কিন্তু অলন্ধার পরিয়া নর্ত্তকী আর মাথা তুলিল না বরং বিন্দু বিন্দু ঘামিতে লাগিল। তাহা দেখিয়া তাহার আয়ীয়ের। অলন্ধার খুলিয়া লইল। তখন হাসি হাসি মুখে নর্ত্তকী একজনের কর্ণে দলিয়াছিল যে "অলন্ধার পরিলে আমার মনে হয় যেন সকলেট আমার দিকে চাহিতেছে।" কিন্তু এ কথা প্রথমাবস্থার। এক্ষণে অবস্থান্তর হইয়াছিল।

মহারাজ মংহশচক্তের পট দেখিয়া বিনোদ কঁকান্তরে গেলে
নর্জ্বনী কাণকাল বদিয়া রহিল, তাহার পর মাথা তুলিয়া চারি
দিক্ দেখিতে দেখিতে একখানি গৃহচিত্রের প্রতি তাহার
দৃষ্টি পড়িল। ভাবিল এখানি নৃতন, পূর্বে আর কথন দৈখি
নাই, অতএব বিশেষ করিয়া দেখিবার নিমিত্ত নর্ত্তকী উঠিল,
বাম হত্তে প্রদীপ লইয়া ঈষং তাহা উদীপন করিল, তাহার পর
চিত্রের নিকট যাইয়া মাথা তুলিয়া দেখিতে লাগিল। সেই
দিনীপু দীপয়লোকে নর্ত্তকীর উলত মুখম এলী আর একখানি
চিত্রিত পট বলিয়া বোধ হইতে লাগিল। কিন্তু সে মুখের
তাংকালিক স্থে মাধুরি পটে অক্ষিত করা চিত্রকরের অসংধা।

নর্ত্তকী যে পটথানি একাগ্র হইরা দেখিতে ছিল তাহাতে চিত্রকরের বিশেষ নিপূণ্তা প্রকাশ থাকিলে থাকিতে পারে কিন্তু চিত্রিত বিষয় অতি সামানা। একটি জলাশয়ে কেবল গুটিকতক হংস বিচরণ করিতেছে। এই সামানা বিষয়ে চিত্রকর যথেষ্ট পরিশ্রম করিয়াছে। পটের উদ্ধৃতাগে আকাশ চিত্রিত হইরাছে। পশ্চম দিকে ক্ষুদ্র ক্ষেত্র মেঘণ্ডলিন স্বর্ণনিত্ত হইরা স্থা দেখিতেছে। পটে স্থা চিত্রিত হয় নাই কিন্তু পশ্চমদিকের পাঁকাশে স্থাালোক মৃত্র অথচ স্পাই রহি-

য়াছে। আকাশের অন্য দিকে সে আলোক নাই ক্রমে মিলা ইয়া গিয়াছে। কেবল এই চিত্রিত আকাশ দেখিলেই বোধ হয় অপরাক্ত উপন্থিত এবং তাহা শরৎকালের অপরাক। তাহার পর চিত্রিত জলাশয় ও তাহার পার্শ্বন্থ বুক্ষাদি দেখিলে भारतीय अभराक आरंध न्याह जाना यात्र। छेक छेक व-ক্ষাগ্রে মলিন স্বৰ্ণ আভা লাগিয়াছে, তাহা এত মলিন যে (मिथाटिक प्रिचित्र मिलारेब्रा यारेटिक । वर्षा कुतारेब्राहिक, জলাশরটী পরিপূর্ণ রহিয়াছে, বর্ষার লতাগুলিন তীরস্থ শাখা হইতে ঝুলিতেছে, তাহার পুষ্পগুলিন গভীর, স্থির, কাল জলে প্রতিবিশ্বিত রহিয়াছে। জলে অপর:ছের ছায়া পড়িয়াছে. সকল স্তব্ধ, স্থির, গুড়ীর। এই সময় একটি রাজহংস গ্রীবা বাঁকাইরা মাথা ফিরাইরা তরঙ্গ তুলিরা ঘাইতেছে, কাল জলে তাহার অমল খেত পক্ষ আরও অমল দেখাইতেছে। আর তুইটী রাজহংস পার্শ্বাপার্শ্বি হইয়া স্থির জলে স্থির হইয়া রহি-য়াছে, যেন তাহারা কি ভাবিতেছে। আর এক স্থানে আর একটি রাজহংস ডুবিয়া উঠিয়াছে, মাধার জলকুণা শত শত অমল মুক্তাকারে পুঠের উপর দিয়া ঝরিয়া পড়িতেছে হংগ আবার ডুবিবে বলিয়া মাথা নামাইতেছে।

পটের নিয়ে অতি ক্ষুদ্রাক্রে একটি পুরাতন গীতের এই অংশটি লিখিত আছে। যথা————

> " খ্যান সাররে আমি হংসী ছিলাম, ডুবিতাম, উঠিতাম, ভেসে যেতাম, কত উল্টি পাল্ট ভেসে বেতাম,"

নর্ত্তকী শেষ এই গীতাংশ পড়িয়া চক্ষের জল মুছিল, দীপধারে প্রদীপ রাথিয়া, ধীরে ধীরে আসনে আসিয়া বসিল, ক্রনে উপাধানের উপর মন্তক নত করিমী অতি মুছ্সুরে গীতটি

গায়িতে লাগিল। গীতটির প্রথম কথা "সুখমর সায়র" এই অংশ গারিতে গায়িতে নার্ত্তী একবার মাপনা আপনি বলিল "মুখমর সাগরই বটে," আবার পূর্বমত গায়িতে লা-গিল। পার্শ্বত কক্ষে বিনোদ আছেন একথা নর্ত্তকী গায়িতে গায়িতে ভুলিয়া গেল, উক্তা হইয়া গায়িতে লাগিল। বিনোদ নিঃশদে বার খুলিয়া পুত্তলিকার ন্যায় একদৃষ্টে নর্ত্কীর প্রতি চাহিয়া রহিলেন। গীত শেষ হইলে জিজ্ঞাসা করিলেন "এ গীত তুমি কোথায় পাইলে ?" নর্ত্তকী কেবল স্ক্রন্থলি দারা পট দেখাইয়া দিল। বিনোদ পটের দিঁগে যাইতেছেন (मिश्रा नर्खकी উठिया व्यक्तील इटफ मदक मदक दान। আলোক বাডাইবার নিমিত্ত নর্ত্তকী পটের কাছে সরিয়া দাঁড়াইল। দাঁড়াইবা মাত্র তাহার অঙ্গের মাধুর্যা সৈীগদ नितारमञ्जनामात्रस्य अरवभ कतिल । विताम ভावित्लम " এ य आभाव देशत्लव अन्नत्मीवन ।" वित्नाम अमनि नर्डकीव नित्क মাথা ফিরাইলেন; সৌরভ তাঁহাকে আরও মোহিত করিল; মোহিত হট্যা তিনি নর্ভকীর কৃষ্ণ কেশ দেখিতে লাগিলেন। নর্ত্তকী এদকল কিছুই জানিতে পারিল না স্থির ভাবে প্রদীপ ধরিয়া পট দেখিতেছিল, মনে করিয়াছিল বিনোদও পট দেখিতেছেন।

কিয়ৎকণ পরে বিনোদ বলিলেন "তোমার অঙ্গের কি
আন্চর্যা সদগদ্ধ?" অমনি নর্ত্তনীর হস্ত হুইতে প্রদীপ পড়িয়া
পোল ঘর অন্ধকার হুইল। বিনোদ পরিচারককে ডাকিয়া
আলোক আনাইয়া দেখেন নর্ত্তকী চলিয়া গিয়াছে। একবার
ভাবিলেন কেন সে প্রদীপ ফেলিয়া চলিয়া গেল তাহা জিজ্ঞাস।
করিয়া আসি; কিন্তু সৌরভে শৈলকে মনে পড়িয়াছিল অপ্তরে
ভাহার চিত্র দেখিতে দেখিতে শয়ন ঘরে গেলেন, অভি অর

ক্ষণ মধ্যেই নিদা তাঁহাকে আছের করিল। সে রাত্রে তাঁহার আর রুরপুরে যাওয়া হইল না।

## অফীদশ পরিচেছদ।

রাত্রি প্রভাত হইল। নিজাভঙ্কের সঙ্গে বিনোদের হৃদয়
আহলাদে প্রিয়া আসিতে লাগিল। সপ্তমীর প্রাতে বাদ্যাদ্যমের সঙ্গে সঙ্গে নিজা ভাঙ্কিলে বালক যেমন "আল তুর্গোৎসব' বলিয়া আহলাদে শ্যা। হইতে লাফাইয়া উঠে, বিনোদ সেইরূপ শ্যা। হইতে লাফাইয়া উঠিলেন। অদ্য ত্রপুরে যাইবেন, তাঁহার প্রতিমাকে দেখিবেন, অদ্য তাঁহার ত্রোৎসব। ঘরাম্বরি পরিকার পরিচ্ছেদ পরিয়া বাহির হইলেন। একবার পরিচারককে বলিলেন "আমি চলিলাম পরে
সংবাদ পাঠাইব।" পরিচারক অবাক্ হইয়া দাড়াইয়া রহিল।

বাটী হইতে বাহির হইরা দেখেন সন্মুখস্থ উপবনে নর্ক্রী ক্তকগুলিন লতা পূস্প হস্তে দাঁড়াইরা আছে। তাহার মুখ দেখিলে বোধ হয় নর্ত্তকী যেন আর কি খুঁজিয়াছিল পায় নাই। বিনোদ ভাবিলেন, আমি যে চলিলাম তাহা একবার উহাকে বলিয়া যাই। অনেক দিনের পরে গত রাত্রে আমি যে স্থা হইয়াছিলাম তাহা কেবল এই নর্ত্তকীর কণ্ঠগুলে, স্থারের অসাধ্য কিছুই নাই আমার মত অভাগ্যেরও ভাগ্য ফিরাইতে পারে।

বিনোদকে অগ্রসর দেখিয়া নর্ত্তকী কিঞ্চিৎ লজ্জিতা হইয়া নৌকাভিমুখে যাইতে লাগিল। কিন্তু উপবন অভিক্রম না ক-রিতে করিতেই বিনোদ তাহার নিকট আসিলেন। তথন ন-র্ত্তকী উপায়ান্তর না দেখিয়া নতমুখে ঈষৎ হাসিতে হাসিতে একটি মাধবীলতার নবপত্র কোমল অঙ্গুলির দারা স্পর্শ করিয়া দাড়াইয়া রছিল। বিনাদ বলিলেন "তুমি যাও নাই ?
আমি মনে করিয়াছিলাম তুমি রাত্রেই নৌকা ভাসাইয়াছ।"
নর্ত্তকী আরও লজ্জিতা হইল। বিনোদ তাহার কারণ বৃঝিতে
না পারিয়া আবার জিজ্ঞাসা করিলেন "তুমি কথন ঘাইবে?"

নৰ্ত্ত। এখনই যাইব।

বি। আমিও চলিলাম।

ন। কোথায়?

বি। মুরপুরে, সেখানে আমার বাস।

ন। তাহা আমি জানি।

বি। তুমি মুরপুরে কখন গিয়াছিলে? শৈলকে চেন?

ন। চিনি, তিনি আমাদের রাজকুমারী।

বি। রাজকুমারী!---

ন। মহারাজ মহেশচন্দ্রের কন্যা।

বি। সে কি! তুমি অন্য কোন শৈলের কথা বলিতেছ।

ন। আমি আপনার শৈলকে মনে করিয়াই বলিতেছি। আমি তাঁহাকে তাঁহার শৈশবাবতা অবধি জানি।

বি। আমার শৈল রাঘব রামের কন্যা।

ন। রাঘব রামের পালিতা কন্যা।

বি। রাজার ক্সা দরিদ্র ব্রাহ্মণের গৃহে প্রতিপালিত হইবার সম্ভাবনা কি? মহারাজ মহেশচন্দ্রের কিসের অভাব ছিল যে তিনি অয়ের নিমিত্ত দরিদ্রের বরে আপনার ক্সা পাঠাইবেন; যদি তাহা হইত তবে সে কথা অবশ্য শৈল জানিত। শৈল দরিদ্র ক্রা, আমিও দরিদ্র এই জ্বন্য বৃষি তৃমি আমাদের উপহাস ক্রিতেছ। তৃমি স্ত্রীলোক না হইলে আমি এ উপহাসে রাগ ক্রিতাম।

#### ভ্রমর।

ন। মহাশয় দাসীর অপরাধ ক্ষমা করিবেন; আমি প্রায় সাতাশবংসর বয়স অতিক্রম করিয়াছি এপর্যাস্ত কাহারেও কথন উপহাস করি নাই, আমাকেও কেহ উপহাস করে নাই, উপ-হাস আমি বৃঝিতেও পারি না। শৈলসম্বন্ধে যে পরিচয় দিয়াছি তাহা সতা, চলুন ঐ মন্দিরে চলুন, আমি এখনই মহাশয়কে তাহার কতক প্রমাণ দিতে পারিব।

এই বলিয়া নর্ত্তকী নিকটস্থ একটি মন্দিরের দিগে যাইতে লাগিল; বিনোদ্ ও সঙ্গে সঙ্গে চলিলেন। নর্ত্তকী মন্দিরে প্রবেশ করিয়া হর্ম্মাতলে প্রস্তরখোদিত এই কয়েকটী কণা দেথাইল।

> মহারাজ মহেশচন্দ্রস্য প্রথমাজ্জায়াঃ শৈলকুমার্য্যা

#### জন্মাহে

#### रेनरमध्यक्रा

#### মন্দিরমিদং স্থাপিতং।

বিনোদ ইহা পড়িয়া বলিলেন "মহারাজ মহেশচক্রের প্রথম কন্যার নাম যে শৈলকুমারী তাহাই ইহাতে লিখিত আছে। কিন্তু সেই শৈলকুমারী যে আমার পত্নী তাহা ইহা দারা ত প্রমাণ হইল না।"

নর্ত্তকী বলিল "তাহ। প্রমাণ হইল না সত্য, কিন্তু আস্থ্ন আর এক প্রমাণ দিতেছি।" এই বলিয়া বিনোদকে সঙ্গে ল-ইয়া বৈঠকপানা বাড়ীর শ্যন্মরে প্রবেশ করিল। ত-থায় উত্তরদিগের একটি কদ্ধ দাবের চাবি খুলিল। চাবিটি দারের অপর একটি স্থানে অলক্ষ্যে লগ্ন ছিল; দার খুলিবা-মাত্র বিনোদ দেখিলেন যে একটি বালিকার প্রতিমূর্ত্তি একখানি পটে চিত্রিত রহিয়াছে। নর্ত্তকী জিজ্ঞাসা করিল ''কেমন এই প্রতিমূর্ত্তি চিনিতে পারেন ?''

বিনোদ বলিলেন যে "না আমি চিনিতে পারিলাম না, শৈলের সঙ্গে কোন বিশেষ সাদৃশ্য ত দৃষ্টি হয় না, তবে ওঠ আর যুগ্ম জ্ঞ উভয়ের এক প্রকার কতক বোধ হয়।"

নর্ত্তকী বলিল "বিশেষ মনোযোগ করিয়া দেখুন, তিন বংসর বয়সে আর উনিশ বংসর ব্যুসে মহুষ্যের আরুতি অবয়ব একই প্রকার থাকে না, যে সাদৃশ্য থাকিবার সম্ভাবনা তাহা বিচার করিয়া দেখিলে র্ঝিবেন এই আপনার শৈলের বালাসুর্তি।"

বিনোদ জিজাসা করিলেন ''রাজকুমারী রাঘবরামের কেন প্রতিপালিতা হইলেন ?''

নর্ত্তকী উত্তর করিল "সে অনেক কণা। হঠাং মহারাজের মৃত্যু হওয়ায় মহারাণী বিবাগী হইয়া পশ্চিমাঞ্চলে
চলিয়া যান। সঙ্গে সামানা ছই চারিজন পরিচারক ছিলু;
দস্মারা কি গতিকে জানিতে পারিয়া পথে সর্ব্বস্থ অপহরণ
করে। সঙ্গের লোকগুলিনের মধ্যে কতক হত হয়, কতক পলায়ন করে। শেষ মহারাণী একা পদব্রজে স্বদেশে প্রত্যাবর্ত্তন
করেন। পথিমধ্যে সাংঘাতিক পীড়িতা হইয়া জামতলী প্রামে
প্রাণত্যাগ করেন। মরিবার সময় একটি গৃহস্থকে আপন কন্যা
সমর্পন করিয়া যান। কন্যাটির বয়স তখন তিন বংসর সম্পূর্ণ হয়
নাই। গৃহস্থকগুটি রাঘব রামের প্রথমা স্ত্রী। রাঘব রামের অনেক বিবাহ ছিল, তাহা বোধ হয় আপনি ভাল জানেন। কোথায়
তাঁহার কয়টি সন্তান আছে তাহা তাঁহার প্রামের লোকেরা
জানিত না। এক দিবস তিনি শৈলকে জ্রোড়ে করিয়া আপন বাটীতে আনিয়া বলিলেন আমার জামতলীর প্রথমা স্ত্রী

সম্প্রতি গত হইয়াছেন; তিনি এই কস্তাটি রাথিয়া গিয়াছেন।'
সকলেই সেই কথা বিশ্বাস করিল। সেই অবধি শৈল রাঘব
রামের কন্যা বলিয়া পরিচিতা হইলেন। শৈলও জানিতেন
যে তাঁহার গর্ভধারিনী গত হইয়াছেন, রাঘবরামের গৃহিণীকে
তিনি বিমাতা বলিয়া জানিতেন। রাঘবরাম নিজেও জানিতেন নাযে শৈল রাজা মহেশ চক্রের কন্তা। তিনি কেবল এই
যাত্র জানিত্বন যে শৈল ভদ্রবংশজাত ব্যাহ্গণ কন্তা।''

বিনোদ বিলিলেন ''এ পরিচরে আমার সংশয় দূর হইল না। যিনি জামতলীর গৃহস্থকে ককা সমর্পণ করিয়া যান তিনি যে মহেশচক্রের রাজমহিষী তাহা কি রূপে প্রতিপর হইলেন।''

নর্শুকী বলিল "গৃহস্থকস্থাকে রাজমহিষী একটি স্থণ কৌটা সমর্পণ করেন; তাহাতে এই কথাটি লিখিত ছিল, 'মহারাজ মহেশ চল্রের কস্থা শৈলকে যিনি প্রতিপালন করিবেন তিনিই ,এই কৌটার সমস্ত রন্নাদিতে অধিকারী হইবেন।' রাঘব রামের শশুর স্থণ কৌটাটি আপনি রাখিয়াছিলেন।' তিনি তাহা খূলিতে না পারিয়া সম্প্রতি এক স্থণকারের নিকট খুলিতে আনিয়া সকল জানিতে পারিয়াছেন। আর উহা যে রাজমহি-বীর হস্তাক্ষর তাহা মহারাজের কর্ম্মচারীরা চিনিয়াছেন।"

বিনোদ জিজ্ঞাসা করিলেন "মহারাজের কর্মচারী কে?" নর্ত্তকী বলিল "যিনিই হউন তাঁহার সহিত আপনার শীঘ্র সাক্ষাং হইবার সম্ভাবনা নাই। সময় হইলে তিনি আপনিই আসিয়া সাক্ষাং করিবেন। তাহার কারণ আমায় জিজ্ঞাসা করিবেন না, আমি তাহা বলিতেও পারিব না। শৈল গেরাজকুমারী তিষিয়া আপনি কোন সন্দেহ করিবেন না।"

বিলৈদ বলিলেন "হইতেও পারে—অসম্ভব কি—রাজ-

কুমারী না হইলে দেরপ হংসগতি, সেরপ ছলিয়া ছলিয়া চলন, কোন সামান্য গৃহত্বনার সম্ভব নহে। সে ক্রক্টী, দে কটাক, কি আর কাহার হইতে পারে? শৈল নিশ্চয়ই রাজকুমারী—আমার শৈল রাজকুমারী—আমি ত রাজকুমারীর যত্ন জানি না—আমি দরিত্র, সে রত্নের আদর জানি না—কতবার হয় ত শৈল আমাকে অসভা রাড় ভাবিয়াদে। এই বার আমি সকল শোধ করিব। আমি তবে চলিলামা।"

নর্ত্তকী অতি কাতর অন্তরে দাড়াইয়া এই সকল কথা শুনিতেছিল। শেষ বিনোদকে যাইতে দেখিয়া জিজ্ঞাসা করিল "কোথায় যাইতেছেন ?"

বি। সুরপুর যাইতেছি--শৈলের নিকট যাইতেছি।

ন। মুরপুরে শৈলের সহিত সাক্ষাৎ হইবে না।

বি। কেন ?

ন। রাজকুমারী সেখানে নাই।

বি। শৈল তবে কোথা?

ন। আপনি তাহা বোধ হয় আমার অপেক্ষা অধিক জানেন।

বি। কৈ আমি ত কিছুই জানি না— আমার মহিত তাঁ হার অনেক দিন সাক্ষাং নাই। যে দিবস আমি ছেলে গাই সেই দিবস প্রাতে দেখা হইরাছিল। কিন্তু তথন শৈল কি করিতেছিলেন বা সে প্রাতে কোন সময় দেখা হইরাছিল ভাহা কিছুই আমার স্মরণ হয় না। সেই দিন অব্ধি আর দেখা হয় নাই।

ন। আর এক দিন দেখা হইয়াছিল।

বি। কবে?

न। रंग पिन आश्रीत (जनशाना इटेरा आहेरमन।

বিনোদ ঈষৎ কাঁপিয়া জিজ্ঞাসা করিলেন "কোথায় ?" ন। মহাশয়ের বাটীতে।

বিনোদ ধীরে ধীরে অতি কটে অতি মৃত্স্বরে বলিলেন "দেই রাত্রে ?''

ন। সেই রাতো।

বিন্দেদ ক্ষণেক তব্ধ থাকিয়া হঠাৎ উন্মাদের ন্যায় চীৎ কার করিয়া জিজ্ঞাসা করিলেন "তবে কি সে রাত্রের ঘটনা সত্য ?"

নর্ত্তকী মস্তক নত করিয়া রহিল, আর কোন উক্তর করিল না।

বিনোদ মর্মাজালায় ছুটিলেন; একবার মন্তক ফিরাইয়া অতি তীব্র দৃষ্টিতে নর্ত্তকীর প্রতি চাহিয়া "পাপিষ্ঠা, আমার স্থ ঘুচাইলি" বলিয়া নদীকূলে ছুটিলেন। জাঁহার বিকট মূর্ত্তি দেখিয়া গাভীরা মুখ তুলিয়া রহিল, হংসগণ কূল হইতে ুজ**ুল নামিল, শ**বভুক্ **কুরুরেরা স্বস্ব ভস্মস্তৃপ** ত্যাগ করিয়া সরিয়া যাইতে লাগিল। বিনোদ কিছুই লক্ষ্য না করিয়া মনের বেগে ছুটিতে লাগিলেন। কতক দূর যাইয়া নদীকুলে একটি অস্থিময় মড়ার মাথা দেথিয়া দাঁড়াইলেন; উহার ভগ नामा, :कुल हकू, आकर्न विकृष्ठ मख्द्रभगी (प्रथिया हाहा कृतिया হাসিয়া উঠিলেন; বলিলেন ''এই দেখ আমিও হাসিতে জানি, আমি এখনও হাসিতে পারি, কেন হাসিব না ? আমার कि इरेशार्छ ? किडूरे नरह। वल, जूमि शंप रकन? जूमि কোন যন্ত্রণা লুকাইরা হাসিতেছ ? তোমার হাসির মর্ম কি ? আমার অদৃষ্ট দেখিয়া হাদিতেছ? তুমি স্ত্রীলোকের স্বন্ধে শোভ। পাইয়াছিলে তাহাই তোমার এত হাসি; তোমার দেহ গিয়াছে, প্রাণ গিয়াছে, তবু হাসি যায় নাই; এই যাউক"

বলিয়া শব্মস্তকে পদ্যোত করিলেন। শব্মস্তক গড়াইতে গড়াইতে জংল পড়িল। বিনোদ দেখিলেন যে মডার মাথা গড়াইতে গড়াইতেও তাঁহার দিগে ফিরিয়া ফিরিয়া হাসিতে লাগিল: একবার তাঁহার দিগে চাহিয়া দম্ভবিদারণ করিয়া হাসে আবার বালুকায় মুখ গুরাইয়া ফিরিয়া হাসে। বিনোদ সেই স্থানে দাঁড়।ইয়া কি ভাবিতে লাগিলেন। নদীতে বে স্থানে শ্বমস্তক ডুবিল সেই স্থান হইতে ছুই চারিটি জলপিয় উঠিল, ফাটিল মিশাইয়া গেল। বিনাদ অনেক্ষণ তথায় স্পানরহিতের ন্যায় দাড়াইর। রহিলেন। পরে তুই একবার মন্তক আন্দোলন করিয়া সদর্পে অথচ অল্প আর পদবিক্ষেপে ফিরিয়া আসিলেন। আসিয়া দেখেন যেখানে নর্ভকীকে তিরস্কার করিয়া গিয়াছেন নর্ত্তকী সেইখানে দাড়াইয়া আছে, মাধবী পত্ৰ লইয়া ছিঁডিতেছে। বিনোদ তাহাকে দেখিয়াও 'দৈখিলেন না চলিয়া গেলেন; আবার কিয়দুর গিয়া ফিরিয়া আদিলেন; বলিলেন 'আমি বড় রাঢ় কথা বলিয়াছি, আমি তভাগা আমংর উপর অভিমান করিও না, আমি বড় ছঃধী, এখন হইতে চিরত্বংথী হইলাম, আমার আর এজনে কোন্ আশা ভরদা রহিল না।" এই বলিয়া বিনোদ মুখ ফিরাইলেন: তাঁহার নিশ্বাস প্রখাসের শব্দ শুনিয়া নর্ত্তকীর নয়নাশ্র মাধনী পত্রে পড়িতে লাগিল। বিনোদ গৃহপ্রবেশ করিয়া দার রুদ্ধ করিলেন আর নর্ত্কীর সহিত তাঁহার সাক্ষাৎ হইল না। শেষ नर्खकी त्नोका थलिया छलिया राज ।

### ঊনবিংশতি পরিচেছ্দ।

শৈলের স্থাদ বিনোদ কিছুই জানেন না। যে রাতে বি-নোদ জেলথানা হইতে মুক্তিলাভ করিয়া আপুনার গৃহে মৃতপ্রায়

#### ভ্রমর।

পড়িরাছিলেন, সেই রাত্রে শস্তু কয়েদি আসিয়া শৈলকে লইরা গেলে আর তাহার কোন সম্বাদ পাওরা যায় নাই। এক্ষণে সে সম্বাদ পাওয়া গিয়াছে।

বে প্রামের ভগ অট্টালিকার মধ্যে রামদাস সন্নাসী আর মোহাস্ত বাস করিতেন, শস্তু শৈলকে সঙ্গে লইয়া সেই প্রামে গোলেন । রামদাসের নিজাভঙ্গ করিয়া শৈল সম্বন্ধে কতক শুলিন উ্পদেশ দিলা চলিয়া গোলে রামদাস শৈলকে বলি লেন, "মতিঃ আমার সঙ্গে আস্থন।"

শৈল প্রথমে কোন উত্তর দিল না মস্তক ফিরাইরা শস্তুকে দেখিতে লাগিল। শস্তু দৃষ্টির বাহির হুইলে শৈল সন্তাসীর কথার কর্ণাত করিল। সন্তাসী পুনরার বলিলেন "আন্মার সঙ্গে আহ্বন।"

শৈল ফণিনীর মত মাথা তুলিয়া বলিল "তোমার দঙ্গে কোথায় যাইব? কেন যাইব, তুমি কে?" শস্তু যেদিগে গিয়া
ছেন সেই দিক দেখাইয়া রামদাস বলিলেন "আমি ঐ প্রভুরঃ
অনুমতারুসারে বলিতেছি আমার সঙ্গে আস্থন।"

रेग। जामि यनि ना याहे ?

রা। তবে বলপূর্বকে লইয়া যাইব।

শৈ। এখানে তোমার সমভিব্যাহারে আর কে আছে?

রা। অনেকে আছে।

रेम। कग्रजन ?

রা। বাইশ জন।

শৈ। ত্বেচল।

শৈলকে সঙ্গে লইরা রামদাস সমুথস্থ এক দেবমলিরে প্রবেশ করিলেন। শৈল দেবম্র্তিকে হস্ত তুলিয়া প্রণাম করিলেন। রামদাস বলিলেন "আস্কন।" শৈল বলিল "আবার

(

কোণায় ?'' ভিত্তিপার্শ্বস্থ সোপান দেখাইয়া রামদাস বলিলেন "এই পথে চলুন।" শৈল সদর্পে উপরে চলিলেন।
মন্দিরের উপরস্তবকে আর একটি দেবমূর্ত্তিকে সাষ্টাঙ্গে প্রণাম
করিলে রামদাস তাহার চকু বাঁধিয়া কয়েকবার প্রতিমা
বেষ্টন করাইয়া হস্ত ধরিয়া বলিলেন "আবার আহ্নন।"
শৈল আর কোন আপত্তি করিল না, কোন কথাও-জিজ্ঞাসা
করিল না, পূর্ব্বমত দম্ভভাবে চলিল। কয়েক পদ যাইয়া
শৈল ব্নিতে পারিল সোপান অবতরণ করিতে হইতেছে।
বে সোপান দিয়া উঠিয়া ছিল দেই সোপান কি অন্য সোপান
অবতরণ করিতে হইতেছে তাহা বুনিতে পারিল না কিন্তু
জিজ্ঞাসাও করিল না।

সোপান অবতরণ করিয়া শৈল অফুতব করিল যে কোন প্রস্তরনয় পথ দিয়া চলিতেছে। আবার পরক্ষণেই অফুতব করিল পথটি প্রশস্ত নহে। উভয় দিগে প্রস্তরময় প্রাচীর আছে। ক্ষণবিলয়ে একটা হুর্গন্ধ তাহার নাসারদ্ধে প্রবেশ করিল। শৈল ভাবিল, সিক্ত মৃত্তিকার হুর্গন্ধ। ক্রমে সেই গন্ধ আরপ্ত প্রবল হইল। আর সহু করিতে না পারিয়া বলিল "সন্ন্যাসী? কোণায় লইয়া যাও আমার শ্বাস রোধ হয় যে।" রামদাস তথন শৈলের চক্ষুর বন্ধন মোচন করিয়া বলিল "আর একটু ক্ট করিয়া যাইতে হইবে।"

শৈলের চক্ষুবন্ধন মোচন হইল দহা, কিন্তু শৈল কিছুই দেখিতে পাইল না পথ অন্ধকারময়। সন্নাসীর পদধ্বনি অনুসরণ করিরা শৈল যাইতে ছিল; হঠাৎ শক্ষ তুগিত হইল। শৈল ভাবিল সন্নাসী দাঁড়াইয়া আছে অভএব দাঁড়াইয়া রহিল। ক্ষণেক বিলম্বে জিজ্ঞাসা করিল, "সন্নাসী, দাঁড়াইলে কেন?" সন্নাসী কোন উত্তর দিল না। আবার শৈল সেই কথা

360

জিজ্ঞানা করিল কিছ এবারও উত্তর পাইল না। শৈল ফিরিল. ফিরিয়া দেখে পশ্চাতের পথ রুদ্ধ হইরাছে, পথ প্রমাণ দ্বারে পথরোধ করিয়াছে। দক্ষিণ দিকে হস্তপ্রসারণ করিয়া দেখে প্রস্তরময় প্রাচীর। বাম দিকেও সেইরূপ, কেবল সন্মথে খোলা আছে কিন্তু বড় অন্ধকার। উর্দ্ধে মুখ তুলিয়া দেখে আকাশ নক্ষত্র কিছুই দেখা যায় না সকলই অন্ধকার। শৈল চীংকার করিয়া উঠিল চীংকার অন্ধকারে প্রতিধ্বনিত হইল। करनक मार्क्स देशा देशन शीरत शीरत विनय्त नाशिन "मनामी। আমি কি এইখানেই দাড়াইয়া থাকিব গুনা আর কোথায় আমায় যাইতে হইবেণ এম্বানে আমার শ্বাস্বোধ হইতেছে। একি প্রস্তরময় গর্তে আনিয়া আমায় রুদ্ধ করিলে? এই কি আমাৰ সমাধিসান? আমাকে জীবিত মাৰিবাৰ নিমিত কি এইখানে আনিরাছ ?" শৈলের প্রশ্নে কেছ উত্তর দিল ন।। শৈল ক্ষণেক কর্ণ তুলিয়া দাঁড়াইয়া রহিল কেং উত্তর দিল নাঃ কোন শব্দ নাই। তথন শৈল সম্বাহে হস্ত প্রসারিয়া সাবধানে 🕹 অগ্রসর হইতে লাগিল।

অল্ব আদিলে শৈলের অঙ্গে প্রতির্যু স্পশ করিল। শৈল।
পুলকিত চইরা গাড়াইল। ভাবিল, ভর নাই শীল্প মরিব না স্থাপে
অবশা বায়র পথ আছে। অতএব তাহা মন্তুসদান করিবার
নিমিন্ত সাবধানে অগ্রসর হইতে লাগিল কিন্তু করেক পদ না
যাইতে যাইতেই প্রাচীর স্পর্শ হইল। শৈল বাম দিকে ফি
রিয়া আবার করেক পদ গেল, সেদিকেও পূর্ব্বিমত প্রাচীর স্পর্শ
হইল। এইরূপে শৈল চারিদিকে ফিরিল। চারিদিকেই প্রস্কময়
প্রাচীর; কোগায় বায়ুর পথ তাহা কিছুই দ্বির করিতে পারিল
না। কিন্তু শৈলের নিশ্চয়ই বোধ হইল যে প্রস্কময় কোন
যারে সে প্রবেশ করিরাছে কিন্তু অন্ধকারে নির্গমের পথনির্বা
করা কঠিন। অতএব গাঁড়াইয়া প্রাতঃকালের প্রতীক্ষা করিতে
লাগিল।



# জ্ঞাক্ত মাসিক পত্র।

১ম খণ্ড।

অগ্রহায়ণ ১২৮১।

[৮ সংখ্যা।

1.3

# বঙ্গে দেবপূজা

### প্রতিবাদ।

কার্ত্তিক মাসের ভ্রমরে শ্রীঃ স্বাক্ষরিত "বঙ্গে দেবপুদ্ধা" নামক প্রাত্ত্ম সম্বন্ধে আমার কিছু বলিবার কথা আছে।

শ্রীঃ মহাশবের কথার রীতিমত প্রতিবাদ করিতে গেলে যে সমর লাগে তাহা আমার নাই; এবং যে স্থান লাগে তাহা ভ্রমরের নাই। কিন্তু কথা সহজ—সংক্ষেপে বলিলেই চলিবে।

তাঁহার স্থল কথা এই, যে পৌত্তলিকমত, সত্য হউক, মিথ্যা হউক, ইহা বঙ্গনেশে প্রচলিত থাকাতে, দেশের বিশেষ উপকার আছে। কিকি উপকার ?

তিনি, প্রথম উপকার,এই দেখান মে, দেব সেবার অন্থ্রোধে সেবক ভাল খায় পরে। এবং এই কথা প্রতিপন্ন করিবার জন্ম বৈক্ষবের বাড়ী ব্রাহ্ম অতিথির উদাহরণ দিয়াছেন। শ্রীঃ মহাশয়কে জিজ্ঞাসা করি, দাহারা ঠাকুর পূজা করে না, তাহারা কি কখন ভাল খার পরে না? খ্রীঃ মহাশর কি কখন সাহেবদিগের আহার দেখেন নাই, তাহারা করটা শালগামের
ভোগ দেয়। হিন্দু পুত্তল পূজা করে, ইংরেজ করে না; ইংরেজ ভাল খায়, না হিন্দু ভাল খায়? ইংরেজ। তবে আহারাদির
পারিপাট্য যে ঠাকুর পূজার ফল নহে, তাহা খ্রীঃ মহাশয়কে স্বীকার করিতে ইইবে।

তিনি হয়ত বলিবেন, ইহা সত্য, তবে বাঙ্গালি এমনি জাতি, যে যাহা কিছু ভাদে খায়, তাহা ঠাকুরের অমুরোধে, ঠাকুর না থাকিলে খাইত না। একগা মিথাা। অনেক ঘোর নান্তিক, উৎকৃষ্ট আহার করে, এবং অনেক দৃঢ়ভক্ত কানাইয়া লালকে এমন কদর ভোগ দেয়, যে তাহার গদ্ধে ভূত প্রেত পলায়ৢৢ স্থলকথা এই, যে যাহার শক্তি ও সংস্কার আছে, সেই ভাল থায়। যে এখন ঠাকুরকে উপলক্ষ কারীয়া ভাল খায়, বা খাওয়ায়, সে পৌতলিক না হইলে উদক্তে মেন্রোধে ভাল খাইত, খাওয়াইত। ঞীঃ মহাশয় দিতীয় উপর্কৃত ইম্বারে নিকট পাকায় যে ফল, তাহা তাহাদের ফালিতেছে।" ঞীঃ মহাশয় সে ফল কি আপনি জানেন ং সে ফল পুরুষোত্মন, কাশী, প্রভৃতি তীর্থ স্থানে প্রকটিত আছে। ঈশ্বর সায়িধা হিলু মহিলার নিকট নিঃশঙ্কচিতে পাপ করিবার স্থান বিক্রিণ পরিচিত।

তিনি বলেন, সাকারে প্রার্থনা আন্তরিক হয়, নিরাকারে তত হয় না। কে বলিয়াছে ? কেন হয় না ? যাহাকে চাক্ষুষ মাটী বা পাতর দেখিতেছি, তাহার কাছে যদি আন্তরিক কাঁদিতে পারি, তবে যাহাকে চক্ষে দেখিতেছি না, কিন্তু মনে জানিতেছি তিনি ব্রহ্মাণ্ড ব্যাপিয়া আছেন, কেন তাঁহার কাছে আন্তরিক কাঁদিতে না পারিব ? কেন সেইরূপ সান্ধনা লাভ না করিব?

### বঙ্গে দেবপূজা।

শ্রী:, যুবতীর মুখে যে কয়টি কথা বদাইয়াছেন, তাহা মেয়েলি কথা বলিয়া উত্তর দিতে ইচ্ছা করে না। যুবতী স্ত্রীবৃদ্ধিতে অলীক কথা বলিয়াছে, ভক্ত নিরাকারবাদীর অস্তঃকরণ বৃদ্ধিতে পারে না বলিয়া বলিয়াছে। দেবতার কাছে আছি বলিয়া, তাহার যে স্থুখ, যে সাহস, সর্ব্ব্যাপী ঈশ্বরের কাছে আছি বলিয়া, নিরাকার ভক্তেরও সেই স্থুখ, সেই সাহুস। বিশ্বাসের দার্চ্য থাকিলে সাকার নিরাকারে কোন প্রভেদ নাই।

তৃতীয় উপকার, তারকেশ্বর, বৈদ্যানাথ রোগ, ভাল করেন, শ্রীঃবলেন, রোগ বিশ্বাদে ভাল হয়, বিশ্বাদ দেবতার উপর। যদি বিশ্বাদে রোগ ভাল হয়, তবে বিশ্বাসযোগ্য ডাক্তারের সংখ্যা বাড়িলেই দেবতারা পদ্যুত হইতে পারেন।

চতুর্থ উপকার, উৎসব, যথা ছর্গোৎসবাদি। জিজ্ঞাসা করি এই হতভাগ্য অরক্লিষ্ট, রথা হটুগোলে ব্যতিব্যক্তারঙ্গ সমাজে এতটা উৎসবের কি প্রয়োজন আছে গুএখন ক্ষেপ্রভালি কঠিন হলম, ভোগপরাজ্ম্থ, উৎসববিরত সম্প্রদায়ের জাস্থান্য না হইলে, ভারতবর্ষের কি উদ্ধার হইবে গ

পঞ্ম, ঞীঃ বলেন এই উপধর্ম বঙ্গের সমাজবন্ধন; এবন্ধন রাথিয়া, সমাজ রক্ষা কর। বক্ষসমাজবন্ধন ছিল্ল করিয়া,স মাজ তক্ষ করা, বিচলিত, বিগুত, করারই প্রয়োজন হইয়াছে; এই থইরে বন্ধনে বাক্ষালির প্রাণ গেল। ্রাক্রিনি গোকর কৃত্রী আর আমাদের গলার রাথিওনা। যদি দেবতা পূজাই, এই নরক তুল্য সমাজের মূল গ্রন্থি হয়, তবে আমি বলি, বে শীঘ্র শানিত ছুরিকার বারা ইহা ছিল্ল কর। নৃতন সমাজ পত্তন হউক।

রূপক একটি ভ্রমের কারণ। ''বন্ধন'' শস্কৃটি ব্যবহার ক্রিলে লোকে মনে করিবে ''বড় আঁটা আঁটি— দড়ি ছাড়িস না, বাঁধন ঠিক রাথিস।'' বস্তুতঃ সমাজ বন্ধন মানে কি ? খ্রীঃ কি মনে করেন, যে দেবতার পূজা উঠিরা গেলেই, সমাজ থসিরা পড়িবে, সমাজের লোক সকল, সমাজ ছাড়িরা, গোশালাবিমুক্ত গোরুর নাার বনের দিকে ছুটবে ? তাহা নছে। আসল কথা এই দেবতাভক্তি, বঙ্গ সমাজের একটি ধর্মান্ডিন্তি। এভিত্তি ভাঙ্গিরা গেলে ধর্মের অন্যভিত্তি হইবে; সমাজ নষ্ট হইবে না। যতদিন না, ন্তন ভিত্তি পত্তন হয়, ততদিন কেহ এইভিত্তি বিনষ্ট করিতে পারিবে না। শিক্ষা এবং লোকবাদ (public opinion;) এবং উৎকৃষ্ট নীতি শাস্ত্ত্বনিত নৃতনভিত্তি চারিদিকে স্থাপিত হইতেছে। খ্রীঃ বলেন, "ভক্তি, শ্রদ্ধা, প্রভৃতি যে কয়েকটি গুণের নিমিত্ত বাঙ্গালা বিখ্যাত, তাহা এই দেবতাদিগের প্রসাদাং।" ইত্যাদি। পুতল পূজা ভিরু যে ভক্ত্যাদি গার্হস্থা ধর্মের অন্ত মূল নাই, একথা এরূপ অমূলক এবং অশ্রম্বের, যে ইহার প্রতিবাদ আবশ্যক করে না।

আমি সংক্ষেপতঃ দেখাইলাম যে খ্রীঃ বঙ্গীয় দেবতাগণকে যে করেক বিষয়ে উপকারক মনে করেন, তাহা কেবল তাঁহার আডি। সকল লান্তি দেখাইতে গেলে, তিন নয়র লুমর আমাকেই ইজারা করিতে হইবে। কিন্তু বিচারার্থ আমি স্বীকার করিতে প্রস্তুত আছি যে কোন কোন বিষয়ে সাকার-পূজঃ উপকার করে। তাই বলিয়া কি সাকার পূজা অবলম্বনীয়? এ জগতে এমন অপরুষ্ঠ সামগ্রী কি আছে, যে তদ্বারা কোন না কোন উপকার নাই। মদ্য উৎকুষ্ঠ ঔষধ; অনেক বিষয় উৎকুষ্ঠ ঔষধ প্রস্তুত হয়; তাই বলিয়া কি মদ্য এবং বিষ নিত্য সেবা করা কর্ত্তবাং করেল গিয়া, পরের ঝারতে থাইতে পায়, তাই বলিয়া কি কারাবাস কামনীয়? অপ্রকের বয়র অয়, সেই জন্ত কি অপ্রকতা কামনীয়? অনেক ফ্রীলোক অসতী হইয়াই প্রবতী হইয়াছে; তাহাতে কি অসতীত্ব ইষ্ঠ বস্তুত্ব

হইল? সাকার পূজায় কিছু কিছু উপকার আছে বলিয়াই কি সাকার পূজা প্রচলনীয় বলিয়া সিদ্ধ হইল?

সকলেরই কিছু শুভ ফল আছে, সকলেতেই কিছু অশুভ ফল আছে। শুভাশুভের তারতমা বিচার করিয়া, কোনটি কামনীর, কোনটি পরিহার্যা মনুষ্যো বিচার করে। একটি গেল, তাহার স্থানে আর একটি হইল; যেটি ছিল, জাহার যে সকল শুভ ফল, তাহা আর রহিল না, কিন্তু যেটি হইল, তাহার জন্ম, নুতন কতকগুলি শুভ ঘটিবে। এইগুলি যদি পূর্ণ শুভের অপ্পক্ষা গুরুতর হয়, তবে ইহাই বাঞ্কনীয়। সাকার পূজার শুভ ফল অনেক থাকিতে পারে, কিন্তু নিরাকার পূজার শুভফল যে তদপেক্ষা গুরুতর নহে, তাহার আলোচনায় শ্রীঃ একেবারে প্রাব্তু হয়েন নাই।

যথন এদেশে রেলের গাড়ি ছিল না, তথন ভ্রমণ, পদব্রজে, নৌকার, বা পাল্কীতে করিতে হইত। নৌকা বা পাল্কীতে বাতারাতের ছই একটা স্থফল ছিল—তাহা বাজ্পীয় যানে নাই। নৌকাযালা স্বাস্থ্য কর। যেদেশ দিয়া রে লাড়িতে বাও তাহার কিছুই দেখা হয় না, গড়গড় করিয়া তাহা পার হইরা বাও। পাল্কীতে বা পদব্রে গেলে, সকল দেশ দেখিয়া বাওয়া য়য়য়য় তাহাতে বছদর্শিতা এবং কোত্হল নিবারণ লাভ হয়। তাই বলিয়া যে বলিবে রেলগাড়ি উঠাইয়া দাও, দেশের সর্বনাশ হইতেছে, তাহাকে শ্রীঃ কিরপে বোদ্ধা বলিয়া গণ্য করিবেন? নিরাকারভক্তও তাঁহাকে সেইয়প বোদ্ধা বলিয়া সনন করিতে করে।

তিনি সকরি পূজার গুণ কতকগুলি দেখাইয়াছেন; দোষ একটিও দেখান নাই। তাহার ছই একটি অগুত ফলের উল্লেখ করা প্রয়োজনীয় হইতেছে। উল্লেখমাত্র করিব। প্রথম, সাকার ধর্মা, বিজ্ঞানবিরোধী। যেখানে সাকার ধর্ম প্রচলিত, সেখানে জ্ঞানের উন্নতি হয় না। সেখানে সকল প্রশ্নেরই এক উত্তর—"দেবতায় করেন।" অন্ত উত্তরের সন্ধান হয় না। অতএব সাকার পূজা জ্ঞানোন্নতির কণ্টক।

यिन (कह वर्तन, रि व्यत्नक यूनानी এবং অনেক আর্য্য পণ্ডিত জ্ঞানের উন্নতি করিয়া ছিলেন, তাঁহারাই কি সাকার বানী হিলেন, না ? উত্তর, না—কেহই না। যুনানী তত্বজ্ঞ দার্শনিক এবং বিজ্ঞানরেত্বগণ, এবং আর্য্য মহর্ষিরা, যাঁহারা কিছু জ্ঞানের উন্নতি করিয়াছিলেন, সকলেই নিরাকারবাদী ছিলেন। সাকার-বাদী কর্ত্বক জ্ঞানের উন্নতি প্রায় দেখা যায় না।

ধিতীয়। সাকার পূজা, স্বাহ্নবর্তিতার বিরোধী। চারিদিকে মহ্নয়া চিত্তকে বাঁধিয়া, মহ্নয় চরিত্রের, ক্র্টি, উন্নতি এবং বি-স্তৃতি লোপ করে।

ভৃতীয়। জ্ঞান এবং স্বায়্বর্তিতার গতি রোধ করিয়া, এবং অন্তান্ত প্রকারে সাকার পূজা সমাজের গতিরোধ করে।

পিকান্তরে, ইহা স্থীকার করিতে হয়, যে সাকার পূজার একটা গুরুতর স্কল আছে, খ্রীঃ তাহা ধরেন নাই। সাকার-পূজা কাব্য এবং স্কা শিল্পের অত্যন্ত পুষ্টিকারক। সাকারবাদী-দিগের প্রধান কবিদিগের তুল্য কবি, নিরাকার বাদীদিগের মধ্যে একজনমাত্র আছেন—একা সেক্ষপিয়র। বঙ্গদেশেও, সা-কার পূজার ফল, বৈষ্ণবকবিদিগের অপূর্ব্ব গীতি কাব্য।

শ্রীঃ সাকার নিরাকারের মধ্যে কোনটি প্রকৃত ঈশ্বরোপাসনা তাহার মীমাংসা করেন নাই; আমিও তাহা বিব না। বৃধি বিচার করিতে গেলে, হ্যের একটিও টিকিবে না। উক্তিতে রুষ্ণ পাওরা যায়, কিন্তু তর্কে রুষ্ণ বা ঈশ্বর কাহাকেও পাওয়া যায় না। কিন্তু যদি হুইটির মধ্যে একটি প্রকৃত হয়, তবে যেটি প্রকৃত

দেইটি প্রচলিত হওয়াই কর্ত্বরা, অপ্রক্কতের সহস্র শুভ ফল থাকিলেও তাহা প্রচলিত হওয়াই অকর্ত্বর। যদি সাকার পূজাই প্রকৃত ঈশ্বরোপাসনা হয়, তবে তৎপ্রাদত্ত উপকার সকল এক এক করিয়া গণিবার আবশ্যকতা নাই; তাহাতে কোন উপকার না থাকিলেও, সহস্র অনুপকার থাকিলেও তাহাই অবলম্বনীয়। আর যদি তাহা না হইয়া নিরাকার প্রকৃত ঈশ্বর স্বরূপ হয়, তবে সাকার পূজায়, সহস্র উপকার থাকিলেও, নিরাকার পূজায় কোন ইয় না থাকিলেও, সাকার পূজা লুপ্ত হওয়াই উচিত। ইহার কারণ সত্য ভিন্ন অসত্যে কথন মঙ্গল নাই। সত্যই ধর্ম্ম, সত্যই শুভনীয়, সত্যমেব জয়তি।

₫:

## यभग।

নিম্ন লিখিত পদার্টি বালকের রচিত বলিয়া আমরা সাদরে প্রকাশ করিলাম। স্থানে স্থানে ত্ই একটি কথা পরিবর্তন করা গিরাছে।

ভঃ সম্পাদক।

5

বিমল গগনপটে শোভে শশধর,
উজ্ঞলিরা চারিদিক্ কৌমুদী রাশিতে।
ছুটিছে অম্বর মাঝে খেত জলধর।
চারিদিকে তারামালা লাগিছে জ্ঞলিতে—
মুক্তা হারেরমত, আলো করি শূন্য পণ,
নাচে তার প্রতিরূপ নদীর উপরি;
নৃত্যকরে শৈলবালা, পরিয়া হীরকমালা,
রঙ্গ ভঙ্গে থেকে থুলিয়া লহুরী।

#### ভ্ৰমর।

₹

বিশদ অম্বরা পৃথী। তটিনী তটেতে,
শোভিতেছে উচ্চশির মহীকহচর,
যেন নির্থিছে সবে হিমাংশু পটেতে,
কভু মন্তশির নাড়ি সবে কথা কর।
বিসি উপত্যকা পরে, দেখিলাম স্বল্লাস্তরে,
ম্লিনা রুমণী এক করিয়া শরন
উচ্চ বুটরুক্ষতিলে; লুটাইরা কেশদলে,
দেখিতেছে পাগলিনী সৌভাগ্য স্থপন—

١,٠

"কুটেছে সৌভাগ্য ফুল স্থদেশ কাননে, কত অলিকুল তাহে মেতেছে রঙ্গেতে, রক্তবর্ণ পক্ষ তুলি মন্দ সমীরণে, শোভিতেছে জয় ধ্বঝা স্থদেশ বক্ষেতে। তার নিয়ে সিংহাসনে, ক্রোড়ে করি পুল্গণে, বিসরাছে পাগলিনী সহাস্ত বদন; সবার চিবুক ধ্রি, অশুজ্লে নেত্রভরি, করিতেছে সবাকার বদন চুপুন।

8

পুত্রগণ অঞ্জল মুছি নিজ করে,
বলে "মাতা আর নাহি করিব এমন্দ্র বহুত্থে হারাধন আনিয়াছি ঘরে,
আলস্যেতে আর নাহি ত্যজিব কথন।"
"আর কভু ত্যজিওনা,
প্রাণ গেলে ছাড়িওনা, না ব্ঝিলি তোরা বাছা আমার যতন, বুঝি চিনিয়াছ এবে, তাই কাঁদিতেছ সবে, মোর পূর্বা তুথ যত করিয়া স্মরণ।

¢

কার্থেজ রমণী যারা,
শতগুণে ধন্য তারা,
তারাইত চিনেছিল স্বাধীনতা ধন,
অসিত চিকুর রাশি,
নিজ স্বামী কাছে আসি,
ধকুগুণ তরে সবে করিত অর্পণ।

ષ્ઠ

রণসজ্জা রঙ্গ সাজে হইয়া সজ্জিত,
পুরাকালে যবে পুত্র জননী পাশেতে,
জুলামত মাতৃমুখ দেখিতে আসিত,
বলিতেন মাতা তারে আশিষ বাক্যেতে,
"যাও পুত্র রণে যাও,
প্রতি পদে জয় পাও,
দেখিব আবার যবে এখানে আসিবে,
নতুবা জনমতরে, লয়ে এই অসি করে,
ফলক উপবি শুয়ে নিস্তি থাকিবে।

<sup>\*</sup> In the 3d Punic war between the Romans and the Carthaginians, the Carthaginian women cut off their long hairs to furnish strings for the bows of the archers and engines for the slingers.

ć

তথাপি সমরে পৃষ্ঠ কভু না দেখাবে, বাহিনী মধোতে উচ্চ সিংহনাদ করি, বিক্ষারিয়া শরাসন সর্ব্ব অত্যে যাবে, मिल्टि विशक कां दियम (क्रमती।"+ পাগুলিনী এত বলি, চুম্বিলেক পুত্ৰগুলি, ্''এবার-হারান ধন রাখিব যতনে,'' এই, বলি পুশ্রগণে, হরষিত হয়ে মনে, বিসর্জ্জার মুক্তাবিন্দু মাতার চরণে। সে দিনে স্বদেশ হল অপূর্ব্ব শোভন, যেন অন্ধকারে হল অরুণ উদয়। সকলের দেখি আজ সহাস্ত বদন. আনন্দেতে সকলের তিতে আঁখি দয়। সেই দিন দিবাকর, তার! সহ শশধর, দেখাতে লাগিল খেন হাসিছে গগনে. ছড়াইয়ে পুচ্ছগুলি, উচ্চ কেকা রব তুলি, নাচিতে লাগিল হর্ষে যত শিথিগণে।" দেখিতে দেখিতে নিজ স্থাধের স্থান, অক্সাৎ নিদ্রাভেকে উঠিপাগলিনী. বলে "কোথা গেল মোর জয়ী পুত্রগণ, আজন্ম কাঁদিব কিরে আমি উন্মাদিনী।" পাগলিনী মত চলে, পাগলিনী মত বলে, "সকলে হুর্ভাগী কিরে আমুরে মতন।"

<sup>†</sup> This was one of the customs of the ancient Greeks.

কেঁদে কেঁদে এই বলে, চকুম্ছি নিজাঞ্চলে, গভীর বিজন বনে করিল গমন।

শ্রীজ্যোতিশ্বন্দ্র চট্টোপাধ্যায়।

# কণ্ঠমালা।

## বিংশতি পরিচ্ছেদ।

শৈলের অন্তব মিথা। নহে। যে থানে দাঁড়াইয়া শৈল প্রাতঃকালের প্রতীক্ষা করিতেছিল তাহা প্রস্তরময় একটিক্ষুদ্র ঘরের অংশ বটে। কিন্তু ঘরটি মৃত্তিকার মধ্যে এত গভীয় স্তরে নির্মিত হইয়াছিল, যে কমিন্কালে তাহারছাদে বৃদ্দের মূলস্পর্শ হইবার সন্তাবনা ছিল না। প্রায় সহস্র বৎসর হইল বৌদ্ধর্মা-বলম্বী কোন ধনী ব্যক্তি ধর্ম চিন্তা করিবার নিমিত্ত অন্তত্ত আর কোথাও নির্ক্তন স্থান না পাইয়া শেষ মৃত্তিকার ভিতর এই ঘর প্রস্তুত করেন। তথার যাতারাতের নিমিত্ত, তাঁহার শ্রন ঘর হইতে এক স্কৃত্ত্ব নির্মাণ করিয়াছিলেন সেই স্কৃত্ত্বের কত-কাংশ দিয়া শৈলকে যাইতে হইয়াছিল।

প্রথমে এই ঘরটি ধর্মার্থে প্রস্তুত হইরাছিল সত্য, কিন্তু শেষে প্রায় তাহার বিপরীত কার্যে ব্যবহৃত হইত, আদিশ্রের পূর্ক্ পুরুষ যিনি যখন আসাম দেশীয় রাজাদিগকে পরাত্ব করিতে পারিষাছেন তিনিই তখন এই ঘরে প্রাতৃত রাজার বাসস্থান নির্দেশ করিয়া দিতেন । এবং তত্বপ্রোগী করিবার নিমিন্ত মধ্যে মধ্যে এই ঘরের অনেক পরিবর্ত্তন করিতে হইয়াছিল।

ভূগর্ভন্থ এই ঘরটির পূর্বাদিকে একটি বেগবভী নদী প্রবাহিত

ছিল, সেই নদী হইতে এই ঘরের উর্দ্ধভাগ কতক দেখা যাইত কিন্তু সে ভাগ এরূপ নির্দ্মিত ছিল যে তাহা পোন্তা ভিন্ন আর কিছু বোধ হইত না। নদীর এই অংশে বৃড়ির ঘোল নামে এক আবর্ত্ত ছিল তাহার ভয়ে কোন নৌকা ঐ অংশ দিয়া যাইতে সাহস করিত না।

প্রাতঃকাল হইলে শৈল দেখিল যে ঘরটি সম্দর বড় বড় প্রত্রু দারা সির্ম্ত্রি হাদে কড়ি বরগা নাই কেবল একটি খিলান।
তাহাও প্রস্তর ময়। খিলানের নীচে পূর্বাদিকে তিনটি ক্ষুদ্র
কুদ্র গথাক দার আছে, সেই দার দিয়া প্রাতর্বায় আসিয়া
তাহাকে রক্ষা করিয়াছিল। ঐ গবাক্ষ দার দিয়া কি দেখাযায়
তাহা দেখিবার নিমিত্ত শৈল চেষ্টা করিল কিন্তু তত উর্ক্ন স্থানে
উঠিবার কোন উপায় দেখিল না। পরে শক্ষ-দারা স্থানটি
অম্ভব করিতে পারিবে বলিয়া শক্ষায়্মদানে কর্ণ তুলিয়া রহিল
কিন্তু কিছুই শুনিতে পাইল না; ভাবিল বেলা হউক লোক জন
যাতায়াত করিলেই ব্রিতে পারিব।

কৈমে অন্ন বেলা হইল। গবাক দারের সমস্ত্রে স্থা উঠিলে দরের পশ্চিম দিকে স্থা কিরণ লাগিল এবং তাহার প্রতিঘাতে ছাদের খিলান পর্যান্ত বিলক্ষণ আলোকবিশিষ্ট হইল। শৈল দেখিল খিলানের ছই এক থানি প্রস্তর ঈষৎ নামিরাছে এবং তাহার পার্ছ দিরা বর্ষাসিক্ত কর্দম, স্থানে স্থানে নয়নাশ্রুর নাায় পড়িরা চিহ্ন রাথিরা গিরাছে; কোথাও কোথাও্যেন স্থেত ফেণ্ শুকাইরা রহিয়াছে। শৈল এসকল একবার মাত্র দেখিয়া আবার গ্রাক্ষ দার দিকে চাহিয়া রহিল, ঐ দার দিয়া কি দেখা যাইবার সম্ভাবনা, কেবল তাহাই ভাবিতে লাগিল। বেলা হই মাছে তথাপি মন্থেরের শক্ষ শুনা গেল না। শৈল ভাবিল এদিকে বস্তি নাই গতিবিধির পথও নাই, বোধ হয় কেবল মাঠ হইবে।

অপর তিন দিকে যে বসতি আছে তদিষয়ে শৈল প্রথমে কোন সন্দেহ করে নাই। কিন্তু ক্রমে সে বিষয়ে তাহার সন্দেহ হইতে লাগিল, ভাবিল, যদি এ সকল দিকে বসতি থাকে তবে মহুষ্যের কণ্ঠ কেন শুনা যায় না? একটি পক্ষিরবও শুনা যায় না। শৈল জানিত না যে, যে ঘরে সে রহিয়াছে তাহা ভূগর্ভে নির্দ্মিত। এখান হইতে কোন শব্দ শুনিবার সম্ভাবনা নাই ।

भारत रेगाल मान करेल (य अशास मार्गियां में मेमन एव কয়েকটি ভগ্ন কুটীর দেখিয়া আসিয়াছে তাহাতে অধিক লো-কের বাস নাই, ভাবিল ''এই জনাই এখান হইতে সতত মুমুষ্য-শব্দ শুনা যায় না, কিন্তু নিকটে লোক অধিক থাক বা অল্ল থাক তাহাতে আমার ক্ষতি বৃদ্ধি কি ? নিকটে যাহারা বাদ করে তা-হারা অবশ্য আমার শক্র, নতুবা সন্ন্যাসী রাত্তে আমাকে এই গর্ত্তের মধ্যে আনিতে সাহদী হইত না। আমাকে একাকিনী পাইয়া সন্মাসী তাহার বীর্থ দেখাইয়াছে। কি বলিব কলা রাত্রে আমি হতবৃদ্ধি হইয়া গিয়াছিলাম, নতুবা সল্লাসীর বীরত্ব দেখাইতাম। আহা, কি ভুলই ভুলিছি। একবার যদি সন্ত্রা-সীর চল ধরিতাম, তবে সে নাকে থত দিয়া পলাইত। তখন ভাবিলাম একটা সন্ন্যাসী আমার কি করিবে? এখন ত দেখি-তেছি আমাকে শিরাল কুরুরের ন্যায় পিঞ্জরে পুরিয়াছে-"এই ভাবিতে ভাবিতে শৈল দ্বারের দিকে চাহিয়া দেখিল ঘরের চুইটি দার। একটা পশ্চিম দিকে আর একটি দক্ষিণ দিকে; উভয় দারই এক্ষণকার সচরাচর দ্বারের ন্যায় দিদল নহে, উভয়ই একদল এবং একখণ্ড লৌহ দারা গঠিত। শৈল জাকুঞ্চিত করিয়া তুই একবার অতি তীব্র কটাক্ষে সেই লোহময় রুদ্ধ দ্বারের প্রতি চাহিল মাত্র, ঘারের নিকট গেল না বা দার ঠেলিল না, শেষ কক্ষ-श्राद्ध वंकि विमित्र छेश्रद गरिया विमिन, विमिया चावात वक-

বার দ্বারের দিকে চাহিল। প্রস্তরের প্রাচীর, লৌহ দ্বার ইত্যাদি দেখিয়া আপনার অবস্থা বৃঝিয়াছিল, অতএব ভাবিতে লাগিল ''আমাকে কি সত্য সত্যই আবদ্ধ করিল? আমাকে কি আর ছাড়িয়া দিবে না? আমায় এখানে কত দিন থাকিতে হবে? কেন থাকিতে হবে? কার কথায় থাকিতে হইবে? সন্যাসীর কথায় ? সন্ন্যাদী ত কেহই নহে বুঝিতে পারিয়াছি, তবে মিনি নাজ আহিমাছিলে তিনিই—"এই সময় শস্তু কয়েদীর আকৃতি শৈলের মনশ্চকে দেদী গাঁমান হইয়া উঠিল, শৈল নতশীর হইয়া বদিল। শস্তু স্বর্য়ং দেই মরে উপস্থিত হইলে শৈলের বেরূপ ভাব হইত সেইক্লপ হইল। শৈল বালিকাকাল অবধি কথন ভয় পায় নাই, কখন কোন ভয়ানক দৃশ্য দেখে নাই; অথবা যদি কথন দেখিয়া থাকে, তাহাতে তাহার ভয় হয় নাই। রাত্রে শস্তুকে দেখিয়া তাহার ভয়ের এই প্রথম সঞ্চার হইয়াছিল, একণে শস্তুর চকু মনে পড়িয়া সেই ভয় আরও স্পষ্টীক্কত হইল। শস্তুকে ভূলিবার নিমিত্ত শৈল শরীর কুঞ্চিত করিয়া শন্ত্রন করিল, কিন্তু ভূলিতে পারিল না, শস্তুকে মনের মধ্যে সভয়ে দেখিতে দেখিভে বুমাইয়া পড়িল।

বেলা দিতীয় প্রহর অতীত হইলে, শৈলের নিদ্রা ভঙ্গ কইল।
শৈল উঠিয়া ছই হস্তে কেশবিন্যাস আরস্ত করিল, তাহা
সমাধা হইলে মুথ মুছিয়া দর্পণ লইবার নিমিত্ত একবার জন্যমনস্কে বামহস্ত প্রসারণ করিল, করিয়াই জমনি হস্ত সৃষ্ট্রত
করিয়া দাঁড়াইল। এই সময় দেখিল, দক্ষিণ দিকের রুদ্ধ দার
মুক্ত রহিয়াছে। কে মুক্ত করিল, কথন মুক্ত করিল, শৈল
তাহা কিছুই জানিতে পারে নাই। মুক্ত দার দিয়া কোথায়
যাওয়া যায়, দেখিবার নিমিত্ত শৈল সেইদিকে গেল। যাইয়া
দেখে একটি কুল ঘরে স্লানাদির উপকরণ সমস্ত প্রস্তত রহিয়াছে।

শৈল প্রাতঃক্রিয়াদি সমাধা করিয়া আর একস্থানে দেখিল, অর ব্যঞ্জন প্রস্তুত রহিয়াছে। শৈল তথায় দাঁড়াইয়া চীৎকার করিয়া জিজ্ঞাসা করিল, "এখানে অর কে আনিল? এ অর আমি খাইব না, আমি বিধবা। হবিষ্য করিব, অথবা অনাহারী থাকিব।"

শৈলের এ কথায় কেছ উত্তর দিল না। শৈল দাঁড়াইয়া চারিদিক নিরীক্ষণ করিল, কোনদিকে নির্মান ক্রিয়া দুলিল না । আবার চীৎকার করিয়া বলিল, "ক্রেক্সির আনিরীছি, লইয়া যাও, আমি বিধবা।" এই কথা বলিয়া শৈল বেন রাগ ভবে ফিরিয়া আদিল।

বেদির উপর বসিয়া শৈল দক্ষিণদিকের দার প্রতি চাহিয়া রহিল। এই সময় সেই দার নিঃশব্দে রুদ্ধ হইল, আরু সমস্ত দিনের মধ্যে মুক্ত হইল না। শৈল অভুক্ত রহিল।

ক্রমে দিবাবসান হইতে লাগিল,গবাক্ষরারদিরা বে পরিমাণে আলোক আসিতেছিল, তাহা মন্দীভূত হইরা আসিতে লাগিল। হর্মাতলে অন্ধনার ক্রমে গাঢ় হইরা উদ্ধে উঠিতে লাগিল। শৈল চঞ্চল হইল, একবার বেদিতে বসিয়া ইতস্ততঃ দেখে বা দেখিতে চেষ্টা করে, আবার তৎক্ষণাৎ উঠিয়া পদচারণ করে। এইরূপ করিতে করিতে ঘোর অন্ধনার হইল; শেষ শৈল বেদিতে শ্যনকরিয়া,বেন অন্ধনারে ভূবিয়া রহিল, আর কোন শব্দ করিল না।

### একবিংশ পরিচেছদ।

রাত্র প্রভাত হইল; তথনও শৈল হন্তোপরি মন্তক রক্ষা করিয়া শমন করিয়া রহিয়াছে; গবাক্ষদারের দিকে চাছিয়া প্রভাতালোক দেখিতেছে; অনাহারে বড় তুর্বল হইয়াছে, উঠিতে আর বড় ইচ্ছা নাই,উঠিয়াই বা আর কি করিবে। শৈল
নিশ্চয় করিয়াছিল যে, রাত্রে সন্ন্যাসী আদিয়া তাহাকে এই

ঘর হইতে স্থানাস্তরে লইরা যাইবে বা অব্যাহতি দিবে; কিন্তু
তাহা ত হয় নাই, রাত্র প্রভাত হইয়াগিয়াছে, সন্ন্যাসী ত আইসে নাই। শৈল একবার ভাবিল, "হয় ত সন্ন্যাসী রাত্রে আসিয়াছিল, আমি নিদ্রিতাবস্থায় ছিলাম, তাহার আগমন শল শুনিতে পাই নুর্তু।" আবার ভাবিল, "যদি সন্ন্যাসী সত্য সত্যই

আসিত তীহা ইইটো স্বুবশ্য শল দারা আলার নিদ্রা ভঙ্গ করিত।
নিশ্চয়ই সন্মাসী-আইমে নাই। কেন আইমে নাই গু আমাকে
এইখানেই রাখা তাহার অভিপ্রায়, আমাকে এইখানেই থাকিতে

হইবে। আমি তবে কয়েদী। আমি তবে আর ইচ্ছা করিলে
এই ঘর হইতে বাহির হইতে পারিব না। আমাকে এই খানেই থাকিতে হইবে। কত দিন থাকিতে হইবে গতাহার প্র

ভ্ৰমর।

এই সময় একটি গৃহপোধিকা অর্থাৎ টিক্টিকী গৰাক্ষ দার
নিয়া প্রবেশ করিল । টিক্টিকী হেলিয়া ছলিয়া ছই এক পদ
যার আবার মাথা তুলিয়া দেখে; এই রূপে গৃহগোধিকা প্রাচীর
দিয়া অবতরণ করিতে লাগিল। শৈলের ইহা অসহা হইল,
বেদি হইতে লক্ষ্ণ দিয়া শৈল টিক্টিকীকে আঘাত করিল।
টিক্টিকী ভূমিতলে পড়িয়া চীৎ হইয়া প্রাণ ত্যাগ করিল। শৈল
তখন তাহাকে পদতলে দলিত করিয়া বলিল "কেমন এখন
ইচ্ছামত যাতায়াত কর। আমি কয়েদী আর এই সামান্য টিক্টিকী স্বাধীন! ইচ্ছামত এই ঘরে গতায়াত করে! এই ঘর
আমাকে আবদ্ধ করিল কিন্তু এই পোড়া ক্ষুদ্র ভাস্তকে কয়েদ
করিতে পারিলনা! যত বস্ত্রণা আমারই জন্য ছিল।"

এই বলিয়। শৈল পুনরায় বেদিতে আসিয়া বসিল। টিক্টি-

কীর ছিন্ন লাস্ল স্বতন্ত্র স্থানে পড়িয়া নাচিতেছিল, শৈল বেদিতে বসিয়া তাছাই দেখিতে লাগিল। ক্রমে লাস্ল নিজ্জীব হইয়া ভূমে পড়িয়া রহিল। শৈল তথনও সেই দিকে চাহিয়া রহিল।

এই সময় দক্ষিণ দিকের দার মুক্ত হইল। শৈল প্রথমে জানিতে পারে নাই, পরে একটা শব্দ হইলে শৈল সেই দিকে নেত্রপাত করিয়া দেখিল পূর্কদিনের মত ঐ খরে সক্ল প্রান্ত্র রহিয়াছে। অতএব শৈল সেই দিকে উঠিয়াগিয়া য়ৢৗনাদি জিয়া সমাপন করিল। পরে দেখিল অলের পরিবর্ত্তে ফল মূর্প ছগ্নাদি প্রস্তুত রহিয়াছে, আর ইতস্তত করিল না। আহারান্তে অপর গুহে যাইয়া দেখে বেদিতে কে উত্তম শ্যা রচনা করিয়া গিয়াছে ষ্মার তথায় হুই একথানি পৃত্তক এবং লিথিবার উপকরণ রক্ষিত কিন্তু শৈল লিখিতে পড়িতে জানিত না. অতএব শৈল গ্রন্থাদি স্বজে নামাইয়া হর্দ্মাতলে রাখিল। একবার মনে মনে ভাবিল "বদি আমি লিখিতে পডিতে জানিতাম তবে এই নির্জ্জনস্থানে এক প্রকার স্থাথে কাল্যাপন করিতে পারি• তাম। আর কিছুই না হউক, আমার যন্ত্রণা লিখিয়া রাখিতাম। কিন্তু তাহা লিখিয়াই বা ফল কি হইত ? কে তাহা পড়িতে পাইত. পাইলেই বা কে তাহা যত্ন করিয়া পড়িত ? শৈল কি কৰ্ম পাই-য়াছে তাহা জানিবার জন্য কাহার মাথা ব্যথা পড়িয়াছে ? আ-মাকে কে ভাল বাসে যে, আমার যন্ত্রণার নিমিত্ত যন্ত্রণা পাইবে ? যে আমায় নির্কোধের মত ভাল বাসিত সে গিয়াছে। আর আ-মায় কে ভাল বাসে, আমিও কাহারে ভাল বাসি ? আমি কেন ভাল বাসিব ? কাহার কোন গুণে ভাল বাসিব ? পাড়ার লোক ভাল খায় কি ভাল পরে, তাহাতে আমার কি ক্ষতি বৃদ্ধি? তাহাদের ভাল মন্দে আমার কি স্থা ? আমি কাজেই তাহাদের

কথার থাকি না, তবে পাড়ার লোকে কেন আমার মূল করিতে যার? লোকের কি মূল স্বভাব! আমি যদি কাহার মূল করিয়া থাকি তাহা আমার নিজের করিয়াছি, আমার পতির করিয়াছি, সেত আমার আপনার; তাহাতে লোকের কি মাথাব্যথা পড়িরাছে! তোরা যে আমার করেদ করিস, কি বলে? আমি যে এই কর মাস অরবিনা মরিতে বসিরাছিলাম, কই, তোরা কি কেই, তখন একরার জিজ্ঞাসা করিয়াছিলি? সে সমর আমার কাহারও মূলে হইল না; আর এখন কয়েদ করিবার সমর মনে পড়িলী আবে কলি! আমার যে কয়েদ করিল, যে এই যন্ত্রণা দিল, যদি জর্মার সমরে হল, তবে তারে ইহার প্রতিফল পাইতেই হবে। কয়েদ আর আমাকে কে করিবে, সেই পোড়ার মূথো গোপাল বাবু করিয়াছে! এসকল তাহার কর্ম্ম। ভাল! আমার এমন দিন থাকিবেনা! আমিও দিন পাব, তথন যেন গোপাল বাবুর স্ত্রী গোপাল বাবুকে বাঁচায়।"

## দ্বাবিংশ পরিচ্ছেদ।

শস্তু কয়েদী, জেলখানায় হাসিয়া গীত গাইয়া ঘানি ফিরা-ইয়া দিনপাত করিতেছে। রামদাস সয়াসী কি মোহান্তের সয়ুথে শস্তু যেরূপ গন্তীর, শৈলের সয়ুথে যেরূপ ভয়ানক জেলখানায় তাহার কোন চিহ্নও দেখা যায় না। শস্তু ফিরিতেছে, ঘ্রি-তেছে, আপনি হাসিতেছে, সকলকে হাসাইতেছে। জেলখানায় শস্তু যেন আরএক প্রকৃতির ব্যক্তি।

কোন্ করেদীর কি কর্মনির্দিষ্ট আছে শস্তু তাহা সকলই জা-নিত; আবার কোন্ করেদী নিজ কর্মে অপটু তাহাও শস্তু জা-নিত। সর্কাদাই শস্তু তাহাদের পার্মে বসিয়া কর্ম দেখাইয়া দিত, গল্প করিয়া তাহাদের শ্রান্তিদ্র করিত, আবার সময়ে সময়ে তাহাদের কর্ম আপনি লইয়া আশ্রুম করিত, আবার সময়ে সময়ে নাগন করিয়া দিত। শস্তুকে তাহারা সকলেই ভাল বাসিত, শস্তুও তাহাদের ভাল বাসিত। কোন্ কথায় কোন্ কয়েদীর মনোবেদনা হয় তাহা শস্তু জানিত, আবার কোন্ কথায় কে স্থী হয় তাহাও শস্তু জানিত। অতএব কয়েদীদিগের উপর শস্তুর একাধিপত্য হইয়াছিল। তাহাদের বিপদে শস্তু প্রকৃষ্ণী; সাক্ষেদ। শস্তু য়খভাগী। মাহারা খালাস হইত, শস্তু তাহাদের গোপনে অর্থনান করিত, সত্পদেশ দিত। যাহারা খালাস হইবে তাহারা গৃহে যাইয়া কোন্ বৃত্তি অবলম্বন করিবে তাহা শস্তুর সহত পরামর্শ করিত। কয়েদীর মধ্যে কেই গৃহসম্বাদ না পাইয়া ব্যক্ত হইলে শস্তু তাহাকে সম্বাদ আনিয়া ব্যক্তি পিতার ক্রোড়ে সমর্পণ করিত। যে ব্যক্তি অতি বিমর্শ সেও শস্তুর যুদ্ধে সম্বাদ করিত। বে ব্যক্তি অতি বিমর্শ সেও শস্তুর যুদ্ধে স্তুই ইইত, শস্তুর গুণে সকলেই শস্তুর বশতাপন্ন হইয়াছিল।

কিন্তু করেকটি দায়মালী কয়েদী সম্বন্ধে শস্তু কিঞ্চিৎ কুরু ছিল। তাহাদের সহিত শস্তু আলাপ করিতে গেলে তাহারা বৈরক্তি প্রকাশ করিত; তাহারা দ্রে থাকিয়া শস্তুর প্রতি ঈর্বা ভাবে কটাক্ষ করিত। শস্তু কোন কারণ অন্ত্রত পারিত না কোন প্রকারে তাহাদের উপকারও করিতে পারিত না।

মনুষ্য যতই মঙ্গলাকাজ্জী হউন, কৈহ না কেহ তাহার বিদেষ করে; মঙ্গলাকাজ্জী বলিয়াই তাহার বিদেষ করে। পরো-পকার যেমন কাহার কাহার স্বভাবসিদ্ধ, বিদেষও সেইরূপ কা-হার কাহার স্বভাব সিদ্ধ। যাহারা শস্তুর বিদেষী তাহারা এক দিবস সন্ধ্যার পূর্বে একত্রে দাঁড়াইয়া জেলখানার প্রাচীর সম্বন্ধে তর্ক বিতর্ক করিতেছিল। কেহ বলিতেছিল, প্রাচীর ১২হাত উচ্চ হইবে, কেহ বলিতেছিল, এত হইবে না। এই সময় আর একজন ক্ষুদ্রকায় কয়েদী সেই স্থানদিয়া যাইতে যাইতে হাসিয়া বলিল, "প্রাচীর যত হাত উচ্চ হউক ইহা কেবল শস্তু পার হইতে পারে, আর কাহারও কর্ম্ম নহে।" এই কথায় দায়নালীয়া ক্ষিপ্তের স্থায় হইয়া ক্ষুদ্রকায় কয়েদীকে আক্রমণ করিতে গোল কিন্তুর স্থায় কাজ চতুর, হাসিতে হাসিতে বিত্যাবেগে পিলায়ন করিল। দায়মালীয়া ইহার প্রতিশোধ দিবার নিমন্ত প্রতিজ্ঞাম হইয়া শস্তুর প্রতীক্ষায় দাড়াইল। শস্তু তথন জেলদারগার নিকট বসিয়া কাথা বার্ত্তা কহিতেছিল, তাহার বিক্লক্ষে যে উদ্যোগ হইতেছিল তাহা কিছুই জানিতে পারিল না। শস্তু হাসিয়া জেলদারগাকে বলিল, "আমি কয়েদী না হইলে আপনার সক্ষে বিলাত যাইতাম।" জেলদারগা বলিল, "আমারও বড় সাধ যে একবার তোমাকে আমাদের দেশে লইয়া যাই।"

শ। আমাকে নইয়া যাইতে আপনার সাধ কেন্? ভো। বিলাতে সকলের বিশাস আছে যে বাঙ্গালিরা হর্বল, একবার তোমাকে দেখিলে তাহারা আশ্চর্য্য হইবে।

শ। যাহার। সমুদ্র দেখে নাই, তাহাদের এক বিন্দু জল হিমালয় হইতে লইয়া দেখাইলে কি হইবে ? আমরা তুর্বল সত্য, আমি বলবান্ প্রতিপল্ল হইলে বাঙ্গালির তুর্নাম যাইবে না। প্র-ত্যেক বাঙ্গালি যুত্ই তুর্বল হউক না কেন, পরস্পারের সমষ্টিতে সমুদ্রবৎ হইতে পারে। তাহা হইলে আমাদের কলম্ভ বুচিবে।

জে। কেবল সমষ্টিতে হইবে না; সাহস আবশুক।

শ। ভয় আর সাহস এই ছই কথা যত প্রভেদ বলিয়া লোকের বিশ্বাস আছে আমার ততটা বিশ্বাস নাই। আমাদের বাঙ্গা-

203

### কণ্ঠমালা।

লিকে ভীক বলিয়া কখন আমি নিন্দা করি নাই। বাঙ্গালিপ্রাণয়ী, বাঙ্গালি অন্যের নিমিত্ত এদেহের বোঝা বহিয়া বেড়ায়,তাহাতেই মরিতে চাহে না,তাহাতেই মরিতে ভয় পায়। বাঙ্গালি ভাবে আমি গেলে আমার স্ত্রীর দশা কি হইবে? ইংরেজ ভাবে আমি গেলে আমার স্ত্রী বিবাহ করিবে, ভাবনা কি ? ভয় ও সাহসের মূল কেবল এই।

এই সময় জনেক প্রহরী আসিয়া বলিল, সক্ষুত্রতীত হ-ইয়া গিয়াছে। কয়েদীরা শস্তুর নিমিত অংশকা করিতেছে।

জেলদারগা জিজ্ঞাসা করিল, কেন অপেক। করিতেছে ? প্রথমী কোন উত্তর দিতে না দিতেই শস্তু বলিল, "আমি ত্রাহ্মণ এইজন্ত আহারের পূর্বে অনেকেই আমার নিমিত্ত অপেকা করে। অতএব অনুমতি হয় ত আমি এক্লণে বিদায় হই।"

ভোলদারগা সন্ধান পুরঃসর শস্তুকে বিদায় দিলে শস্তু অন্থমনত্বে সোপান অবতরণ করিতে লাগিল, এই সময় অন্ধকারে
একজন অপরিচিত ব্যক্তি অগ্রসর হইয়া শস্তুর কর্ণে বিশল,
"সাবধান।" শস্তু ফিরিক্রা দেখিল, কিন্তু কাহাকেও দেখিতে ।
না পাইয়া পূর্ব্বরূপ সোপান অন্তরণ করিতে লাগিল, "সাবধান" শক্রের কোন অর্থ ব্রিতে পারিল না। উদ্যানে উপস্থিত হইবার সময় শস্তু আর একবার শুনিল, "সকল প্রস্তত।"

এই সময় জেলদারগা আপনার ভোজন গৃহ হইতে মহাকলরব শুনিতে পাইলেন, ক্রমে সেই কোলাহল ভয়ানক হইয়া উঠিল, জেলদারগা বাস্ত হইয়া গৃহ-বহির্গত হইলেন, কিন্তু প্রস্তাদিগের ছুটাছুটি দেখিয়া একটু দাঁড়াইলেন। যাহারেই জিজ্ঞাসা করেন কেছই উত্তর দেয় না, সকলেই উদ্যানের দিকে দৌড়িতেছে। জেলদারগা সোপান অবতরণ করিয়া অন্ধকারে বিশেষ কিছুই দেখিতে পাইলেন না, কেবল দেখিলেন উদ্যান

নের মধ্যস্থলে তুমুল সংগ্রাম হইতেছে, চারি পার্শ্বে কতক গুলা লোক দৌড়াদৌড়ি করিতেছে, আর দূরে ছই একটা মশালের আলোক ছুটিতেছে।

এই সময় জেলদারগার মেম আসিয়া সাহেবের হস্তে তর্বারি ও অন্তান্ত পত্র দিল, জেলদারগা সত্তর সসজ্জ হইয়া যাইতে যাইতেই গোলমাল থামিয়া গেল। একজন প্রহরী আসিয়া ব্রিল, শভু ক্রেমী খুন হইয়াছে।

রাত্র প্রহরেক সময় ভাক্তার সাহেব তদস্ত করিয়া রিপোর্ট করিলেন যে শিস্ত কয়েদীর অপঘাত মৃত্যু হইয়াছে। কে তাহাকে খুন করিল তদস্তে তাহার কোন প্রমাণ হইল না। মেজেইার সাহেব শ্বয়ং আসিয়া অয়ুসন্ধান করিলেম কিন্তু নিক্ষল হইলেন। ছই এক দিবদের মধ্যে জেলদারগা পদচ্যুত হইলেন। স্বাযোগ্যদোষ হইতে অব্যাহতি পাইবার নিমিত্ত তিনি পুনঃ পুনঃ জানাইলেন যে প্রাহরিগণ বড়বন্ত করিয়া অপর কোন ব্যক্তির মৃতদেহ আনিয়া জেলখানায় ফেলিয়াছিল; শস্তু কয়েদী মরে নাই, পলাইয়াছে। কিন্তু তাঁহার একথা কর্তৃপক্ষ কেই বিশাস করিলেন না, প্রত্যুত্তরে জেলদারগাকে বলা হইল যে একথা সত্য হইলেও তাঁহার নিয়্কৃতি নাই, যে জেলখানা হইতে কয়েদী পলাইতেপারে তাহার দারগা অযোগ্য। অগত্যা একদিন অপরাক্ষে জেলদারগার মেম আপনার শয়ন গৃহ ত্যাগ করিয়া চক্ষের জল মৃছিতে মৃছিতে আমীর সজে গাড়িতে উঠিলেন।

গাড়ওয়ান কোচ বান্ধ হইতে টিট কিরি দিয়া ঘোঁড়া চালাইতে লাগিল, ঘোড়ার সঙ্গে সক্ষে গাড়িও ধীরে ধীরে চলিতে লাগিল। জেলদারগা গলায় কম্ফোর্টয় জড়াইয়া ক্রোড়ে একটি সস্তানকে বসাইয়া, জেলখানার দিকে একদৃষ্টে চাহিতে চাহিতে চলিলেন। যতক্ষণ জেলখানা দেখা গেল ততক্ষণ আপ-

নার স্ত্রীর প্রতি না চাহিয়া কি অন্য কাহার সহিত কথা না কহিয়া কেবল জেলখানার উচ্চ প্রাচীর, কারনিস, রুদ্ধ খড়থড়ি দেখিতে লাগিলেন; যখন আর তাহা দেখা গেল না তথন এক দীর্ঘনিখাস ত্যাগ করিয়া বলিলেন "উনিশ বৎসর আমি ঐ বাটীতে ছিলাম, উনিশ বৎসরের বসবাস সহজে ভূলা যায় না।" এই কথায় তাঁহার মেম আবার কাঁদিয়া উঠিলেন, জেলদারগার বক্ষে মাথা রাখিয়া সজল নয়নে অফুটস্বরে, বলিতে লাগিছেন "আমার এই সন্ধান সন্ততিদিগের উপায় কি হইবে? তৃমি কেন শস্তু কয়েদীকে বিশাস করিয়াছিলে? বাঙ্গালি অবিখাসী চিরকাল; এখন দেখ দেখি সে তোমার কি দশা করিল।"

জেলদারগা বলিলেন যে "যাহা বলিতে চাহে বলুক কিন্তু
শস্তু যে অবিশাসী এ কথা আমি শুনিব না। তোমার কি
সরণ নাই কত দিন শস্তু জেলখানা হইতে রাজে চলিরা গিরাছে
আবার রাজ প্রভাত না হইতে হইতেই জেলখানার আসিয়াছে।
পলাইবার যদি তাহার ইছা থাকিত তবে জ্বনারাসেই সেই
সমর পলাইতে পারিত জ্বতএব শস্তু পলার নাই, মরিয়াছে
নিশ্চর; তবে যে তাহার মৃতদেহ কেন পাওয়া গেল না,তাহা
বলিতে পারি না। প্রহরীরা যে মৃতদেহ শস্তুর বলিয়া এজাহার
দিল, সে দেহ শস্তুর নহে, জন্য কোন জপরিচিত ব্যক্তির হইবে। কিন্তু জ্বপরিচিত ব্যক্তির মৃতদেহ কিরপে জ্বেলখানার
আসিল, কেনই বা ঐ দেহ শস্তুর বলিয়া প্রহরীরা পরিচয় দিল,
আমি তাহা কিছুই বৃঝিতে পারিতেছি না। সে রাজে যাহা
ঘটিয়াছিল, তাহা যেন সকলই ভোজ বালি বলিয়া বোধ হইতেছে।"

এই সময় হঠাৎ গাড়ি থামিল। জেলদারগা গাড়ি হইতে মাধা বাহির করিয়া কেনিলেন, বে একজন ক্ষত্রধারী পুরুষ তাঁহার দিকে অগ্রসর হইতেছে, আর একজন পশিপার্শন্ত ক্ষুদ্র বনসংখ্য ল্কারিত ভাবে দাঁড়াইরা দেখিতেছে। অস্ত্রধারীর প্রতি দৃষ্টি করিরা জেলদারপা একটি পিস্তল হল্তে তুলিতেছেন দেখিয়া তাহার মেম ভরে ক্রোড়ন্থ শিশুকে বক্ষোপরে টিপিয়া ধরিলেন, শিশু চীৎকার করিয়া উঠিল। এই সময় অস্ত্রধারী পুরুষ সাহেবকে ছেলাম করিয়া একথানি পত্র দিল; পত্রখানি এই—"মহাশিরের পদ্দুতি সম্বাদু শুনিয়া শস্তুকয়েদীর কোন বিশেষ আশ্বীয় এই পত্রমধ্যে লুক্ষটাকার লোট পাঠাইতেছেন। তাঁহার আন্তর্নিক প্রত্যাশা যে আপনি একলে জেলদারগাগিরি পদের আর আকাজ্ঞা করিবেন না।" জেলদারগা জিজ্ঞাসা করিলেন, এপত্র কে পাঠাইয়াছে, অস্ত্রধারী বলিল, "সে কথা বলিতে নিষেধ আছে।"

জেলদারগা একে একে লোট গণিতে লাগিলেন। গণনা সমাধা হইলে মন্তক তুলিয়া দেখিলেন অন্ত্রধারী পুরুষ আর সেখানে নাই; জেলদারগা তৎক্ষণাৎ গাড়ি হইতে লক্ষ্ণ দিরা বনের দিকে ছুটলেন। বনমধ্যে প্রবেশ করিয়া দেখেন এক দীর্ঘালার পুরুষ অন্তর্ধারীর সহিত অস্ট্রম্বরে কি কথা কহিতেছে। জেলদারগা তাহাকে শস্তু বিবেচনা করিয়া পশ্চাৎ হইতে ঘাইয়া হঠাৎ সবলে ধরিলেন,এবং চীৎকার করিয়া বলিলেন, "শস্তু তুমি অবিশাসী, তুমি জেল হইতে পলাইরাছ, আমি তোমাকে ছাড়িব না, গ্রেধার করিয়া লইয়া ঘাইব, তোমার নিমিত্ত আমি অপমানিত হইয়াছি।"

দীর্ঘাকার পুরুষ জুকুটী করিয়া সাহেবেরদিকে ফিরিলে সা-হেব বুঝিলেন, ষে তাঁহার জুম হইয়াছে, এব্যক্তি শস্তু নহে। জ্লেদারগা অপ্রতিভ হইয়া শস্তুর বার্তা তাঁহাকে জিজ্ঞাসা করি-লেন কিন্তু অপরিচিত পুরুষ কোন উত্তর না দিয়া চলিয়া গেল।





১ম গও।

(शोष ১२৮)।

ि मः था।

# বঙ্গে দেবপূজা।

## প্রতিবাদের প্রভার !

বঙ্গে দেবপুজা সম্বন্ধে গত কার্ত্তিক মাসের জমরে আমি যাহা লিথিরা ছিলাম, অগ্রহারণ মাসের জমরে বঃ তাহার প্রতিবাদ করিরাছেল। প্রতিবাদ সম্পূর্ণ না হউক, বঃ অনেকগুলি কথা মহারভবের ন্যায় বলিরাছেন; বঃ বৃদ্ধিমান্ এই জন্য আর তৃই একটি কথা শুনিতে ইচ্ছা করি, কিন্তু জমরের পাঠক বর্গ কি বলিবেন জানি না; বোধ হয় এক বিষয়ের পুনঃ পুনঃ আলো-চনা তাঁহাদের ভাল না লাগিতে পারে। কিন্তু সম্বাতন হয় নাই, এই সাহসে তৃই চারিটি কথা উত্তরচ্ছলে বলিতে চাহি।

বঃ বলিয়াছেন, "সাকার নিরাকার মধ্যে যেট প্রকৃত ঈশ-রোপাসনা সেইটিই প্রচলিত হওয়া উচিত। বদি সাকার পূজাই প্রকৃত ঈশবোপাদন। হয় তবে তাহার সহস্র অন্থপকার থাকিলেও তাহা অবলধনীয়। আর যদি তাহা না ইইয়া নিরাকার প্রকৃত ঈশব সরপ হয় তবে সাকার পূজা লুপ্ত হওয়াই উচিত। ইহার কারণ সত্য ভিন্ন অসত্যে কথন মঙ্গল নাই। সত্যই ধর্ম, সত্যই শুভ, সত্যই বাছনীয়," ইত্যাদি। এখন জিজ্ঞাসা করি, এ অবস্থায় কোন্টি অবলখনীয়? সাকার উপাদনা? না, নিরাকার উপাদনা? গেটি প্রকৃত সেইটি যদি অবলখনীয় হয়, তবে কোন্টি প্রকৃত তাহার মীমাংসা করা আবস্থাক, তাহা না করিলে সাকার উপাদনা যে অবলখনীয় নহে, সেকথা ছির হইল না। কিন্তু এ মীমাংসা না করিয়া বঃ সাকার পূজার যে প্রতিবাদ করিয়াহেন, তাহা অনর্থক হইয়াছে।

বঃ বলিরাছেন, যে "কোন্ট প্রকৃত উপাদনা তাহা আমি
মীমাংলা করিব না। বৃদ্ধি বিচার করিতে গেলে তৃইয়ের একটিও টিকিবে না।" এই কথার সামান্যতঃ অর্থ এই যে সাকার
নিরাকার তৃইয়ের একটিও প্রকৃত নহে; অথবা, মীমাংসা করিতে
গেলে তৃইটীই অপ্রকৃত ছির হইবে। যদি তাহা হয়; তবে বঃ
কেন নিরাকার উপাদনার পোষকতা করিতে চেষ্টা পাইয়াছেন?
যে স্থলে তৃইটিই অপ্রকৃত বলিয়া তাঁহার বোধ আছে, সেম্লে
একটি উপাদনাকে উপহাদ করিয়া অপরটির আদর করিবার
তাৎপর্য্য কি?

বঃ বলিয়াছেন, ''বিশ্বাসের দার্চ' থাকিলে সাকার নিরাকারে কোন প্রভেদ নাই।'' যদি কোন প্রভেদ নাই, তবে আবার প্রতিবাদ কেন ? সাকার উপাসনাকে ''উপধর্ম'' বলিয়া আবার উপহাস কেন ?

বঃ যাহাই বলুন, নিরাকার ঈশ্বরদম্বদ্ধে তাঁহার বিশাস অধিক, ইহা তিনি স্পষ্ট দেথাইয়াছেন। কিন্তু ঈশ্বর যে নিরা-

কার তাহার তিনি কি প্রমাণ পাইয়াছেন ? বোর হয় সে প্রমা-ণের কথা জিজ্জানা করিলে তিনি ভট্টাচার্যা মহাশায়দিগের ''তুলটে'' বা সাহেবদিগের ''ছাপায়'' বরাত দিবেন না। यদি তাহা না দেন, তবে আর কোথা ইইতে প্রমাণ দেখাইবেন ? " তুলট' আর "ছাপা" ব্যতীত ঈশ্বরের নিরাকার সম্বন্ধে আর কোথায়ও প্রমাণ নাই। যাহা নিরাকার ভাহা কেছ দেখে নাই, তবে বলিবে প্রত্যক্ষ একমাত্র প্রমাণ নহে; শব্দ, উপনিতি, অমুমিতি প্রভৃতি প্রমাণের অনেক পথ আছে, তাহার মধ্যে অনুমিতি অবলম্বন করিলেই নিরাকার ঈশ্বর সিদ্ধ হইবে। তা-হার পর ''ঘটত্ব,'' ' পটত্ব'' এই সকল ন্যায় শাল্লের পুরাতন কথা আদিরা পড়িবে, তাহাও আমরা এক প্রকার অনুভব দারা জানিতে পারিতেছি। কিন্ত মনেক পাঠক তর্কে ভুলিবার মহেন, তর্ক শাস্ত্রে কথন নিরাকার্ড সপ্রমাণ হয় নাই। হইয়া থাকিলেও তাইা এক্ষণে অগ্রাহা। পূর্বকালে কোন বিষয় স্থির করিতে হইলো ন্যায়ের আশ্রয় লইতে হইত; একণে ন্যা-রের ''তামাদি" ঘটিয়াছে। এক্ষণে কোন বিষয় স্থির করিতে গেলে পণ্ডিতেরা বিজ্ঞান শাস্ত্র অবলম্বন করেন। বং বলুন দেখি, কোন পণ্ডিত বিজ্ঞানবলে ঈশ্বরকে নিরাকার স্থির করিয়াছেন ? যদি কেহ করিয়া থাকেন, বা তাহা করিবার কোন উপায় থাকে, তবে আমরা, সাকারবাদী বাঙ্গালিরা, সকলে একত হইয়া, দশ্ব जुजा, চতুর্জা, बिजुजा, भानগ্রামশিলা পর্যান্ত এই আগানী মাঘী পূর্ণিমায় সমুজে বিসর্জন করিব। তাহা দেখিবার জন্য সেই দিন যেন বং একবার সমুদ্রক্লে দাঁড়ান; দৃশ্য বড় মন্ হইবে না, চট্টগ্রাম হইতে উড়িষ্যা পর্যান্ত অদ্ধচক্রবৎ সমুদ্রের একটি বাঁকে অন্যন ত্রিংশংকোটী আবালবুদ্ধবনিতা সকলে য় য় গৃহদেৰত। আনিয়া দাঁড়াইবে। সহস্ৰ সহস্ৰ বংশরের

দেবপূজা, বিসর্জন হয় দেখিরা সমুদ্র শিহরিরা গর্জিরা উঠিবে,) বায়ু ছুটিয়া পলাইবে, চক্র স্থ্য আকাশে কাঁপিবে আর ছুই এক জন নিরাকারবাদী অকূল সাগরে তুণ অবলম্বন করিরা হাসিবে।

পাঠকের নিকট ক্ষমা চাই, আমার কল্পনা শক্তি দড়ি ছিঁছিরাছিল। কি বলিতেছিলাম ? ঈশ্বরের নিরাকারত্ব প্রমাণের
কথা। ঈশ্বর যে নিরাকার ইহা বিজ্ঞান বিদ্যা বা কোন বিদ্যা
দ্বারা প্রতিপন্ন হয় না; হইতে পারে না। এই কথা যদি সত্য
হয়, তবে বঃ যে বলিয়াছেন "ষেটি প্রকৃত ঈশ্বরোপাসনা সেইটিই প্রচলিত হওয়া কর্ত্তবা, তাহাতেই মঙ্গল, তাহাতেই শুভ্,"
এ সকল কথা নিরাকার উপাসনা সম্বন্ধে আর খাটে না। যাহা
সত্য তাহা মঙ্গলায়ক, একথা আমি স্বীকার করি, কিন্তু যে
বিষয়েয় সত্যত্ব অনিশ্চিত সে বিষয়েয় বঃ কি বলিবেন ? ঈশ্বর
যে নিরাকার একথা অনিশ্চিত, ইহার কোন প্রমাণ নাই। কেবল
সত্যই যদি বাছনীয় হয় তবে কাজেই নিরাকার উপাসনা আর
বাছা করা যাইতে পারে না।

আর; বাং বলিরাছেন "সত্য ভিন্ন অসত্যে কোন মঙ্গল নাই সত্যই স্থৃত" একথা সকল বিষয়ে, অস্ততঃ ধর্মবিষয়ে খাটে কিনা সন্দেহ। ইংলগুীয় কোন মহানুভব একথার প্রতিবাদ করিয়া গিয়াছেন তাহা নিম্নে উদ্ধৃত করিলাস।—

It is not enough to aver, in general terms, that there never can be any conflict between truth and utility; that if religion be false, nothing but good can be the consequence of rejecting it. For, though the knowledge of every positive truth is an useful acquisition, this doctrine cannot without reservation be applied to negative truth. When the only truth ascertainable is that nothing can be known, we do

not, by this knowledge, gain any new fact by which to guide ourselves; we are at best, only disabused of our trust in some former guide mark, which, though itself fallacious, may have pointed in the same direction with the best indications we have, and if it happens to be more conspicuous and legible may have kept us right when they might have been overlooked. Utility of Religion by John Stuart Mill.

দিখার যে নিরাকার তাহা জানা যায় • না; তাহা জানিবার নহে। "তাহা জানিবার নহে" কেবল এই কথা সত্য। এই সত্যই কি শুভ ? কেননা বং বলিয়াছেন "সত্যই শুভ।" তাহা হইলে সাকার উপাসনাতেও শুভ আছে,কেননা দিখারের আকার "জানিবার নহে" এসত্য সাকারবাদেও বলিতে পারা যায়।

সাকার পূজার সম্বন্ধে বং কতকগুলি দোষ দেথাইরাছেন;
প্রথমতঃ বলিয়াছেন '' সাকারধর্ম বিজ্ঞানবিরোধী। যেথানে
সাকারধর্ম প্রচলিত সেথানে জ্ঞানের উন্নতি হয় না। সেথানে
সকল প্রশ্নের এক উত্তর "দেবতায় করেন্।'' জিজ্ঞাসা করি
এ দোষ কি নিরাকার ধর্মে সম্ভবে না? ''দেবতায় করেন্''
এই কথা সাকারি ধর্মে যেমন সকল প্রশ্নের উত্তর, সেইরূপ,
''ঈশ্বর করেন্'' এই কথা নিরাকারধর্মে সকল প্রশ্নের উত্তর
হইতে পারে, হইয়া থাকে। অতএব কেবল সাকার পূজা
জ্ঞানোয়তির কণ্টক নহে, ধর্ম মাত্রই বিজ্ঞানবিরোধী। বঃ
বলিয়াছেন ''বাহারা কিছু জ্ঞানের উন্নতি করিয়াছিলেন, সকলেই নিরাকারবাদী ছিলেন।'' বং যদি এইসকল ব্যক্তির নাম
করিতেন তাহ। হইলে ভাল হইত। আর কিছুই না হউক,
ভাঁহারা সাকারবাদী কি নিরাকার বাদী ছিলেন, অথবা নান্তিক
ছিলেন তাহা আমরা অহুসন্ধান করিয়া জানিতাম।

বঃ আর একটি দোষ দেখান যে " সাকার পূজা স্বান্থবর্তিতার বিরোধী।" কেন? বোধ হয় বঃ আমাদের কতকগুলি
ব্যবহার আর তাহার কঠিন কঠিন গ্রন্থি দেখিয়া মনে করিয়াছেন
এসকল কেবল সাকার পূজার দোষ। সাকার ধর্ম্মতাবলধী অন্য
দেশের অবস্থা প্রথমে দেখা উচিত। তাহার পর, নিরাকার
ধর্মমতাবলধী যদি কোন দেশ থাকে তবে তাহার অবস্থা
বিচার করা কর্ত্তব্য। যদি বঃ এরপ করিতেন তাহা হইলে
তিনি নিশ্চয় বলিতেন যে ধর্ম মাত্রই স্বান্থবর্তিতার বিরোধী,
কেবল সাকার ধর্ম একা নহে।

বঃ তৃতীয় দোষ এই নির্দেশ করিয়াছেন যে সাকারপূজা সমাজের গতিরোধ করে। কিন্তু কেন করে তাহা তিনি বলি-বার সাবকাশ পারেন নাই; আমরাও তাহা ব্রিতে পারিলাম না। পূর্ব্বে ভারতবর্ষ, মিসর রাজ্য, রোমক রাজ্য, য্নানী রাজ্য প্রভৃতি সকল দেশেই সাকার পূজা ছিল অথচ এইসকল দেশেই উন্নতি লাভ করিয়াছিল।

শেষ, বঃ স্বীকার করিয়াছেন যে সাকার পূজায় একটি গুক্ষতর লাভ আছে, সাকারপূজা কাব্যের অত্যন্ত পৃষ্টিকর; বঙ্গদেশে
সাকার পূজার ফল বৈষ্ণবদিগের গীতিকাব্য ইত্যাদি। এক্ষণে
জিজ্ঞাসা করি, ইহার কারণ কি, বঃ তাহা বলিতে পারেন ?
তাহা বলিতে গেলে অন্য কারণ মধ্যে এই একটি কারণ তাঁহাকে নির্দেশ করিতে হইবে যে সাকার পূজায় "ভক্তি, প্রীতি,
প্রণয়" প্রভৃতি মনোবৃত্তি কিঞ্চিৎ বিশেষ পরিমাণে পরিবর্দ্ধিত
এবং পরিপৃষ্ট হয়। কেনই না হইবে ? সাকার পূজায় আশৈশব
এই সকল বৃত্তির চালনা হইতে আরম্ভ হয়, নিরাকার পূজায়
তাহা হইতে পায় না। সাকার উপাসকের সন্তান সন্মুথে
দেবতা দেখে, শৈশবেই ভক্তি অন্থ্রিত হয়; নিরাকার উপা

সকের সন্তান ঈশ্বর দেখিতে পার না, ব্ঝিতে পারে না, তাহার ভক্তির অন্ধুর অনেক বিলম্বে হয়।

আর একটি বিশেষ কথা আছে; সাকার দেবতাদিগের দরা দাক্ষিণ্য প্রভৃতির অতি মনোহর গল্প আছে; শিশুরা মাতৃক্রোড়ে শর্ন করিয়া তাহা একাগ্রমনে ভনে, কথন নিপাড়িতের নিমিত্ত নয়নাক্র মুছে, আবার দেবতাকর্ত্ব তাহার উদ্ধার হইল গুনিয়া আহলাদে পরিপুরিত হয়। দেবতার প্রতি শ্রদ্ধা ভক্তি হইতে থাকে। তাহার আপনার বিপদে দেবতী উদ্ধার করিবেন এমত বিশ্বাস জন্মিতে থাকে। নিরাকার উপাসকের সন্তান এ শিক্ষা পার না; তাহার মাতা তাহাকে হয় ত বলিয়া দিলেন যে ঈশ্বর महाभग्न, विशाम बक्का करतन। क्रेश्वत किताश कान विशाम হইতে কাহাকে রক্ষা করিয়াছেন এসকল কথা গলচ্চলৈ না শুনিলে বালক্দিগের দয়া, ভক্তি, প্রণয় এসকলের উদ্দীপন হয় না। বঃ বলিবেন যে নিরাকার উপাসকদিগের সম্ভানের। পরস্পর মাতার নিকট অনেক নীতি কথা, অনেক গল্প শুনিয়া থাকে। °তাহা হইতে পারে; কিন্তু নিরাকার ঈশ্বরসম্বন্ধে কোন গল নাই। স্বাধরের গল গুনিলে বালকদিগের যেরূপ স্বাধরের প্রতি ভক্তি প্রেম হইত গ্রানা শুনিলে ততটা হয় কি নাবং विद्युष्टमा कृतिया (मथिद्युम । @ विषद्य माकाववामी मिर्शत अर्था ভাল. তাহাদের "বাদি" গল আছে; তাহা অশিকিত মূর্থ স্ত্রীলোকেরাও জানে, তাহাদের সম্ভানেরাও তাহা শুনিতে পায়। নিরাকার উপাসক দিগের সেরূপ "বাদি" গল নাই, তাহাদের সস্তানেরা দরাদাক্ষিণ্য নীতিগর্ভসম্ভূত গল বড় শুনিতে পায় না। তবে যেসকল স্ত্রী লোকেরা স্থশিকিত, বা বিশেষ বুদ্ধিমতী, তাঁহারাই সম্ভানদিগকে নীতিশিক্ষা দিতে পারেন।

কিন্তু এসকল কথা বলা বাহুল্য, বং এসকল কিছুই বিচার

করিয়া দেখিবেন না। নিরাকার উপাসনাই ভাল এই কথা বং সমর্থন করিতে চেষ্টা পাইবেন। অথচ নিরাকার উপাসনা যে প্রকৃত এ মত বং বিশ্বাস করেন না। সাকার নিরাকার উভয় মত যদি অপ্রকৃত হয়, তবে এখন কোন্ট অবলম্বনীয় ও একথার উত্তর দিতে হইলে প্রথমতঃ ফল দৃষ্টে উত্তর দিতে হইলে প্রথমতঃ ফল দৃষ্টে উত্তর দিতে হইলে। কিন্তু ফল সম্বন্ধে মীনাংসা হয় নাই। সাকার পূজার যে করেকটি ফল দেখাইয়াছিলাম, তাহা বঃ অগ্রাহ্থ করিয়াছেন। নিরাকার উপাসনার বিশেষ ফল কি তাহা বঃ উল্লেখ করেন নাই। ফলান্থমারে উপাসনা যে গ্রহণ করিতে হইবে, ইহা তাঁহার মত নহে। তিনি বলিয়াছেন, "যেটি প্রকৃত সেইটি অবলম্বনীয়। তাহাতে কোন ইষ্ট না থাকিলেও তাহা অবলম্বনীয়।" কিন্তু সত্যাসত্য বিবেচনা করিতে গেলে উভয়ই সমান, অসত্যের ছোট বড় নাই।

কোন্ উপাদনা অবলম্বনীর তাহা হির করিতে হইলে ফল বাতীত আর একটি দেশা আবশ্যক। কোন্ উপাদনা লোকে গ্রহণ করিতে সক্ষম, আপামর সাধারণ লইরা বিবেচনা করিতে হইবে। কোন্ দেশে কোন্ কালে অপর সাধারণ সকলেট নিরাকার উপাদক হইয়াছে? পৃথিবীতে নিরাকার উপাদনা আছে সত্যা, কিন্তু আবালবৃদ্ধবনিতা অপর সাধারণ সকলেট নিরাকার ঈশ্বর উপাদনা করে, এমত কোন দেশই নাই, এবং ক্ষিন কালে ছিল না। সকলে নিরাকার ঈশ্বর অহতেব করিতে পারে না, বলিয়াই নিরাকার উপাদনা কথন প্রচলিত হয় নাই। যদি ঈশ্বরোপাদনা মহুষ্যের পক্ষে একান্ত আবশ্যক হয়, তবে সাকার উপাদনাই ভাল। সাকার উপাদনা সাধারণের হৃদয়-গ্রাহী নিরাকার উপাদনা তাহা নহে। যাহাদের সাকার উপাদনা অবলম্বন করুন্ গ্রহী নিরাকার উপাদনা অবলম্বন করুন্

কিন্তু যাহাদের সাকার পূজায় আন্তরিক ভক্তি আছে, তাহাদের লইয়া টনোটানির প্রয়েজন কি?

বঃ যে সকল কথা লিখিয়াছেন, তাহার অনেক গুলির উত্তর দেওয়া হইল না।

## সৎকার।

এক্ষণে এদেশে মৃত্যুর পরেই দেহের সংকার করা হয়।

যে কিছু বিলম্ব হয় তাহা কেবল কাঠ প্রভৃতি আবশুকীয়
উপকরণ আহরণ করিবার নিমিত্ত। কিছু পুর্বের্ম এরপ ছিল
না। শাস্ত্রে বিধি আছে মৃত্যুর পর অন্যন ছাদশ দণ্ড পর্যান্ত দেহ
রাথিতে হইবে। এই বিধির কোন বিশেষ যুক্তি ছিল,
এক্ষণে তাহা আমরা সকলে জানিনা এবং তাহার অনুসন্ধানও
করি না। কিন্তু এক্ষণে সেই যুক্তি ইউরোপে আদ্রিত
হইয়াছে
১

মৃত্যুর অবাহিত পরেই দেহের সৎকার না হয় এইরপ একটি আইন করিবার নিমিত্ত করেক বৎসর হইল একবার ফরাসি দিগের ব্যবস্থাপক সভায় প্রস্তাব হয়। তাহাতে অনেকে বলেন যে এই সামান্য বিষয়ের নিমিত্ত জাইন করিবার বিশেষ প্রয়োজন দেখা যায় না। তছ্ত্তরে সভাস্থ একজন ক্রম্ব বিলেন যে এরপ আইন সর্কাদেশে আবিশ্রুক, তাহা প্রতীতি করিবার নিমিত্ত একটি অন্তুত ঘটনার পরিচয় দিই, আপনারা একটু মনোযোগ পূর্কক প্রবণ করন। অন্যন প্রচিম বৎসর হইল কোন মুবা পাদ্রী একদিন একটি গির্জ্জায় ধর্ম উপদেশ দিতে ছিলেন, বিস্তর লোক সমবেত হইয়া একাগ্র চিত্তে তাহা শুনিতে

ছিল; এমত সময় হঠাৎ পাদরির হাত হইতে বাইবেল পড়িয়া পেল, এবং সেই মৃহর্জে পাদরি স্বয়ংও পড়িয়া গেলেন। নিকটস্থ লোকেরা ছুটিয়া আসিয়া দেথে পাদরির সংজ্ঞা নাই; পাদরির মৃত্যু হইরাছে। তথন সকলে আর কি করে, সে দেহ ধরাধরি করিয়া পাদরির বাটাতে লইয়া গেল এবং গোর দিবার উদ্যোগ করিতে লাগিল। ইত্যুবকাশে ডাক্তার সাহেব আসিলেন। আসিয়া অনেকক্ষণ পরীক্ষা করিয়া মৃত্যুর কোন কারণ নির্দেশ করিতে পারিলেন না; শেষ বলিলেন শব আর শ্যায় ফেলিয়া রাথা র্থা; সমাধিস্থানে লইয়া যাও। তদম্পারে গোর দিবার বিশ্বে খাটের নিকট আনীত হইল। তাহার পর যথন বাল্মে শব তুলিবার উদ্যোগ আরম্ভ হইল তথন একজন বলিল এখন এইরূপ থাকুক, পাদরির সহোদরের দেহ একবার দেখিতে চাহিবেন। এইকথায় সকলে নির্ম্ভ হইল এবং অনেকে স্ব স্থ কর্ম্মে চলিয়া

পাদরির সহোদর প্রায় পাঁচ ছয় কোশ দূরে কোন গ্রামে থাকিতেন; সন্থাদ পাইবামাত্র জন্মারোহণে বায়ুবেগে আসিয়া পাদরির গৃহপ্রবেশ করিবেন। সহোদরের শব দেখিয়া অতি কাতর স্বরে 'ভাই আমার' বলিয়া মৃতদেহ জড়াইয়া ধরিলেন। মৃতদেহ যেন অর হস্ত নাড়িল, পরক্ষণেই মৃতদেহ নিখাস ত্যাগ করিয়া সহোদরের সহিত কথা কহিতে লাগিল।

পুনজীবিত হইরা পাদরি তথন সহোদরকে বলিতে লাগি-লেন, "ভাই আমি মরি নাই, আমার কেবল শরীর অবশ হইরা-ছিল মাত্র। আমি অজ্ঞানও হই নাই, বে যাহা বলিতেছিল ভাহা সমুদার শুনিতেছিলাম। আমার যখন সকলে ঘরে আনিল তাহাও জানি; তোমার যখন সংবাদ দিবার নিমিত্ত লোক গেল তাহাও জানি, ডাক্তার আসিয়া যাহা বলিলেন তাহাও শুনিয়াছিলাম: যথন আমায় বাক্সে বন্ধ করিবার নিমিত বাকু আনিল তথন আমার বড় কট হইয়াছিল। তাহারা জানে না যে আমি মরি নাই, আমিও তাহাদিগকে আমার জীবিত অবস্থা জানাইতে পারিতেছি না অথচ দেখিতেছিলাম তাহারা আমাকে বাব্লে বন্ধ করিতে আসিতেছে; আমি না মরি-রাও মরিতে চলিলাম ভাবিয়া সে সময় যে কি কট হইয়া-ছিল তাহা কি জানাইব ! তথন হস্তপদ নাড়িতে এত চেষ্টা করিলাম কোনমতেই পারিলাম না। এই সময় তোমার আসিবার কথা উত্থাপন হওয়ায় আমার ভরসা হইল, আমি নিশ্চয় জানিতাম তুমি আসিলেই আমি হস্ত পদাদি চালনা করিতে পারিব, তাহা না হয় অস্ততঃ তুমি কোনমতে আমার অবস্থা বৃঝিতে পারিবে। যাহারা এক্ষণে উপস্থিত আছেন, ইহারা তোমার আগমন শব্দ প্রথমে কেহই শুনিতে পায়েন নাই। তোমার আসিবার সময় অতীত হইয়াছে বলিয়া ইহারা যথন বাদালুবাদ করিতেছিলেন, আমি তথন তোমার অশ্বপদ্ধানি শুনিতে পাইতে ছিলাম কিন্তু আমার কথা কহিবার ক্ষমতা ছিল না।"

বৃদ্ধ এই পরিচর দিয়া বলিলেন, তাহার পর পাদরি ক্রমে আরোগালাভ করিয়া অন্যাপি জীতি আছেন। এক্ষণে মহাশয়েরা বিচার করিয়া দেখুন মৃত্যুর অব্যবহিত পরেই দেহের সংকার করা অকৃতিত কি না। কেহ কেহ বলিলেন আপনি যে পরিচয় দিলেন তাহা মহাশর কোথার শুনিয়াছেন, আমরা জানি না, কিন্তু এই অভূত ঘটনা যদি মহাশয়ের বিখাস্ত হইয়া থাকে তাহা হইলে দেহসংকার সম্বন্ধে একটা সময় নির্দিষ্ট করা উচিত। বৃদ্ধ পুনরার উঠিয়া বলিলেন, "যে পরিচয় দিলাম তাহা আমার

আপলার পরিচয়। যে পাছরির মৃত্যু হইরাছিল বলিলাম সে পাদরি আমি স্বয়ং, মন্ত নহে। আমি যে অদ্য আপনাদিগের সমুথে দাঁড়াইয়া, এই কথা কহিতেছি তাহা কেবল, আমার সংকারের বিলম্ব হইরাছিল বলিয়া, নতুবা আমি, কবে মাটী হইরা যাইতাম।'

এইরূপ ঘটনা আরও অনেক ঘর্টিরাছিল। একবার এক-জন ধনবানু সাহেৰের স্ত্রীর মৃত্যু হয়। সাহেব অতি সমৃদ্ধি সহ-কারে তাঁহার গোর দেন। যাহারা শববহন করিতে আদিয়াছিল তাহাদের মধ্যে একজন অলক্ষ্যে দেখিল যে শবের হত্তে একটি বহুমূল্যের অঙ্গুরি রহিয়াছে এবং তাহা কেহ খুলিয়া লইল না ৷ এই ব্যক্তি লোভপরবশ হইয়া রাত্রিযোগে সমাধিস্থানে আ-সিল ৷ কেহ কোগায় নাই, সকল নিস্তব্ধ, দেখিয়া শ্ববাহক ধীরে ধীরে গোর খনন করিতে লাগিল শেষ শবের বাজ ভাঙ্গিয়া মৃত ব্যক্তির অঙ্গুলি হইতে অঙ্গুরি মুক্ত করিতে চেষ্টা পাইল কিন্তু পারিল না। তথ্ন আর কোন উপায় না দেখিয়া একখানি শাণিত ছরিকাদারা অঙ্গলিটি কাটিয়া অঙ্গুরি বাহির कतियां वहेव। किन्न अञ्चलि कांहिवामाळ त्रक निर्गठ हटेएठ ला-গিল, চোর তাহ। কিছুই দেখিতে পাইল না, কেবল তাহার বোধ হুইল যেন মৃতদেহ একটু নজিল। চোর প্রথমে ইহা ভৌতিক द्यालात मृद्य कृतिहा श्रेनात्रातात्र रहेन। अहे ममत्र अक मीर्च নিশ্বাস তাহার কর্ণগোচর হইল। চোর না পলাইয়া বিশেষ পর্য্য-বেক্ষণ করিয়া যাত্রা দেখিল তাত্রা স্ত্রীলোকটীর স্বামীকে যাইয়া সাহেব তৎক্ষণাৎ লোক সহকারে তথায় আসিয়া দেখিলেন তাঁহার স্ত্রী উঠিয়া বদিবার নিনিত্ত চেষ্টা করিতেছে कि ख पूर्वन् । अयुक्त भावित्यह न। यामी निकरेव ही इंटेरन তিনি তাঁহাকে চিনিতে পারিরা কহিলেন "আমায় শীয় ঘরে লইরা চল, আমার কে।থার আনিয়াছ ? এথানে আমার বড় কট হইতেছে। আর, আমার অঙ্গুলিতে কিসের আঘাত লাগিয়াছে বড় জলিতেছে। সাহেব এই সকল কণা শুনিয়া নয়নাশ মুছিতে মুছিতে প্রিত্মাকে গৃহে লইয়া গেলেন। তথার সত্রে এবং শুল্লমার মেম সাহেব শীল আবোগালাভ করিলেন; তাহার পর তিনি বছদিন পর্যান্ত জীবিত ছিলেন এবং তাঁহার মনেক সন্তান সন্ততি হইয়াছিল।

আর একটি ঘটনার কথা বলি। সম্প্রতি বিলাতে একজন সাহেবের মৃত্যু হইলে তাঁহার আত্মীরেরা এছিয়ানদিগের প্রথামু-সারে তাঁহাকে বাজে বন্ধ করিলেন। বাজে পেরেক মারিয়া তাহার উপর কৃষ্ণবর্ণ বন্ত্র দিয়া আরুত করিয়া রাখিলেন। বৈকালে সমাধিভূমিতে লইয়া যাওয়া হইবে, এই সম্বাদ জ্ঞাতি কুট্র ও অক্সান্ত আত্মীয় দিগের নিকট পাঠান হইল। আত্মীয়-গণ ক্রমে ক্রমে আদিতে লাগিলেন, তাঁহাদের মধ্যে একজন আসিয়াই মৃত ব্যক্তিকে একবার দেখিতে চাহিলেন। কতদিন তাঁহাকে দেখেন নাই, আর কথনও দেখিতে পাইবেম না, এজনোর মত একবার দেখিতে চাওয়া নিতান্ত অভায় নহে विनिता मकरले वाका शृलिए असूरताथ कतिरलन। ডাকাইয়া বাক্স খোলা হইল, কিন্তু খুলিয়া এক অভুত ব্যাপার দৃষ্ট হইল। মৃত দেহ যে পার্থে এবং যে অবস্থায় রক্ষিত হইরাছিল তাহা আর নাই; শব পার্শ্বরিবর্তন করিয়া রহিয়াছে, আর তাহার গাত্রবন্ধ খণ্ড খণ্ড হইয়া রহিয়াছে। ইহা দেখিবামাত্র সকলেরই প্রতীতি ছইল যে প্রথমে যখন মৃতব্যক্তিকে সমাধি বস্ত্র পরাইয়া বাক্স বন্ধ করা হয় তথন তিনি বাস্তবিক মরেন নাই, মুমুর্যবন্ধার ছিলেন, আত্মীরেরা তাহা বঝিতে পারেন ন ই। তাহার পর একসময় তাঁহার চেতনা

হইয়াছিল, কিন্তু তথন তিনি বাক্সে বন্ধ; তাঁহার চেতন হইরাছে একথা তিনি কাহাকেও জানাইতে পারেন নাই,বান্থও ভাঙ্গিতে পারেন নাই, কিন্তু তাহার চেষ্টা করিয়া থাকিবেন। নিরুপায় হইয়া যন্ত্রণায় বস্ত্র পর্যায় থও থও করিয়াছেন; শেষ,খাস রুদ্ধ হইয়া কষ্টে প্রাণত্যাগ করিয়াছেন। এ অবস্থায় বলিতে হইবে তাঁহার মরণের হেতু তাঁহার আত্মীয়গ্রগ।

আমাদের মধ্যে এরপ ঘটনা কতই হইয়া থাকে। অল मिवम इहेल এक जन बाक्स गढिक भक्ता विद्या आना इहे गांकिल। তাঁহাকে মৃত্যুগ্রাস হঁইতে রক্ষা করিবার নিমিত্ত বৈদ্যেরা কতই তাঁহাকে বিষদেবন করাইল কিন্তু কিছুতেই তাঁহার রক্ষা হইল না। তাঁহার মৃত্যু হইলে আত্মীয়গণ গঙ্গার কূলে মৃত-দেহ বস্তাবত করিয়া রাখিল। কাষ্ঠাদি আহরণ করিয়া চুলী দাজাইল; দকল প্রস্তত, এমত সময় ঘোরতর মেঘাড়ম্বর করিয়া বৃষ্টি আসিল। আত্মীয়েরা নিকটন্থ বৃক্ষাদির মূলে আশ্রয लहेर्ना : वृष्टि व्यानककान भर्गाख इहेन, भाष वृष्टि धतिरन আত্মীয়েরা আসিয়া দেখিল, শব নাই! অনুসন্ধান করিতে ক্রিতে একজন দেখিল যে মৃতব্যক্তি নিকটত্থ একটা বনমধ্যে লুকাইরা রহিরাছে। তাঁহার নিকটে গেলে তিনি বলিলেন যে বৃষ্টিতে আমার বড় উপকার করিয়াছে; বিষে আমার শরীর জরজরীভূত হইয়াছিল,তাহা না জানিয়া সকলে মনে করিয়াছিল, অ:মি মরিয়াছি, কিন্তু এক্ষণে আমার বড় কম্পু হইয়াছে আমাকে घद नहें बा हन। छांशांक मकत्न श्रद नहें बा रिगलन। अ-দ্যাপি তিনি সভন্দশরীরে আছেন। কিন্তু বৃষ্টি না আদিলে তিনি অনেক কাল ভম্মসাৎ হইতেন।

এই সকল ঘটনা দেখিলে বোধ হয় যে সংকার করিতে
বিলম্ব করা নিতান্ত আবশ্যক; না করায় অনেককে না মরি-

রাও মরিতে হইতেছে। বাঁহারা দাহ করেন তাঁহাদের এই জন্য সমরে সময়ে বন্ধহত্যা, স্ত্রীহত্যা প্রভৃতি মহাপাপের পাতকী হইতে হইতেছে, অতএব তাঁহাদের উচিত যে মৃত্যুর পর অন্যন দ্বাদশ দণ্ড অতিবাহিত না হইলে দাহ করিতে স্বীকার না করেন।

আর, মৃতবাক্তি থাঁহার পুত্র কি স্ত্রী, তাঁহারও একটু আপেকা করিরা দেখা উচিত। যাহার জন্য চিরকালু কাঁদিতে হইবে, যে হাইবে, যাহার জন্য এ পৃথিবী অন্ধকার দেখিতে হইবে, সে আবার পুনর্জ্জীবিত হয় কি না, একনার একটু বিলম্ব করিয়া দেখিলে ক্ষতি নাই। বিলম্ব না করায় কত লোকের সর্ব্ধনাশ হইয়া গিয়াছে; কত লোক নির্কাংশ হইয়াছে; উল্লন্ত পর্যান্ত হয়াছে। কিন্তু যাহার নিমিত্ত এক্ষপ হইয়াছে, তাহার সংকারের সময় হয় ত কিঞ্জিৎ বিলম্ব করিলে তাহাকে ফিরিয়া পাইত। হয় ত সেই সর্কাম্ব ধনকে দাহ করিয়াই মারিয়াছে।

জীবিতদিগের দাহ করা যে প্রথা হইরাছে তাহার মূল কারণ মৃত্যুর চিহ্ন কি, তাহা না জানা। আমাদের বিশাদ আছে যে শাবরোধ হইলেই মৃত্যু হইল। এইজন্য লোকে বলে, ধ্যুতক্ষণ শাদ ততক্ষণ আশ। গৈ তাহার পর আশা নাই। কিন্তু এটি মিথাা কথা; শাদ গিয়াও শাদ হয়; ইহা আমরা দেখিতেছি, শুনিতেছি, জানিতেছি; তবে "বতক্ষণ শাদ ততক্ষণ আশ" এ কথা আর কেন মুখে আনি। যত শীঘ্র এই নিথাা প্রবাদটির লোপ হয় ততই ভাল; ইহাতে অনেকের সর্কানশ হইরা গিয়াছে, আর অধিক না হইতে পার। বরং ইহার পরিবর্ধে এই নিম্নিধিত কথা প্রচালিত হওয়া সক্ষত—

" <u>যদি যায় খাদ, তবু রাথ আশ।"</u>

থাদ গেলেও আশা থাকে। অনেক প্রকার বায়ুরোগে

কি মৃচ্ছারোগে সর্বাদাই দেখাযার খাদ থাকে না, অবচ দে রোগীর আবার চেতনা হর; অতএব খাদরোধকোননতেই মৃত্যুর চিহ্ন বলিরা গৃহীত হইতে পারে না। স্পাদনরহিত ও মৃত্যুর পরীক্ষা নহে। খাসরহিত হইলেই স্পাদনরহিত হয় এবং সেই সঙ্গে নাডীও নিশ্চল হয়।

মরণের দে পারীক্ষা কি, তাহা এপর্যান্ত স্থির হয় নাই; দে স্থির করিতে পারিবে, দে বিশেষ পারিতোমিক পাইবে, বিলাতে এমত প্রস্তাবনা আছে। কিন্তু কেহই এপর্যান্ত স্থির করিতে পারে নাই। মূল কথা দে স্থলে মৃত্যুর কোন পারীক্ষা নাই দে স্থলে সংকার করিতে বিলম্ব করাই ইহার পারীক্ষা।

কিন্তু কত বিশ্ব করা উচিত? বিজ্ঞ ডাক্তারগণ বলিবেন অন্যন দশ ঘটো বিলম্ব করা উচিত। কিন্তু বোধ হয় এত বিশম্বে অনেক আত্মীয়ের ধৈর্যাচৃতি হইতে পারে; অতএব আমাদের শাস্ত্রে যে দাদশ দণ্ডের বিধান আছে, তাহাই আপাতত ভাল; এই বিধান রক্ষা হইলে অনেকের ভরদা হয়।

আর একটি কথা আছে। কেবল সংকারের বিলম্ব করিলেই ইইল এমত নহে; মৃতব্যক্তি পুনজ্জীবিত ইইলে তাহাকে দানব পাইরাছে বলিয়া হত্যা না করা হয়। এবিষয়ের একটি ঘটনা এস্থলে লিখিত ইইল। একজনের দ্বাবিংশতি বর্ধের এক সন্তান মরিলে যথানিয়মে তাহার সংকারের আয়োজন ইইতেছিল,এমত সময় মৃতদেহ মুখের কাপড় খুলিয়া ইতস্ততঃ দেখিতে লাগিল। রাত্রি অন্ধকার, নিকটে নদীর কল্লোল ওনিতে পাইয়া কিছুই বুঝিতে না পারিয়া মৃতব্যক্তি ধীরে ধীরে উঠিয়া বিদিল। শবকে বৃদিতে দেখিয়া সকলে ভৌতিক ব্যাপার মনে করিয়া পলাইল, কেবল একজন মাত্র দাঁড়াইয়া রহিল। তাহার জানা ছিল, যে নক্ষত্রদোষ হইলে শবকে দানবে পায়, কিন্তু লৌহ

দানবের পক্ষে মহৌষধি। অতএব নিকট হইতে কোদানী তুলিয়া সবলে পুনজ্জীবিত ব্যক্তির মাথায় ফেলিয়া মারিল, সেই আঘাতে যুবার পুনমৃত্যু হইল। যে ব্যক্তি এই আঘাত করিয়াছিল, সে ব্যক্তি কেণ্ মৃত্ ব্যক্তির পিতা!

# কণ্ঠমালা।

### ত্রয়োবিংশ পরিচেছদ।

অপরিচিত পুরুষকে যতক্ষণ দেখা গেল ততক্ষণ জেলদারগা তাহার দিকে চাহিয়া দাঁডাইয়া রহিলেন। শেষ যথন তাহাকে আর দেখা গেল না তথন জেলদারগা মাথা নাড়িয়া অফুট বাক্যে বলিলেন ''তুমি শস্তু না হও তাহার কোন আত্মীয় কুটুম্ব হইবে, তাহা না হইলে বাঙ্গালি হইয়া সাহেবকে অগ্রাহ্য করে এমন সাধ্য আর কাহার! তোমার ঐ চলন ঐ ভঙ্গী তুমি অ-বশ্য শুস্তুর নিকট পাইয়াছ; তোমার দৃষ্টিতে ভয় না পাইয়া থাকি, আনি অপ্রতিভ হইয়াছিলাম; বড় বড় সাহেবের দৃষ্টি আমি কখন গ্রাছ করি নাই, তুমি বাঙ্গালি, তোমার নিকট আমি অপ্রতিভ হইলাম, ভাল, আবার যদি কথন সাকাৎ হয় তবে তোনার চকে কি আছে দেখা যাবে।" এই বলিয়া অপরিতিত বাক্তি বেদিকে গিয়াছে সেইদিকে চাহিয়া মাথা নাডিরা ফিরিলেন। ফিরিয়াই আবার সেই দিকে চাহিয়া পকেট হইতে নোটের পুঞ্জ বাহির করিয়া গণিতে আরম্ভ করিলেন; গণিতে গণিতে একবার সহাস্য বদনে অপরিচিত ব্যক্তির প্রপানে চাহিতে লাগিলেন; শেষ গণনা সমাধা হইলে নোটগুলি স্বত্বে আবার রাখিলেন। তাহার পর একটি "চুরট" বাহির করিয়া, তাহার ছুই অগ্র ছুই হস্তে ধরিয়া ছিদ্র আছে কি না নতশিরে তাহা নিরীক্ষণ করিতে করিতে গাড়ির দিকে আসিতে লাগিলেন।

গাড়িতে মেন সাহেব অতি বাস্ত হইরাছিলেন। প্রথমে বননধ্যে অপরিচিত অন্তবারীকে দেখিয়া, তাঁহার ভয় হইরাছিল; তাহার পর, পত্র এবং সেই সঙ্গে স্তপাকার নোটদেখিয়া আশ্চর্য্য হইরাছিলেন। সেই, সময় নোটদম্বন্ধে ফাহেবকে ত্ই একটি কথা জিজ্ঞাসা করিয়াছিলেন, সাহেব তাহার কোন উত্তর না দিয়া বনমধ্যে দৌড়িয়া গিয়াছিলেন। মেন সাহেব এই সকলের কারণ কিছুই বৃদ্ধিতে না পারিয়া বড়ই বাস্ত হইয়া, নিজ খেত শরীরের অন্ধাংশ গাড়ি হইতে বাহির করিয়া বনের প্রতি একদৃষ্টে চাহিয়া ছিলেন। এমত সময় সাহেবকে আসিতে দেখিয়া, ক্রমে ক্রমে শরীর কুঞ্চিত করিয়া যথাহানে ছির হইয়া বসিলেন।

সাহেব গাড়ির নিকট আসিয়া চুরটের এক অগ্র দন্তমধা সিয়িবিষ্ট করিয়া গাড়িতে উঠিলেন, তাহার পর বিলাতি দীপঞ্চশলাকা স্থারা অগ্রিজ্ঞালিত করিয়া, চুরটের অপর অর্থে ধরিলেন। এই সময় সেম সাহেব উপর্গুপরি কত প্রশ্নই করিতে লাগিলেন কিন্তু কোন কথার প্রত্যুত্তর না দিয়া সাহেব একদৃষ্টে চুরটে অগ্রিসংস্কার হইল কি না দেখিতে দেখিতে টানিতে লাগিলেন। চুরট ঘুরাইয়া ফিরাইয়া অগ্রিসংস্কার করিতে লাগিলেন; শেষ যথন দেখিলেন সে চুরট আর নির্বাণের সম্ভব নাই, তথন দীপঞ্চশলাকা গাড়ির দ্রে নিঃক্ষেপ করিয়া মেম সাহেবের দিকে চাহিলেন। মেম সাহেব আবার পূর্ব্বিমত প্রশ্ন করিতে লাগিলেন। সংহেব নিয়ীবন ত্যাগ করিয়া উত্তর করিলেন, ''সকল প্রশ্নের একেবারে উত্তর হয় না, একে একে

বলিতেছি।" এই বলিয়া গাড়িহইতে মাথা বাহির করিয়া, গাড়য়ানকে বলিলেন "ঘোড়া বড় ধীরে ধীরে চলিতেছে শীঘ চালাও।" তাহার পর ভন্ম ঝাড়িয়া চুরট আবার স্বত্নে ম্থনধ্যে স্নিবিষ্ট করিয়া, চুই হস্ত হুই পকেটের মধ্যে রাথিয়া অভি প্রশাস্তভাবে মেন সাহেবের দিকে চাহিতে লাগিলেন।

নেম সাহেব জিজ্ঞাসা করিলেন "পত্র কৈ লিথিয়াকে, নোট কাহাকে দিতে হইবে, কত টাকার নোট ?"

সাহেব ছই অঙ্গুলি দারা ওঠ হইতে চুরট লইরা একবার তাহার অগ্রভাগ দেখিলেন; তাহার পর নিষ্ঠািবন তাগে কারিয়া বলিলেন "তোমার তিন প্রশ্লের একে একে উত্তর দিই— প্রথম কথা কাহার পত্র ? উত্তম প্রশ্ল, সঙ্গত প্রশা, কিন্তু এ প্রশার উত্তর দিতে পারিলাম না, কেননা যে এ পত্র লিধিয়া ছৈ সে অপন নাম সাক্ষর করে নাই।"

নেম। পতা বাহককে তাহা জিজ্ঞানা করিলোনা কেন ? নাহেব। একে একে প্রশ্ন কর, যে তিন প্রশাক রিয়াছ তাহার অবগ্রুতর দিই—তাহার পর নৃতন প্রশাকরিও।়

মেম সাহেব অগত্যা আপন কৌত্হল সম্বন করিয়া স্থির হট্যা রহিলেন। সাহেব তথন ব্লিতে লাগিলেন ''তোমার প্রথম প্রশ্নের উত্তর হট্য়াছে; দিতীয় প্রশ নোট কাহাকে দিতে হট্বে ? ভাল, এ প্রশ্নের সহজ উত্তর এই যে, নোট কাহাকিও দিতে হট্বে না, আমাদের নিকট থাকিবে।''

মেন। আমাদের নিকট থাকিবে ? সে কি! কেন? তবে কি ঐ নেটি কেহ আমাদের দিরাছে ? সাহেব। থাম, থাম, এখনও এসকল বলিবার সময় হয়

নাই। তোমার তৃতীয় প্রশ্নের এখনও উত্তর বংকি আছে। তৃতীয় এটা কৃত টাকার নোট্য একণা অন্ত কেই জিজ্ঞাসা করিতে পারে না। `তুমি আমার স্ত্রী, প্রেরা,প্রাণাধিকা, অন্তরের অন্তর, তুমি একথা অবশ্য জিজ্ঞাসা করিতে পার, আমিও অবশ্য উত্তর ক্রিতে পারি, অতএব উত্তর ক্রি। এই বলিরা হুই চারিবার চুরট টানিলেন; চুরটের অগ্নি নির্বাণ হইয়াছে, আবার দীপ্ শলাকা বাহির করিয়। চুরট পুনর্জালিত করিবার উদ্যোগ করিতে লাগিলের। এই সময় মেম সাহেব আবার বলিলেন "কত টাকার নোট একবার বল না ?' সাহেব কিঞিৎ জ্রকুঞ্চিত ক-রিয়া বলিলেন "বাস্ত হইও না এসকল ব্যাস্তের কর্মুনহে, সকলই সময়ে শুনিতে পাইবে।" এই বলিয়া সাহেব চুবট জালিলেন, পূর্ব্যত ছই পকেটে ছই হাত দিয়া, গাড়ি ঠেন দিয়া, পদন্তর ঈষৎ বিস্তার করিয়া চুরট টানিতে টানিতে মেম সাহেবকে নিরীক্ষণ করিতে লাগিলেন। মেম সাহেব দেখি-লেন যে এসময় কেনে কথা জিজ্ঞাসা করা রুণা; অতএব অতি কস্টে ধৈর্য্যাবলম্বন করিয়া রহিলেন। শেষ, সাহেব মূথ হইতে চুরট বৃহিৰ্গত করিয়া নিষ্ঠীবন ত্যাগ করিয়া চুরটের ভক্ম ঝাড়িয়া বলিলেন 'ভোমার তৃতীয় প্রশ্ন, কত টাকার নেটে,'' এই বলিয়া সাত্রে এদিক ওদিক দেখিয়া মাথা নামাইয়া মেম সাহেবের মুখের নিকট মুখ আনিয়া কিঞ্চিৎ অফুট স্বরে বলি-লেন "লক টাকার নোট—এনোট আমাদের হইল।" মেমু সাহেব আহলাদে গদ্গদ স্বরে বনিলেন "তুমি আমার সর্কার।" তাহার পর, স্বামীর বুকে মাথা রাখিয়া, আহলাদে কাঁদিতে লাগিলেন। সাহেব চুরট টানিতে টানিতে সঙ্গেহে স্ত্রীর মাথার হাত বুলাইতে লাগিলেন, চুরট হইতে ছই এক বিন্দু ছাই মেমের মাণার পড়িতে লাগিল,সাহেব তাহা যত্নে পরিষ্কার করিতে সাহেব বিবির দাম্পত্যপ্রণয়ের আর সীম লাগিলেন। রহিল না।

কিঞ্চিৎ পরে মেম সাহেব স্বামীর অঙ্গ হইতে মাণা তুলিয়া যথাস্থানে বসিলেন। বসিয়া আপনার সন্তান সন্ততিদিগের মুণ্চুম্বন করিয়া একে একে স্বামীর ক্রোড়ে দিতে লাগিলেন। সাহেবের আদর শেষ হইলে মেমসাহেব জিজ্ঞাসা করিলেন ''এতটাকা লইয়া আমরাকি করিবং পরমেশ্বরের কি রূপা. আমরা বিলাত ঘাইতেছি আর ঠিক এই সময়ে আমাদের টাকা পাঠাইরাছেন। বিলাত পৌছিয়াই নিজ্ঞামে যাওয়া হইবে না: লণ্ডন নগরে দশ দিন থাকিতে হইবে, দশপ্রকার দেখিয়া গুনিয়া গেলে, বাদশ প্রকার ভাল মন্দ সামগ্রী ক্রয় করিয়া লইয়া গেলে, বিবি নষ্টর আর আমাদিগকে দেখিয়া নাশা কুঞ্জিত করিতে পারিবে না। আর কিছু না হউক, তাহার অপেক। ভাল পোষাক, আর একখানি ভাল গাড়ি লইয়া গেলেই বিবি নষ্টরের মাথা হেঁট হইবে, আমরা ভারতবর্ষে ছিলাম: আমরা "পাড়াগেঁয়ে" বলিয়া আর আমাদের মুণা করিতে পারিবে না, আমি ত ভাল ভাল পোষাক পরিবই, কিন্তু তুমি যে এই দেশী দর্জির স্লেলাই কাপড় পরিয়া জন্তুর মত বেড়াইবে, ভাহা হইবে না--''

এই সময় হঠাৎ আবার গাড়ি থামিল। সাহেব মুখ বাহির করিরা দেখেন যে ইতিপূর্ব্ধে যে অন্তথারী পুরুষ নোটসহিত পত্র দিয়া গিয়াছিল, সেই আর তৎসঙ্গী অপরিচিত পুরুষ উভয়ে অগ্রসর হইতেছে। মেমসাহেব ভাবিলেন, ইহারা নে:ট ফিরাইয়া লইতে আসিতেছে, অতএব ব্যগ্রতা সহকারে সাহেবকে বলিতে লাগিলেন, "নোট শীঘ্র আমার নিকট দেও আর উহাদের বল, যে নোট নাই—"

ু এই কথা বলিতে বলিতে অপরিচিত পুরুষ গাড়ির নিকট ুআসিয়া অতি স্থন্দর ইংরাজিতে বলিল, "সতর্কহও,—মেজেট্টর সাহেবের অমুমতি অমুসারে তোমাকে ধরিবার নিমিত চারিজন অখারোহী শীদ্র আসিবে, বোধ হয় এতক্ষণ তাহারা আসি-তেতে।"

শাহেব বলিলেন, "মেজেষ্টর সাহেব কেন এমত অনুমতি করিয়াছেন, সে বিষয়ের কিছু জানেন ?" অপরিচিত পুরুষ উত্তর করিল, এই মাত্র শুনিয়াছি যে আপনার পদপ্রাপ্ত সাহেব জেল-থানা সম্বন্ধে আপনার নামে কি অভিযোগ করিয়াচেন, কিন্তু সে বিষয় আমি বিশেষ কিছুই জানি না।" সাহেব জিজ্ঞাসা করি-লেন,যে " এ সন্থাদ আপনি কোথায় পাইলেন, আর যদি পাইয়া থাকেন তবে ইতিপূর্বে মহাশ্যের সহিত যথন আমার সাক্ষাৎ হইয়াছিল,তথনই বা বলেন নাই কেন ?'' অপরিচিত পুরুষ উত্তর করিলেন, "তৎকালে আমি এ সম্বাদ পাই নাই,এই মাত্র পাইয়া মহাশয়কে জানাইলাম।" সাহেব বলিলেন, " যেখানে মহাশয়ের সহিত সাক্ষাৎ হইয়াছিল, সে স্থান এখান হইতে নাুনকল্লে পাঁচ ছয় ক্রোশ হইবে, এই পথে আপনি কিরুপে আমার অগ্রে আসি রাছেন?'' অপরিচিত পুরুষ ঈষৎ হাসিয়া চলিয়াগেলেন। জেল দারগা ইতিকর্তবাতা কিছুই বুঝিতে না পারিয়া বসিয়া রহি-বেন,গাড়ি কলিকাতাভিমুখে চলিতে লাগিল। প্রায় হুইদও কাল অতীত না হইতে হইতেই অখারে৷হিগণ আসিয়া উপন্থিত হইয়া মেজেটর সাহেবের স্বাক্ষরিত ওয়ারেট দেখাইল। জেল-मांत्रश। আत विक्रक्ति ना कतिया अधारतादी मिरशत मरत्र किति-লেন। সমস্ত পথে কোন কথা কহিলেন না, মেমসাহেব এক-বার জিজ্ঞাসা করিয়াছিলেন, "ওয়ারেণ্টে কি অপরাধ লিখিত আছে ?" সাহেব অন্যদিকে মুথ ফিরাইয়া রহিলেন, কোন উত্তর मिटलन ना ।

### ठ्वर्किः भ পরিচ্ছেদ।

ছাবিংশ পরিচ্ছেদে শস্তু সম্বন্ধে যে ঘটনা বিবরিত হইরাছে তাহার প্রার দশ বার দিবস পূর্ব্বে মোহাস্ত আপন কুটারে বসিয়া একথানি পত্র পড়িতে ছিলেন, সেথানে রামদাস সন্ত্যাসী উপস্থিত ছিলেন পত্রথানি শস্তু কয়েদী লিখিয়াছিল। তাহার নিকট হ-ইতে মোহাস্ত সচরাচর বেরূপ কুজু পত্র পাইতেন তদপেকা এ পত্রথানি অনেক দীর্ঘ। মোহাস্ত এই পত্রের যে যে অংশ রামদাস সন্ত্যাসীকে শুনাইলেন আমরা সেই সেই অংশ নিমে উদ্ধৃত ক্রিলান।

''আমার এ অবস্থা আর ভাল বোধ হয় না, অবস্থাস্তরিত হইতে ইচ্ছা হইয়াছে। এক্ষণে মৃত্যুই প্রার্থনীয়; অতএব যাহা উচিত বিবেচনা করেন তাহা আমার বিশেষ বিশেষ আত্মীয়গণকে জা-নাইবেন। এখানকার জেলদারগা ছুটি লইয়াছেন, শীঘ বিলাত ঘাইবেন। আমার এক্ষণে আর আত্মীয়দিগের সহিত সাক্ষাৎ করিবার উপার নাই। এই সময় আর একটি কথা বলিয়া•রাখি, যেরূপ অপরিমিত দান করিয়া আসিতেছেন তাহা হইতে বিরত হইলে ভাল হয়। আমি একণে বিবেচনা করিয়া দেখিলাম এ-রূপ দানে কোন বিশেষ ফল নাই। বছকালাবধি রাজারা দান করিয়া আদিয়াছেন কিন্তু তাহাতে বাঙ্গালার কি উপকার হইয়াছে ? বান্ধালার দৈনাদশা সমভাবেই আছে। खन प्रतिप्रतिक चौपना कतिता मगारखत कि **छेशकात हरे**ति? प-রিদের সংখ্যা দিন দিন বাডিতেছে, জেল্থানায় আর ক্যেদী ধরে ন।। দানে ধন হস্তান্তরিত হয় বটে, কিন্তু বুদ্ধি হয় না, এক্ষণে যাহাতে বাঙ্গালার ধনবুদ্ধি হয় তাহার চেষ্টা দেখা উচিত। ধন-বুদ্ধি করিতে গেলে ধনের সৃষ্টি করিতে হইবে অতএব তাহার

বাবস্থা করিবেন। আর এক কথা; বাঙ্গালির মধ্যে অনেকে বিবে-

চনা করেন যে একণে রাজ্যশাসন স্বদেশীর হস্তে না থাকাতে অত্যাচার হইতেছে। এবং কেহ কেহ আমার হস্তে দিবার নিমিত্ত উদ্যত আছেন। এই সকল লোক,বোধ হয়, মনে করিয়াছেন যে রাজ্য বালকের হস্তে আছে, ইচ্ছা করিলেই কাড়িয়া লইতে পারা বায়। এই সকল লোকের মধ্যে সাগরস্কত একজন প্রধান; সাগরস্কত আমার আত্মীয়, বাঙ্গালার শুভাম্ধ্যায়ী, আমি তাহাকে আত্মরিক ভাল বাসি। তাহাকে আপনি বলিবেন যে ইচ্ছা করিলে রাজ্যভার আমি অনায়াসে লইতে পারি, কিন্তু লইলে দেশের মঙ্গল হইবে না। যে অত্যাচারের নিমিত্ত সাগরস্কত এবং ত্রুতাবলম্বীরা অসস্তোষ, সে অত্যাচার সকলদেশেই আছে। আমাদের হস্তে রাজ্যভার থাকিলে সে অত্যাচার যে হইবে না ইহা কিরূপে জানিলেন? স্বার্থপরতা হেতু রাজপুরুষদিগের কিছু কিছু অন্যায় করিতে হয়, বাঙ্গালিরা যে স্বার্থপর একেবারে নহেন একথা কে বলিবে? আমাদের জনীদারদিগকে দেখিয়া করিয়াং রাজ্যশাসন অন্তর্ভব করিতে বলিবেন।

"সাগরস্থতকে বলিবেন থে বাঙ্গালায় একটি শুভার্ধ্যায়ী সম্প্রদায় হওয়া আবশ্যক। স্বার্থপরতাশূন্য, পরোপকারী, ক্লেশ্সহিষ্ণু, দৃঢ়প্রতিজ্ঞ এবং সত্যবাদী লোক এই নিমিত্ত শুতি সাবধানে বাছিয়া বাছিয়া লইতে ছইবে। আপাতত ছাদশ জন ছইলেই যথেষ্ট। উহাদের চিনিবার নিমিত্ত একটি চিহ্ন আবশ্যক। সেই চিহ্ন উহাদের অঙ্গুরিতে এবং পতাকায় অঙ্কিত থাকিবে, উহাদের পতাকা যে কেন আবশ্যক তাহা সময়াস্তরে বলিব। আর ইহাদের এফটি উপাধি দিতে ছইবে; আহ্বাক, বৈদ্য, কায়স্থ, যিনিই এই সম্প্রদায়ভুক্ত ছইবেন, তিনিই এই উপাধি গ্রহণ করিবেন; কিন্তু এই উপাধি গ্রহণ করিতে

হুটবে এমত নছে: কেবল আপনাদিগের সম্প্রেমধাে তাহা বাবহার করিতে হুটবে।

"এই मस्त्राग्रज्ञ वाकिनिशत्क महाक्लीन विनात क्रि गाइ। यम **डाँ**हाता गथार्थक सार्थश्व बाणना, श्रात्रश्काती. সভাবাদী, দৃঢ়প্রতিজ্ঞ এবং ক্লেশস্হিষ্ণু হ্ন, ভবে যে ঠ্ছোৱা বল্লালসেনের কুলীন অপেকা মহাকুলীন, তাহার আর কোন मत्मह नाहे। महाकू नीरनत रा शां हि लक्ष्ण निर्द्धण कता গেল, তাহা একাধারে পাওয়া স্কুকঠিন; কিন্তু তাহা না পাইলে কদাত মহাকুলীন করা হইবে না; বদি একজন ব্যক্তির ইহার ্কান লক্ষণের সানান্য বাতিক্রম থাকে তাহা হইলে ভবিষাতে এট সম্প্রদায়কে যে গুরুতর ভার লইতে হইকে ভাহার বিল গটবে। তদ্বির সম্প্রকারের গৌরর থাকিবেন), একজনের নিমিত্র। म्बलातक व्यवन्य इटेट्ट इटेट्ट। ८भट्ट, मध्यकात गर्रे इटेट्ट খত এব মহাক্লীন মনোনীত করা বড় গুরুতর কার্যা। এই কার্য্য অপোত্ত আনি সাগরস্বতহতে নাত করিলান, এই কয়েকটি ঙ্গ ভাঁহাতে আছে, তিনি সদা হুইতে মহাকুলীন হুইলেন। কিন্তু আনার আকেশ রহিল, যে আনি স্বরং যাইরা বাজালার এই শুভানুঠান করিতে পারিশান না, আর কিছুনা হটক, আনার ্টচ্চ। ছিল এই সম্প্রদায়ের চিহ্ন অন্ধিত করিয়া একটি অসুরী ্সহস্তে স্প্রস্কুতের অঙ্গুলিতে প্রাইতাম এবং তাঁহাকে আলি-প্র ও আশীকাদে করিতাম। তাহানা ইউক, একংগে একদিন উত্তন স্নয়ে আধিনারা স্কলে প্রসার হিতে বসির। সাগ্রস্থতের প্রজাগ্রণ এবং অনুরীধারণ দেখিবেন। প্রজা এবং অনুরী উভয়েই যেন এই সম্প্রদায়ের চিক্র মদিত থাকে। কি চিক্র মনো-্নীত হয় ত'ছ। সামায় লিখিবেন। সামায় মতে মংসাম্ভিগ্রহণ করিলে ভাল হয়। শেম্ভিন।চিক গ্রাফাহর তাহা অঙ্গুরীতে

সদ্ধিত করিয়াদ্দিণ হস্তের রৃদ্ধাস্থূলিতে পরিতে হইবে; ব্রাহ্মণের বেরপে যজেগেবীত, মহাকুলীন দিগের সেইরূপ এই সস্থুরী থাকিবে। ভবিষতে মহাকুলীনেরা বাঙ্গালার মান্য হইলে অনেকে সেই সন্ধান লোভে এইরূপ অসুরী পরিয়া জনসমাজকে প্রবঞ্চনা করিবে। কিন্তু এক্ষণেও অনেকে যজোগেবীত ধারণ করিবাও সেরূপ বঞ্চনা করিয়া থাকে। তাহার নিমিত্ত মহাকুলীন্দিগের পরক্ষার চিনিবার বাাঘাত হইবে না। চিনিবার নিমিত্ত কেবল অসুরী নহে সার একটি উপায় আছে; তাঁহাদের বীজ্মন্ত্র। সেমুরে কি, তাহা এই পত্রে লিখিতে পারিলাম না, সাগরস্থতকে তাহা স্বত্ত্ব বলিয়া দিব। বদি তাহার সৃহত্ব আমার সাক্ষাং আর না হয়, তবে আমার স্বহস্তলিখিত যে গ্রন্থ আমি তাহাকে দিয়াছি তাহাই পুনঃ পুনঃ পাঠ করিতে বলিবেন, তাহা হইলেই সেমুর অন্ত্ত্ত হইবে।

"সাগরস্থতকে এ অঞ্চলে বেরূপ মহাকুনীন করিলাম এইরূপ স্থানে স্থানে আর ছুই একজনকেও আদ্যু করিলাম। তাঁহারাও পেরশার সম্পানায় বৃদ্ধি করিবেন। তাঁহাদের সহিত কথন সাগের-স্থাতের সাক্ষাৎ হইলে ঐ বীজ মন্তের দ্বারা পরিচর হইবে।

• "মহা কুলীনেরা প্রতিবংসর দেবী পাক্ষের দশমী রাজে সকলে একত্রিত হইরা পরস্পার আলিঙ্গন করিবেন। পরস্পারের নিজ্প সম্প্রদায়ের ধর্মানুষ্ঠান যিনি যাহা করিবাছেন, ভাষার পরিচয় দিবেন। কোন বাক্তিকে সম্প্রদায়ভূক্ত করিবার উপায়ুক্ত বিবেচনা করিলে ঐ রাজে ভাঁহাকে ব্রত্থাহ্ণ করাইবেন।

"মহাকুলীনেরা ব্রহাহণ করিবার সময় একটি প্রতিজ্ঞা পক্ত স্থাক্তর করিবেন। তাহাতে যে পাঠ লিখিত হইবে তাহা তাঁহারো অপেনারাই বিবেচনা করিয়া হির করিবেন। "স্থার্থপরতাশূনা হইরা সাধা। মুসারে পরোপকার করিবেন" একথা সেই প্রতিজ্ঞাপত্তে অবশু লিখিত থাকিবে। তদ্ধির আপনা দিগের মধ্যে ''সর্কান্ত দিয়া পরস্পরের উপকার করিতে হইলে তাহাও করিবেন,'' একথাও থাকিবে। কিন্তু উপকার করিবার নিমিত্র যদি সত্য ধর্মা নম্ভ করিতে হয় তাহা করা হইবে দা।

"মহাকুলীনের পঞ্চ লক্ষণাক্রান্ত হইরাও যদি কেহ স্ত্রীর অসসক বশতাপর হন, তবে তাঁহাকে সম্প্রদার্যভুক্ত করা হইবে না। তাঁহার ঘতই গুণ থাকুক তিনি দীর্ঘকাল আপন প্রত রক্ষা করিতে পারিবেন না। তাঁহার গুণ ক্রমে ক্রীতে লরপ্রাপ্ত হইবে। তাঁহার নিজের অস্তিম্ব লোপ হইরা ক্রমে তিনি স্ত্রীর ছারা স্কর্ম হইবেন। স্ত্রীর মত কথা কহিবেন, স্ত্রীর মত কার্য্য করিবেন; অত্তব তাঁহাকে কদাচ বিশ্বাস করা যাইতে পারে না। তবে গাঁহাকের স্ত্রীও এই পঞ্চলক্ষণাক্রান্ত গোহাদিগকে সম্প্রদায়ভূক্ত করি বার আপত্তি নাই, তাঁহাদের এই গুণ লোপ হইবে না, বরং আরও প্রইই হইবে।

"সার বাহার। নাদকদেশন করেন, তাঁহাদিগকেও স্মাজ ভূক্ত করা নাছয়। ইহাদের দারা কোন উপকার হুইবে নীনি বরং ভবিষাতে উপহাস্য হইতে হইবে।

"কি উদ্দেশে এই মহাকুলীনের দলবদ্ধ করা আবশ্যক এবং তাঁহাদের কি করিতে হইবে তাহা আর এক সময়ে বলিব।

''এইরূপ সম্প্রদার যে শীল্প বাঙ্গালার স্থালিত হইতে পারে এরূপ আমার বিশাস আছে। পঞ্চলকণাক্রাস্ত ব্যক্তি যে একে-বারে বাঙ্গালার নাই একথা মিথাা, আমি স্বলং ছই তিন জনকে জানি, সাগরস্থত তাহার মধ্যে একজন। যদি আমার পরিচম্বের মধ্যে এই ছই তিন জন থাকে, তবে আরও অনেক আছে, অনুসন্ধান করিলেই পাওরা যাইবে। এই সম্প্রদার বাঙ্গালার যে অগ্রাহ্ম হইবে কি উপহাস্য হইবে এমত ভর আমার নাই। পুর্বের কুলীনসম্প্রদার মন্ত্র্যা কর্ত্বক স্বন্ধ ইইগাছিল, আর, এই মহাকুলীন সম্প্রদা ঈশ্বরকল্পিত, বাঁহারা এই পঞ্চলকণা ক্রান্ত ইংহাদিগকে মহাকুলীন ঈশ্বরকরিয়াছেন, তাঁহাদের দ্যান সর্ব্বত্ত।
তাঁহাদের লোকে মহাকুলীন বলুক, আর নাই বলুক, তাঁহারা পরোপকারী বলিয়া সকলেই তাঁহাদের ভালবাসে, সত্যবাদী বলিয়া
সকলেই মানা করে, দৃঢ়প্রতিজ্ঞ বলিয়া সকলেই তাঁহাদের ভর
করে। এক্ষণে মহাকুলীন উপাধি দিয়া লোকের নিকট তাঁহা
দের নিমিত্ত ন্তন সন্মান ভিক্ষা করিতে হইবে না; সন্মান তাঁহা
দের আছেই, কেবল তাঁহাদের এক্ষণে সমবেত করিতে
হইবে, পরক্পরের সহিত আলোপ করিয়া দিতে হইবে। তাহার
পর, ফল জগদীশ্বরের হস্তে। এক্ষণে আনাদের মধ্যে ছোট বড়
সকলের কর্ত্তব্য এই মহাকুলীনদিগের কিসে পরক্পার দলবদ্ধ
হয়, ভাহার সাধ্যান্ধ্যারে চেটা করা।

় "অদ্য এই পর্যাস্ত। আনি মরণেচ্ছুক ইহা ভূলিবেন না। ইতি।"

শস্তু করে নীর এই পত্র সমস্ত পাঠ শেষ হইলে রামদাস বলিলেন "এ আবার কি ভাব ?" মোহাস্ত বলিলেন, "দে যাহা হউক এখনই উদ্যোগ আরম্ভ করিতে হইবে। তুমি বাওসকলকে সমাচার পাঠাও।" "কাজেই" বলিয়া রামদাস উঠিয়া গেলেন।

মোহান্তের ক্টার হইতে বিদায় হইরা, রাফদাস সর্যাসী এক-জন " চেলাকে" ডাকিলেন। " চেলাক" সর্কাঙ্গে ভস্ম মাথা; পরিধানে কৌপীন, মন্তকে জটা; ললাটে ত্রিশূল অন্ধিত। গুরুর অস্পষ্ট ইক্তি পাইরা " চেলা" মনে করিল, কে:ন বিশেষ লাভের আদেশ আছে; অতএব আহ্লাদে স্কাঞ্জের শিরা ফ্লাইয়া, অন্থিময় করে তুলিয়া পা টিপিতে টিপিতে এক বৃক্জের স্কোবা আসিয়া দাঁড়াইল। তথার রামদাস স্রাাসী শাইয়া

দূট চারিটি কি কথা বলিয়া আপনার কুটীরে প্রত্যাগমন করিল। ''দুচলা'' আবার পূর্ব্ব মত পা টিপিতে টিপিতে চলিয়া গেল।

রামদাস আপনার কুটীরে আসিয়া তথা পালকে শয়ন করিল।

দীর্ঘ শুদ্ধ পদর্য বিস্তার করিয়া শস্তু কয়েদীর পজের অর্থ মনে মনে

আলোচনা করিতে লাগিল। "মহাকুলীনের দল আরম্ভ হইবে,

তাহাতে অন্ত লাভালাভের বিষয় না থাকুক, আধিপতা লাভের

বিষয় বটে। মহারাজ যাহাদের মহাকুলীন বলিয়া সন্মান করিবেন

নোহান্ত অবগ্রুই তাহারে সন্মান করিবেন। যত দিন মোহান্তের

মানা না হইতে পারি, বা, তাঁহাকে হন্তপত না করিতে পারি,

তত দিন এই সন্মানীর বেশ আর স্থেবে হইবেনা।

"কিন্তু মহাকুলীনের মধ্যে প্রাথমেই সাগরস্কৃত মনোনীত হইল। পত্তে আমার উল্লেখ মাত্রই নাই। আমি কি মহা-কুলীনের সম্প্রদায়ভুক্ত হইতে পারিব না ? আমার ত সকল লফণই আছে, আমার অপেকা পরোপকারী কে? আমি এই যে সলামীর বেশ ধরিয়। নির্জন স্থানে ভগ্নখারে কদর আহার করিয়। কালাতিপাত করিতেছি, ইহা কেবল পরোপকারের নিমিত। আসাকে এখানে এই অবস্থায় রাখায় অবশ্য মহারা-জের উপকার হইতেছে। নতুবা, তিনি কেন আমার পরিবর্ত্তে ছেলথানার গাকিবেন। বে পরোপকারী, তাহার স্বার্থপরত। নাই। মহারাজের বেদকল কার্যা আমি নির্কাই করিয়া থাকি. তাহাতে আমার স্নার্থ কি? অতএব আমি স্বার্থপরতাশুতা। মামি বে কেশস্থিমুক ভাষা বলা বাহুল্য। ক্ষিনকালে ভন্ম भाषि नार्ड अहै। शति नारे, नाम नुकारे नारे, गृर जांग कति নাই, এখন তাঁহা সকলই করিতে হইরাছে। সতাবাদির সম্বন্ধে ছুই একবার ছুই একজনের নিকটে আমি কণন কখন ্দোষী হইরা থাকিব। কিন্তু, নিরপেক হইরা বিচার করিলে.

দেশেৰ আমার নহে। কার্যাগতিকে ছুই একবার মোহান্তের
নিকট মিথাা বলিয়া থাকি; না বলিলে, হর ত আমার অনিষ্ট
ঘটিত। আর প্রতিজ্ঞার কথা, নিজে বলা দান্তিকতা মাত্র।
যথনই যে প্রতিজ্ঞা করিয়াছি, তাহাতে সহস্র বিপদ পাকিলে,
জেল কি ফাঁসীর আশস্কা থাকিলেও তাহা প্রতিপালন করিয়াছি।
আমি যে কত দৃত্প্রতিজ্ঞ তাহা শৈলের সম্বন্ধে প্রকাশ পাই
তেছে; নিতা শৈল আমায় মিনতি করিতেছে, কাঁদিতেছে, তবৃত্ত
একমুত্রের নিমিত্ত তাহার প্রতি দরাপরবশ হইয়া তাহাকে
দেখা দিই নাই, কথার উত্তর দিই নাই, বা তাহার কাতরতা একবার মহারাজকে জানাই নাই। আমি প্রতিজ্ঞা করিয়াছি, মে
তাহার রূপরাশি মাটা করিব, একান্ত তাহা না পারি, জলে পচাইব, তাহার অন্তথা কথনই হইবে না, একণে যদি মহারাজ
স্বয়ং আদিয়া, অনুরোধ করেন, তথাপি আমার প্রতিজ্ঞা ইতস্ততঃ হইবে না।

"পঞ্চলকণ আনাতে আছে। মহারাজকে স্থান করিরা দিলৈই তিনি অস্বীকার করিতে পারিবেন না। স্থান করিরা দিতে হইবে। অদাই দিব।" এই ভাবিরা পালক হইতে উঠিয়া স্থারের নিকটে আসিল। স্থার প্লিবামাত্র জ্যোৎস্লালোকে দেখিল, শূল বন্ধ পরিধান একটি ব্বতী এক বৃক্ষান্তরালে দাড়া-ইয়া আছে। আর যেন বোধ হইল, যুবতীর বক্ষে একটি শিশু অতি যত্নে রক্ষিত হইয়াছে। রামদাস ভাবিল, এ আবার কে?



OF THE

## মাসিক পত্র।

১ম গণ্ড।

गांच ১२৮১।

> प्रशा ।

### थानगथाना।

থাদ্যাথাদ্য আমরা যত বিচার করি এত আর কোন জাতিই করে না। রসনেন্দ্রির পরিত্রপ্ত করিবার নিমিত্ত আমরা এ বিচার করি না; বলহৃদ্ধির নিমিত্ত এ বিচার করি না; বারাল্লুরেপেও এ বিচার বড় করি না; কেবল পরকালের নিমিত্ত এ বিচার করি। আমাদের পরকাল অতি নশ্বর, অতি আল্লেই যায়: একটি ক্ষুদ্র প্রাপ্ত থাও, তোমার পরকাল একেবারে যাইবে; প্রস্তরপাত্তে নারিকেল থাইয়াভিলে, আবার কাংস্যপাত্তে থাও তোমার পরকাল তৎক্ষণাৎ যাইবে; আমাদের পরকাল রক্ষা করা বড় কঠিন।

আহার সম্বন্ধে আবার আর এক অদুত বাপোর আছে।
ত্মি নিত্য অলাব বা লাউ থাইয়া থাক কিন্তু যদি তাহা নকনীতে থাইলে তবেই তুমি গোমাংস থাইলে; তুমি যতই বল
আমি লাউ থাইতেছি, ইহাতে অস্থি নাই, মাংস নাই, রক্ত

নাই; কিন্তু শাস্ত্রকার মাথা নাড়িয়া বলিতেছেন, "না—তৃমি গোরু থাইতেছ, অস্থিমাংস উহাতে নাই থাক; উহা লাউ নহে, গোরু,—উহা নিশ্চয় গোরু। শাস্ত্রকার অভ্রাস্ত।"

সে যাহাই হউক আর বড় ভয় নাই—আমরা একলে শাস্ত্র-কারদিগের হস্ত হইতে প্রায় মুক্তিলাভ করিয়াছি। একবার এই সময় খাদ্যাখাদ্য সমস্কে স্থাপনাপনি বিচার করিয়া দেখা যাউক।

আহার দেহরকার্থ, ধর্মরকার্থ নহে। একথা যদি সতা হয় তবে ''এই আহারে পাপ, এই আহারে মহাপাপ'' ইত্যাদি ভয়প্রদর্শক বাক্য আর আমাদের গ্রাছ করিবার প্রয়োজন নাই। যথন দেখিতেছি, আহার কেবল ঐহিকের নিমিত্ত, পার্রিকের নিমিত্ত শহে; তথন একথার বিপরীত, যিনিই বলুন, আম্রা তহা শুনিব না।

কিন্তু আহার যদিকেবল দেহ রক্ষার্থ হয়, তবে কোন্ জাতীর দ্ব্য আহার করিলে দেহের সঙ্গল হইবে, তাহা স্থির করা আবশ্যক। অনেক দ্ব্য আছে যে জন্ত বিশেষের পক্ষে তাহা পৃষ্টিকর কিন্তু মন্থ্যের পক্ষে তাহা অনিপ্তকর। আবার, অনেক দ্ব্য আছে যে তাহা আহার করিলে আমাদের ক্ষ্ধানিবৃত্তি হয় বটে কিন্তু দেহের বিশেষ ইন্তু হয় না, কেবল অন্থক পাক্ষ্যুক্তে ক্লান্ত করা হয়। আবার কোন কোন সামগ্রী আছে, যে তাহা অল্পরিমাণে আহার করিলেও দেহের বিশেষ উপকার হয়। কিন্তু দে কোন্ সামগ্রী ?

খাদ্যের মধ্যে মাংসই সর্বাপেকা পৃষ্টিকর বলিয়া ইংরেজ-দিনের মধ্যে রাষ্ট। মাংসই তাঁহাদের প্রধান আহার, কার্জেই তাঁহাদের বল বীর্ঘ্য দেখিয়া, অমরা মনে করি এসকল মাংস আহারের ফল, অভএব ভাবি, দে আমরা যদি ইংরেজদিগের তুলা বলিষ্ঠ হইতে চাই, তবে আমাদের পক্ষে মাংস আহার বিধেয়।

কিন্ত আবার দেখা বার যে অনেক হিল্পানি, পাঞ্জাবি, কিমান কালে মাংস আহার না করিরাও ইংরেজদিগের তুলা বলিন্ত ও বীর্যাবান্। আবার অনেক ফিরিঙ্গিও মুসলমান প্রচুর পরিমানে মাংস নিত্য আহার করিরাও আমানের অপেকাও ফুর্বল। কিন্তু বেশ্ধ হয় অনেকে বলিবেন, যে এ সকল ব্যক্তিবিশেষের উদাহরণ মাত্র, সমুদায় জুনসাধারণ লইয়া বিচার করিতে গেলে ''ভেতো'' বাঙ্গালি অপেকা গোগাদক ইংরেজ বলিন্ত্র।

আবার কেহ কেহ বলিতে পারেন, যে যথন দেখা ঘাইতেছে যে পৃথিবীর ছোট বড় প্রায় সমুদান জাতিই মাংসভোজী, তথন নিশ্চয় বুঝা যাইতেছে যে মাংসাহার মন্ত্রেয়র পক্ষে স্বাভা-বিক।

একথা মন্দ নহে। সাংস যদি আমাদের স্বাভাবিক আহার হল, তবে মাংস দারা আমাদের যেরপে বলর্দ্ধি ও শরীর সচ্চ্চন হইবে এমত আর কোন জব্যেই হইবে না। কিন্তু পৃথিবীর অধিকাংশ মনুষ্য, মাংস আহার করে বলিয়াই যে মাংস আমাদের স্বাভাবিক আহার একথা বিশেষ বিবেচনা না করিয়া বলা যার না।

পৃথিবীর যাবতীয় জন্তর আহার এই ছয় প্রকার; তৃণ,পঞা, ফল, মূল, মৎস্থা, এবং মাংস। মেয় তৃণ ভক্ষণ করে, হস্তী পঞা ভক্ষণ করে, বানর ফল ভক্ষণ করে, শূকর মূল ভক্ষণ করে, বক্ষ মংস্থা ভক্ষণ করে, বাাঘ্র মাংস ভক্ষণ করে। কিন্তু মেয় কথন মাংস ভক্ষণ করিতে পারে না, ব্যাঘ্রও কথন তৃণ ভক্ষণ করিতে পারে না। তৃণ স্বাভাবিক অবস্থাতেই মেষের আহার।

মাংস স্থাভাবিক অবস্থাতেই ব্যাঘের আহার । সেষ কথন তৃণ অবস্থান্তর করিয়া থায় না, বাাঘও কথন মাংস অবস্থান্তর করিয়া থায় না; এই জন্তু মেযের পক্ষে তৃণ স্থাভাবিক এবং ব্যাঘের পক্ষে মাংস স্থাভাবিক আহার বলা বাইতে পারে । এই নিয়মান্থ্যারে মন্থয়ের পক্ষে কোন্ আহার স্থাভাবিক ? তৃণ, পত্র, মংস্তু, মাংস্ এই সকল আহার করিতে গেলে অগ্নিসংস্কার দ্বারা তাহাদের অবস্থান্তর না করিয়া আমরা আহার করিতে পারি না, অতএব উহা আমাদের স্থাভাবিক আহার নহে বলিতে হইবে। ফল আর কোন কোন মূল আহার করিতে হইলে তাহা বিনা অগ্নিসংস্কারে আহার করিতে পারি, অতএব বোধ হয় কেবল সেই ফল মূলই আমাদের স্থাভাবিক আহার । এই ফলশব্দে কেবল বুক্ষের ফল বলিতেছি এমত নহে; তৃণের ফল, লতার ফল সকলই বুঝাইবে; যথা, মুগ, মটর, সীম, তণ্ডুল ইত্যাদি।

যে সামগ্রী বিনা অগ্নিসংস্কারে আহার করা নার, তাহাই
আমাদের স্বাভাবিক ভক্ষা, এ কথা বলিলে কেহ কেহ আপত্তি
ক্রিতে. পারেন; তাঁহারা বলিতে পারেন যে অভ্যাস করিলে
মাংসও বিনা অগ্নিংস্কারে আহার করা যাইতে পারেন। এবং
এবিষয়ে তাঁহারা ভূরি ভূরি প্রমাণও দেখাইতে পারেন। তত্ত্বে আমরা এই মাত্র বলি বে, বিনা অভ্যাসে ফল মূল থাওয়া
যায় কিন্তু বিনা অভ্যাসে কাঁচা নাংস আহার করা যাইতে পারে
না। অভ্যাসে যাহা হয় তাহাকে স্বাভাবিক বলা যাইতে পারে
না।

কথিত আছে এক বাঘিনী কর্ত্ক একটি শিশু প্রতিপালিত হইরাছিল। শিশু অন্ত শাবক্দিগের সঙ্গে একত কাঁচা মাংস খাইত। শিশুর দম্ভ ছিল না, কির্পে কাঁচা মাংস চর্ব্বণে সক্ষম হইত, তাহা আমর। শুনি নাই; বোধ হয়, গ্লকার বলিয়া থাকিবেন যে, শিশুর ছুই চারিটি "ছুদে দাত" উঠিয়া-ছিল। আর এক কণা শুনিয়াছিলাম, শিশু ক্রমে পাঁচ ছয় বৎসর বয়য় হইয়াও ব্যাঘ্র শাবকের ভায় চলিত অর্থাৎ চলিবার সময় চতুম্পদের ভায় হস্ত পদ ব্যবহার করিত; কথন ছই পদে চলিত না। এটিই অভ্যাসের ফল; তাহা বলিয়া কি ছই পদে গতায়াত করা মহুষেয়ের পক্ষে অস্বাভাবিক বলিব?

খাদ্য বিচার সম্বন্ধে আর একটি বিশেষ কথা আছে। পাক-হুলী,অন্ত্ৰী, দন্ত, ইত্যাদি শারীরিক গঠন পরীক্ষা করিয়া দেখিলে কোন জীবের স্বাভাবিক আহার কি, তাহা অত্তব করা যাইতে গো মহিষাদি তৃণভুক্ জন্তদিগকে মৃত্তিকা হইতে তৃণ গ্রহণ করিতে হয় এই জ্ঞ ভাহাদের পদাগ্র হইতে ক্ষম মত উচ্চ, স্বন্ধ হইতে দন্ত প্রান্ত সেই পরিমাণে দীর্ঘ; গলদেশ নত করিলে তাহাদের ওঠ ও দত্তে অনাগ্রাসে মৃত্তিকা স্পর্শ হয়। হস্তীকে মৃত্তিকা হইতে তৃণচ্ছেদ করিতে হয় না এই জন্ত তাহা-দের গলদেশ দীর্ঘ নছে। ব্যাঘ বানর প্রভৃতিরও গলা বে দীর্ঘ নহে ভাহারও সেই কারণ। যাহার। তুণভুক্ তাহাদের মন্ত-विशेष्क, हजाकात, cकतन हर्वाणायाणी, अक्षेष्ठ यूटन नार्ट, মধ্য ভাগের যে দস্তদারা তৃণচ্ছেদ করিতে হয় কেবল সেই গুলিই কিঞ্চিং তীক্ষ। ব্যাঘ্র শুগাল প্রভৃতির দত্ত স্বতন্ত্র প্রকার; মাংস বিধিবার নিমিত্ত তাহাদের এক প্রকার স্বচল দস্ত আছে, মাংস কটিবার নিমিত্ত আর এক প্রকার দন্ত আছে; তুণ কি পত্র कुक मिर्शत (म श्राकात नारे। वानतमिर्शत मंड शाम देशांनित দক্তের ন্যায় নির্ধার নহে, উভয় প্রকার দত্তের মধ্যবর্তী; তাহ'-त्नत প্ররোজনোপবোগী, সমুষ্যের দন্তও সেইরূপ মধ্যবর্তী, गाःगाभी निरात मक नरह अवर ज्वज्कनिरात अ गठ गरह।

মাংসভুক্ অন্তদিগের অন্ত্রী ক্ষুদ্র; ভাষাদের দেহাপেকা প্রায়

তিন চারি গুণ দীর্ঘ। কিন্তু যে সকল জন্তুরা তৃণাদি ভক্ষণ করে তাহাদের অন্ত্রী শরীর অপেক্ষা প্রায় দশ কি বার গুণ দীর্ঘ। মন্থ্যের অন্ত্রী মাংসভুক্ জন্তুদিগের অন্ত্রীর ন্যায় ক্ষুদ্র নহে, তৃণভুক্দিগের অন্ত্রীর ন্যায় অতি দীর্ঘও নহে। তাহার কারণ মন্থ্য মাংসভুক্ নহে, তৃণভুক্ও নহে। মন্থ্য ফল মূলভোদ্নী, তাহাদের অন্ত্রীর দৈর্ঘ্য কাজেই স্বতন্ত্র।

এই স্থলে ডাক্সইন সাহেবের মতাবলম্বীরা বলিতে পারেন, যে আহারোপযোগী অস্ত্রী ইইরা থাকে, অস্ত্রীর উপযোগী আহার হয় না। মন্ত্রা বদি কেবল তৃণপত্র ভোজন করে তাহা হইলে কয়েক পুক্ষমধ্যেই তাহাদের অস্ত্রী তৃণপত্র ভোজী চতুপদের অস্ত্রীর ভার দীর্ঘ হইরা বাইবে। আবার মন্ত্রা যদি পুক্ষাস্কুলেনে মাংস ভোজন করে, তাহা হইলে কয়েক পুক্ষ পরে বাা্ড্রাদির অস্ত্রীর ভাার তাহাদের অস্ত্রী ক্ষুত্র হইরা যাইবে। এক্ষণে মন্ত্রা কেবল মাংস আহার করে না, মাংসের সহিত ফল মূল ইত্যাদি আহার করে, এইজভা তাহাদের অস্ত্রী মাংসভ্ক্রিগের অস্ত্রীর ভার ক্ষুত্র নহে এবং তৃণ পত্র ভোজীনিগের ভার দীর্ঘও নহে।

এই কথার প্রত্যান্তরে আমরা জিজ্ঞানা করি, আমাদের ভারত্বর্যে অনেকে পুরুষান্ত্রুমে কেবল ফল মূল ভোজন করিয়া আদিতেছেন, কথন মংস্থ বা মাংস আহার করেন নাই, তাঁহা-দের অন্ত্রী কি গো মহিয়াদির অন্ত্রীর ন্তায় দীর্ঘ হইয়াছে ?

সে বাহাই হউক মন্ত্রের গঠন ফলমূল ভক্ষণোপ্রোগী। এতাবস্থার আমরা কেবল ফলমূল না খাইয়া কেন মাংদ আহার ক্রি একথা জিজ্ঞানা হইতে পারে। ইহার উত্তর নিশ্চর করিয়া দেওয়া কঠিন। অনেকে খীকার করেন প্রথমাবস্থায়, মন্ত্রেয় বাদ পৃথিবীর মধ্যস্থানে ছিল। পৃথিবীর কটি দেশ সদা উত্তপ্ত থাকে,নানাবিধ ফল মূল প্রাপ্ত করে। অত এব ফল মূল-ভোজীদিগের জন্ম প্রথম এই স্থানে হইরা থাকিবে। বানরগণ অদ্যাপি পৃথিবীর কেবল এই অংশেই বাস করিতেছে, নর দিগের মধ্যে কতকগুলি ক্রমে শীতপ্রদেশ পর্যন্ত গিরাছে। কিন্তু যৎকালে ক্রমিকর্মে বিশেষ পারদর্শিতা জন্মে নাই সেই সমর যাহারা শীতপ্রদেশে গিরা বাস করিয় ছিলেন, তাঁহারাই প্রথমে মাংস আহার করিতে বাধ্য হইয়াছিলেন। শীতপ্রদেশে আহারোপ্রথাগী ফলমূল যথেষ্ট পরিমাণে জন্মে না, ক্রমি কার্য্যের দ্বারা যাহা উৎপন্ন হয় তাহাতে অকুলান হইলে, মৎস্থ মাংস ভিন্ন আর কোন উপায় নাই।

যে কারণেই মাংসব্যবহার হইরা থাকুক একলে পাকের পারিপাট্য গুলে মাংস ভক্ষণ বিশেষ স্থাদ হইরা উঠিয়াছে; কিন্তু স্থাদ হইরাছে বলিয়া দেহের গুণকারক হয় নাই। একাল পর্যান্ত ডাক্তার গণ মাংসকে পৃষ্টিকারক বিবেচনা করিয়া আসিতেছেন। কিন্তু গুলা যাইতেছে বে এক্ষণে রসায়ন বিদ্যার হারা প্রতিপন্ন হইরাছে যে ফল মূল অপেকা মাংস পৃষ্টিকর নহে। আহার্য্য দ্বেরর মধ্যে বেঅংশ বিশেষ পৃষ্টিকর, তাহাকে ইংরেজিতে gluten বা albumen গ্লুটন বা এল্ব্নেন বলে; এই অংশ মাংসে যত পাওয়া যায়, তাহার তিন চারি গুণ ফলমূলে পাওয়া যায়। একজন বিশেষ পণ্ডিত পরীক্ষা করিয়া দেখিয়াছেন, যে মাংসে শতকরা ২৫ ভাগ পৃষ্টিকর সামগ্রী আছে, কিন্তু চাউল মটর গম ইত্যাদিতে শতকরা ৮২ হইতে ৯২ ভাগ পর্যান্ত পৃষ্টিকর সামগ্রী আছে।

একথা যদি সত্য হয়, তবে কেন আর বলাধানের নিমিত্ত মাংস ব্যবহার করিও একথা যে সত্য কিনা তাহা "ফলেন পরিচীয়তে।" ফলেরও কতক পরিচয় পাওয়া যাইতেছে। এক- বার ডাক্রার কার্ব দাছেব কতকগুলি ইংরেজ, স্কচ, ও আইরিস

যুবা একত্রিত করিরা পরীক্ষা করিরাছিলেন। যুবকেরা সকলেই

সমবয়য়। তাহাদের মধ্যে আইরিস যুবকগণ দৈর্ঘ্যে, গুরুছে,
এবং শক্তিতে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ হইরাছিল। ঐ আইরিস যুবারা

গোল আলু ভিন্ন কথন মাংস খার নাই। আর এক জন গ্রন্থকর্ত্তা লিখিয়াছেন যে তিনি পৃথিবীতে যতই বলিষ্ঠ লোক দেখিরাছেন নিরামিষভোজী তাহাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। কএক
বৎসর হইল একটি ব্যাঘ্র-এক জন গ্রালিকে আক্রমণ করিয়াছিল, গ্রালি এতই বলবান্ ছিলেন যে ব্যাঘ্রটিকে টানিয়া

আপন বাটীতে আনিতে পারিয়া ছিলেন। আনাদের মনোহর
চক্রবর্ত্তা, রামদাস বাব্ প্রভৃতি গাঁহারা বিগ্যাত বলিষ্ঠ ছিলেন.

কিন্তু এসকল ব্যক্তিবিশেষের উদাহরণ মাত্র। জনদাধারবের উল্লেখ করিতে পেলে প্রথমেই পূর্বজন গ্রীক্লিগকে অরণ হর। যাঁহাদের কীর্ত্তি অদ্যাপি ইউরোপে ঘোষিত হইরা থাকে উল্লেখ •িরামিষভোজী ছিলেন। পারমাপিলির যোদার কথন মাংস আহার করেন নাই। নিসর জাতিরা ফলম্ল আহার করিতেন,তাঁহাদেরও বলকিজমের পরিচয় আছে। আর আর্ট্যেরা? তাঁহাদের বীরত্ব কে না জানে? বর্ত্তমান কালের কথা অত্তম, একণে যাঁহারা বিলাতে বিখ্যাত, তাঁহারা কেইই বাজ্বলে প্রাণ্থ সনীয় নহেন, কেবল অন্ত বলে তাঁহাদের বল। তাঁহারা মাংস আহার করুন আরে ফলম্ল অহার করুন, পরিণাম তুলা। তুণাপি যে সকল জাতিরা অন্তর্কেশিলে বিখ্যাত নহে, তাহা-দের মধ্যে তুলনা করিলে মাংসাশী অপেকা ফলম্লভোণীদিগের প্রাধান্য সপ্রমাণিত ইইবে। লাপলাগুটিয়েরা মাংস আহার করুন বেণ ফিনের ভাহারা হর্ম্বল এবং অ্বিতিও। কিন্তু তাহাদের দেশে ফিন (Fins)

নামে আর এক জাতি বাস করে, তাহারা মাংস খায় না, লাপ-লা গ্রীয় অপেক্ষা তাহারা বলিষ্ঠ এবং দীর্ঘকার। নর ওএর লোকের। নিরামিষভোজী অথচ তাহারা বলিষ্ঠ এবং দীর্ঘজীবী।

তবে, আমাদের এ হৃদিশা কেন ? আমরা অধিকাংশ বাঙ্গালিই ফলমূলভোজী, আমাদের বল নাই কেন ? এ বিষয় আলোচনা করা উচিত।

মন্ত্ৰ্যের পক্ষে কোন্ আহার বিধের এ বিষয়ে বাঁহারা অনুস্বান করিতে ইচ্ছা করেন তাঁহারা প্রথমে নিম্নোক্ত ইংরাজি গ্রন্থ গুলি পাঠ করিবেন।

- 1. Fruits and Farinacea the Proper Food of Man by John Smith.
  - 2. The Primitive Diet of man by Dr. F. R. Lees.
- 3. The Scientific Basis of Vegetarianism by K, I. Trali.

# কণ্ঠমালা।

### পঞ্চবিংশ পরিচেছ্দ।

ক্ষণকাল রামদাদ সন্যাসী দাঁড়োইয়া মনে মনে চিস্তা করি-লেন, কিস্তু স্ত্রীলোকটা যে কে, তাহা অন্তব করিতে না পারিয়া ধীরে ধীরে রক্ষাভিমুখে অগ্রসর হইতে লাগিলেন। নিকটবর্ত্তী হইয়া দেখিলেন, যুবতীর বক্ষে যাহা শিশু বলিয়া দূর হইতে বোধ হইয়াছিল, তাহা একটি ক্ষুদ্র সারক্ষ মাত্র। রামনাস ₹88

পরক্তেওই চিনিতে পারিয়া জিজ্ঞাদা করিলেন, "কে ? মাধ্বী ? কপন আদিলে ?"

বিনোদের সহিত যে নর্ত্তকীর সাক্ষাৎ হইয়াছিল, তাছারই নাম মাধবী।

মাধবী উত্তর করিল, "আদ্য আসিয়।ছি অনেকক্ষণ অব্ধি । দাঁড়াইয়া আছি কিন্তু আপনাকে দেখিতে না পাইয়া মনে। করিতেছিলাম অদ্য নৌকায় ফিরিয়া যাই।"

রাম। না গিয়াছ, উত্তম হইয়াছে, আমি বড় ব্যস্ত ছিলান। বিনোদের সহিত সাক্ষাৎ হইয়াছিল ?

মাধ। হইয়াছিল।

রাম। কেমন দেখিলে?

সন্যাসী এই কথাট জিজ্ঞাসা করিবা মাত্র নর্ভকীর মুণ বিবর্ণ হইরা উঠিল, ওঠ ঈষৎ কাঁপিল, দৃষ্টি নত হইল। রাত্রি-কাল বলিয়া রামদাস এ সকল কিছুই দেখিতে পাইলেন না, উত্তরের বিলম্ব দেখিয়া তামদাস আবার জিজ্ঞাসা করিলেন, ---কেমন দেখিলে?"

মাধ। অবস্থা বড় ভাল নহে।

রাম। কেন ? বৈদ্য সে দিবস বলিয়া গিয়াছেন, যে বিনোদের নিমিত্ত আর কোন ভয় নাই, তিনি আরোগ্যলাভ করিয়াছেন।

মাধ। তাঁহার শরীর ভাল আছে---

রাম। তবে, তাঁহার মনের অবস্থা ভাল নহে। শৈলের পরিচয় তাঁহাকে দিয়াছ ?

गांधा निशाकि।

রাম। তাহার পর?

মাধ। তাহার পর, আমি যে ভয় করিয়াছিল।ম তাহাই

ঘটিয়াছে। এই বলিয়া মাধনী ক্ষণকাল নীরৰ হইয়া রহিল। রাম। কি ঘটিয়াছে ?

মাধবী মাথা ভূলিয়া উত্তর করিল, "ঘরে অগ্নি লাগিলে যদি কেহ তাহা নিবাইবার নিমিত্ত চালে লাঠি মারে তাহা হইলে অগ্নি বেরূপ আরও জলিয়া উঠে।—"

রান। তবে কি তুমি বিনোদের যন্ত্রণা বাড়াইয়া আসিরাচ ? নর্দ্ধকী আর কোন উত্তর দিল না।

রাম। তাহা বড় আমার ইচ্ছা ছিল না, আসল কথা শৈলের প্রতি তাঁচার ক্রোধ বাডিয়াছে কিনা ?

মাধ। তাঁহার ক্রোধ বাড়াইয়া আপনার লাভ কি?

রান। আমার যাহা লাভ তাহা তোমায় এক্ষণে বলিবার
নহে। সে কথা বাউক, আমি যাহা বাহা বলিয়া দিয়াছিলায়
তাহা সকলই করিয়াছ ?

মাধ। করিরাছি।

রাম। মহারাজের প্রতিমূর্তি যাহা তোমায় দিরাছিলাম তাহা কই? সঙ্গে আনিয়াছ?

মাধ। আনিয়াছি; কিন্তু নহাশদ্মের যদি আর প্রয়োজন না থাকে তবে প্রতিমূর্ত্তি থানি আনি রাধিতে অভিলাষ করি।

রাম। একণে উহা আমাকে দেও, পরে মোহাস্তের অন্থাতি লইয়া তোমাকে দিব। বিনোদ বাবু এক্ষণে শৈশকে হাতে পাইলে কি করেন তাহা কিছু ব্ঝিতে পারিলেণ্ যদি শৈলের বাবহার তাঁহাকে বিশেষরূপে স্থান করিয়া দিয়া থাক তাহা হটলে শৈলকে তিনি যে খণ্ড খণ্ড করিয়া কেলিবেন তাহার আর সন্দেহ নাই। কেনন তুমি কি বল ?

ম।ধ। আমার সে বিষয়ে সন্দেহ আছে। আমি তাঁহার যে স্বভাব দেখিলাম ভাহাতে বোধ হয় নাযে তিনি রাগার হইরা কথন সামান্য কীট পতঙ্গকেও আঘাত করিতে পারেন। বরং নিজের দেহকে খণ্ড খণ্ড করিবেন তথাপি অপরাধীকে একটি নিষ্ঠুর কথা বলিবেন না।

রাম। বিনোদ কি তবে এতই অপদার্থ! তিনি শৈলকে পাইলে যে কিছুই বলিবেন না একথা আমার বিশ্বাস হয় না। যদি সতাসতাই কিছু না বলেন তবে বিনোদ অসার, কাপুরুষ।

মাধ। ও কথা মুখে আনিবেন না, যদি তিনি শৈলকে হত্যা করিতে পারিতেন তাহা হইলেই তাঁহাকে কাপুক্ষ বলা যাইত। আপনি সে খভাব অনুভব করিতে পারিতেছেন না। আমি এক্ষণে যাই।

রান। এত শীঘ্ন কেন যাইবে ? মহারাজ সম্বন্ধে যে কথার নিমিত্ত সে দিবস এত আগ্রহ প্রকাশ করিরাজিলে, যে কথা শুনিতে পাইবে বলিরা তুমি বিনোদের নিকট যাইতে সম্মত হইরাজিলে এক্ষণে সে কথা একবার জিজ্ঞাসা না করিয়া যে বড় চলিলে,?

মাধ। কই বলুন না,আমি তাই শুনিব বলিয়াই আসিয়াছি। রাম। তাহা কলা বলিব,ভুমি কি নিশ্চয় বুঝিয়াছ শৈলকে হাতে পাইলে বিনোদ সভাসভাই কিছু বলিবেন না ?

মাধ। তিনি কিছু বলুন আর না বলুন তাহাতে মহাশয়ের লাভালাভ কি?

রাম। আমার লাভালাভ কি, তুমি স্ত্রীলোক তাহা কিছুই ব্রিতে পারিবে না; যদি কিছু আমার লাভ না থাকিবে তবে তোমার বিনোদের নিকট কেন পাঠাইব ?

মাধ। আমিও তাই জিজ্ঞাসা করিতেছি। কিন্তু যদি কাহার মন্দ করিবার ইচ্ছা থাকে তবে আমায় বিদায় দিন, আর

8.

আমায় ডাকিবেন না।

রাম। তুমি যদি এতই ধর্মিষ্ঠা তবে আর তোমার ডাকিব না। কিন্তু বিনোদকে দেখিয়া আদিলে, একবার শৈলকে দেখঃ তাহাকে বালিকা কালে দেখিয়াছিলে একবার তাহাকে এবয়সে দেখ।

মাধ। শৈল কোপায়?

রাম। তাহা এক্ষণে বলিব না; কলা অতি প্রত্যুষে যদি আসিতে পার তবে তোমার সহিত তাহার সাক্ষাৎ হইতে পারে। আসিবার সমন্ত্র তোমার সারস্কৃতি সংক্ষ আনিলে ভাল হয়, কেন না সন্ধৃতি শুনিলে তাহার কট্ট কিঞিং নিবারণ হইতে পারিবে।

মাধ। শৈলের কি নিমিত্ত কট্ট হইরাছে ?

রাম। আদিলে তাহা জানিতে পারিবে, তাহার ভয়ানক
কয় হইরাছে। মৃত্তিকার নিমে আবদ্ধ রহিরাছে একাকিনী
বলিয়া তার বিশেষ যন্ত্রণা হইরাছে।—

মাধ। এ কষ্ট তাঁহাকে কে দিতেছে?

"সেশ সকল কথা কলা জানিতে পারিবে।" এই বঁলিরা রানবাস সর্যাসী চলিরা গেলেন। মাধবী গাড়াইরা ভাবিতে লাগিল। রামনাস অদৃশ্য হইলে মাধবী ভাবিতে ভাবিতে তক্ষুল হইতে চারিদিক্ অবলোকন করিতে লাগিল। সমুথে খেত দেবমন্দির, জ্যোৎসালোকে আরও খেত দেগাইতেছে; ত'হার ছারা অস্কার্মর হইরা পার্শে পড়িরা রহিরাছে। হুগ্যা-লোকের ছারার আলোক থাকে। চন্দ্রালোকের ছারা ক্মিরা

রাজি বিতীয় প্রহর। বাতান নাই, কোন শক্ত নাই; কেবল একটি শক্ত অন্তব হয়, তাহা কর্ণপর্শ করে না অথচ সত্তরস্পর্শ করে। সে শক্ত রাজির,রাজির নিজের—সতি গন্তীর, অতি ভ্রানক, অতি নিঃশক। রাত্রির কঠ শুনিতে পাওরা যায় না অপচ সেই কঠে অঙ্গ কউকিত হয়। যে বলিয়াছে রাত্রি ঝম ঝম করিতেছে, মে কতক ব্ঝিয়াছে; যে বলিয়াছে রাত্রি ছ হ করিতেছে, সেও কিছু ব্ঝিয়াছে; আর যে কিছুই বলিতে পারে নাই মে আরও ব্ঝিয়াছে।

মাধবী একা দাঁড়াইয়া শৈলের কথা ভাবিতেছে। একবার শিহরিয়া বলিল '' যদি আমায় এই মৃত্তিকার নীচে রাখিত তবে আমি কি করিতান? চীংকার করিয়া কাহাকে ডাকিতান্ আমার কে আছে ? ভাকিলেই বা কে শুনিত। শৈলের কি কঠিন প্রাণ, এখনও শৈল জীবিত আছেন। সেই শৈল! তখন শৈল কত স্থানর, কত কোমল, কত আদরের ধন ছিলেন, এখন সেই শৈল অযত্নে মৃত্তিকার নীচে একাকিনী দিবা নিশি কাঁদিতেছেন। আমি তাঁহার সঙ্গে কাঁদিব— আমি তাঁহার সঙ্গে থাকিব !" এই বলিয়াই মাধবী সন্ত্রাসীর অনুসন্ধানে চলিল। তাঁহার দ্বারে যাইরা মৃত্ মৃত্ব সার্ক্তর বর্তিল। স্ল্যাসীর তথ্ন অল্ল নিদ্রা আসিরাছিল: সারস রবে আরও তাঁহার নিদা গাচ হইল। মাধবী অনন্যো-পায় হইয়া ছারে আঘাত করিল। সন্ন্যাসী বাস্ত হইয়া উঠিলেন। দ্বারের নিক্ট ঘাইয়া জিজ্ঞাসা করিলেন "কে আঘাত করিল ?" মাধবী বলিল '' আমি আপনার দাসী—এক্ষণে কিছু দিনের নিনিত্ত বিদায় হইতে আদিয়াছি।" সন্ন্যাসী দার খুলিয়া জিজ্ঞান। করিলেন ''কেন, কোথার যাইবে ৪ এই মাত্র এখানে ছিলে কই তথ্য ত কোন কথা বল নাই।"

মাধ। তথন অত্য অভিপ্রায় ছিল এক্ষণে আমার মন বড় ব্যস্ত হইরাছে।

রাম। কাহার নিমিত্ত ?

মাধ। আমি তাঁহার নাম করিব মা, পরে জানিতে পারিবেন।

রামদাস অবাক্ হইয়া ক্ষণেক নর্ত্তনীর মৃথ প্রতি চাহিয়া রহিলেন। কিছুই বুরিতে না পারিয়া বলিলেন "তোমার এ ছক্ষা কতদিন হইতে হইল জানি না,কিন্তু যাহার কাছে মাইবে মাও একবার শৈলের সহিত সাক্ষাং করিয়া যাইও; কলা হাতি প্রাতে তাহার সহিত সাক্ষাং হইবে।"

মাধ। অদাই ভাল, কলা কেন?

রাম। একণে শৈল নিদা গিয়া থাকিবে।

মাধ। আমি তাঁহার নিদ্রা ভাঙ্গাইব 2

রাম। তুমি তাহার ঘরে যাইতে পাইবে না কিরূপে নিদ্রা ভঙ্গ করিবে ?

মাধ। বদি তাঁহার ঘরেই আমার যাইতে দিবেন না তবে সাক্ষাৎ কিরূপে হইবে ?

রাম। সাক্ষাৎ করিতে বলা আমার ভুল হইয়াছিল, শৈলের সহিত ছুইটা কথা কহিবার নিনিত্ত পাঠাইতেছি।—

মাধ। সে কথা আপনি স্বয়ং বলিবেন আমার ঘাইবার প্রয়োজন নাই। আনি তাঁহারে বালিকা কালে দেখিয়া ছিলাম এক্ষণে কত বড় হইয়াছেন তাহা যদি দেখিতে পাই তবেই যাইব; নতুবা কেবল ছুইটা কথা বলিবার নিমিত মাইব না।

রাম। ভাল, নিতাস্ত আবশাক হয় দেখা করিও কিন্তু এই কথা গুলি তাহাকে জানাইও। এই বলিয়া সন্মাসী শুটি কত কথা বলিয়া দিলেন।

#### ষড়্বিংশ পরিচেছদ।

জীবিত কিছু দেখিতে না পাইলে যে কি কষ্ট তাহা আমরা এক্ষণে বৃঝিতে পারি না। যে নির্জ্জনে কখন আবদ্ধ থাকি-রাছে সেই কেবল এই কঠ জানে। সনুষ্য অভাবে যদি বিড়াল, কুরুর বা পক্ষীকে পাওয়া যার ভবুও নির্জ্জন বাদের অসহনীয় কষ্ট কিছুদিন একপ্রকার সহা যায়। বিড়াল আমার কথা বুঝিতে পাকক বা না পাকক তবু কথা কহিবার সময় সে আমার মুথপ্রতি চাহিবে; আদর করে আমার ক্রোড়ে আদিয়া বসিবে এই যথেষ্ট! বিড়ালের পরিবর্ত্তে এই অবস্থায় কুরুর পাইলে আরও স্থা। বিড়াল অপেকা কুরুরের সহিত আমাদের সহাদয়তা আরও অধিক। যেথানে বিড়াল কি কুরুর নাই সেথানে একটি পক্ষী পাইলেও কণ্ট নিবারণ করা যায়। পক্ষী তোমাকে দেখিতেছে, তোমার কথা শুনিতেছে, তোমার কথা শুনিবে বলিয়া কর্ণ পাতিতেছে; একবার বামভাগে মাথা হেলাইয়া আবার দক্ষিণ ভাগে মাথা হেলাইয়া তোমাকে দেখিতেছে অথবা তোমার কথা শুনিবার চেষ্টা করিতেছে। তুমি কথা কহিলে না, পক্ষী আপনি কলবল করিতে লাগিল, আবার আপন কণ্ঠরোধ করিয়া তোমার কণ্ঠ শুনিবে বলিয়া মাথা হেলাইয়া প্রতীক্ষা করিতে লাগিল। তুমি তথাপি কথা কহিলে না। পক্ষী আর সহু করিতে না পারিয়া চীৎকার করিতে লাগিল; তুমি বুঝিলে তোমায় তিরস্কার করিতেছে। তুমি বুঝিলে যে তুমি একা নহ।

একা, অসহ, অস্বাভাবিক। পশুরাও একা থাকিতে পারে না, বেধানে স্বজাতি না পায় সেস্থলে অপর জাতিকে সঙ্গী পাইলেও শাস্ত থাকে। একসময় একট অস্ব একা আবদ্ধ ছিল। ক্রমে তাহার সেই অবস্থা অসহু হইয়া উঠিল; শেষ একটি হংস তথায় আগত হওয়ায় অখ যেন প্রাণ পাইল।
অখ মুহুর্ত্তেকের নিমিত্ত আর হংসের নিকট ছাড়া থাকিতে
পারিত না। হংস অখের সন্ধাতি নহে, হংসকে পাইরা কেন
অখ প্রাণ পাইল ? হংস আসিয়া তাহার কি উপকার করিল ?
অখ কি ভয় পাইরাছিল ? কিসের ভয় ? হংস কি তাহাহইতে
অখকে উদ্ধার করিতে সক্ষম ?

একা থাকিলে একপ্রকার ভয় হয়, নিকটে কেহ সঙ্গী থাকিলেই আবার সে ভয় য়য়। ভয়ের কারণ হইতে সঙ্গী উদ্ধার করিতে পারগ কি না তৎপ্রতি দৃষ্টি পড়ে না। অনেক জীলোকদিগের মধ্যে দেখা গিয়াছে যে তাহারা রাত্রে একা এক মরে বাস করিতে পারে না কিন্তু একটি ছয়প্রেমা শিশুনিকটে শয়ন করিয়া থাকিলে নির্ভয়ে বাস করিতে পারে। তাহাদের এ কিসের ভয়? কোন বিপদের ভয় নহে, কেনদা তাহা হইলে ছয়পোয়া বালক উপলক্ষেসেভয় য়াইত না—শিশুকোন্ বিপদ্ হইতে উদ্ধার করিতে পারে? এ ভয় ভৌতিকও নহে, কেননা ছয়পোয়া বালক সহায় ছইলে কিরপে ভৄয়, নিবারণ হইবে।

এ ভয় পশুদিগের মধ্যেও বিলক্ষণ আছে—পশুদিগের মধ্যে ভোতিক ভয় অসন্তব। বিপদের ভয়ও নহে, হংস আন্ধকে কোন্বিপদ হইতে উদ্ধার করিতে পারে ও তবে ইহা কোন্বিদরের ভয়ও মন্বা, পশু সকলেই এই ভয় করে অথচ কিসের ভয় কেহ জানে না, কেহ অনুভব করিতে পারে না।

দেতোর মা হয় ত বলিবে ইহা একা থাকিবার ভয়। তাহা মতা,কিন্তু একা থাকিতে ভয় কেন হয়,তাহাই একণে বিবেচ্য। মূল কণা ইহা যেভয়ই হউক, অতি আশ্চর্যা ভয়। হয় ত ইহা ভয় নহে ইহা আর কিছু। কে জানে, কে বলিতে পারে।

শৈল একা, জীবিত কিছুই দেখিতে পায় না, তাহার অবস্থা অসহ হইয়া উঠিয়াছিল। রাত্রি ছুই প্রহর অতীত হইয়াছে তথাপি শৈল নিজা যায় যাই। তাহার আর নিজা নাইবার কোন নিয়ম নাই, কখন দিবদে নিজা যায় রাত্রে বসিয়া কাদে, কখন রাত্রে নিজা যায় দিবদে বসিয়া গবাক্ষ দ্বারপ্রতি চাহিয়া থাকে। কখন একটি পতঙ্গ উড়িয়া আসিবে এই প্রত্যাশায় দেইদিকে চাহিয়া থাকে। জীবিত কীট পতঙ্গ দেখিবার তাহার একণে একমাত্র অভিলাষ; দেখিতে পাইলে স্বর্গ বোদ করে, দেখিতে না পাইলে কাঁদিতে থাকে। একবার একটি মাছি ধরিতে মাছিটী মরিয়া গিয়াছিল; শৈল তাহার নিমিত্ত কতই কাঁদিল, থাকিয়া থাকিয়া কাঁদিরা উঠিতে লাগিল, প্র-শোকাকুলা বোধ হয় কখন এত কাঁদে না।

আর একবার একটি প্রজাপতি গ্রাক্ষন্নরে আসিরা কিরিরা গিয়াছিল সেজত শৈল কতই ব্যথা পাইয়াছিল; নায়ক ফিরিরা গেলে, নায়িকা কথন তত ব্যথা পায় নাই। শৈল উর্দ্ধনে গ্রাক্ষের দিকে চাহিয়া মনে করিতে লাগিল "প্রজাপতি আবার আসিবে, এইখানেই আছে, এই দারের পার্শ্বে উড়িতেছে, পার্শে কোথায় কি কি আছে তাহা দেখিয়া আসিতেছে, প্রজাপতির এইরাপ স্থভাব, উড়িতে উড়িতে চারিদিকে দেখে, সকল দেখা হইলেই আসিবে। কই, এখন ত আসিল না, তবে কি উড়িতে উড়িতে দ্রে গেলং গ্রাক্ষ কি ছাড়াইয়া গেলং তবে ত আর খুজিয়া পাইবে না, প্রজাপতিকে কে পথ বলে দিবে, আমি কেমন করে তায়ে ফিরাব,আমি কি বলে তাহারে ডাকিব, ডাকিলে কি সে শুনিতে পাবে গ এই আমি এখানে" বলিয়া

চীৎকার করিয়া শৈল প্রজাপতিকে ডাকিতে লাগিল, ডাকিতে ডাকিতে কাঁদিতে লাগিল, কিন্তু প্রজাপতি ফিরিল না।

তার পর শৈল ভাবিল আমি চীৎকার করিয়াছি বলিয়া হয় ত প্রজাপতি ভয় পাইয়াছে—শন্দ না করিলে আবার আদিনে। অতএব নীরব হইয়া শৈল অনেকক্ষণ পর্যান্ত গণাক্ষ প্রতি চাহিয়া রহিল তথাপি প্রজাপতি আদিল না; তথন আবার চীৎকার করিয়া শৈল কাঁদিয়া বলিল, "কে হয় ত আমার প্রজাপতিকে নেরে কেলেছে, তাহা না হইলে সে আসিত—অবাগিনীকে দেখা দিতে সে আবার আসিত। এখনও হয় ত সে মরে নাই, হয় ত প্রাচীরের মূলে পড়ে আছে, পাখা ঘোড় করিয়া উঠিতে উঠিতে টলিয়া পড়িতেছে, আমি গেলে এখনও তারে বাঁচাতে পারি, কে তারে বাঁচাবে! সে আমার কাছে আসিতেছিল—তুঃথিনীর তুঃগ ভেবে আসিতেছিল, কে এ বাদ সাধিল।"

শৈল আর পাষাণী নাই, পাষাণ গলিয়াছে; গলিয়াছে বলিয়া
সে এখন বালিকার মত এত কাঁদে। পূর্দের্গ কখন শৈল কাঁদে
নাই। যে সামীর মরণ দেখিয়া কাঁদে নাই সে একণে একটা
পতস্প কি প্রজাপতির নিমিত্ত কাঁদে। বিনোদকে দেখিবার
নিমিত্ত যে শৈল কখন চকু ফিরায় নাই সেই শৈল একণে অতি
কদাকার মহুষাকে দেখিতে পাইলে স্বর্গভোগ মনে করে।
রামদাস সন্ন্যামী অতি কুরুপ, কৃষ্ণবর্গ, দীর্ঘাকার, অস্থিময়, বৃদ্ধ,
কপচকু তাহাতে কতকগুলা পদ্ধ জকেশ অঞ্জালবং আবরণ
করিয়া রাখিয়াছে, শৈল এই কদাকার পুক্ষকে দেখিবার নিমিত্ত
কত ব্যাক্লা। কিন্তু ছ্রাগ্যবশতঃ সন্ন্যামীও কখন দেখা দিত
না; শৈল কতবার কাঁদিয়া বলিয়াছে "একবার দেখা দেও, না
হয়, একবার কথা কও, তাহাও না হয়, একবার তোমার ছায়া

দেখিতে দেও।" সন্নাদী পাষাণ; ইহার কোন কথাই শুনিত না। মন্ত্যকেঠ শুনিবে বলিয়া শৈল পাগল হইয়া ফিরিত; মন্ত্যা কঠ কেন? কোন কঠ শুনিতে পাইত না।

শৈল কেবল মনুষ্য দেখিতে চায় মনুষ্য কণ্ঠ শুনিতে চায়; আর কিছুই চায় না। এক দিন শৈল বসিয়া প্রতিবাসী দিগের আরুতি, তাহাদের স্বর, তাহাদের হাসি, তাহাদের কথা স্বরণ করিতে চেষ্টা করিতেছিল কিন্তু কোনপ্রকারে স্পষ্ট স্বরণ হইল না; শেষে বল্পায় শৈল অমনি আপন গলদেশ টিপিয়া ধরিল। আবার এক এক দিন শৈল ভাবিত ''আমার চারি দিগে এত লোক ছিল আমি কেন তাহাদের ভাল বাসি নাই? কেন তাহাদের আদর করি নাই, কেন দিবারাত্র তাহাদের সঙ্গে সঙ্গে ফিরি নাই। সেই সকল অমূল্য রত্ন থাকিতে কেন পোড়া ডাইমন' কাটা মলের প্রতি লোভ করিয়াছিলাম। অলকার পরিলে আমার কি স্কুথ হইত।"

এই অবভার এক দিন শৈল আহারান্তে অপর ঘরে জাসিরা দেশে সন্মানী এক খানি স্বৰ্ণপাত্তে নানাবিধ হীরক ও মুক্তা-খাঁটত অলঙ্কার রাথিয়া গিয়াছে। শৈল তাহা দুরে নিঃক্ষেপ করিয়া কাদিয়া বলিল, "আর কেন আমায় বন্ধা দাও, আমি এসকল আর কিছুই চাই না, আমায় একবার দেখা দেও, একবার আনায় শৈল বলে ডাক, অনেক দিন আমায় কেহ ডাকে নাই।"

#### সপ্তবিংশ পরিচ্ছেদ।

· পূর্ব পরিচেছদে বলা হইরাছে রাত্রি ছুই প্রহর, তথাপি শৈল নিজা যায় নাই, বদিয়া কত কি ভাবিতেছে। কখন প্রবাবস্থা, কপন বর্ত্তমান অবস্থা, কখন মেঘ বৃষ্টি, কখন রন্ধন কার্যা ভাবিতেছে; একবার মনে হইল বেন সম্মুখে হত করিয়া চুল্লি জলিতেছে তাহার উপর কৃষ্ণবর্ণ হাঁড়িতে অন পাক হইতেছে; শৈল অনেক দিন অল খায় নাই অতএব মনে মনে অল পাক করিতেছে। মনেমনে দেখিতেছে ক্ষুদ্র ক্ষুদ্র বুদ্রুদ একটি ছইটি করিয়া হাঁড়ির অঙ্গে এথিত মুক্তানালার লায় লাগিতে লাগিল। তাহার পর অসংখ্য বুদুদ, বুদুদের উপর বুদুদ উঠিতে লাগিল, আর তাহাদের স্থান হয় না। • ক্ষুদ্র কুদ্র বুদ্বদেরা বেন পরামর্শ করিয়া পরস্পার পরস্পারে মিলিতে লাগিল; চারি পাঁচটি একত্রে একএকটি বড় বদুদ হইয়া ফুটিতে লাগিল। ক্রমে স্কীত হইয়া হাঁড়ি হইতে উছলিয়া পড়িতে লাগিল। শৈল মনে মনে অনুষ্টি দারা তাড়না করিল; করিবামাত্র বুদুদ অদৃশ্য হইয়া তা-হার পরিবর্ত্তে উত্তপ্ত জল টগ্বগ্ করিয়া স্থানে স্থানে লাফাইতে লাগিল। শৈল হাসিতে হাসিতে মনে মনে চুল্লি প্রজ্ঞালিত করিয়া দিয়া একটু সরিয়া বসিল। ভাবিল অল্লবাঞ্জন প্রস্তুত, এখন দৈতির মা কোথায়? আহারের স্থান পরিষ্কার করুক।

দৈত্ব মার নাম মনে আসিবা মাত্র সকল স্থান ইইল।
শিহরিয়া শরীর কুঞ্জিত করিয়া নত শিরে শৈল নিঃশন্দে বসিরা
রহিল। আপনার হৃদয়াঘাত আপনি শুনিতে পাইতে লাগিল।
তাহার পরে ভাবিতে লাগিল "সে কত দিন হবে। কত
দিন হবে আমি এখানে এসেছি? কত দিন, কি কত বংসর! অধিক বংসর হবে না, অধিক বংসর হইলে আমি বুড়ি
হইতাম, বোধ হয় আমি বুড়ি হই নাই। আজ কি বার?
জানি না। কি মাস তাহাও জানি না, দিন গিয়াছে দিন
এসেছে, এমনি করে কত দিন গিয়াছে, হয় ত কত মাসও
গিয়াছে। ফাল্পন মাসে এখানে এসেচি, এখন কি মাসং আর

মাস জানিয়াই বা আমার কি হইবে ? একণে আমার পক্ষে সকল মাস,সকল বার, সকল সময়, সমান হইয়া পড়িয়াছে। তবু কোন মাস জানিলে সুথ আছে। ফাল্পন মাসে যখন আমি এথানে আসি, তথন বংসরের কি স্থাথের দিন ছিল: বৈকালে মেয়েরা মুণ মুছে গালভরে পান থেয়ে,কলসি কাঁকে লইয়া, আঁচল ধরে জল আনিতে বাইত; আর সেই সমর মধুর বাতাস কেমন অল্লে অল্লে কাণের পাশ দিয়া যাইত; স্থেশে শ্রীর রোমাঞ্চিত হইত। আজও মেয়েরা কি সেইরপ স্থথে হাসিতে হাসিতে নদীতে যায় ? যায় বই কি। তাহারা কত স্থথে আছে; যেখানে ইচ্ছা দেই থানে যাইতেছে, বার সঙ্গে ইচ্ছা কথা কহিতেছে, পুথিবীর কুৎসিত সামগ্রীর উপর তাহারা দৃষ্টিপাতও করে না স্থন্দর সামগ্রীই তাহারা দেখিয়া ফুরাইতে পারে না। আর আমি ? আমি কুৎসিতেও বঞ্চিত। স্থানর কুৎসিত কিছুই দেখিতে পাই না, এ পোড়া চক্ষু তবে কেন হইয়াছিল ? ইচ্ছা করে নথ বিধিয়া তুলিয়া ফেলি। আর কাণই বা আমার কেন, আমি ত ুআর কিছুই শুনিতে পেলাম না। এক দিন যদি মেঘ, ডাকিত তাহা হইলে হয় ত এথান হইতে শুনিতে পাইতাম। মেঘের গন্তীর গর্জন সকলের শয়ন ঘরে যায়, তবে আমার ঘরে কেন নির্দিয় হবে। মেঘের শব্দ কি মধুর কি গন্তীর, শব্দ কেমন আকাশে গড়াইয়া বেড়ায় আবার কেমন ধীরে ধীরে দূরে মিলা ইয়া যায়। যথন মেঘের ডাক শুনিতে পেতাম, তথন তাহা গুনি নাই, তাহা বুঝি নাই। তিনি কত বলিতেন "একবার গুন।" একবারও কাণ পাতি নাই: তিনি বলিতেন বলিয়াই গুনি নাই। এখন যে আমার বকের ভিতর কেমন করে। আবার কি কথন সেই মেঘের ডাক শুনিতে পাব ? যখন শুনিতে পেতাম তথন গুনি নাই।

এই সময় ঘরের মধ্যে হঠাৎ বাদোাদ্যম হইয়া উঠিল। শৈল চমিকিয়া কর্ণে হাত দিল। উৎকট শাক্ষ শুনিয়া বাদ্য যেন অপ্রতিভ হইয়া আপনিই থামিল; শৈল সভয়ে মাথা ফিরাইয়া দেখিতে লাগিল, কাহাকেও দেখিতে পাইল না; কেবল এই মাত্র বোধ হইল যেন পশ্চিমদিগের লৌহদার ঈষৎ মুক্ত রহিয়াছে। শৈল সেইদিকে যাইবার নিমিত্ত উঠিল কিন্তু যাইবার পূর্কেই শব্দ আবার আরম্ভ হইল, প্রবার শব্দ অতি কোমল, অতি মনোহর: কিন্তু তথাপি শৈলের অস্থা হইয়া উঠিল। শৈল অনেক দিন কর্ণে কিছুই শুনে নাই এখন অল্প শক্ষই কর্ণের কঠকর হয়। তাহাতে আবার যেন্থান হইতে শব্দ বিনির্গত ইইতেছিল তথার ছাদ নাই সমুদার থিলান। সেই স্থানের সানায় শব্দের প্রতিধ্বনিতে ঘর পুরিয়া যায়।

শৈল কাতর স্বরে বলিল সন্ন্যাসী, তুমি আমান কি বলিতেছ স্পষ্টকরে বল—মৃত্স্বরে বল; আমি কিছুই বুঝিতে পারিতেছি না।

এ কথার কেছ কোন উত্তর দিল না। শৈল ক্ষণকাল প্রতীক্ষা করিয়া দেখিল আর কোন শক্ষ হইল না। তথন শৈল পুনকরির কাতর স্বরে জিজ্ঞাসা করিল "কে কথা কহিলে কি শক্ষ
করিলে তাহা আমি ব্ঝিতে পারিলান না। সয়াসি! আমি
অনাথা—আমার আর কেহ নাই, আমায় রক্ষা কর। ধীরে
একটি কথা কও, কথা না কও একবার কোনপ্রকারে জানাও
যে তুমি ঐথানে আছ। নিকটে মায়ুষ আছে জানিলেই আমি
আর তোমায় বিরক্ত করিব না, আমায় এখানে যতদিন রাথিবে
ততদিন থাকিব কিন্তু আর একা থাকিতে পারি না। আমার
ভর করে।

এই সময় একটি গীত আরম্ভ হইল ! নির্বাণোল্থী তারা যদি কথন দূর হইতে চুপি চুপি কাঁদিয়া থাকে তবে সে যে মান মৃত্ন স্করে কাঁদিয়া ছিল গীতটা সেই স্করে ধীরে ধীরে আরম্ভ হইল। গীতটীর প্রথমভাগ এই।

আগে যদি জানিতাম কপাল আমার। দলিতাম আশালতা অঙ্কুরে তাহার।।

গীতটী পূর্বে শৈল শুনিয়াছিল কিন্তু তথন ইহার মর্ম্ম বুরো নাই, কর্পাতও করে নাই; কিন্তু এক্ষণে শুনিয়া শৈল ত্ইহন্তে মন্তক ধরিয়া নতশিরে নিংশক্ষে কাঁদিতে লাগিল। যে গাইতে ছিল সেও গাইতে গাইতে কাঁদিয়া ফেলিল, আর গাইতে পারিল না। অঞ্চ সম্বরণ করিয়া গায়ক আর একটী গীত স্বত্ত সূরে গাইল।

প্রণায় মোর সাগর তুল, সেকি অনাদরে শুকাবার।
বর্ষয়ে ভাকু অনল যদি, না তাতয়ে সাগর মাঝার।।
স্থি, কতদূরে ভাকু রয়, সাগর তাহে কাতর নয়;
প্রসারি সে অগাধ হৃদয়; তবু তারে দেয় উপহার।।

এগীতে শৈল কাঁদিল না, মুখ তুলিয়া চক্ষু বিজ্ঞারিত করিয়া অবাক্ হইরা শুনিতে লাগিল। গীত শেষ হইলে শৈল দীর্ঘ নিখাস ত্যাগ করিয়া জিজ্ঞাসা করিল "তুমি কে? তুমি কোথায়? একবার আমার কাছে এসো, একবার ভোমার গায়ে হাত দিয়া দেখি। আমার বাঁচাও।"

"বাইতেছি" এই মধুর উত্তর একটা স্ত্রীকণ্ঠ হইতে নিঃসত চইল। এবং ভাহার সঙ্গে সঙ্গে দ্বারের নিকট বসন ঘর্ষণের মরমর শব্দ হইল; তাহার পর পবিত্র পদ্ম গন্ধ, তাহার পর একট রূপবতী আসিরা শৈলকে ক্রোড়ে করিয়া বসিল; শৈলকে বুকে করিয়া ডাকিতে লাগিল "শৈল। ভগিনি! রাজনন্দিনী! অভাগিনি!" ডাকিতে ডাকিতে কাঁদিয়া ফেলিল আর কথা কথিতে পারিল না।



# মাসিক পত্র।

১ম গও।

काञ्चन ১२৮১।

>> मःशा।

# কণ্ঠমালা।

### অফীবিংশ পরিচ্ছেদ।

শৈলকে বুকের উপর টিপিয়া ধরিয়া কে কাঁদিল শৈল তাহা

একবারও ভাবিল না; তাহাকে আদর করিয়া ভগিনী বলিয়াছে,
এই বিগদ্কালে তাহাকে বুকে করিয়াছে, ইহাতেই শৈল গলিয়া

গেল। অপরিচিতার স্কন্ধে মাথা রাখিরা শৈল নিঃশন্ধে কাঁদিল

এবং নরনজলে অপরিচিতার বাহমূল আর্জ করিতে লাগিল্।
স্থামিগৃহে শৈল নানা স্থাভিলাষ করিয়াছে, ক্ষন্ত কথন স্থা

হয় নাই। অদ্য শৈল এই প্রথম স্থাইইল। স্থে কাঁদিল।

স্কেশেক পরে শৈল সরিয়া বসিরা চক্ষের জল মুছিল। অপরিটিতাও চক্ষের জল মুছিয়া দীর্ষ নিশাস ফেলিল। উভয়ে নীরব

হইরা বসিয়া রহল; পরস্পরে কি ভাবিতে লাগিল। একবার

শৈল তুই হস্ত অপরিচিতার অক্সেহঠাৎ দিয়া অতি ব্যগ্র ভাবে

আপনাপনি বলিয়া উঠিল "এ কি সত্য ? হয় ত আমার
ভ্রমণ তৃমি একবার কথা কও, আমার ভ্রম কি না একবার
বৃঝাইয়া দেও: কেমন করিয়া বৃঝাইয়া দিবে ? আমি কেমন
করে বৃঝিব ? এই স্থ কতবার তেবেছি। কে যেন আদিতেছে, কে যেন আদিল, এ আমি কতবার দেখিয়াছি। এখনও
কি তাই ? বল, কেমন করে বৃঝাইয়া বলিবে, একবার বল।
আমি একা থেকে, একা ভেবে, কেমন হইয়াছি, আমার জ্ঞানবৃদ্ধি সকল গিয়াছে; চমুং, কর্ণ, হাত, পা সকলেই এখন আমায়
ঠকায়। একবার ভাবি ধরেছি, আবার ভাবি কই ? না। এক
বার ভাবি এই দেখিতেছি, আবার ভাবি কই ? না। এই আমি
তোমায় ধরে আছি আবার ভাবিতেছি হয় ত এসকল ভ্রম।"

-অপরিচিতা কোন উত্তর না করিয়া শৈলের মন্তক আপন বুকে লইয়া শৈলের কেশগুছে মুখের উপর হইতে সর্হিয়া দিতে লাগিল। শৈল বুঝিল।

গবাক্ষ দার দিয়া চক্রকিরণের অল্প আভা আসিয়াছিল; সেই
আলোকে শৈলের আকার এক প্রকার অন্তব হইতেছিল।
অস্থিমায়, ক্ষুদ্রদেহ, রক্ষা কেশ।

শৈল যথন বিলক্ষণ করিয়া ব্ঝিল বে সতা সত্যই অন্যের বুকে তাহার মাথা রহিয়াছে তথন হঠাও উঠিয়া ছই হস্তে রুক্ষ কৈশরাশি সরাইয়া উন্থাদিনীর নাায় অপরিচিতার মুখপ্রতি চাহিয়া রহিল। অন্ধকারে থাকিয়া শৈলের দৃষ্টিশক্তি বড় তীক্ষ হইয়াছিল; যে অন্ধকারে অন্য কেহই দেখিতে পায় না সে অন্ধকারে শৈল সকলই দেখিতে পাইত। এক্ষণে জ্যোৎস্নার স্বয়ং প্রতিবিশ্ব আসিয়াছিল; অপরিচিতার মুখমাধুরী শৈল বিলক্ষণ ক্ষেষ্ট দেখিতে পাইল। কিন্তু দেখিরা চিনিতে পারিল না।

একবার শৈল জিজ্ঞাসা করিল "তুমি কে?" অপরিচিতা

কিঞ্চিৎ ইতন্ততঃ করিয়া চক্ষের জল কটে সম্বরণ করিয়া বলিল "আমি অনাথিন্দী, তোমার মত অভাগিনী।" উত্তর শুনিয়া শৈলের নিশ্বাস প্রশ্বাসের শব্দ হইতে লাগিল, তাহার পর শৈল আবার জিজ্ঞাসা করিল "তোমার আর কে আছে ?" অপরিচিতা অনেকক্ষণ পরে উত্তর করিল "আমার আর কেহই নাই, আমি একাকিনী।" শৈল ভগ্নস্বরে বলিল "বুঝেছি, তোমার কেহ থাকিলে তোমার কেন এখানে আসিতে দিবে: তুমিই বা কেন আসিবে; অনাথিনী না হইলে কেন অনাথিনীর ছঃখ ভাবিবে।" এই বলিয়া শৈল আবার নীরব হইয়া রহিল। অনেকক্ষণ পরে জিজ্ঞাসা করিল "তোমার নাম কি ?" অপরিচিতা মৃত্স্বরে উত্তর করিল, আমার নাম মাধবী। শৈল চিনিতে পারিল না।

শৈল জিজ্ঞাস। করিল "তুমি যেখানে ইচ্ছ। সেই খানে যাইতে পাও ? তোমায় কেহ বারণ করিতে পারে না?"

মাধ। আমায় কে বারণ করিবে?

শৈ। গত রাত্রে কোথায় ছিলে ? মাধবী উত্তর করিল "কুরপুরে।"

শৈল আর কোন কথা কহিল না, কিঞ্চিৎ ভীতা এবং লক্ষিতা হইরা অধোবদনে বিদ্যা রহিল। মাধবী তাহার কারণ বৃঝিতে পারিয়া বলিল " মুরপুরে আমার সহিত কাহারও আলাপ নাই, তথায় আর কথন যাই নাই, এই প্রথম গিয়াছিলাম। মুরপুরে গিয়া কোথাও স্থান পাই নাই; শেষ তোমার বাড়িতে গিয়াছিলাম। প্রতিবাদীরা তোমার সংবাদ কিছুই জানে মা, তাহারা বলিল ঘর ঘার গহনাপত্র সকল ফেলিয়া শৈল একা পলাইয়া গিয়াছে; কথন গিয়াছে, কোথায় গিয়াছে, কেন গিয়াছে, তাহাও তাহারা জানে না।"

এই কথায় শৈলের ভয় পেল। শৈল জিজাসা করিল "কে কে একথা তোমায় বলিল ?"

মাধ। **অ**মি তাহাদের নাম জানি না, তাহারা তোমার

শৈ। মুরপুরে কত লোক দেখিলে? অনেক?

মাধ। অনেক।

প্রতিবাসী।

শৈ। তাহারা কি পূর্বের মত আছে?

মাধ। আগে তাহারা যেমন ছিল এখনও সেই মত আছে।

শৈ ! সেই মত হাসে, গল্প করে, সেইমত বেড়িয়া বেড়ায় ?

মাধ। সেই মত।

শৈ। আর গাছ পালা সেই মত আছে ? বাতাস আদিলে সেই মত দোলে ? চল্লের আলোতে সেই মত চক্ চক্ করে ?

মাধ। ঠিক সেই মত করে।

শৈল। আবর আবিশি? যে নিকে যত দ্র দৃষ্টি দেও তত দূর দেখা যায় ?

মাধ। যায়।

শৈল। আমার একবার তাই দেখিতে ইচ্ছা করে। তাহা আর কি দেখিতে পাব? আর ঘুম ভাঙ্গিলে ভোরে সেখানে সেই

মত পাথী ডাকে ?

মাধ। ডাকে।

শৈল। এথানে ডাকে না। মুরপুরে লোকে এখন আর কোঁদল করে?

মাধ। করে।

শৈল। আহা ! কেন করে ! মান্তবের পক্ষে মাতুষ যে কি তা তারা এখনও বৃঝিল না। তুমি মুরপুরে কেন গিয়াছিলে ? মাধ। আমার কোথায়ও মনস্থির হয় না এখানে সেখানে ফিরিয়া বেড়াই।

শৈল। পূর্ব্বে তোমার কে কে ছিলেন? নাধ। ঈশ্বর জানেন, আমি ত কাহারেও দেখি নাই।

মাধ। কেহই না। এক এক বার ভাবি আমি আকাশ হতে পভিয়া থাকিব।

শৈল। যিনি তোমায় প্রতিপালন করিয়াছিলেন ?

মাধ। তিনিও স্বর্গে গিয়াছেন।

শৈল। পতি ?

শৈল। মা. বাপ १

মাধ। বিবাহ হয় নাই।

देशन। (कन?

মাধ। কে বিবাহ দিবে ? আর কেই বা বিবাহ করিবে ? শৈল। তবে কি তোমার কেহই নাই, কেহই ছিল না ? মাধ। কেহই না।

শৈল। আমার সকলই ছিল, কেবল চক্ষু ছিল না। এই
বলিয়া শৈল অন্যমনস্থ হইল। মাধ্বী বলিল "শ্রম কর রাত্তি
আর বড় নাই, খুম না হইলে অস্ত্রগ হবে।" শৈল বিকট হাসি
হাসিয়া ঐ কণা পুনক্তক করিল, "কষ্ট হবে! শৈলের কষ্ট
২বে।" আৰার ক্ষণেক বিলম্বে গীরে গীরে বলিল, "ক্ট হবে"
একণা আমি অনেক কালের পর শুনিলাম।

মাধনী শরন করিতে পুনরায় অফুরোধ করিল। শৈল অস্বীকার করিয়া বলিল, এখনও অনেক কথা জিজ্ঞাসা করিবার আছে। তুমি কেমন করে আসিলে? সন্যাসী জানে কি না? কেন আসিলে? এসকল না শুনিয়া আমি ঘুমাইব না।

#### জ্মর।

মাধ। আমি একটু না ঘুমাইয়া আর কোন কথার উত্তর দিব না।

শৈল। তবে তুমি ঘুমাও, আমি এথানে বসিয়া থাকি। মাধ। কেন?

শৈল। আমি ঘুমাইলে পাছে তোমার হারাই। মাধ। সে বিষয়ে কোন ভয় নাই। আমি কোথাওযাব না।

শৈল আর কোন আপত্তি না করিয়া মাধবীর পার্শ্বে শ্রন করিল, কিন্তু দেখিলে বোধ হয় যেন পার্শ্বে নহে, বালিকার নাায় শৈল মাধবীর ক্রোড়ে শ্রন করিল। পাছে মাধবীকে হারায়. এই ভয়ে শৈল মাধবীর অঞ্চল ধরিয়া নিজা গেল।

### উনত্রিংশ পরিচেছ্দ।

রাত্রি প্রভাত হইল। গবাক দার দিরা অল্প আলার আলোক আলিরা শৈলের মুখে পড়িরাছে, শৈল তথনও নিজা ঘাইতেছে, তথনও শৈলের হস্তে নাধবীর অঞ্চল রহিয়াছে। শৈল নিজাবদে কি স্বপ্র দেখিতেছে; ৪৯ ঈনং কাঁপিতেছে যেন কি বলিতছে। ক্রমে মুখে ভয়ের ছারা পড়িল, জকুঞ্চিত হইল, নাসারফু ক্ষীত হইতে লাগিল, শৈল রোদনোমুখী ইইল। এমত সমুম্ব নিজা ভঙ্গ হইরা গেল; শৈল বিক্ষারিত লোচনে ইতন্তঃ অবলোকন করিতে লাগিল, যেন কিছুই বুবিতে পারিল না। চক্ষু মুছিয়া আবার চাহিতে লাগিল, এবার নিশ্চয়ই বুবিল ক্ষপ্র মিথা, সেই ঘর, সেই থিলান, সেই গবাক্ষ, সেই প্রস্তর মন্ব প্রাচীর, সেই দকল রহিয়াছে শৈল পূর্ক্ষিত বন্দী। মর্ম্ম ঘন্ত্রণা ভাহার দিগুল বাড়িল, শেষ দীর্ম নিশাস ত্যাগ করিয়া উঠিয়া বিসল। বসিবা মাত্র নিজ্ঞিন বাজি নাম্বির প্রতি দৃষ্টি পড়িল। অমনি শৈল হঠাং পলায়নোমুখীর নাায় শরীর বামে হেলাইয়া. আবার

বিস্ময়াপদ্ধের ন্যায় দক্ষিণে মাথা ফিরাইয়া দেখিতে লাগিল। রাত্রির কথা অল্লে অলে মনে আদিল।

এই সময় মাধবীর নিদ্রাভঙ্গ হইল। চক্ষু চাহিয়া বলিল " ও আমার দিদিরে? এখনই উঠেছ? তবে ঘুমুলে কই ?" শৈল একথার উত্তর না দিয়া জিজ্ঞাসা করিল "তবে রাজের কথা সতা ? স্বপ্ন নহে।"

মাধ। না দিদি, স্থা নহে। তুমি একা ছিলে এখন আমরা তুই জন হইলাম, আর জামাদের ভাবনা কি ? এখন তুই জনে একত্রে ঘুমাব,একত্রে জাগিব,একত্রে গল্ল করিব,একত্রে হাদিব, একত্রে কাঁদিব, আর আমাদের ভয় কি ?

শৈ। তবে কি তুমি আমার সঙ্গে এই থানেই থাকিবে? আমার জন্যই কি তবে এথানে থাকিতে আসিয়াছ? এত দয়ার শরীর ? তুমি কি আর যাবে না?

মাধ। এজনো নহে। আমি কোথায় গাব? আমার কে আছে? মতকাল তুমি এখানে থাকিবে, ততকাল আমিও এগানে গাকিব।

শৈল উপাধানে মুথ লুকাইল। নিঃশদে কাঁদিল। কণেক পরে চক্ষু মৃতিয়া মাধনীর মুথপ্রতি চাহিয়া রহিল, মাধনী তখন মুথ নত করিয়াছিল। একবিন্দু নয়নজল নাসাগ্রে মুক্তার নয়য় শোভা পাইতেছিল, মাথা তুলিতে তাহা হর্ম্মপ্রস্তরে পড়িয়া গেল। কিন্তু শীঘ্র শুকাইল না, পাষাণে নয়নজল কেন শুকা ইবে ? কোমল মৃত্তিকা সে জল পাইলে শুষিয়া লইত, পাষাণে সে জল অমনি পড়িয়া রহিল। মাধনী তাহাতে অঙ্কুলি লিপ্ত করিয়া একটি চক্ষু চিত্রিত করিতে করিতে বলিল "আমি এথানে থাকিব, চিরকাল থাকিব, তুমি ভিন্ন আর কেইই আমাকে তোমার নিকট ছাড়া করিতে পারিবে না, সন্ন্যাসী কি কেহই পারিবে ; না কিন্তু—"

শৈ। না, না, সন্ন্যাসী জানিতে পারিলেই তোমায় লইরা যাইবে; এখন তোমায় কোথায় লুকাব ?

মাধ। আমার লুকাইতে হইবে না, আমি যে এখানে । আসিরাছি, সর্যাসী জানেন; সর্যাসী আপনিই আমার সঙ্গে করে রাথিয়া গিরাছেন, তিনি আবার রাত্রে আমার লইতে আসিবেন। কিন্তু আমি যাব না।

শৈলের মুথ শুকাইরা গেল, আর কোন কথা কহিছে পারিল না, কেবল মাধনীর মুথপ্রতি চাহিরা রহিল। ক্রমে ক্রমে তাহার মস্তক হেলিয়া বেদির উপর ন্যুক্ত হইরা বহিল।

শৈলের দৃষ্টি পূর্ব্বনত তীব্র কিন্তু প্রথম নহে, এখন স্নিথ্ন হই আছে। পূর্ব্বে দীপ্তি যেন মেঘে ঢাকিরাছে। শৈলের কাতরতা দেখিরা নাধবী বৃদ্ধিল যে সন্নাসী তাড়না করিলে আনি যে সাল না একথা শৈলের বিশ্বাস হয় নাই। অতএব মাধবী নানা প্রকারে তাহা বৃষ্থাইতে লাগিল। ক্রমে শৈলের ভয় গেল, কথা বার্তা কহিতে লাগিল।

একবার শৈল জিজাসা করিল "আমি যে এখানে এই অবস্থার আছি তাহা তুমি কেমন করিয়া সন্ধান পাইলে ? আমার আর কথন দেখ নাই, আমার কথা কখন শুন নাই, আমার তত্ত্ব কি গতিকে পাইলে?"

মাধ। সে অনেক কথা, তাহা আর এক সময়ে বলিব।
আমি তোমায় বালিক। কাল অবধি ভাল বাসি; পূর্বে ভোমায়
কোলে করে বেড়াইতাম, তুমিও আমার কোলে থাকিতে ভাল
বাসিতে। আমার দিদি বলে ডাকিতে। সেই বয়সেই আমাদের ছাড়াছাড়ি হইল। তুমি আমায় ভুলিয়া গেলে কিন্তু আমি

ভূলি নাই। তাহার পর কত দিন গেল, কত কাণ্ড হল, আমিও কত দেশ বেড়াইলাম, তোমার কত সন্ধান করিলাম, কোথাও তোমার সন্ধান পাই নাই। সম্প্রতি শুনিলাম যে তোমার নুরপুরে বিবাহ হইরাছিল।

শৈল। বালিকা কালের কত কথাই মনে আছে কিন্তু তোমার আকার ত ভাল মনে হয় না।

মাধ। মহারাজকে মনে পড়ে ?

শৈল। কে মহারাজ ?

মাধ। বটে ? সত্যসতাই ভবে তুমি কিছুই জান না। তা তোমারও দোষ নাই, তুমি তখন তিন বৎসরের।

শৈল। মহারাজের বিষয় কি বল না ?

মাধ। স্নানাদির পর বলিব। এখানে কোণায় স্নান ব্র?

্ শৈ। এই পার্শ্বের ঘরে স্নান আহারের সকল আয়ে(জন থাকে।—

এই বলিয়া শৈল সেই ঘরের দিগে চাহিয়া দেখে দার থোলা রহিয়াছে। শৈল বলিল চল, সকল প্রস্তুত হইরাছে; কিন্তু তোমার আহারের বড় কট হবে, আনি ফল মূল খাইয়া থাকি, তোমার নিমিত্ত যদি তাহাই আনিয়া গাকে।

মাধন তুমি অর খাও না কেন ?

এই বলির। ছুই জনে সেই ঘরে প্রবেশ করিয়া দেখে গে
মাধবীর নিমিত্ত অরবাঞ্জন পৃথক্ তানে রক্ষিত হইরাছে। উভরে
সানাদি করিয়া আছার করিতে বদিল। এই সময় মাধবী
পুনর্কার জিজ্ঞাসা করিল যে "তুমি অরত্যাগ করিয়াছ কেন্
কোন পীড়া হইয়াছে কি?"

শৈল। পীড়া কিছুই নহে, কে পাক করে তাহা জানি না এই জন্য থাই না। মাধ। কেন? আক্ষণে পাক করে, দেখিতেছ না ইহা দেব-তার প্রসাদী ভোগ।

শৈ। তথাপি আমার স্বপাক আহার করা উচিত।

মাধ। কেন ?

শৈ। আমি বিধবা।

মাধবী আর কোন উত্তর করিল না। আহারান্তে অপর ঘরে গিয়া আবার সেই কথা উত্থাপন করিল।

মাধ। তোমায় কে বলিল যে তুমি বিধবা?

শৈ। একথাকে আর বলে থাকে ? লোকে আপনিই জানিতে পারে।

মাধ। অমন অকল্যাণের কথা আর মুধে এন না, সাধ কল্প এসকল কথা বলিতে নাই।

শৈল। অমি সাধ করে বলি নাই। বিধবা হতে কার কবে সাধ গিয়া থাকে ?

মাধ। তবে তোমার ভ্রম হইরাছে।

শৈ। ভ্রম নহে, তাঁর মৃত্যু আমি স্বচকে দেখিয়ুছি।

মাধ। আমি তা জানি, তুমি মনে করিয়াছিলে বিনোদ বাবু মরিয়াছেন কিন্তু তিনি তখন বাস্তবিক মরেন নাই, কেবল বাক্ রোধ হইয়া পড়িয়াছিলেন। মধ্যে তাঁহার সহিত কয়বার আমার সাক্ষাৎ হইয়াছিল। এখন তিনি ভাল হইয়াছেন শরীরে আর কোন পীড়া নাই।

শৈল অবাক্ হইয়া মাধবীর প্রতি চাহিয়া বহিল। একবার ভাবিল মাধবী উপহাস করিতেছে। আবার ভাবিল মাধবীর মুখ ভঙ্গী সৈরপ নহে। মাধবীর ভ্রম হইয়া থাকিবে, বোধ হয় আর কাহারে দেখিয়া থাকিবে।

শৈলের সন্দেহ মাধবী বৃঝিতে পারিল। মাধবী বলিল

"সন্দেহ করিও না। বিনোদ বাবু নিশ্চয় জীবিত আছেন যে বেহারা ভাহাকে তোমার বাটীহইতে লইয়া গিয়াছিল তাহাদের সহিত আমার আলাপ আছে। আর অন্ত কথা কি ? তোমার দেতোর মা দে দিন আমার সঙ্গে গিয়া জাঁহাকে দেথিয়া কেঁদে মরে।"

শৈল আর কোন কথা কহিল না নীরব হইয়া ভাবিতে লাগিল। অনেকক্ষণ পরে পদদ্য কুঞ্চিত করিয়া ভাল হইয়া বসিল, একবার আপনার শীর্ণ অঙ্গের প্রতি দৃষ্টিপাত করিল। পরিধেয় ছিল্ল ক্ষুদ্র বস্ত্র টানিয়া অঙ্গাবরণ করিল, কক্ষকেশে একবার হাত দিল। তাহার পর কি বলিবে মনে করিয়া মাধবীর দিগে চাহিল, কিন্তু বলিতে পারিল না। মাধবী এই সময় শয়ন করিয়া অনামনক্ষে প্রভারের সংযোগস্থানে নথ দ্বারা মৃত্তিক। খনন করিতেছিল। শৈল কি বলিবে ভাবিয়া তাহার প্রতি যে চাহিতেছিল, তাহা মাধবী দেবিতে পাইল না। শৈল মূপ ফিরাইল।

কিঞ্চিৎ বিলম্বে শৈল আবার সেই কথা জিজ্ঞাসা করিবে ভাবিয়া মাধবীর দিগে চাহিল। মাধবী তথনও অন্যমনস্ক। শৈল কণ্ঠ পরিষ্কার করিবার শব্দ করিল। মাধবী তথন মাথা তুলিল। শৈল এইবার সাহস করিল; হুই তিনবার উদ্যমের পর জিজ্ঞাসা করিল, "আমার কথা কিছু হুইয়াছিল?" মাধবী গন্তীর হুইয়া ক্ষণেক থাকিয়া বলিল, "তোমার কি কথা ?" শৈল আর কোন উত্তর করিল না। উভয়ে অনেক ক্ষণ পর্যান্ত অন্যমনস্ক রহিল।

#### ত্রিংশ পরিচ্ছেদ।

সক্ষা হইল, তথন ও উভয়ে অন্যমনস্ক। শৈল কেন অন্যমনস্ক হইল, তাহার কারণ বৃঝিতে পারা যায় কিন্তু মাধবী কেন অন্যমনস্ক হইল, তাহা বৃঝিতে পারা গেল না। বিনোদ জীবিত আছেন, শৈলের ইহা প্রতীতি করাইয়া অবধি মাধবী অন্যমনস্ক। রাজি হইল; পরস্পার কেই কাহাকেও আর ভাল দেখিতে পাইতিছে না, তখনও উভয়ে নীরব।

এই সময় পশ্চিমদিগের দার দিয়া ঘরে দীপালোক আদিল। আসিবামাত্র শৈল চক্ষু আবরণ করিয়া জিজ্ঞাসা করিল, "দিদি ও কিং" শৈল অনেক কাল আলোক দেখে নাই, সামান্য আলোকও আর তাহার চক্ষে সহে না।

মাধবী আলোকের দিগে চাহিলা দেখিল, রামদাস সরাাসী প্রদীপ হত্তে দাঁড়।ইলা আছে। মাধবী আর কিছু বলিল না; দৈল কোন উত্তর না পাইলা সেইদিগে চাহিতে চেষ্টা করিল কিন্তু পারিল না, মালোক বড় তীর বলিলা বোধ হইল। অংবার মাধবীকে জিজ্ঞানা করিল। এবার মাধবী বলিল, "সল্লাসী আদিয়াছেন।" শৈল অমনি হুই বাহুলারা মাধবীকে দৃঢ় রূপে বন্ধন করিলা ধরিলা বলিল "সল্লাসী! আগে আমার খুন কর, তবে মাধবীকে লইলা যাইও।" সল্লাসী সে কথার কোন উত্তর না দিয়া মাধবীকে উঠিতে বলিল। মাধবী মৃছ হাসিয়া বলিল, "আমার ইচ্ছাক্রে আমি এই খানে থাকি।"

সন্যাসী। ইচ্ছা করিলেই থাকিতে পাবে না।
মাধ। এখানে থাকিলে আপনার কি ক্ষতি?
সন্মা। ক্ষতি থাক আর নাই থাক, তুমি বাহির হও।
মাধ। তেঃমার পায়ে ধরি, আমাকে এখানে থাকিতে দেও,

আমি বাহিরে ঘুরে বুরে জালাতন হরেছি, এখন ছদিন এখানে থাকি। এ উত্তম স্থান; আমার মত লোকের এই স্থানই ভাল।

সন্যা। ভাল হউক মন্দ হউক, তুমি এখানে থাকিতে পাবে না।

মাধ। আমি শৈলকে একা রাখিয়া যাব না।

সল্লা। সহজে না যাও, গলাধরে বাহির করে দিব।

নাধ। কেন এ সকল কথা মুখে আান ? তুমি চিরকাল আমাকে কন্যা বলে যত্ন করেচ, আজ তুমি আমাকে হঠাৎ কেন রুচ কথা বল ৪ ও কথার কেবল মনে ব্যথা বাডে।

সরা।। কন্যাহও আর যাই হও, তুমি এগনই বাহির হও, নত্বা তোমার পক্ষে ভালহবে না। আনাকে রাগাইও না। বাগিলে তোমার ঐক্ষুদ্র প্রাণটি এই খানেই টিপিয়া বাহির করিয়া দিব।

মাধ। আমার প্রাণ বাহির করা বড় শক্ত কাজ নহে। জল-বিষ হইতে বাতাস বাহির করা যত সহজ আমার বুকের ভিতর হইতে প্রাণ•বাহির করা ততই সহজ।

সন্যা। তবে আমার কথা কেন শুন না।

মাধ। এ প্রাণ লইরা আমি কি করিব ? কার জন্য বাঁচিব ?
সন্যাসী ক্ষণেক দাঁড়াইয়া ক্রোধভরে মাধবীর আপাদমস্তক নিরীক্ষণ করিয়া চলিয়া গেল। দ্বার খোলা রহিল, প্রদীপ দ্বলিতে লাগিল। মধবী তথন শৈলের প্রতি চাহিয়া দেখে শৈল পার্শ্বে পড়িয়া রহিয়াছে। প্রথমে শৈল সবলে মাধবীকে ধরিয়াছিল, ক্রমে হুর্জল হইয়া মাধবীকে ছাড়িয়া দিয়া পার্শ্বে

মাধবী স্বত্ত্ব শৈলকে তুলিয়া আপনার ক্রোড়ে শ্রন করাইল, ''ভয় কি দিদি, সন্ন্যাসী গিয়াছে'' এই বলিয়া শৈলকে ভ্রমর।

ব্ঝাইতে লাগিল। শৈল কোন উত্তর না দিয়া চাহিয়া রহিল।
শৈলের ক্রন্ধ কেশরাশি পাষাণ্ময় হর্ম্যোপরে পড়িরাছিল, মাধবী
তাহা ভূলিতেছে, এমত সময় সন্যাসী আবার আসিল। এবার
সন্যাসীর মূর্ত্তি ভ্যানক, হস্তে শূল; সদর্পে কক্ষমধ্যে প্রবেশ
করিয়া মাধবীর সন্থ্যে দৃংড়াইল, একবার বলিল, "এখনও বাহির
হও।"

মাধবী কোন উত্তর করিল না। তথন সন্ত্রাসী শূল উত্তোলন করিয়া থীরে ধীরে হাধবীর বক্ষোপরি তাপন করিয়া পুনরপি বলিল, "এখনও বাহির হও।" মাধবী আপন ফদয়োপরি ত্থাপিত শূল ফলাকার প্রতি দৃষ্টি করিয়া সন্ত্রাসীর মুখপ্রতি চাহিন্ন। মুছভাবে ঈষৎ হাসিল। "এখনও বাহির হও" বলিন্না সন্ত্রাপ্র ইয়া গেল: শূলের অগ্রভাগ বস্ত্রের উপর সন্ত্রিই ছিল, হঠাৎ বস্ত্রের ক্রপের দিলে, মাধবী সন্ত্রাসীর দিকে মুখ ভুলিয়া আবার একটু হাসিল। সন্ত্রাসী রক্ত দেখিতে পাইল। অমনি শূল ভুলিয়া লইল; শূলাপ্রের সঙ্গে রক্ত আরও ছুটিয়া বাহির হইল। রাফদাস শূল ভুলিয়া দেখিল অগ্রভাগে রক্ত লাগিয়াছে। শৈলের অঞ্চলে তাহা পরিস্কার করিয়া চলিন্নাগেল, আর মাধবীর দিকে চাহিল না। প্রদীপ পূর্ব্ব্যক্ত অলিতে লাগিল।

া মাধবী কিয়ৎক্ষণ নতমুখে আপনার রক্তাক বদ্রের প্রতি চাহিয়া রহিল। তাহার পর অঞ্চল দিয়া ক্ষরের বস্তু আবরণ করিয়া শৈলকে তুলিল। শৈল নিদ্রোখিতের ন্যায় চারিদিগ্ দেখিয়া জিজ্ঞাসা করিল, "দিদি সয়্যাসী গিয়াছেল।" পশ্চিম দিকের দ্বার খোলা রহিয়াছে, দেখিয়া শৈল জিজ্ঞাসা করিল, "দ্বার খোলা কেন ? তবে কি সয়্যাসী আবার আসিবে?" নাধবী বলিল, "জানি না, কিছু তবলিয়া যান নাই।"

শৈলের তালু শুদ্ধ হইরা গিরাছিল; জলের কথা স্মরণ হইবা মাত্রদক্ষিপ দিকের স্বারের প্রতি দৃষ্টিপাত করিল। দক্ষিণ দার থোলা রহিরাছে, দেখিয়া শৈল অপর কক্ষে জলপান করিবার নিমিত্ত ধীরে ধীরে উঠিল, মাধবীরও পিপাসা হইবাছিল কিন্তু মাধবী উঠিল না। মাধবী ধীরে ধীরে সারঙ্গটি ক্রোড়ে লইল, একে একে সকল তথ্রী শুলিতে অঙ্গুলি স্পর্শ করিয়া দেখিল। তাইার পর সারঙ্গ বাজিয়া উঠিল, কতক্ষণ বাজিল, তাহা মাধবী আপনিই জানিতে পারে নাই।

মাধবী সারক রাথিয়া ভাবিল, শৈল ওঘরে এতক্ষণ কি করিতেছে। ও ঘরের দিকে চাহিয়া দেখে দার রুদ্ধ রহিয়াছে। শৈল তথায় প্রবেশ করিবামাত্রই দ্বারক্ত্ম হইয়াছিল কিন্তু সেই সময় বাদ্য আরম্ভ হওয়ায় শৈল একাগ্র চিত্তে তাহা শুনিতে-ছিল, দ্বারের প্রতি দৃষ্টিপাত করে নাই। দ্বার কৃদ্ধ হইয়াছিল, বলিয়।ই বাদ্য শৈলের কর্ণে সহা হইয়াছিল। বাদ্য থামিলে শৈল জানিল যে দার রুদ্ধ হইয়াছে। তথন শৈল চীংকার করিয়া মাধ-বীকে ডাকিল; মাধবী উঠিয়া দার খুলিতে গেল; কিন্তু এই দারের कोशन किंছूरे जानिक ना, तुथा यञ्च कतिया क्रांख करेगा शिंडने। তাহার ক্ষত হইতে আবার রক্ত নির্গত হইতে লাগিল, মাধ্রী পড়িয়া অচেতন হইল। শৈল প্রথমে চীৎকার করিয়া মাধ্বীকে ডাকিতেছিল, তাহার পর কাঁদিতে লাগিল, কাঁদিয়া কাঁদিয়া তাহার স্বরভঙ্গ হইরাগেল। থাকিয়া থাকিয়া তাহার ভগ্নর শুনা যাইতে লাগিল। ক্রমে ক্রমে সেই ভগ্নর আরও মত হুইয়া পড়িল, রাত্রি শেষে আর তাহা শুনা গেল না। শৈল তথনও মাধবীকে ডাকিতেছে কিন্তু স্বর ফুটিতেছে না. অথচ ডাকিতেছে।

## বাছবল।

সাংসারিক কার্য্যের নিমিত্ত এপৃথিবীতে নিত্য কত শক্তিবার হইতেছে তাহা অন্থতন করা মন্থ্রেয়ের অসাধ্য, তপাপি একবার অন্থতন করিতে চেষ্টা করা উচিত। কিন্তু সে অন্থতন কি প্রকারে করা যাইবে? আমরা কম্মিন কালে শক্তির নিমিত খ্যাতি লাভ করি না; শক্তি লইয়া বড় একটা কথা বার্তা কই না, কাজেই শক্তিপরিমাণের আমাদের কোন ভাষা নাই। ইংরেজেরা শক্তির আলোচনা করিয়া থাকেন, তাঁহাদের মধ্যে শক্তিপরিমাণের উপায় আছে, ভাষাও আছে। এই দুবা স্থানান্তর করিতে কত শক্তি লাগিবে জিজ্ঞাসা করিলে তাঁহারা শক্তি পরিমাণ করেন। আমাদের পূর্ব্বপূক্ষ দিগের মধ্যে হত্তিবল দারা শক্তি পরিমিত হইত; তাঁহারা আপনারা শক্তিমান্ ছিলেন. শক্তির পরিমাণ করিতে পারিতেন। একণে আমরা দুর্ব্বল, আমাদের মধ্যে শক্তিপরিমাণের কোন কথা নাই।

কিন্তু আমর। যতই ছুর্পল হই না কেন, আমাদের মধো
শক্তি নিতা বাবহৃত ইইতেছে; শক্তি না থাকিলে সংসারের
কোন কার্য্যই নির্দ্ধাহ হয় না। আমাদের এই ছুর্পল অবস্থাস
নিত্য কত শক্তি ব্যবহার ইইয়া থাকে, তাহা অমুভব করিছে
ইইলে আশ্চর্য্য ইইতে ইইবে। কেবল জল আহরণ সম্বন্ধে নিত্য
কত শক্তি ব্যরিত হয় তাহা অমুভব করিয়া দেখুন; জলের কলস
অনবরত পুদ্ধরিণী ইইতে পূর্ণ করিয়া আনিতে ইইতেছে; প্রত্যেক
বার জল আনিতে কত শক্তিব্যেয় হয়? প্রত্যেক সংসারে জলের
নিমিন্ত নিত্য কত শক্তির আবশ্রকতা হয়? তাহার পর অমুভব
করুন, প্রত্যেক গ্রাম জলের নিমিন্ত কত শক্তিব্যায় হয়। শেষ

অনুভব করুন, বাঙ্গালার সমস্ত গ্রামে কেবল এই এক বিষয়ে নিতা কত শক্তিব্যয় হয়।

এইরপে আবার ক্ষিকশ্ব, গৃহনিশ্বাণ, বাণিজ্য প্রভৃতি কার্য্যে নিত্য কত শক্তিব্যয় হইতেছে। এই শক্তিহীন বাঙ্গালায় প্রতাহ যে শক্তি বায়িত হইতেছে তাহার অতি সামান্ত অংশ অন্তব্ত করিতে পারিলে শরীর রোমাঞ্চিত হইবে। নিত্য এইরূপে সমস্ত পৃথিবীতে কত শক্তিব্যয় হয়, তাহা অন্তব করিতে চেষ্টা করন। তাহার পর ক্রিষ্টি হইতে অদ্য পর্যান্ত পৃথিবীতে কত শক্তিব্যয় হইয়াছে, তাহা অন্তব করন, কিন্তু তাহা অন্তব করা মন্ত্র্যোর অসাধ্য, সে অন্তব করিতে পারিলে স্বরং মহাদেবও অবাক্ হইবেন। এত শক্তির বায় হইয়া গিরাছে, এত শক্তি নিত্য বায়িত হইতেছে, তথাপি শক্তি কৃত্রা না! শক্তি অনন্ত! তাহাই ব্যি আমাদের পূর্বপুরুষ শক্তির পূজা করিতেন!

পূজার নিমিত্ত শক্তির নানাপ্রকার রূপ করিত ইইয়াছে। সে
সকল মূর্ত্তিরু প্রতি বিশেষ মনোযোগ করিলে স্পষ্ট বোধ ইইবে,
তাঁহারা যে শক্তি পূজা করিয়া গিয়াছেন এবং অদ্যাপি আমরা যে
শক্তি পূজা করিতেছি, তাহা কেবছ বাহুবল, অন্য শক্তি নহে।
শক্তির মূর্ত্তি দৃষ্টি করুন; কোন প্রতিমা চতুর্ভু জা, কোনটি ষড় ভূজা,
কোনটি দশভূজা। অধিক বল কয়না করিবার নিমিত্ত অধিক
বাহু কয়না করা ইইয়াছে। আবার সেই সকল বাহুর প্রতি
দৃষ্টি করুন; তাহার কোনটিতে খ্জা, কোনটিতে শূল, কোনটিতে
মূষল, এইরূপ নানাবিধ বাহুবলব্যঞ্জক অস্ত্র রহিয়াছে। অতএব
আমরা বাহুবলের পূজা করিয়া থাকি, তাহার আর সন্দেহ নাই।

নহুষ্যের আদিম অবস্থার বাহুবলই সর্বস্থ, বাহুবল থাকিলে আব কিছুরই অপ্রতুল থাকে না। এ অবস্থায় সকলি আপন আপান রক্ষক। যাহার বাছবল থাকে, কেবল সেই আত্মরক্ষায় সমর্থ হয়, কেবল সেই আত্মোদর পূরণ করিতে সমর্থ হয়। বাছবল শা থাকিলে আদিম অবস্থায় প্রাণধারণ করা অতি কঠিন। অতএব এই অবস্থায় বাছবল মথার্থই পূজা।

আদিম অবস্থার পর যতই সমাজের উন্নতি হইতে থাকে, ততই অধিক বলের প্রয়োজন হয়। প্রথমে, আত্মরকা, প্র হনন প্রভৃতি তুই চারিটি বিষয়ে বলের প্রয়োজন হইত কিন্তু সামাজিক উন্নতির সর্পে সঙ্গে নানা বিষয়ে বলের প্রয়োজন হইতে থাকে। অধিক বলের প্রয়োজন হয় বটে, কিন্তু বাত-বলের প্রয়োজন আর পূর্বমত থাকে না। বাছবল, আর শারীরিক বল, আমরা এক অর্থে গ্রহণ করিয়া বলিতেছি। ্র-আদিম অবস্থার পার কৃষি কর্মা আরম্ভ হয়। ভূমি কর্ষণে বিস্তর বাছবল প্রয়োজনীয় কিন্তু এই সময় মনুষোরা পশুদিগকে বশ করিতে শিথে: ভূমিকর্ষণের অনেক কর্ম পশুদিগের দ্বারা সম্পাদিত হইতে থাকে। দ্রবাদি গৃহে আনিতে হইলে বা অন্ত স্থানে লইয়া যাইতে হইলে, গো মহিষাদি আদিয়া সে কার্য্য সম্পন্ন করে, সে কার্য্যে আর আমাদের শারীরিক বল ব্যায়িত হয় না। আদিম অবস্থায় সকল বিষয়ে আমাদের আপন আপন বাস্ত্রবলের উপর সম্পূর্ণ নির্ভর করিতে হয়। তাহার পর অবস্থায় আমাদের নিজ বাছবলের প্রতি নির্ভর করিলে যে সকল কার্য্য কল্মিন কালে আমরা উদ্ধার করিতে পারিতাম না. তাহা অখ, গজ প্রভৃতির শারীরিক বলের সাহায্যে অনা-য়াদে উদ্ধার হইতে থাকে। যাহা আমরা ভাঙ্গিতে কি তুলিতে পারি না, তাহা হস্তী দারা ভাঙ্গাই, বা তুলাই: অথবা যাহা আমাদের আপনাকে বহন করিতে হইত, তাহা অশ্ব গবাদি

দ্বারা বহন করাই। আদিম অবস্থাপেক্ষা এই অবস্থায় বলবায়

অধিক হর বটে কিন্তু সে সমুদর বল আমাদের আপনাদের শারীরিক বল নহে, তাহার অনেকাংশ পশুর বল। আদিম অবস্থার পর এই দ্বিতীয় অবস্থাকে শ্বরণ রাথিবার নিমিত্ত আপাতত পাশব বলিব।

এই পাশব সবস্থার পর, সমাজের তৃতীয় সবস্থায় নানাবিধ শিল্প যাস্ত্রের স্থাষ্ট হয়। আমাদের শারীরিক শক্তির আবশাকত। তখন আরও কমিয়া যায়। যে কার্য্যে শতজনের বাত্রল আব-শাক হইত, সেই কার্য্য এক্ষণে একজনের বাত্রলে সম্পান হইতে পাকে। যে ভার শত লোকে তুলিতে পারিত না, সেই ভার এক্ষণে কপি কল, বা কপি যজের ছারা তৃই চারিজনে তুলে। সমাজের এই অবস্থাকে শিল্লাবস্থা বলিলে নিতান্ত সভায় শ্রু না।

তাহার পর সমাজের বৈজ্ঞানিক অবস্থা। বিজ্ঞান বলে অসাধ্যসাধন হয়। তথন অগ্নি, বায়ু, বরুণ, পরস্পর সকলেই সমাজের দাসত্ব স্থাকার করে। তথন তাহারা আমাদের গাড়ি টানে, নৌকা চালায়, জল সেচে; আমাদের বলের কত সাশ্রয় করে। দিল্লি হইতে এক দিবসের মধ্যে দ্রবাদি আনিতে হইলে, অগ্নি, বরুণ রেলের গাড়িতে করিয়া দ্রবাদি অবিলম্বে আনিয়া দেয়; সমুদ্রপারে দ্রবাদি শীঘ্র পাঠাইতে হইলে, অগ্নি, বায়ু, বরুণ কলের জাহাজে করিয়া দ্রবাদি লইয়া ছুটে। সমুদ্রে তোমার দ্রবাদি ভ্রিয়াছে, আকাশ হইতে বিছাৎ আসিয়া তোমার দ্রবাদি ভ্রিয়াছিল; বিজ্ঞান আমাদের বাহুবলের কার্য্য করিতেছে, অনেক সময় আমাদের বাহুবলের অতিরিক্ত কার্য্য করিতেছে। কাজেই বাহুবলের সপ্রভুত হয়, পরে তাহা আর

হইবে না। বৈজ্ঞানিক অবস্থার এই প্রথম আরস্ত মাত্র, ইহার পরে আর কি হর বলা যার না।

যে চারি অবস্থা সংক্ষেপে বিবৃত হইল তদ্বারা হুইটি মূল বিষয় উপলব্ধ হইতেছে।

প্রথম বিষয়। অসভ্যাবস্থা অপেক্ষা সভ্যাবস্থায় বলবায় অধিক হয়। সমাজ যত উন্নত হইবে, বলবায় ওতই বাড়িবে। বলবায় স্থগিত কর, সমাজের উন্নতিও স্থগিত হইবে। কোন সমাজে বলবায় কত হয়, জানিতে পারিলে, সেসমাজের উন্নতির সবস্থা বৃথিতে পারা যায়। যে সমাজে এক কোট লোক আছে, সে সমাজে যদি এক কোটি লোকের উপযুক্ত বলবায় হয়, তবে বলিব দে, সে সমাজের আদিম অবস্থা মাত্র, তাহার কোন উন্নতি হয়নিই। আর যে সমাজের এক কোটি লোক আছে কিন্তু শত কোটি লোকের উপনোগী বলবায় হয়, সে সমাজের বৈজ্ঞানিক অবস্থা বলিব, সে সমাজের বিলক্ষণ উন্নত।

এই সঙ্গে আর একটি কথা মনে পড়ে। পূর্ব্বকালের রাজারা প্রজাবৃদ্ধির বড় উৎসাহ দিতেন। তাঁহারা মনে করি তেন প্রজা বাড়াইলে রাজাের বলর্দ্ধি হইবে। তাঁহারা একণে জীবিত থাকিলে বৃথিতে পারিতেন, যে প্রজার্গদি না হইরাও রাজাের বলর্দ্ধি হইরতে পারে। বাঙ্গালার একণে অতিশয় প্রজার্দ্ধি হইরাছে, অপচ বলর্দ্ধি হর নাই। সমাজােরতির একটি বিশেষ লক্ষণ এই যে সমাজে যত লােক থাকে, উরত সমাজ তাহার অতিরক্তি লােকের বল ধারণ করে। যে সমাজে শত লােক আছে, সে সমাজ উরত হইলে সহত্র লােকের কার্য্য করিবে, সহত্র লােকের সঙ্গে তুলা হইবে; আবার সে সমাজ আর একটু উরত হইলে সেই শতলােক শতসহত্র লােকের বল বায় করিতে সক্ষম হইবে কিন্তু তাহা বলিয়া যে সেই শত

লোকের শারীরিক বল বাড়িবে তাহা নহে। তাহাদের বৈজ্ঞানিক বল বাড়িবে।

দিতীয় বিষয়। সমাজের বল বৃদ্ধি হইলে সজে সঙ্গে কেবল বাহবল বৃদ্ধি হয় না। বৈজ্ঞানিক বল যে কতন্ত্র বৃদ্ধি হইতে পারে,তাহার সীমা নাই, কিন্তু বাহুবলের সীমা আছে। আদিম অবস্থায় বাহুবলে সেই সীমাপ্রাপ্ত হয়; সে অবস্থায় বাহুবলে ভিন্ন আর উপায় পাকে না, কাজেই সেই বলের সম্পূর্ণ চালনা হইতে পাকে। পাশব অবস্থায় বাহুবলের চালনা লোপ হয় না, তথনও বাহুবলের বিলক্ষণ গৌরব থাকে; কিন্তু শিল্পাব স্থায় বিহুবলের আর বিশেষ আলোচনা আবশ্রুক হয় না; যাহা বাহুবলের আর বিশেষ আলোচনা আবশ্রুক হয় না; যাহা বাহুবলে হইত, তাহা বিজ্ঞান বলে হইতে পাকে। যুদ্ধের উপাক্ষরণ এহণ করিলে এ কথার কৃত্যক মীমাংসা হইবে।

আদিম অবস্থায় মন্ত্ৰমুদ্ধ; বাহনলে বাহনলে সুদ্ধ চইরা থাকে: বেদিকে বাহনল অধিক, সেই দিকেই জর। তাহার পর কাষ্ঠ নির্মিত বা লোহ নির্মিত অস্ত্র বাবসত হইতে থাকে। তথনও বাহনলের প্রয়োজন: বাহনল অনুসারে অস্ত্র নির্মিপ্ত হয়, বেদিকে বাহনল অধিক সেই দিকেই জয়লাভ হয়। শেষ বৈজ্ঞানিক অস্ত্র প্রযুক্ত হইতে আরম্ভ হইলে আর অস্ত্র নির্মেণ পের জন্ম বিশেষ বাহনলের প্রয়োজন হয় না। তথন বলিছ ও হ্র্কলের গুলি শক্ত সংহারে তুলাই কার্য্য করে।

বে পর্যান্ত যুদ্ধে বৈজ্ঞানিক অন্ধ প্রযুক্ত হইরাছে, সেই পর্যান্ত যোদ্ধার বাহুবিক্রম লোপ পাইরাছে। এক্ষণে কোন্ যোদ্ধা বাহুবলের নিমিন্ত বিখ্যাত ? এক্ষণকার যুদ্ধ প্রায় অন্ধ শাল্কের অন্তর্গত হইয়া পড়িয়াছে।

যুদ্ধে পূর্বেষ যত বলবায় হইত, এক্ষণে তদ্পেকা অধিক

বায় হইতেছে বটে, কিন্তু পূর্ব্বে যত বাত্বলের আবশ্রকতা হইত, এক্ষণে তাহার শতাংশের একাংশও হয় না। বনিজ্যেও ঐ রূপ। পূর্বের বানিজ্য উপলক্ষে যত শারীরিক বল আবশ্রক হইত, এক্ষণে তত আবশ্রক হয় না, অথচ পূর্ব্বাপেক্ষা বানিজ্যে অধিক বলবায় হইতেছে। যুদ্ধ কি বানিজ্যে এক্ষণে বে অতিরিক্ত বল বায় হইতেছে, তাহা অধিকাংশই বৈজ্ঞানিক বল। পূর্বের বাহ্বল প্রধান ছিল, এক্ষণে বৈজ্ঞানিক বল প্রধান হইত্রাছে; বৈজ্ঞানিক বল ভিন্ন সমাজের মঙ্গল নাই। যাহারা বাঙ্গালার মঙ্গলাকাজ্জী, তাঁহারা আরও বৈজ্ঞানিক বলের উন্নতি সাধন কর্মন। বাহ্বলের সময় গিয়াছে, বৈজ্ঞানিক অবস্থায় যে পরিমাণে বাহ্বল প্রয়োজন, তাহা বোধ হয় আমাদের যথেষ্ট ক্লাছে।

### সৎকার।

সকল দেশে এবং সকল ধর্মাবলম্বীর মধ্যে অন্ত্যেষ্টিক্রিয়ার ।
ভিন্ন ভিন্ন প্রথা আছে, কোপাও বা দাহ করা রীতি কোপাও বা নাংসাশী পশু পক্ষী দ্বারা মৃতদেহ ভক্ষণ করাইবার রীতি, কো থায়ও বা সমাধি দেওয়া প্রথা প্রচলিত। ইহার মধ্যে বোধ হয়, পৃথিবীস্থ তৃতীয়াংশ ময়্মা এই শেষ প্রপাবলম্বী। মৃত্তিকাভাতরে অনেক দিন পর্যান্ত শবদেহ বিনষ্ট হয় না। যদাপি কাষ্ঠের সিন্দুকে করিয়া মৃত্তিকাশায়ী করা হয়, তবে ঐ দেহ প্রায় আট দশ বৎসর পর্যান্ত থাকে। পুরাকালে মিশর দেশে মৃত্যুর পর উদর হইতে অন্ত্রী নির্গত করিয়া একপ্রকার মশলা পূর্ণ করিয়া আত্মীয় কুটুষেরা নিজ নিজ সমাধিস্থলে বসাইয়া রাথিয়া আদিত। এই অবস্থায় সহস্র বৎসর পর্যান্ত ঐ শরীর

অবিনষ্ট থাকিত। অদ্যাপিও ঐ শুক্ষ দেহ (মামী) কোন কোন
মিউজিয়মে দেখিতে পাওয়া যায়। নিজ নিজ ভূতে বিলয়প্রাপ্ত
হওয়া বোধ হয় শরীরের শেষ উদ্দেশ্য। দয় করিলে পর শরীর
শীঘ্রই ঐ পরিবর্ত্তন প্রাপ্ত হয়। মৃতিকাসাৎ হইলে ঐ পরিবর্ত্তনে কালবিলম্ব হইয়া থাকে। যতদিন পর্যান্ত উহার ধ্বংস না
হয়,ততদিন মৃতশরীর হইতে পৃতিময় অস্বাস্থ্যকর বায় উৎপাদিত
হইতে থাকে। এই জন্ত গোরস্থান সমিহিত আবাস অস্বাস্থ্যকর বলিয়া পরিগণিত। মৃতদেহ দাহ করিলে স্বাস্থ্য সম্বদ্ধে সে
আশেষ্কা নাই বলিয়া এখন ইউরোপীয় স্ক্সন্ত্য দেশে দাহ প্রথা
প্রচলিত করিবার আন্দোলন হইতেছে। জারসানী দেশে অনেক
ফানে লৌহময় চিতা প্রস্তত হইয়াছে এবং তণায় অল সময় মধো
আনেক শবদাহ হইয়াছে। ঐ বয়ে এক ঘণ্টার মধ্যে সমত
শরীর ভন্মীভূত হইয়া অতালমাত্র থাকে। স্বজনবর্গ তাহাই
স্বত্তে একত্র করিয়া রৌপায়য় পাত্রে য়েহ-নিদর্শনস্বরূপ লইয়া
যান।

আমাদ্ধিগের দেশে দাহ করিবার যে রীতি আছে, তাহা নিতান্ত নিষ্ঠুর। শবদেহ চিতার উপর শমান করাইরা সন্তান দারা তাহার মুখাগ্নি করান গৈশাচিক কার্যা। আবার তত্পরি মধ্যে মধ্যে লগুড়াখাত করা আরও নিষ্ঠুরতা। ব

সামর্থনীন লোকেরা নদীতীরে মৃতশরীর নিক্ষেপ করিয়া যায়। তথার শৃগাল কুকুরে এক রাত্তের মধ্যে উহার অন্থি-বাতীত সম্দার নিঃশেষ করিয়া রাখে। স্বাস্থ্য সম্বন্ধে শৃগাল, কুকুরেরা আমাদিগের পলীগ্রামে কত প্রয়োজনীয় তাহা সহ-ভেই উপলব্ধি হইবেক। ইহারাই তথাকার মিউনিসিপাল কার্যোর তত্তাবধারক।

পারসী দিগের মধ্যে অস্টেষ্টিক্রিয়ার স্বতন্ত্র প্রথা। তাহারা

মৃত্যুর পর ঐ দেহ নদীতীরস্থ সমাধি স্থলে এক উচ্চ স্তস্তোপরি রাথিয়া আসে। তথায় শকুনী শীনধিনী আসিয়া অত্যন্ত্র সময়ন্দ্রে উহা থণ্ড থণ্ড কবির। ফেলে। ভক্ষণের পর অবশিষ্টাংশ নিমস্থ জলে পতিত হইয়া মংস্থা প্রভৃতি জলজ্জুর আহার হয়। আত্মীয়বর্গেরা দূরহইতে ঐ স্থাভেদী দূশ্য লক্ষ্য করিতে থাকেন এবং যদ্যাপি মৃতদেতের চক্ষ্য শকুনীগারা স্পর্যাগ্রে ভক্ষিত হইতে দেখেন, তবে আত্মীয় প্রশাল্যাভিলেন মনে করিয়া আনন্দ লাভ করেন। পশু পক্ষীর হার্যা মৃতদেহ ভক্ষণ করান, শুনিতে নিহুরতা কিন্তু মৃত্যুর পর প্রের উপকারে কলেবর সমর্পণ করা এই প্রথার প্রধান উদ্দেশ্য।

দেশতেদে যে প্রকার অন্তেটি ক্রিয়ার প্রাণা ভেদ আছে । ক্রিয়ার ক্রাবার সংকারের সময়ভেদ আছে । ক্রামাদিশের দেশে মৃত্যুর অব্যবহিত পরেই উক্ত কার্য্য সম্পান হয় এবং শরীরের উত্তাপ স্কজেও দেহ চিতাশারী করা হয় । এপ্রকার তৎপর হইবার কারণ প্রথমতঃ এদেশে উত্তাপ প্রবল, কাল-বিলম্ব করিলে দেহ পচিতে আরম্ভ ইবার সন্তাবনা। দিতীয়তঃ সংকার কার্য্য যতক্ষণ সামাদা না হয় ততক্ষণ বালক বালিকাদিগকে অনাহারী পাক্তিতে হয় । তৃতীয়তঃ যতক্ষণ পর্যায় মৃতদেহ আত্মীয়বর্শের নয়নগোচর থাকে ততক্ষণ পর্যায় মৃতদেহ আত্মীয়বর্শের নয়নগোচর থাকে ততক্ষণ পর্যায় শোক প্রবল থাকে। এই শেষ বিষয়ে ইংলাগ্রীয়দিগের মানদিক অবতার আমাদের সঙ্গে সম্পূর্ণ বিভিন্নতা দেখা যায় । যতক্ষণ পর্যায় মৃতদেহ গৃহে থাকে ততক্ষণ পর্যান্ত ভাহারা ধৈর্যা ও শোক সম্বরণ করিয়া থাকেন । তৎপরে শব বাহির করিবার সময় মৃত বাক্তি চিরকালের জন্ম অদৃশ্য হওয়ায় তাহাদের শোক একবারে উছলিয়া উঠে।

खेश्र ¥ं



OF 1 -0

# মাসিক পত্র।

১ম গণ্ড।

टेहज ১२৮১।

ं (३२ मश्था)।

# সরস্বতীর সহিত লক্ষীর আপস।

এই প্রবন্ধটি আমরা বহুদিন হইল প্রাপ্ত হইয়াছি, কিন্তু যথাসময়ে প্রকাশ করিতে পারি নাই।

সং

এক দিবদ বৈকুঠে লক্ষ্মী অন্তঃপুরে বিদিয়া পাদপদ্মে অলক্তক পরিতেছেন, এমত সময় স্বয়ং ভগবান্ জনার্দ্দন কতক গুলিন বঙ্গদেশীয় সম্বাদপত্র হস্তে লইয়া তথায় উপস্থিত ইইলেন। এবং নিকটে বিদিয়া লক্ষ্মীর করকমল আপন হস্তমধ্যে লইয়া ক্রীড়া করিতে করিতে বলিলেন, "হে কমলা, আমি কিঞ্চিৎ বিপদ্প্রস্ত ইইয়া তোমার নিক্ট আসিয়াছি। তুমি বলিবে বিষ্ণুর আবার বিপদ্ কি? আমার বিপদ্ আছে; স্মরণ করিয়া দেখ, অনেকবার বিপদে পড়িয়াছিলাম; সম্প্রতি আবার বিপদে পড়িয়াছি। এই সকল সমাচার পত্র পড়িয়া দেখ, বাঙ্গালায় তুর্ভিক্ষ উপস্থিত। শিব সংহারকর্ত্তা, মহুষ্য মরিলেই তাঁহার খোষনাম।
আনি পালনকর্ত্তা, অপালনে বাঙ্গালি মরিলে আমার বদনাম,
ইহার নিমিত্ত একাস্ত পদচূতে না হই, অভাবপক্ষে থে প্রারশ্তিত্ত
করিতে হইবে, তাহার সন্দেহ নাই, অপালন দোষের প্রায়শ্তিত্ত
কি তাহা জান ত ?"

লক্ষী একে একে সম্বাদপত্ত গুলিন পড়িয়া তাহা স্বামীর হল্তে পুনুরপূদ্দ করিয়া জিজ্ঞাসা করিলেন, এক্ষনে উপায় ?

নারায়ণ বলিলেন, এক্ষণে উপায় তুমি। তুনি যদি একবার বাঙ্গালায় যাও, তাহা হইলে বাঙ্গালির সকল ক্লেশ নিবারণ হয়। মনে করে দেখ, তুমি অনেক কাল বাঙ্গালায় যাও নাই। বাঙ্গালিরা তোমার নিতান্ত অনুগত; তুমি একবারও যাও না, অথচ উহিারা প্রায় প্রতিমাদে তোমার পূজা করে।

লক্ষী উত্তর করিলেন, আনি মাইনা কিন্তু আমার পেচক গিয়া থাকে। আমি ধে যাইনা, তাহার কারণ আছে। শুনি-রাছি ইদানীং সরস্থতী নাকি বাঙ্গালায় যাতারাত করিতেছে, সূরস্থতীর সঙ্গে আমার চিরবিরে:ধ, সরস্থতী বাঞ্লায় গেলে আমি যাব না।

নারায়ণ বলিলেন, যে কথা শুনিয়াচ, তাহা মিথাা। সরস্থানীও বলিয়া থাকেন, যে এক্ষণে বাঙ্গালায় লক্ষ্মী যাতায়াত
করিতেছেন, অতএব আমি যাব না। এইরপে বাঙ্গালার প্রতি
তোমাদের উভয়ের অবত্ব জন্মিরাচে। সময় পাইয়া মনসা,
শীতলা, ওলাদেবী প্রভৃতি বাঙ্গালা এক্ষণে অধিকার করিয়াছে।
ইক্ষা ত ভাল নহে। আর সরস্বতী বাঙ্গালায় যাতায়াত করিতেতেন, শুনিয়া যে ভূমি বাঙ্গালায় যাবে না, তাহাও ত ভাল নহে।
তাঁহার প্রতি ভোমার এত বিছেষ কেন? সময়ে সময়ে দেখিয়াছি ভূমি সরস্বতীর সহিত এক ঘরে বাস করিয়াচ, আবার

বিরোধও করিরাছ। ইহা কেবল তোমাদের স্ত্রী স্বভাব বশতঃ হটরা থাকে। সে য'হ ই হটক একণে আর বিরোধ করিও না। আনি বৃদ্ধ হটরাছি, তোমরা উভয়ে মিলিত হটরা আমার সম্ভ্রম রক্ষা কর। তৃমি আদাই একবার বাঙ্গালায় যাও। তথায় তোমার নিমিত্ত পূজার আয়োজন হটর ছে।

দক্ষী বনিলেন, প্রভো! আমি কথনই আপনার অবাধা হই নাই। আগনি অনুমতি করিতেছেন, আমি অবশা যাইব। কিন্তু আমার সঙ্গে লোক দিতে হইবে, বার্গালার একা যাইতে আমার বড় ভর করে। বছকাল হইল একবার ছুর্গোৎসবের পরে বাঙ্গালার গিয়া বড় বিপদে পড়িয়াছিলাম। সকল বাঁড়িতেই দেখি যে এক বিকটাকার নির্ভ্জি মাগি উলঙ্গ হইয়া আপন স্বানীর বুকে টাড়াইয়া আছে—আর বাঙ্গালিরা ভাহাকে মা মা বলিয়া চীৎকার করিতেছে। মাগির হাতে নরমুগু, অঙ্গে ক্ষির, ওঠে ক্ষির, দত্তে ক্ষির, মাগি বুঝি মানুষ খাইয়াছে, আমার দেখিয়া ভয় হইল, আমি পলাইলাম। আনার সেই পর্যান্ত বাঙ্গালায় যাইতে ভুয় হয়।

নার্রণ বলিলেন, তুমি অলতেই ভর পাও, কিছুই তর্লস্তুনী করিয়া পলাও এই তোনার দোব। যাহা দেখিয়াছিলে তাহা গঠিত প্রতিমা মাতা। বাঙ্গালিরা ভগবতীর এই প্রকার রূপ কল্লা করিয়া পূজা করিয়াছিল। লক্ষী শিহরিয়া বলিলেন, সেকি জনার্দন! ভগবতীর দেব মূর্ভি থাকিতে বাঙ্গালিরা কেন পৈশাচিক মূর্ত্তি অঞ্ভব করিয়া লইলছে? জনার্দন বলিলেন, বোধ হয় যে যেনন, সে সেইরপ দেবদেবী চায়, নতুবা ভক্তি করিতে পারে না, তাহাই তাহারা আপনাদের জগজ্জননীর এইরপ মূর্ত্তি বাছিয়া লইলছে। লক্ষী বলিলেন, মনুষোরা যে দেবতাকে ভক্তি করে, সতত তাঁহার অঞ্করণ করে। বাঙ্গালিরা যদি এই

মূর্ত্তির অতুকরণ করিয়া থাকে, তবে বাঙ্গালা কি ভয়ানক স্থান হইয়া উঠিয়াছে ৪ অতএব আমি আর তথায় যাইব না।

নারায়ণ ঈথং হাদিয়া বলিলেন, বাঙ্গালিরা এক সময় বড় বাড়াবাড়ি করিয়াছিল সতা, কিন্তু এক্সণে সে দকল নাই, তবে ছই একটি সামান্য বিষয়ে এই মূর্ত্তির কিঞ্চিৎ চিহ্ন দেখিতে পাওয়া যায়। বাঙ্গালায় এক্ষণে পুরুষেরা স্ত্রীচরণে আপনাদিগের বুক পাতিয়া দিয়া থাকে, এবং স্ত্রীকে উলঙ্গ করিয়া রাখিবার নিমিত্ত শাস্তিপুরে ধুতি পরাইয়া দেয়, এতদ্ভিন্ন আর কোন অফুকরণ চিহ্ন আমি দেখিতে পাই না। মৎস্ত হত্যা ব্যতীত বাঙ্গালায় আর কোন হত্যা প্রায় নাই। বঁটী ব্যতীত আর কোন অস্ত্র নাই—অতএব বাঙ্গালায় কোন ভয় নাই, কোন পৈশাচিক নিয়ম নাই। অদ্য পূর্ণিমা তুমি একবার বাঙ্গালায় যাও।

লক্ষী যে আজ্ঞা বলিয়া উদ্যোগ করিতে কক্ষান্তরে গেলেন। নারায়ণ আনন্দোৎকুল্ল লোচনে লক্ষ্মীর অলক্তক শোভিত পাদপদ্ম দেখিতে দেখিতে সদর বাটীতে চলিলেন।

পর দিবস অপরাহে নারায়ণ অন্তঃপুরে আসিয়া৻পরিচারিকাকে লক্ষীর প্রত্যাগমন বার্ডা জিজ্ঞাসা করিলেন। পরিচারিকা
বলিলেন, ভ্বনেশ্বরী বাঙ্গালা হইতে আসিয়া শয়ন করিয়া
আছেন, তাঁহার পীড়া বোধ হইরাছে। শুনিতেছি জর হইয়াছে।
নারায়ণ ভাবিলেন, অনেক কালের পর বাঙ্গালিরা লক্ষীকে গৃহে
পাইয়া অতিরিক্ত আহার করাইয়া পাকিবে। স্কীজাতি সর্ব্বদাই
লোভ পরবশ; লোভ সম্বরণ করিতে না পারায় পীড়া বোধ
হইয়াছে। এই ভাবিতে ভাবিতে নারায়ণ শয়ন কক্ষে প্রবেশ
করিয়া দেখন লক্ষী শিরঃপীড়ায় বড় কাতর, আর শ্লেমায় তাঁহাকে
আচ্ছেম করিয়াছে। নারায়ণকে দেখিয়া লক্ষী কাঁদিয়া উঠিলেন,
বলিলেন, বাঙ্গালায় বড় কই পাইয়াছি। নারায়ণ বহু যত্ত্ব

### সরস্থতীর সহিত লক্ষ্মীর আপস। ২৮৭

সাম্বনা করিয়া বিরিনি কোম্পানির দোকান ইইতে হ্যিওপাথির পলসাটিনা ঔষধি তৎক্ষণাৎ আনাইয়া এক মাতা খাওয়াইয়া मित्नन। तम्थिएक तम्भित्क लाखी कारवामा इनेबा केंकित्मन। পরে নারায়ণের অনুরোধানুসারে আপন ক্লেশ বর্ণনা করিতে লাগিলেন। বলিলেন, প্রভো, বাঙ্গালার যাইরা প্রথমে আমি একটি মনোহর গ্রহের উপাবন দেখিয়া বড় গ্রীতি লাভ করিলাম। ক্ষুদ্র কুদ্র কুদ্র কুদ্র কুদ্র কুটিয়া হাসিতেছে—নিকটে ছে।ট ছোট ছেলে গুলি হাসিতে হাসিতে দৌডিতেছে। গ্রাভান্তর আরো মনোহর; কক্ষপ্রাচীর অমল খেত, স্থানে স্থানে স্বর্ণবেষ্টিত পট, হর্মাতলে বিবিধ বিচিত্র আসন। সকল স্থানে, সকল দ্রবা পরিস্কার, প্রিত্র, যেন দেরতাদিংগর নিনিত্ত রক্ষিত। কোপাও কোন অস্থ্য শদ নাই-কল্ছ নাই-স্কল্ই শান্ত: সকলে যেন আমার প্রতীক্ষা করিতেছে। আমি প্রায় ভাবে বনিতে উদেয়াগ করিতেচি, এমত সময় সঙ্গিনী আমার অঞ্ল টানিয়া মৃত্ন স্বরে বলিল কর কিং এ তোমার অবস্থিতির স্থান আমি ভ্রিবামাত্রই নহে, শীল্পলাও এ শ্লেফের গুচ। পথে যাইতে যাইতে ভাবিলাম মেচছগৃহ যদি এরাপ পরিস্কার, তবে না জানি হিদ্যুত্ আবো কতই পরিস্কার বাঙ্গালি পূর্বাপেক। কত উরত হইরাছে; আমি বাঙ্গালার আসি নাই ভাগতে বাঙ্গালার কোন ক্ষতি হয় নাই।

এইরপ ভাবিতে ভাবিতে বাইতেছিলান এমত সময় সঞ্চিনী বলিল ''এই গৃহে প্রবেশ করন এ গৃহ হিন্দুর।'' আনি প্রথমে কিঞ্চিং ইতস্ততঃ করিলান, কিন্তু শেবে সঞ্চিনীর কপান্তু-সারে অনরে প্রবেশ করিরা আমার নিমিত্ত রক্ষিত আমনে উপবেশন করিরা চতুদ্দিগ্ অবলোকন করিতে লাগিলাম। দেখি ঘরটি অতি ক্ষুদ্র, জ্লগিক্ত, এবং অপরিস্কার; হুর্মাতল স্প্রতি

२४४

প্রকালিত হইয়াছে, সম্পূর্ণ রূপে মার্জ্জিত হয় নাই এবং গোময় সংযোগে তাহা আবার কর্দমময় ইইয়াছে; তত্বপরি ত্ই এক পদ বিচরণ করিয়াই আমার অলক্তক রাগ লুপু ইইল এবং তৎপরি বর্ত্তে কর্দমের প্রলেপ লাগিল, বসিতে কন্ত হইল, সংস্পর্শে তাহা আবার বস্ত্রে লাগিতে লাগিল। ঘরে কেবল গোময়ের হুর্গন্ধ। দেওয়ালের কোন কোন ভাগে চ্নকাম করা পরিস্কার, আবার কোন ভাগ হইতে চ্নকাম খসিয়া গিয়াছে, ইন্তক দেখা দিতেছে এবং তাহার মধ্যে গর্ভ করিয়া কীট পতঙ্গরা আশ্র লইয়াছে।

এই সকল দেখিয়া মনে মনে ভাবিতেছি যে, বাঙ্গালার হিন্দু-রাই শ্লেচ্ছ, এমত সময় গৃহিণী আপন কলা ও পুত্রবধূ সমভি-

ব্যাহারে আমার আহারের নিমিত্ত নৈবেদ্যাদি আনিলেন।
আমি তাঁহাদিগকে দেখিবামাত্র ভাবিলাম, ইহারা এই গৃহের
যোগ্য অধিবাসী বটে; যেমন ঘরের এক স্থানে চ্ণকাম এক স্থানে
ভগ্ন ইস্তক তেমনি ইহাদের এক স্থানে স্থালক্ষার এক স্থানে
ছিন্ন কদর্য্য মলিন বস্তা। তাহারা যে নৈবেদ্য আনিয়া রাখিল
তাহা সেই গোময়িক্ত স্থানের উপযুক্ত বটে; কভকগুলা
ভিজা চাল আর কতকগুলা অপক কদলি ভগ্ন কাঠ পাত্রে
আনিয়া ফেলিল। আমার সঙ্গিনীর মুথ শুকাইয়া গেল। তাহার
পর আর একটি কুদ্র পাত্রে করিয়া একজন মিস্টান্ন আনিল।
তাহাতে যে ক্ষীরের ছাঁচ ছিল, তাহার বর্ণ প্রায় গৃহবাসীদিগের
বস্তের বর্ণ অপেক্ষা নিতান্ত পরিক্ষার নহে। এবং ছানা বলিয়া যে
একটি সামগ্রী ছিল তাহার অমু গন্ধ গোময় গন্ধ ঢাকিয়া ফেলিল।

পরে এক মূর্থ পুরোহিত আদিয়া কি কতক গুলা বলিল। তাহা না আমি বুঝিতে পারিলাম, না গৃহিণী, না দেই পুরোহিত স্বয়ং বুঝিতে পারিল। পরে শুনিলাম সে গুলিন পুজার মন্ত্রঃ

### সরস্বতীর সহিত লক্ষ্মীর আপস। ২৮৯

এক কালে সংস্কৃত ভাষায় রচিত হইয়াছিল, পরে পুরুষাত্মজনে ব্যবহার করায় তাহার অনেক বর্ণ ক্ষয় হইয়া গিয়াছে।

দে যাহা ছউক পুরোহিত চলিয়া গেল। গৃহস্থরা আহারান্তে শর্ম করিল। আমি আর সঙ্গিনী অভুক্ত এবং জাগ্রত রহিলাম। দীপ অনেকক্ষণ নির্ব্বাণ হইরা গিয়াছে। গ্রাক্ষ দিয়া চক্র কিরণ আদিয়া দক্ষিনীর খেত অঞ্চলে পড়িয়াছে। আমি অন্যমনস্কে তাহাই দেখিতেছিলাম এমত সময় কতক গুলা ইন্দুর আসিয়া দৌরাত্রা আরম্ভ করিল। ক্রমে কীট পতঙ্গ সকলেই স্বস্থ স্থান হটতে বহিগত হইতে লাগিল। সঙ্গিনী বলিল, চল আমরা পুলাই। আমি ভাবিলাম, যুখন প্রভু অমুরোধ করিয়াছেন তথুন যতই কট্ট হউক আমি সমস্ত রাত্রি এখানে থাকিব এবং সেই মত সঙ্গিনীকে বলিলাম। কিন্তু ভিজা ঘরে থাকায় ক্রমে শ্লেমায় আমার শরীর অবসর করিতে লাগিল, শিরঃপীড়া আরম্ভ হইল। সোভাগ্য ক্রমে শীঘুই রাত্রি শেষ হইল। কক্ষান্তর হইতে ছেলের। কলরব করিতে লাগিল। গৃহিণী নিদ্রাভঙ্গে ভক্তিভাবে পঞ্বেশ্যার নাম করিতে লাগিলেন। আমি আর মহ্ করিতে পারিলাম না, তৎক্ষণাৎ পলাইয়া আদিলাম। বাঙ্গালার কি অধঃপত্ন হইয়াছে। বাঙ্গালায় বেখারা প্রাতঃমারণীয় হই-য়াছে। বাঙ্গালায় মূর্থ ধর্মোপদেশকগণ কুলকামিনী দিগকে শেষ এই মুণিত শিক্ষা দিয়াছেন। এক্ষণে ব্ঝিলাম যে বাক্ষা-লায় সরস্বতীর গভায়াত সতাই বড় অল্ল, এবং অল্ল বলিয়া পাষ্ত্রা আপনাদিগকে পত্তিত পরিচয় দিয়া দেশের সর্বানাশ করিতে বসিয়াছে। বাঙ্গালায় সরস্থতীর সর্বাদা যাওয়া নিতান্ত আবশ্রক। তাঁহার অভাবে বে, দেশের এরপ অধঃপতন হয় এরপ নীচ শিক্ষা হয়, অধর্মকে ধর্ম বলিয়া বোধ হয়, প্রভো! সত্য বলিতেছি, আমি তাহা জানিতাম না এবং তাহা না জানিয়া

একাল পর্যান্ত সরস্বাতীর সহিত বিরোধ করিয়া আসিরাছি। একলে আপনার সন্মুখে আমি স্থীকার কবিতেছি আর আমি তাঁহার সহিত বিরোধ করিব না, তাঁহার সহচরী স্বরূপ পাকিব; তিনি যেখানে অগ্রে যাইবেন আমি সেই খানে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইব।

সরস্বতীর প্রতি লক্ষ্মীর এই রূপ অন্বাগ দেখিরা নারারণ প্রম প্রীত হটরা বলিলেন, এত কালের পর যে একথা ব্রিলে ইহা জগতের প্রমঞ্চাগ্যা। এশুভ স্থাদ বাঙ্গালায় জানাইবার নিমিত্ত আমি ভ্রমরকে নিযুক্ত করিলাম। ভ্রমর ঘরে ঘরে এই কথা গুণ্পুণ্ করিয়া বলিবে। ইতি

### চন্দ্রলোক।

এই বন্ধদেশের সাহিত্যে চল্রদেব অনেক কার্য্য করিরাছেন্। বর্ণনার, উপমার,—বিচ্ছেদে, মিলনে,—অলফারে, ঝোুরা
মোদে,—তিনি উলটি পালটি থাইরাছেন। চল্রবদন, চল্রর্মি,
চল্রকর লেখা, শশী মিনি ইত্যাদি নাধারণ ভোগ্য সামগ্রী অকাতরে
বিতরণ করিরাছেন; কথন গ্রীলোকের ক্ষমোপরে ছড়াছড়ি, কথন
তাঁহাদিগের নগরে গড়াগড়ি গিয়াছেন; স্থাকর, হিনকর করনিকর, মৃগাঙ্ক, শশাস্ক কলঙ্ক প্রভৃতি অর্থ্যাসে, বাঙ্গালী বালকের
মনোগৃন্ধ করিরাছেন। কিন্তু এই উনবিংশ শতান্ধীতে এইরূপ
কেবল সাহিত্য কুল্লে লীলা খেলা করিয়া, কার সাধ্য নিস্তার
পারে? বিজ্ঞান দৈত্য সকল পথ ঘেরিয়া বদিরা আছে। আজি
চন্ত্রপদেবকে বিজ্ঞানে ধরিরাছে ছাড়াছাড়ি নাই। আর সাধের
সাহিত্য বুদাবনে লীলা খেলা চলে না—ক্লেরারে, সাহেব

অকুর রথ আনিয়। দাঁড়াইয়া আছে ; চল, চক্র, বিজ্ঞান মধুরায় চল : একটা কংম বধ করিতে হইবে।

যথন অভিমন্থাশোকে, ভদ্ৰাৰ্জ্ক্ন অত্যন্ত কাত্ৰর, তথ্ন তাঁহাদিগের প্রবোধার্থ কথিত হটয়াছিল যে, অভিমন্থা চন্দ্রলোকে গমন করিয়াছেন। আমরাও যথন নীলগগনসমূদ্রে এই স্থব-ধের দ্বীপ দেখি, আমরাও মনে করি, বৃঝি এই স্থব-পমর লোকে সোনার মান্ত্র সোনার থালে সোনার মাছ ভাজিয়া সোনার ভাত খায়, হীয়ার সরবত পান করে, এবং অপূর্ব্ব পদার্থের শ্যায় শয়ন করিয়া স্থপশূনা নিজায় কাল কাটায়। বিজ্ঞান বলে, তাহা নহে—এ পোড়া লোকে যেন কেহ যায়না—এ দয় ময়ভ্মি মাত্র। এ বিষয়ে কিঞ্হিৎ বলিব।

বালকেরা শৈশবে পড়িয়া থাকে, চক্র উপগ্রহ। কিছু
উপগ্রহ বলিলে, সৌরজগতের সঙ্গে চক্রের প্রাকৃত সম্বন্ধ নির্দিষ্ট
হটল না। পৃথিনী ও চক্র যুগল গ্রহ। উভয়ে এক পথে, একত্র
হর্গা প্রদিক্ষিণ করিতেছে—উভয়ের উভয়ের মাধ্যাকর্ষণ কেক্রের
নশবর্ত্তী—কিন্তু পৃথিবী গুরুত্বে চক্রের একাশিগুণ, এজন্য পৃথিনীর
আকর্ষণী শক্তি চক্রাপেক্ষা এত অধিক, নে সেই যুক্ত আকর্ষণে
কেন্দ্র পৃথিনীস্থিত; এজন্য চক্রকে পৃথিনীর প্রদক্ষণকারী উপগ্রহ বোধ হয়। সাধারন পাঠকে ব্রিবেন, যে চক্র একটি ক্ষুদ্র
তর পৃথিনী; ইহার ব্যাস ১০৫০ ক্রোশ; অর্থাৎ পৃথিনীর ব্যাসের
চতুর্থাংশের অপেক্ষা কিছু বেশী। মে সকল ক্রিগণ নায়িকাদিগকে আর প্রাচীন প্রথামত চক্রমুখী বলিয়া সম্বন্ধ নহেন—
নূতন উপমার অনুসন্ধান করেন—তাহাদিগকে আমরা পরামর্শ
দিই, যে এক্ষণ অবধি নায়িকাগণকে পৃথিনীমুখী বলিতে আরম্ভ
করিবেন। তাহা হইলে অলঙ্কারের কিছু গৌরব হইবে। ব্ঝা-

ইবে যে স্করীর মুগমগুলের বাাস কেবল সহস্র ক্রোশ নছে— কিছু কম চারি সহস্র ক্রোশ !

এই ক্ষুদ্র পৃথিবী আমাদিগের পৃথিবী হইতে এক লক্ষ বিং
শতি সহল্ল কোশ মাত্র—ত্তিশ সহল্ল যোজন মাত্র। গাগনিক গণনায় এ দূরতা অতি সামানা—এপাড়া ওপাড়া। ত্তিশটি পৃথিবী গায় গায় সাজাইলে চল্লে গিয়া লাগে। চল্ল পর্যান্ত রেইলওয়ে যদি থাকিত, তাহা হইলে ঘণ্টায় বিশু মাইল গেলে, দিনরত্তে চলিলে, পঞাশ দিনে পৌছান যায়।

স্থাতবাং আধুনিক জ্যোতির্বিদ্গণ চক্রকে অতি নিকটবর্তী মনে করেন। তাঁহাদিগের কৌশলে একণে এমন দ্রবীক্ষণ নির্দ্ধিত হটর ছেবে তদ্ধানাচক্রানিকে ২৪০০ গুণ সুহত্তর দেখা শায়। ইহার ফল এই দাঁড়াইলাছে, যে চক্র যদি আমাদিগের নেত্র হইতে পঞ্চাশৎ ক্রোশ মাত্র দূরবর্তী হইত, তাহা হইলে লামরা। চক্রকে যেমন স্পাই দেখিতাম, একণেও ঐপকল দ্রবীক্ষণ সাহাযো সেইরপ স্পাই দেখিতে পারি। চক্র যদি মেমারিইেগুনে আসিয়া বাস করিতেন, তাহা হইলে কলিকাভাবাসীয়া ঝহাকে যেমন স্পাই দেখিতেন, তিংশৎ সহস্র যেজন দ্রবর্তী চক্রকে জ্যোতির্বিদ্যো একণে তেমনি স্পাই দেখিতেছেন।

. এরপ চাক্ষ প্রতাক্ষে, চন্দ্রকে কিরপ দেখা যায় ? দেখা যায়, যে তিনি হত্ত পরাদি বিশিষ্ট দেবতা নহেন, জোতির্দ্রর কোন পদার্থ নহেন, কেবল পাষাণ্ময়, আগ্রেয় গিরি পরিপূর্ব, জত্তু-পিগু। কোথাও অত্যারত পর্কাত্মালা—কোথাও গভীর গহ্বর রাজি। চন্দ্র যে উজ্জ্বল, তাহা হুর্যালোকের কারণে। আমরা পৃথিবীতেও দেখি যে যাহা রৌদুপ্রদীপ্ত, তাহাই দূর হইতে উজ্জ্বল দেখায়। চন্দ্রও রৌদুপ্রদীপ্ত বিশিয়া উজ্জ্বল। কিন্তু যে হানে বৌদ্র না লাগে দে পান উজ্জ্বতা প্রাপ্ত হয় না। সকলেই

ভানে গে চন্দ্রের কলায় কলায় হাস রুদ্ধি এই কারণেই ঘটিয়া থাকে। সে তব্ব বৃঝাইয়া লিখিবার প্রয়োজন নাই। কিন্তু ইহা সহজেই বৃঝা যাইবে যে স্থান উন্নত সেই স্থানে রৌজ লাগে—সেই হান আমরা উজ্জল দেখি—যে স্থানে গহরর, অথবা পর্কাতের চায়া, সে স্থানে রৌজ প্রবেশ করে না—সে হলগুলি আমরা কালিমা পূর্ব দেখি। সেই অফুজ্জল রৌজশৃন্ত ভান গুলিই "কলক"—অথবা "মৃগ"—প্রাচীনাদিগের মতে সেই শুলিই "কদম তলায় বৃড়ী, চরকা কাটিতেছে।"

চল্লের বহির্ভাগের এরপ স্কার্স্ক অর্সনান গ্রহাছে বে তাহায় চল্লের উংক্ট মানচিত্র প্রস্তুত হইয়াছে; তাহার পর্বাতাবলী ও প্রদেশ সকল নাম প্রাপ্ত হইয়াছে—এবং তাহার পর্বান্ত মালার উচ্চতা পরিমিত হইয়াছে। বেয়র ও মালর নামক স্পরিচিত জ্যোতির্বিদ্ ময় সন্তান ১০৯৫ টি চাল্ল পর্বাতের উচ্চতা পরিমিত করিয়াছেন। তল্লপো ময়্যো যে পর্বাতের নাম রাথিয়াছে "নিউটন" তাহার উচ্চতা ২২,৮২০ ফিট। এতাদৃশ উচ্চ পর্বাক নিউন" তাহার উচ্চতা ২২,৮২০ ফিট। এতাদৃশ উচ্চ পর্বাক নিউন প্রান্ত মালার প্রান্তির আনিস্ ও হিমালয় শ্রেণী ভিন্ন আর কোগাও নাই। চল্ল পৃথিবীর পঞ্চাশৎ ভাগের এক ভাগ মাত্র এবং গুরুত্বে একাশী ভাগের এক ভাগ মাত্র সত্রব্ব প্রান্ত ক্রিনায় নিউটন বেমন উচ্চ, চিম্বারেছো নামক বৃহৎ পার্থির শিখরের অবরব আর পঞ্চাশৎ গুণে বৃদ্ধি পাইলে পৃথিবীর তুলানায় তিত উচ্চ ইইত।

চাল্র পর্কাত কেবল যে আশ্চর্যা উচ্চ, এমত নহে; চল্রলোকে

আংশ্বাধ্ব পর্কাতের অত্যন্ত অধিকা। অগণিত আগ্নের পর্কাত

শ্রেণী অগুন্গানী বিশাল রঙ্গু সকল প্রকাশিত করির। রহি
যাচে—যেন কোন তথ্য ক্রবীভূত পদার্থ কটাহে আল প্রাপ্ত

হইয়। কোন কালে টগ্বপ্ করিয়া ফুটিয়। উঠিয়। জমিয়। গিয়াছে।
এই চন্দ্রমণ্ডল, সহস্রধা বিভিন্ন, সহস্রং বিবর বিশিষ্ট,— কেবল
পাষাণ, বিদীর্ণ, ভয়, ছিল্ল ভিন্ন, দয়, পাষাণময়। হায়! এমন
চাঁদের সঙ্গে কে স্কলরীদিগের মুখের তুলনা করার পদ্ধতি বাহির
করিয়াছিল?

এই ত পোড়া চক্রলোক! এক্ষণে জিজ্ঞাসা, এখানে জীবের বসতি আছে কি? আমরা যতদ্র জানি, জল বায়ু তির জীবের বসতি নাই; যেথানে জল বা বায়ু নাই, সেথানে আমাদের জ্ঞানগোচরে, জীব পাকিতে পারে না। যদি চক্রলোকে জল বায়ু থাকে, তবে সেথানে জীব পাকিতে পারে; যদি জল বায়ু না থাকে, তবে জীব নাই, একপ্রকার সিদ্ধ করিতে পারি। এক্ষণে দেখা বাউক, তিষ্বয়ে কি প্রমাণ আছে।

মনে কর, চন্দ্র পৃথিবীর স্থায় বায়বীয় মগুলে বেষ্টিত। মনে কর, কোন নক্ষত্র, চন্দ্রের পশ্চান্ডাগ দিয়া গতি করিবে। ইহাকে জ্যোতিষে সমাবরণ (Occultation) বলা ঘাইতে পারে। নক্ষত্র চন্দ্রকর্তৃক সমাবৃত্ত হইবার কালে প্রথমে, বায়ুক্সরের পশ্চান্থতী হইবে; তৎপরে চন্দ্রশারীরের পশ্চাতে লুকাইবে। যথন বায়বীয় স্তরের পশ্চাতে নক্ষত্র যাইবে, তথন নক্ষত্র পূর্ব্বমত উজ্জ্বল বোধ হইবে না; কেননা বায়ু আলোকের কিয়ৎপরিমাণে প্রতিরোধ করিয়া থাকে। নিকটস্থ বস্তু আমরা যত স্পষ্ট দেখিতে পাই না—তাহার কারণ মধাবভী বায়ুস্তর। অতএব সমাবরণীয় নক্ষত্র ক্রমে হস্বতেজঃ হইয়া পরে চন্দ্রান্তরালে অদুশ্রু হইবে। কিন্তু এরূপ ঘটিয়া থাকে না। সমাবরণীয় নক্ষত্র একবারেই নিবিয়া যায়—নিবিবার পূর্ব্বে তাহার উজ্জ্বতার কিছু মাত্র হাস হয় না। চল্লে বায়ু থাকিলে কথন এরূপ হইত না।

চল্লে যে জল নাই, তাহারও প্রমাণ আছে, কিছু সে প্রমাণ অতিহুরহ— সাধারণ পাঠককে অলে বুঝান যাইবে না। এবং এই সকল প্রমাণ বর্ণ-রেখা-পরীক্ষক (Spectroscope) যদ্তের বিচিত্র পরীক্ষার দ্রীকৃত হইরাছে; চল্ললেকে জলও নাই বায়ুও নাই। যদি জল বায়ু না থাকে তবে পৃথিবীবাসী জীবের গ্রায় কোন জীব তথার নাই।

আর একটি কথা বলিয়াই আমরা উপসংহার করিব। চাক্রিক উত্তাপও এক্ষণে পরিমিত হইরাছে। চন্দ্র এক পক্ষকালে আপন মেরুদণ্ডের উপর সম্বর্ত্তন করে. অতএব আমাদের এক পক্ষকালে এক চাক্রিক দিবস। এক্ষণে স্মরণ করিয়া দেখা যে পৌষ মাস হইতে, জৈছিমাসে আমরা এত তাপাধিকা ভোগ করি, তাহার কারণ পৌষ মাসে দিন ছোট, জ্যৈষ্ঠ মাসের দিন তিন্তারি ঘণ্টা বড়। যদি দিন্মান তিন্চারি ঘণ্টা মাত বঙ इटेलरे, এত তাপाधिका रम, ज्रांच भाक्तिक ठाक्त निवास ना লামি চন্ত্র কি ভয়ানক উত্তপ্ত হয় ৷ তাতে আবার পৃথিবীতে জল, বায়ু, মেঘ আছে — তজ্জন্য পার্থিব সন্তাপ বিশেষ প্রকারে শমতা প্রাপ্ত হইয়া থাকে, কিন্তু জলবায়ু মেঘ ইত্যাদি চক্তে কিছুই নাই। তাহার উপর আবার চক্ত পাষাণ্ময়, অতি সহজে উত্ত হয়। অত্এব চক্রলোক অত্যন্ত তপ্ত হুইবার্ট সম্ভাবনা। বিখ্যাত দূর্বীক্ষণ নির্মাণকারীর পুত্র লর্ড রস চল্রের তাপ পরিমিত করিয়াছেন। তাঁহার অমুসন্ধানে স্থিরীক্বত হইয়াছে যে চক্রের কোন২ অংশ এত উষ্ণ, ততুলনায় যে জল্ অগ্নিসংম্পর্শে ফুটতেছে, তাহাও শীতল। সে সন্তাপে কোন পাৰ্থিব জীৰ রক্ষা পাইতে পারে না-মুহুর্ত জন্যও রক্ষা পাইতে পারে না। এই কি শীতরশ্মি, হিমকর, স্থাংশুণু

হায়া হায়া অন্ধপুত্রকে পদ্মলোচন আবি কেদন করিয়া বলিতে হয়।

অতএব স্থথের চক্রলোক কি প্রকার, তাহা এক্ষণে আমরা একপ্রকার বৃঝিতে পারিয়াছি। চক্রলোক পারাণময়,—বিদীর্ণ, ভগ্ন, ছিল্ল ভিল্ল, বন্ধুর, দগ্ধ, পারাণময়,! জলশ্না, সাগরশ্না, নদীশ্না, তড়াগশ্না, বায়ুশ্না, মেঘশ্না, রৃষ্টিশ্না, —জনহীন, জীবহীন, তরহীন, ভৃণহীন, শক্ষহীন, † উত্তপ্ত, জলস্ক, নরক কৃত্তুলা! এই চক্রলোক!

এই জন্য বিজ্ঞানকে কাব্য আঁটিয়া উঠিতে পারে না। কাব্য গড়ে—বিজ্ঞান ভাঙ্গে।

ঐীব:

ু যদি কেই বলেন, যে চক্র স্বরং উত্তপ্ত ইউন, আমরা তাঁহার আলোকের শৈত্য স্পর্শের প্রভাক্ষ দ্বারা জানিয়া পাকি। বাস্তবিক একথা সতা নহে--আমরা স্পর্শ দ্বারা চক্রলোকের শৈত্য বা উষ্ণতা কিছুই অমুভূত করি না। অন্ধকার রাত্রের অপেক্ষা আেথেমা রাত্রি শীতল, একথা যদি কেই মনে করেন, তবে সে তাঁহার মনের বিকার মাত্র। বরং চক্রালোকে ক্রিঞ্জিৎ সন্তাপ আছে। সে টুকু এত অল্প যে তাহা আমাদিগের স্পর্শের অমুভবনীয় নহে। কিন্তু জান্তেদেশী, মেলনি, পিয়াজি প্রভৃতি বৈজ্ঞানিকেরা প্রীক্ষার দ্বারা তাহা সিদ্ধ করিয়াছেন।

🕆 🕇 কেননা বাস্থু নাই।

# কণ্ঠমালা।

### একত্রিংশ পরিচেছ্দ।

একদিন সন্ধার সময় জেলখানার সমূপে এক খানি গাড়ি আসিয়া থামিল। সঙ্গে কয়েক জন অখারোহী ছিল, তাহারা য় স্থ অশ্ব হইতে অবতরণ করিয়া হারে আসিয়া দাড়াইল। গাড়ি হইতে পূর্বতন জেলদারগা টিলন সাহেব মন্তক বাহির করিয়া ইতন্তত: অবলোকন করিতে লাগিলেন। জাঁহার মেন মাথা তুলিয়া দোডালার বারেণ্ডা নিরীক্ষণ করিতে লাগিলেন; তথায় তিনি যে সকল পূপাবৃক্ষ রাথিয়াছিলেন তাহা তদবস্থায়ই আছে। গাড়ির মধ্যে বালক বালিকারা কিছু দেখিতে না পাইয়া কেছ মেন সাহেবের বাহুপার্থ হইতে, কেহ জেলদারগার স্কর্মার্থ হইতে দেখিবার চেষ্টা করিতে লাগিল। এমত সময় জেলখানা হইতে আর একজন সাহেব আসিয়া টিলন সাহেবের হস্ত ধরিয়া গাড়ি হইতে নামাইয়া উভয়ে কি কথা কহিতেই জেলখানায়ু প্রেবেশ করিলেন।

দেম সাহেব মনে করিয়াছিলেন বিলাতি প্রথানুসারে অর্থে তাঁহাকে সন্মান প্রঃসর নামাইবে; কিন্তু তাহা না করায় তিনি ক্ষুমননে অনেকক্ষণ পর্যান্ত বিসিয়া রহিলেন। শেষে একজন প্রথারী আসিয়াগাড় ওয়ানকে বলিল, "তুমি এখনও গাড়ি লইয়া ষাইতেছ নাকেন ?" গাড়ওয়ান বলিল, "সাহেবের অপেকা করিতেছ।" প্রহরী উত্তর করিল, "সাহেব হাজতে গিয়াছেন, তাঁহার আর অপেকা করা বৃধা, অত্রব তৃমি গাড়ি লইয়া চলিয়া যাও, এখানে গাড়ি রাধিবার আর ছকুম নাই।"

গাড়ওয়ান এই কথা মেদ দাহেবকে জানাইবার নিমিত্ত কোচ বাক্সহইতে নামিতেছিল কিন্তু প্রহরী তাহাকে দাসিতে দিল না; আর ছই একজন প্রহরীর সাহায়ে জখকে পীড়ন করিয়া গাড়ি চালাইয়া দিল। মেম সাহেব জদ্ধান্ধ বাহির করিয়া কতই নিষেধ করিতে লাগিলেন, কিন্তু কেহই তাহা শুনিল না; শেষ কতক পথে বাইয়া অখ থামিলে সকল বৃত্তান্ত শুনিলেন। শুনিয়া চক্ষের জল মুছিতে মুছিতে বলিয়া উটিলেন "আমি তবে এখন কোণা বাব!" এই সময় একজন পথিক ইংরাজিতে বলিল "ভয় নাই, আমার সঙ্গেল আয়ন, আপনার নিমিত্ত গৃহ ভাড়া হইয়া আছে,তথায় আপনার সন্তান দিগের নিমিত্ত আহার সামগ্রী প্রস্তুত রহিয়াছে। মেম সাহেব বিশ্বয় হইয়া পথিকের দিকে চাহিয়া রহিলেন; পথিক কিঞ্জিং অগ্রসর হইয়া পাড়াইল; মেম সাহেব চিনিলেন, এই ব্যক্তি বনের মধ্যে নোট দিয়াছিল; শস্তু কয়েদির নাায় দীর্ঘাকার, বলিচ, কিন্তু অয়বয়য় বয়সে বিশ্বন বংসরের অধিক ছইবে না। মেন সাহেব জিজ্ঞাসা করিলেন.

"আপনার নাম কি ?" পথিক উত্তর করিলেন "আমার নাম সাগর স্থত।"

সেম সাহেব জিজাসা করিলেন ''কে এ অভাগিনীর লাবনা ভাবিয়া সকল আয়োজন করিয়া রাপিয়াছেন?'' সাগর স্থত ঈষৎ হাসিয়া বলিলেন, যিনি আপলার মঙ্গলাকাজ্জী তিনিই আয়োজন করিয়া রাথিয়াছেন। মেম সাহেব জিজাসা করিলেন, ভিনি কে? সাগর স্থত হাসিয়া বলিলেন এখন আমি বলিতে পারি না, পরে বলিব, এক্ষণে আপনি চলুন; এই বলিয়া গাড়ওয়ানকে গাড়ি চালাইতে অসুমতি করিয়া চলিলেন, পশ্চাৎ পশ্চাৎ গাড়ি আসিতে লাগিল। কিয়ৎ ক্ষণ পরে গাড়ি থামিল। মেম সাহেব মুখ বাহির করিয়া দেখেন একট পুশোদ্যান মধ্যে গাড়ি থামিরছে; সশ্মুখে একটি কুদ্র গৃহ মধ্যে ধক্ ধক্ করিয়া আলোক জলিতেছে। সাগর স্থত ছারে আসিয়া বলিলেন ''অবতরণ করুন।' মেম

সাহেব অবতরণ করিয়া গৃহে প্রবেশ করিয়া দেখেন আহারের দ্রবাদি সকল প্রস্তুত রহিয়াছে। মেম সাহেবের চক্ষে জল আসিল। সাগর স্তুত বৃদ্ধিতে পারিয়া ধীরে ধীরে বলিলেন, আপনি কাতর হবেন না; সাহেবের অযত্ন হইবে না, বালকদিগকে আহার করিছে বলুন, আপনি আহার করন। মেম সাহেব চক্ষের অল মুছিতে মুছিতে বালকদিগকে আহারাসনে বসাইলেন কিন্তু আপনি বসিলেন না। সাগর স্তুত অনুরোধ করিলে মেম সাহেব কাঁদিয়া উঠয়া বলিলেন, ''তিনি হয় ত আহার করিতে পান নাই—কেমন করে আসি আহার করিব।'' সাগর স্তুত ক্র কুঞ্চিত করিয়া কিয়ৎক্ষণ দাঁড়াইয়া বলিলেন, ''আমি জানিতাম না যে, হিন্দু সংসার তিয় এপবিত্র কথা আর কোথাও শুনা যাইতে পারে। আমি আর প্রতিবাদ করিব না এক্ষণে আমি চলিলাম।''

এই সময় ছেলখানায় একটি সামান্য ঘরে পূর্কতন জেলদারগা টিলন সাহেব একা বিদিয়া আছেন। সন্থাথে আলোক
জ্বলিতেছেঁ, এবং তথায় সামান্য প্রকার থান্য পড়িয়া ইহিয়াছেঁ,
সাহেব তাহা স্পর্শপ্ত করেন নাই, হত্তে সত্তব্দ রাখিয়া কি
ভাবিতেছেন; ঘরের হার খোলা রহিয়াছে এবং ঘারের বাহিরে
একজন প্রহরী পদচারণ করিতেছে; মধ্যে মধ্যে একে তাকে
ডাকিয়া কথা কহিতেছে; কথার প্রব্যোঘন থাক্ বা না থাক্,
তথাপি কিঞ্চিং উদ্ভেষরে কপা কহিতেছে। তানির বিষয় থাক্
বা না থাক্ তব্উচ্চ হাসি হাসিতেছে এবুং কাহারও সহিত কথা
কহিতে না পাইলে গীত গাইতে গাইতে পদচারণ করিতেছে
আর এক একবার ঈষং হাস্যবদনে টিনন সাহেবের প্রতি
দৃষ্টি নিক্ষেপ করিতেছে। টিনন সাহেব তাহা কিছুই লক্ষ্য

۴

#### ভ্রমর ।

করেন নাই কিন্তু আপনাকে পূর্ব্বপ্রভুর রক্ষক মনে করিয়া প্রহরী আনন্দে, অহঙ্কারে, কতই ভঙ্গী করিতেছে।

ন্তন জেলদারগার স্ত্রী পূর্ব্বতন জেলদারগার মেমকে দেখি-য়াছিলেন। আহার করিতে বিসিয়া স্থামীর নিকট হাসিতে হাসিতে তাহার ভঙ্গী, ঘাঘরার রং, নাসিকার গঠন ইত্যাদি নানা বিষয় উপলক্ষ ক্রিয়া আত্মন্ত সম্পাদন ক্রিতে লাগিলেন।

#### দ্বাত্রিংশ পরিচেছদ।

কয়েক দিবস পরে জেলদারগা মেজেষ্টর সাহেবের সম্মণে मक्ष माम बार्म करने दांक वामिनः करने हैन লের। আসামিকে লইয়া কাটগড়ায় তুলিল। আসামির কপোল বিন্দ বিন্দ ঘামিতে লাগিল, তাঁহার নাসাগ্র ঈষৎ রক্তবর্ণ, এক্ষণে অধিকতর রক্তিমাভ হইল। পূর্কো তাঁহার মস্তকের সন্মুথ ভাগ কেশ শুন্ম হইয়াছিল, এক্ষণে সেই ভাগের স্বেত্বর্ণ আরও স্বেত দেখাইতে লাগিল। আসামি স্বভাবতঃ থর্কাকৃতি,তাহাতে আবার তাঁহার বৃহত্দর আপন ভরে নতমুখ হওয়ায় তাঁহাকে আরও থর্ক দেখাইতে ছিল। জেল দারগা ছই একবার ঘর্ম মুছিয়া মেজেষ্টর সাহেবের দিকে চাহিলেন; সাহেব নতশিরে কি লিখি-তেছিলেন, মুথ তুলিলেন না। তাঁহার মুথ তুলিবার অপেকার সকলেই স্তব্ধ হইয়া রহিল, ক্রমে শব্দ মাত্রই রহিল না। মেজে-ষ্টর সাহেব ক্ষিপ্রহন্ত, কেবল তাঁহারই লেখনীর শব্দ শুনা যাইতে লাগিল। ক্ণণেক বিলম্বে তাঁহার লেখা শেষ হইলে, তিনি লিখিত পত্র সরাইয়া দীর্ঘ নিখাস ত্যাগ করিয়া মাথা তুলিলেন। জেলদারগার মুখে ভয় লজ্জা হাস্ত দেখা দিল; তিনি পুনঃপুনঃ

অভিবাদন করিলেন। মেজেষ্টর সাহেব তৎপ্রতি লক্ষ্ণনা করিয়া মক্দমা আরম্ভ করিলেন।

পুলিস রিপোর্ট করে দে, জেলদারগা টিলন সাহেব শস্তু কয়েদিকে স্বয়ং হত্যা করিয়াছেন। শস্তুকে তাহার মেম বড় ভালবাসিতেন, একথা সর্বাত্ত প্রকাশ ছিল। পুলিস সেই সূত্র ধরিয়া তদস্ত করায়, বিশেষতঃ ন্তন জেলদারগার সাহায্য প্রভিয়ায় আর প্রমাণের অপ্রভুল রহিল না।

যথন মকদ্দমা আরম্ভ হয়, আসামি-আপতি করিল যে, কলি কাতা হইতে তাঁহার কোঁশলি উপস্থিত হন নাই; অতএব, যে পর্যান্ত কোঁশলি না আইসেন সে পর্যান্ত মকদ্দমা স্থানিত থাকে। মেদেউর উত্তর করিলেন যে, তোমার বিচার স্থপ্রিমকোটে হইবে, সেই থানেই কোঁশলির প্রয়োজন, এখানে আমি কেবল একবার প্রমাণ সম্বদ্ধে কিঞ্ছিং তদপ্ত করিয়া দেখিব। ভাল প্রমাণ না থাকে মোকদ্দমা পাঠাইব না; অতএব একলে কোঁশলির প্রয়োজন নাই।

এই সময় পেকার উঠিয়া বলিল, "আসামৃর কৌশলি পত্র লিথিয়াছেন যে, কোন বিশেষ কারণে তিনি আসিতে পারিলেন না,এবং তাঁহার পরিবর্দ্ধে একজন উপাযুক্ত উকিল পাঠাইয়াছেন। আসামি সেই উকিলের নামে ক্ষমতা পত্র লিথিয়া দিয়াছেন।" এই কথা সমাপ্ত হইবা মাত্রই একজন উকিল উঠিয়া অভিবাদন পূর্ব্বক মেজেন্টর সাহেবকে বলিলেন যে, আমিই আসামির পক্ষ সমর্থন করিব। আসামি বিস্থাপার ইইয়া চক্ষু বিফারিত পূর্ব্বক উকিলের দিকে চাহিয়া রহিল, আর কোন কথা কহিল না, মকদ্মা আরম্ভ হইল।

প্রথম সাক্ষী বলিল, " একদিন সন্ধার পর শতুক্রেদি এই জেলদারগার ঘর হইতে আসিতেছিলেন, সিঁড়ির নিকট সামার ৩০২

সহিত সাক্ষাৎ হঠল। তাহার পরই জেলদারগা অস্ত্র শস্ত্র লইয়া পশ্চাৎ পশ্চাৎ দৌড়িয়া আসিলেন। কতক দূর গেলেই একটা গোলমাল হইল; তাহার পর শুনিলাম শস্তু কয়েদি খুন হইয়াছে। কিন্তু খুন করিতে আমি স্বচক্ষে দেখি নাই।''

দ্বিতীর সাক্ষী বলিল, "দেই গোলঘোগে আমি আহত হই, আমার মাথায় কে আঘাত করে তাহা আমি জানিনা কিন্তু তৎ-ক্ষণাৎ আমি অচেতন হই। অদ্য কর দিবস হইল আমার চেতন হইরাছে, কিন্তু পূর্ব্ব কথা আমার কিছুই অরণ নাই। কেবল এই মাত্র অল্ল স্করণ হয় যে, আমি শস্তুকে রক্ষা করিতে গিয়াছি-লাম তাহাতেই আমার এই দশা ঘটিয়াছে।

তৃতীর সাক্ষী বলিল, 'ব্লামি স্বচক্ষে দেখিয়াছি শস্তু করেদিকে সাহেব আপন হত্তে খুন করিরাছেন।" আর আর সকল সাক্ষীই ঐ কথা একবাকো বলিল। প্রথম ছুইজন ব্যতীত সকলেই বলিল শস্তুকে খুন করিতে আমরা স্বচক্ষে দেখিয়াছি। এবিষয়ে আর काहात्र प्रात्मक त्रिल नाः, पर्मकिपिशत मरशा प्रकलके अहे কথা বলাবলি করিতে লাগিলেন। আসামির উকিল উঠিয়া কত কি বলিতে লাগিলেন, কিন্তু কেহ সে দিকে কর্পাত ও করিল না, বরং কেহ তাঁহাকে উপহাস করিতে লাগিল, কেহ বা গালি দিতে লাগিল, ক্রমে বিচারস্থানে বড় গোল হইয়া উঠিল। প্রহরীরা কতই চেষ্টা করিতে লাগিল কিন্তু কিছুতেই গোল থামিল না বরং তাহাদের তাড়নার চীৎকারে আরও গোল বাড়িয়া উঠিল। শেষে অস্থ্য হইলে, মেজেপ্টর সাহেব স্বরং চীংকার করিয়া উঠিলেন; সেই শব্দে সকলেই নিঃশব্দ হইল। আর কোন কথা নাই, কোন শব্দ নাই, -- যেন স্কলে স্পদ-বহিত হইয়া মেজেষ্টর সাহেবের দিকে চাহিয়া রহিল। মেজেষ্ট্র ''রায়' লিখিতে লাগিলেন। এই সময় ঘন ঘন নিখাসের শক

হইল, যেন কে কাঁদিয়া ফেলে এইরূপ বোধ হইল, সে নিশ্বাস বৃষ্টির পূর্ব্বগামী বাতাদের ন্যায়। বাতাস উঠিলেই লোকে মেখের দিকে চার, সে নিশ্বাস ভানিলেই কাহার নিশ্বাস লোকে অমুসন্ধান করে; কিন্তু প্রথমে সে অমুসন্ধান বুগা হইল; শেষে সকলেই দেখিল এক জন বাঙ্গালি ভদ্র লোকের পদমূলে এক-জন মেম সাহেব পড়িয়া অতি কাতরস্বরে বলিতেছে ''আমাকে রক্ষা কর, আমার সন্তানদিগের উপায় কি হইবে?" ভদ্র লোকটি অগ্রসর হইয়া মেজেন্টর দাহেবের দশুথে আদিয়া দাঁড়াইলেন। দাঁড়াইবামাত্র আসামি চীৎকার করিয়া উঠিল এবং তাঁহাকে ধরিবার নিমিত্ত কাঠগড়া হইতে লক্ষ্য দিবার চেষ্টা করায় প্রহরীরা তাঁহাকে ধরিল। তিনি তাহাদের সহিত মল যুদ্ধ আরম্ভ করিলেন। এই সময় ভদ্রলোকটি তাঁহার দিকে ফিরিয়া ঈষৎ হাসিয়া বলিলেন, "টিলন সাহেব ক্ষান্ত হও, আর ব্যস্ত হইবার প্রয়োজন নাই।" তাহার পর মেঞ্চেপ্তর সাহেবের দিকে চাহিয়া বলিলেন '' আমি শস্তুকয়েদি।'' এই বলিয়া অঙ্গের আচ্ছা-দন-ফেলিয়া দিলেন; জেলথানার জাঙ্গিরা ও পিরান মাত্র রহিল। শস্ত বক্ষে বাছ বিন্যাস করিয়া মাথা তুলিয়া দাঁড়াইয়া রহিলেন। সকলে অবাক হইয়া তাঁহাকে দেখিতে লাগিল। মেজেট্র সাহেব স্বয়ং অবাকৃ হইরা তাঁহার প্রতি চাহিয়া রহিলেন।

অনস্তর যে কয়েদিরা সাক্ষ দিতে আনীত ইইয়ছিল তাহাদের মেজেন্টর সাহেব জিজ্ঞাসা করায় সকলেই বলিল যে, এই
ব্যক্তিই শস্ত্ কয়েদি বটে। তথন আবার দর্শকেরা গোলযোগ
করিয়া উঠিল। পুলিস মিপ্যা মকদামার স্থলন করিয়াছে বলিয়া
সকলেই পুলিসের উপর রাগ প্রকাশ করিতে লাগিল।, পরে
মেজেন্টর সাহেব সকলকে ক্ষান্ত করিয়া জেলদারগাকে অব্যাহতি দিলেন। জেলদারগা পরমাহলাদিত হইয়া মেজেন্টর

সাহেবকে ধন্যবাদ দিয়া আপন প্রিয়ত্তমার সহিত অতি উচ্চস্বরে কথা কহিতে কহিতে বিচার স্থান হইতে বহির্গত হইলেন।

শস্তু কয়েদি জেলখানা হইতে পলাইয়াছিল বলিয়া গুরুতর অপরাধী হইয়াছে, তাহাকে বিশেষ দণ্ড দিবার আবশাক, এই কথা তাহাকে বুঝাইয়া দিবার নিমিত্ত মেজেট্রর সাহেব লিখিতে লিখিতে মাথা তুলিলেন, মাথা তুলিয়া দেখেন শস্তু কয়েদি সেখানে নাই। শস্তু কয়েদি কোথায় জিজ্ঞাসা করায় কেহ তাহা বলিতে পারিল না। প্রহরিগণ চারি দিকে ধাবিত হইল কিন্তু কেহ তাহার সাক্ষাৎ পাইল না। মেজেট্রর সাহেব রাগান্বিত হইয়া অনেককে তিরস্কার করিলেন, অনেককে পদ্চাত করিলেন। শেষে যে শস্তু কয়েদিকে ধরিয়া আনিতে পারিবে বা তাহার সয়ান করিয়া দিতে পারিবে তাহাকে একসহস্র টাকা পারিতোষিক দেওয়া যাইবে, এমত ঘোষণা দিবার অনুমতি করিয়া উঠিয়া গেলেন।

দর্শকের। শস্তু কয়েদির কথা কহিতে কহিতে স্বস্থ গৃহে গেল।
বিচার স্থানে শস্তু কোন সাহসে আসল এবং কি রূপেট্র বা
অদৃশ্য হইল এই কথাই সকলে বিশেষ রূপে আন্দোলিত করিতে
করিতে গেল। ডাকাতের সাহস আর ডাকাতের কৌশল
অসীম এই বলিরা অনেকে আপেন আপন কৌতৃহল নিবারণ
করিয়া গৃহে গেলেন। কেহ কেহ গৃহিণীর নিকট শস্তুর পরিচয়
দিতে দিতে এদিক ওদিক চাহিতে লাগিলেন।

**→{3 ?}€3 :3}**⊷

# বাঙ্গালার শূর বংশ।

বিক্রমপুর অঞ্চলের কোন বিশেষ পণ্ডিত শ্রবংশীর রাজাদিগের নামাবলী লিথিয়া গিয়াছেন। নাম গুলি আমরা নিয়ে
প্রকাশ করিলাম কিল্প কোন্ গ্রন্থ হইতে ইহা স্কলিত হইয়াছে
তাহা আমরা বলিতে পারি না। যিনি এই নামগুলি লিথিয়া
গিয়াছেন অনেক দিন হইল তাঁহার পরলোকপ্রাপ্তি হইয়াছে;
তিনি কেবল এইয়াত্র লিথিয়া গিয়াছেন যে,বিয়্পুর অঞ্চলে ঘটক
দিগের মধ্যে এক্ষণে যে গ্রন্থ প্রচলিত আছে, যাহারা এই তল্ব
ফানিতে ইচ্ছা করেন তাঁহারা সেই গ্রন্থ পাঠ করিবেন। এই
নামাবলীতে রাজাদিগের যে পরিচর স্থানে স্থানে আছে,
কাহাতে স্পন্থ বোধ হয় যে নিশ্চয় ঘটকদিগের গ্রন্থ হইতে এই
নামগুলি সংগৃহীত হইয়াছে।

- ১। কবি শ্র।
- ই। মাধব শূর।
- ৩। আদিশূর।
- ৪। ভূশূর।
- ৫। দ্বিজ শূর।
- ৬। ক্ষিতি শূর।
- ৭। প্রভাশুর।
- ৮। হুরা শূর।
- ৯। অলু শূর।
- ১০। হেমন্ত সেন।

#### ১১। বিজয় দেন।

#### ১২। বল্লাল সেন।

অমুশ্রের পর বল্লাল সেনের পিতামহ হেমন্ত সেন রাজা হলেন। পণ্ডিতবর লিখিয়া গিয়াছেন, অমুশ্রের যখন মৃত্যু হর তথন তাঁহার সন্তান সন্ততি কেহই ছিল না। বলাল সেন তাঁহার মন্ত্রী ছিলেন, রাজ্য তাঁহার হন্তেই ছিল অতএব মন্ত্রীর আসন ত্যাগ ক্রিয়া সিংহাসন গ্রহণ করা তাঁহার পক্ষে অসন্তব ছিল না। শ্র বংশ হইতে কি প্রকারে রাজ্য সেন বংশে সমর্পিত হইল তাহা এপর্যান্ত জানা ছিল না। কিন্তু বে কারণ লিখিত হইয়াছে তাহা নিতান্ত অসক্ষত নহে, সত্য হইলেও হইতে পারে।

এই নামাবলীতে আর গুটিকত কথা লিখিত আছে। অনেকে বলিয়া থাকেন যে, বল্লাল দেন কুলানের স্পষ্টি করেন কিন্তু পণ্ডিত লিখিয়াছেন যে ভূ শ্র প্রথমে কুলীনের পদ স্পষ্টি করেন, বল্লাল সেন সেই কুলীন বংশীয় দিগের আট জনকে মুখ্য করেন। ৮০৩ বংসর হইল, ৯০৪ শকে আদিশ্র রাজা পর্ক্তাহ্মণ আনয়ন করেন। ১৪৯৯ শকে দেবীবর ঘটক তাঁহাদের সন্তান দিপের মেল বদ্ধ করেন।



# প্রত্যাসিক পত্র।

२য় १७ ।

देवभाश ३२४२ ।

১ সংখ্যা।

### ভ্রমরের আত্মকথা।

ভ্রমরের ব্রঃক্রম একবৎসর পরিপূর্ণ হইল। এই জরকাল
মধ্যে ভ্রমর বেরপে আদরিত হইরাছে তাহা আমরা প্রত্যাশ।
করি নাই। ভ্রমর অতি নম্রভাবে জন্মগ্রহণ করিয়াছিল; জন্মরার্ত্রা ক্ষেত্র সংবাদ পত্রে পাঠান হয় নাই, কুলা বাজাইতে;
কাহাকেও ডাকা বায় নাই; অথচ বাসালার পন্মমাত্রেই ভ্রমরের
বার্ত্রা পাইয়াছেন। এক্ষণে যেখানে পদ্ম সেই পানেই ভ্রমর।
যে গৃহে ভ্রমর বার না আমরা গুনিয়াছি সে গৃহে পন্ম নাই;
কেবল শিমুল শর্মারা বাস করেন।

অলকালমধ্যে ভ্রমর চট্টগ্রাম হইতে কাশ্মীর পর্যান্ত ভ্রমণ.
করিতে সক্ষম হইয়াডে, ইহাতেই বোধ হইবে ভ্রমর নিতান্ত তুর্বল নহে।

লগবের গ্রাহক অনেক বাড়িয়াছে, নিতা বাড়িতেছে; কিন্তু লগবের কলেবর বাড়িল না কেন, এই কথা জনেক মঙ্গলাকাক্ষী জিক্সাসা করিয়াছেন। আমরা প্রাক্তান্তরে বলি, বয়স বাড়িলে কলেবর বাড়িবে।

জনেক স্ক্রদর্শী বলিরাছেন যে, জ্রমর ছই একটি বড় কথা ছোট করিরা বলিতে পারিরাছে কিন্তু এপর্যান্ত কোন ছোটকথা বড় করিরা বলিতে পারে নাই। একথা যদি সভা হয় ভাহা হইলে ভ্রমর বিশেষ আহলাদিত; ছোটকথা বড় করা আমাদের আধুনিক প্রথা— অপ্রভ্লতার ফল। শূন্য পাত্রের শক্ত অধিক।

দ্রমরের ক্রাট আন্তেক। কিন্তু সেই সকল ক্রাট সত্ত্বেও যদি ভ্রমর কথন এক মূহুর্ত্তের নিমিত্ত পাঠিকদিগকে স্থণী করিতে পারিয়া থাকে, তাহা হইলে ভ্রমর আপনাকে ক্রতার্থ বিবেচনা করিবে; পাঠকদিগের স্থাসাধন করা ভ্রমরের প্রধান অভিলাষ।

স্থসাধনের সঙ্গে হিতসাধন করা ভ্রমরের আর একটি অভিলাষ। পুরাকালিক পুরোহিতের ভায় ভ্রমর গ্রাহকদিগের হিতসাধনের ত্রত গ্রহণ করিয়াছে। হিতসাধন করিতে না পারে হিতাকাজ্জী চিরকাল থাকিবে।

# বঙ্গে পাঠক সংখ্যা।

বাঙ্গালায় প্রায় পঞ্চাশ লক্ষ বয়ংপ্রাপ্ত হিন্দু পুক্ষ বাস করিতেছেন তথ্য ন্যাতিরেক তিন লক্ষ ব্যক্তি লিখিতে পড়িতে
সক্ষম। যে দেশে এত লোক পড়িতে পারে সে দেশের ভাবনা
কিং? তুমি আপন শয়ন ঘরে বসিয়া সমাজ সম্বন্ধে কোন সঙ্গত
কথা লিখিলে; তিন লক্ষ লোক তাহা পড়িল, তোমার সহিত
একমত হইল। তিন লক্ষ লোক একমত। একথা শুনিলে
সম্দ্রেরও ভয় হয়। সমুদ্রেরও বন্ধন ভয় আছে; একমত
হইলে কাঠবিড়ালীরাও সমুদ্র বাধিতে পারে।

বাঙ্গালায় তিন লক্ষ লোক পড়িতে পারে; বাঙ্গালার ভাবনা কি? যে স্থলে তিন লক্ষ পাঠক কিন্তু সেস্থলে পঞ্জিকা ভিন্ন কোন গ্রন্থের তিন হাজার মুল্রাঙ্কন দেখিতে পাওয়া যায় না। সংবাদ বা সাময়িক পত্রের গ্রাহক ছুই হাজারের অধিক নাই; প্রত্যেক গ্রাহক দিগের আন্মীয় মধ্যে যদি চারি জন করিয়া পাঠক অন্থ ভব করা যায়, তাহা হইলে উর্জ্নহথ্যা দশ হাজার পাঠক হইবে। ইহার কারণ কি ?

কতকগুলি লোক অর ইংরাজি পড়িয়াছেন বাঙ্গালা পড়িতে তাঁহাদের অপমান বোধ হয়। কতক গুলি লোকের ইংরাজিতে সংকার জন্মিরাছে, তাঁহার। ইংরাজি মহাজন কৃত গ্রন্থের বসা-স্থাদনে সক্ষম; সে সকল গ্রন্থ থাকিতে বাঙ্গালার আধুন্কি অসার গ্রন্থ ছারা তাঁহাদের পরিতৃপ্তি হয় না।

আর কতক গুলি লোক আছেন তাঁহারা অর্থ উপার্জ্জনে বা অন্ত বিষয়ে এত একাগ্র যে কোন গ্রন্থই তাঁহাদের মনে স্থান পায় না। অনেক রসে তাঁহারা বঞ্চিত।

অবশিষ্ট অধিকাংশ লোকই পাঠ্য গ্রন্থ পাইলেই পডিতে পারেন । শী শিড়িতে তাঁহাদের প্রবৃত্তি আছে, সময়ও আছে, কিন্তু গাঠ্য কিছুই তাঁহাদের হস্তগত হয় না। তাঁহারা যে সকল পলীগামে বাস করেন তথায় গ্রন্থানি পাওয়া যায় না। অক্সত্র হইতে যে তাহা আনিয়া পড়িবেন এতটা উদ্যোগ তাঁহাদের নাই। গ্রন্থ আনায়াসে প্রাপ্ত হইলে তাঁহারা পড়িতে পারেন। যদি গ্রামে গ্রামে পাঠ্য প্রক অল্প ম্লো পাওয়া যায় তাহা হইলেই বাঙ্গালার ন্তন দিন উপস্থিত হইবে। একতার পথ পরিষ্কৃত হইবে। বাঙ্গালির নাম সর্ব্বি গ্রাছ হইবে।

বটতলার চরদিগকে স্থানে স্থানে বটতলার প্রস্থানির বিভাগ বাইতে দেখা যায়, কিন্তু সর্বজ্ঞ নছে। যেথানেই তাহারা

গিরাছে সেই থানেই তাহারা মনসার ভাষাণ, সত্যনারারণের কথা, কি মজার শনিবার, হারবে সকের জলপান প্রভৃতি অপাঠ্য পৃত্তক পড়াইরাছে। অন্তান্ত বিষয়ে বাঙ্গালি থেরূপ কাঙ্গালি পাঠ্য পৃত্তক সম্বন্ধেও দেইরূপ। পড়িবার স্পৃহা আছে কিন্তু পড়িতে পার না। বাঙ্গালার মঙ্গলাকাজ্জী দিগের পক্ষে এই এক সময়। এই সময় কিঞ্জিং চেষ্টা করিলে অভ্তুত মঙ্গল সাধন হইবে। বাঁহারা বাঙ্গালার তিন লক্ষ লোককে পড়াইতে পারিবন তাঁহারাই বাঙ্গালার মহাজন।

অতএব সকলে চেষ্টা কক্লন, এবিষয়ে চেষ্টা নিক্ষল হইবে
না, যতটুক্ চেষ্টা করা যাইবে ততটুকু সফল হইবে; চেষ্টা দ্বারা
একজনকে পড়াইতে পারিলেও সফল গণিব। বটতলার দলকে
যতই উপহাস করি তাহারা এবিষয়ের পথ পরিদ্ধার করিয়াছে।
তাহারা অক্ষয় হউক, তাহাবের দল নিতা বৃদ্ধি হউক, তাহারা
বাঙ্গালার সমুদয় গ্রামে গতিবিধি করুক। ক্ষুদ্র পাঠা পুত্তক
অপ্রাপ্য বলিয়াই তাহারা এক্লণে অপাঠা পুত্তক পাঠার, পরে
সে দোষ থাকিবে না।

ন্তন পঞ্জিকা একলক করিয়া ইদানীং বিক্রয় হয়। এই বিষয় আলোচনা করিয়া দেখিলে উপরোক্ত কথা সম্পত বলিয়া বোধ হইবে। বটতলার যত্নে এই সংখ্যক পঞ্জিকা বিক্রয় হই-তেছে। সে যত্ন স্বার্থপরতাজনিত হউক, আর যাহাই হউক, সামান্ত নহে। যে স্থলে এক লক্ষ পঞ্জিকা বিক্রয় হয়, সে স্থলে পাঠক সংখ্যা যাহা অন্তব করা হইয়াছে, তাহা অন্তায় নহে, তিন লক্ষের বরং অধিক হইবে। এই পাঠকদের নিমিত্ত পঞ্জিকা এক লক্ষ বিক্রয় হয়, কিন্তু অন্ত পুস্তক এক হাজার বিক্রয় হয় না। পঞ্জিকার ন্থায় অন্ত পুস্তক প্রয়োজনীয় না হইতে পারে,

কিন্তু স্থাদ হইবার সম্ভাবনা। কেবল স্থাদ হইলে কি হইবে, স্থাদ গ্ৰন্থ তুৰ্মূল্য, কাজেই বটতলার চক্ষুঃশূল।

ক্ষুদ্র প্রন্থ যেথানে যাইবে কালে তথার বড় গ্রন্থ পাইবে।
ক্ষুদ্র সংবাদ পত্র যেথানে পঠিত হইবে কালে তথার বড় বড়
সংবাদ পত্র পঠিত হইবে। অতএব গ্রন্থকার ও সংবাদ পত্র
লেখক মাত্রেরই এবিষয়ে মনোযোগ করা উচিত; এবিষয়ে তাঁহারা
সাহায্য করিলেই তাঁহাদের আপনার লাভ। সামান্য পত্রিকার
গ্রাহক বাড়িলে প্রধান পত্রিকার গ্রাহক বাড়িবে। যে সকল
সামান্ত পত্রিকা পল্লীগ্রামে নৃতন গ্রাহক সংগ্রহ করিয়া অল্ল দিসের মধ্যে লীলা সম্বরণ করিয়াছে তাহারা প্রধান পত্রিকার
উপকার করিয়া গিয়াছে।

একণে কি উপায়ে বাঙ্গালার তিন লক্ষ লোকের হস্তে পাঠ্য পুস্তক সমর্পণ করা যায়। কি উপায়ে গ্রামা মৃদি, গ্রামা চৌ-কিদার, ডাক হরকরা, মিসিওয়ালী, মুক্তাওয়ালী প্রভৃতি সকলেই এ বিষয়ে সহায়তা করে তাহার আন্দোলন আবশুক।

# কণ্ঠমালা।

### ত্রয়স্ত্রিংশ পরিচেছদ।

শস্তু কয়েদীর সন্ধান করিবার নিমিত্ত একজন মুস্লমান্
দারণা বিশেষ বত্ব পাইতে লাগিল। শস্তু যে নিকটেই আছে,
একথা তাহার দৃঢ় প্রত্যয় হইয়াছিল, অতএব নিকটবর্ত্তী প্রামে
গ্রামে নানা বেশে, নানা ছলে, বাতায়াত করিতে লাগিল।
ক্রমে রামদাস সয়াসীর সহিত তাহার আলাপ হইল, দারগা
মনে করিল, রামদাস কোন ছল্লবেশী "বদমায়েস।" কি নিমিত্ত

তাহার এরূপ সন্দেহ হইল, তাহা দারগা স্বয়ংও বুঝিতে পারিল না : অথচ তাহার সন্দেহ দিন দিন বাড়িতে লাগিল।

রামদাস স্থচতুর, দারগার সন্দেহ ব্ঝিতে পারিলেন। পাছে
সেই সন্দেহ হইতে ভবিষাতে কোন বিপদ্উপস্থিত হয় এই আশকায় দারগার মন অন্থ দিকে ফিরাইতে চেষ্টা পাইতে লাগিলেন।
কিন্তু,শস্তু কয়েদীর অন্সকান ব্যতীত আর কোন বিষয়ে দারগাকে অন্থমনস্থ করিবার উপায় নাই দেখিয়া শেষ শন্তু কয়েদীর
কথা উপস্থিত করিলেন। দারগা সে কথায় প্রথমে বিশেষ মনোযোগনা করিয়া কেবল মাত্র বলিল, "শস্তু আর কত দিন লুকাইয়া
থাকিবেণ ইংরেজের রাজ্য, তাহাকে ধরা পড়িতেই হইবে, সে
বিষয়ে আর আমি বড বাস্ত নহি।"

বাম। উত্তম, আমি মনে করিয়াছিলাম, আপনি বিশেষ বাস্ত, তাহাই তাহার অনুসন্ধানের কথা উল্লেখ করিয়াছিলাম।

দার। তবে তুমি কি তাহার কোন সন্ধান জান ?

রাম। জানি বানা জানি, আপনি ত আর বড় ব্যস্ত নহেন।

দার। ব্যস্ত নহি বটে, কিন্তু তাহার সন্ধান করিতে পারিলে ভাল হইত, না পারিলেও বিশেষ ক্ষতি নাই।

রাম। তবে কি না, আপনি অন্থসন্ধান করিতে পারিলে আপনার স্থাতি হইত, এক্ষণে অন্ত দারগা অন্থসন্ধান করিতে পারিলেতাহারই স্থাতি হইবে। তাহা হউক, আপনার স্থাতি অনেক আছে, এক কার্য্যে আপনি নিক্ষল হইলে যে আপনার সকল স্থাতি নই হইবে, কি অন্তে সফল হইলে যে আপনার অপেকা সে উচ্চপদ্ধ হইবে এমত নহে।

দার। তুমি কি শস্ত্র কয়েদীর বিষয় কিছু জান ?

রাম। বিশেষ কিছুই জানি না।

দার। তবুকি জান বল।

ুরাম। কই। আমি কিছুই জানি না।

দার। কিন্তু তোমার ভঙ্গীতে বোধ হইতেছে, তুমি শস্তুর বিষয় কিছু জান। যাহা জ্ঞান তাহা যদি গোপন করিতে ইচ্ছা হয়, গোপন কর; সন্ন্যাসীর বেশ ধরিলে অনেক বিষয় গোপন করিতে হয়, অনেক বিষয় গোপন রাখিতে পারা যায়। এক্ষণে আমি চলিলাম, প্রয়োজন হইলে আবার আসিয়া সাক্ষাৎ করিব।

রামদাস বিশেষ রূপে অমুরোধ করিলেন, কিন্তু দারগা কোন মতেই থাকিলেন না. উঠিয়া গেলেন। সেই পর্যান্ত রামদাস দেখিলেন, যে তিনি গ্রামান্তরে গেলে তুই একটা মহুষ্য অলক্ষ্যে তাঁহার অনুসরণ করে। কখন তাহারা নিকটে আইদে না অগচ চলিয়াও বায় না। রামদাস ভাবিলেন, "ইহারা দারগার চর: দারগা কি আমার পূর্বপরিচয় পাইয়াছে? না, তাহা इहेटल इत शांठाहेवात अरमाजन इहेज ना। जानि दर्माश याहे, কাহার দঙ্গে আলাপ করি. এই দকল তত্ত্ব লইতে ধর্ত মুদল-মান ইহাদিগকে নিযুক্ত করিয়াছে, মনে করিয়াছে এই সকল তত্ত্ব লইলেই মহারাজের তত্ত্ব পাওয়া সহজ হইবে। ভাল, অদ্যহইতে আর আমি গ্রামান্তরে কি কোথায়ও ঘাইব না, দেখা ঘাউক, দারগা কি করে। কিন্তু আমি যে মহারাজের সম্বাদ জানি তাহা দারগা কিরপে জানিল? যে রূপেই হউক তাহা নিশ্চয় জানি-য়াছে,নতুবা এত লোক থাকিতে আমার উপর তাহার লক্ষ্য কেন হইবে। এক্ষণে উহার চকে ধলা দেওয়ার চেষ্টা করাবোধ হয র্থা হইবে। যদি দার্গাকে ভুলান না যায় তবে কি কর্ত্তব্য, মহারাজের সন্ধান কি বলিয়া দিব ? না — ভাহা কখনই হইবে না। যিনি আমাকে প্রতিপালন করিয়াছেন, আমার নিমিত্ত এত দিন জেলে রহিয়াছেন, তাঁহার অনিষ্ট কখন করিব না। কথনই না। কিন্তু এক কথা আছে, সন্ধান বলিয়া দিলেই তাঁহার অনিষ্ট

কি হইবে? জেলে তিনি ছিলেন, আবার জেলে যাবেন, তবে আমরা তাঁহার প্রতিপালিত, তাঁহার আশ্রিত, যদি সন্ধান দিয়া কিছু উপক্তত হই, ক্ষতি কি! পতিত বুক্লের মূল কত কীটে থার, যে কীট বুক্ষপত্রে প্রতিপালিত হইরাছিল, সে কীট এক্ষণে মূল-ভক্ষণে প্রতিপালিত হইবে, তাহাতে ক্ষতি কি? আর এক কথা আছে: যদি তিনি আপিনি ধরা পড়েন, আর আপনার পরিচর দেন, তাহা হইলেই ত আমি গেলাম। আর যদি আমি সন্ধান বলিয়া দিই তথন তিনি আসুপরিচয় দিলে আমার কোন অনিষ্ট হইবে না; তথন মেজেট্রর সাহেব মনে করিবেন, যে কয়েদী মুক্তি পাইবার লোভে অন্তকে দায়গ্রস্ত করিতেছে। তাহাতে আমার কোন বিপদ্ নাই, অতএব এই যুক্তি ভাল। আমিই মহারাজকে ধরাইয়া দিব।"

## চত্তাস্ত্রিংশ পরিচ্ছেদ।

রামদাস সন্নাসী জাতিতে বাহ্মণ। পূর্ব্বে মহারাজ মহেশচন্দ্রের সংসাবে নিযুক্ত ছিলেন। মহারাজের মৃত্যুর্ব পর বংকালে মহারাণী পশ্চিমাঞ্চলে যাত্রা করেন, রামদাস তাঁহার
সঙ্গে থাকেন। লোকে বলিত রামদাসের পরামশামুসারে
মহারাণী গৃহত্যাগিনী হয়েন; সে কথা কতদ্র সত্য প্রকাশ নাই,
ফলতঃ রামদাস মহারাণীর বড় প্রিরপাত্র ছিলেন, কিন্তু যাহারা
রামদাসকে বিশেষ জানিত তাহারা বলিত রামদাস মহারাণীর
পরম শক্রর নাায় কার্য্য করিতেন; মহারাণী তাহা জানিতেন
না, কেহ তাঁহাকে জানাইশেও তিনি বিশ্বাস করিতেন না।
কিন্তু একদিন তাঁহাকে বিশ্বাস করিতে হইয়াছিল।

একটি চটিতে মহারাণীকে তিন চারি দিবস থাকিতে হই-

য়াছিল, শেষ দিন রাত্তে এক দল ডাকাত আসিয়া আক্রমণ করে, সেই দলের মধ্যে রামদাস ছিলেন। মহারাণী স্বয়ং তাঁহাকে চিনিতে পারিরাছিলেন।

অপষ্ঠ জ্ব্যাদি নইয়া রামদাসের সহিত ডাকাতদিপের বিবাদ হয় এবং সেই বিবাদ স্ত্রে ডাকাতেরা আর একটি ডাকাতির মোকদ্দমায় তাঁহাকে সঙ্গী বলিয়া পরিচয় দেয়। রামদাস তথন স্থাদেশে প্রত্যাবর্তন করিতেছিলেন, পথিমধ্যে ধরা পড়িয়া বিচারালয়ে আনীত হইলেন। তাহার বিরুদ্ধে প্রচ্র প্রমাণ পাওয়ায় জজ সাহেব তাঁহাকে যাবজ্জীবন কারাবাসের আজ্ঞা দিলেন। যে ডাকাতদিগের সহায়তায় রামদাস দণ্ড পাইলেন, তাহারা রামদাসের প্রকৃত নাম জানিত না। রামদাস আপনাকে শস্তু বলিয়া তাহাদের নিকট পরিচয় দিয়াছিলেন। সেই অবধি তাহারা শস্তু বলিয়া তাহাকে জানিত। নথিতেও রামদাস নাম উল্লেখ ছিল না। জ্ঞা সাহেবও রামদাসকে শস্তু বলিয়া দণ্ড দেন।

দত্যক্ষার পর যখন রামদাসকে ক্লেলে লইয়া যায় তথন প্রায় সন্ধান হইয়াছে। রামদাস চারিজন কনেষ্টেবল কর্তৃক পরিবেষ্টিত হইয়া নিঃশব্দে যাইতেছেন এমত সময় একজন কনেষ্টেবল জিজ্ঞাসা করিল, "তোমার আর কে আছে?" রামদাস কহিলেন "আমার আর কেছই নাই থাকিলে আমি জেলে যাইতে সন্মত হইতাম না। একশে বিবেচনা করিয়া দেখিলাম জেল আমার পক্ষে মন্দ নহে; আর আমাকে অর চিন্তা করিতে হইবে না যাবজ্জীবন একপ্রকার নির্কিষ্টে থাকিব।"

আর একজন কনেটেবল জিজাসা করিল, তবে কি তুমি

এই ডাকাতিতে লিপ্ত ছিলে না। রামদাস কেবল মাত্র বলিলেন, "না।" আর কেহই কোন কণা জিজ্ঞাসা করিল না।

কতক দ্ব আদিয়া রামদাস উদরের উপর হস্ত রাখিয়া কিঞ্চিৎ কট্ট প্রকাশ করিয়া জিজ্ঞাসা করিলেন, নিকটে পুছরিণী আছে? একজন বলিল, আছে। রামদাস বলিলেন, সম্বরে সেই দিকে চল। পরে তথায় উপস্থিত হইয়া কনেষ্টেবলগণ পণে দাঁড়াইল; রামদাস নিকটেই বসিলেন। প্রহরিগণ অন্যমনস্ক হইলে রামদাস বেগে পলাইলেন। "আসামী ভাগা" বলিয়া কনেষ্টেবলেরা পশ্চাৎ পশ্চাৎ দৌড়িল। আরও অনেকে তাহাদের সঙ্গে দৌড়িল কিন্তু রামদাস দেখিতে দেখিতে অদৃশ্য হইয়া গেলেন। সন্ধ্যা অতীত হইয়াছে; কনেষ্টেবলগণ একস্থানে দাঁড়াইয়া; কিংকর্ত্তব্য বিবেচনা করিতেছে এমত সময় কতকগুলি লোক একটা মন্দিরের সম্মুথে দাঁড়াইয়া কোলাহল করিতেছিল। ভাহারা দ্বে কনেষ্টেবলদিগকে দেখিয়া চীৎকার করিয়া বলিল, আসামী এই মন্দিরমধ্যে প্রবেশ করিয়াছে। রামদাস বাস্তবিক সেই মন্দিরমধ্যে প্রবেশ করিয়াছেলেন।

়ে.তথার এক ব্রহ্মচারী বসিষাছিলেন। মন্দিরে প্রবেশ করিয়া রামদাদ তাঁহার গৈরিকবেশ দেখিবা মাত্র পাদ্গুলে পড়িয়া বলিলেন, প্রতা! আমার রক্ষা করুন, আমি করেদী আমার পশ্চাতে কনেষ্টেবল আদিতেছে। ব্রহ্মচারী ধীরে ধীরে উঠিয়া মন্দিরের ধার রুদ্ধ করিয়া পরিচয় জিজ্ঞাদা করিলেন। রাম-দাদ অতি সংক্ষেপে পরিচয় দিলেন ''আমাকে শস্তু ভাকাত মনে করিয়া অন্যায়পূর্বক কারাবাদের আজ্ঞা দিয়াছে। আমি জেলে যাইতে যাইতে পলাইয়াছি। আমি শস্তু নহি আমার নাম রামদাদ; মহারাজ মহেশচক্রের ভৃত্য ছিলাম। এক্ষণে পথে পথে ভিক্ষা করি।'' ব্রহ্মচারী আপন পরিচ্ছদ রামদাসকে পরাইয়া বলিলেন, তুমি অদ্যাবধি রামদাস সন্ন্যাসী হইলে। আপনি রামদাসের পরিচ্ছদ পরিয়া ঈবৎ হাসিয়া বলিলেন, আমি অদ্যাবধি শস্ত্ কয়েদী হইলাম। এই সময় কনেটেবলগণ হারে প্রহার করিতে লাগিল। ব্রহ্মচারী রামদাসের কর্ণে ছই চারিটি কি কথা বলিয়া একটি শুপ্ত স্তৃত্বল দেখাইয়া দিলেন। কনেটেবলরা হার ভাঙ্গিয়া শস্তু কয়েদীকে লইয়া গেল। কতক পথে গিয়া আপন্মদের ভ্রম দেখিতে পাইল। ব্রহ্মচারী ভাহা বৃক্ষিতে পারিয়া হাসিয়া বলিলেন "ভয় নাই, ভোমরা চল, এখন আমিই শস্তু ডাকাত।"

আমরা এপর্যান্ত যাহাকে শন্তু করেদী বা শন্তু ভাকাত বলিয়া পরিচয় দিয়া আসিয়াছি, তিনি ভাকাত নহেন, রামদাসের পরিবর্তে জেলে গিয়াছেন। রামদাস এক্ষণে সেই ব্রহ্মচারীকে আবার পুলিষের হল্ডে সমর্পণ করিবার মনস্থ করিয়া দারগার অবেষণে গেলেন।

দারগার সহিত সাক্ষাং ইইলে অনেকক্ষণ কথা বার্ত্তার পর রামদার্স নিলেলেন, "আপানি আগামী পরশ্ব রাত্তি ছুই প্রহরের সময় মন্দিরের নিকট আমার সহিত সাক্ষাং করিবেন কিন্তু সঙ্গে কাহাকেও লইয়া যাইবেন না। তাহা হুইলে আমার সাক্ষাং পাইবেন না। আর যদি একাকী যান তাহাহুইলে সকল সন্ধান পাইতে পারিবেন।"

দারগা উত্তর করিলেন, তবে কি শস্তু ডাকাত তোমাদের নিকট আছে? রামদাস বলিলেন যে, এক্ষণে শস্তু কোথায় তাহা আমি জানি না কিন্তু স্বাগামী পরশ্ব রাত্রে স্বামার সহিত মন্দিরে এক ব্যক্তি সাক্ষাৎ করিতে আসিবে, এমত কথা বার্ত্তা ইইয়াছে। সেই ব্যক্তি যদি শস্তু হয় তবে তাহাকে স্বনায়াসে ধরা যাইতে পারিবে, কিন্তু প্রথমে দেখা চাই। আমি কথন
শন্তুকে দেখি নাই, সেই বাক্তি যদি শন্তু হয় তাহাইলৈ
কোণা সে আপাততঃ বাস করিতেছে তাহা সন্ধান করিয়া
লইতে পারিব। রামদাস সন্ন্যাসী বাস্তবিক শন্তু কোণায়
থাকে তাহা জানিতেন না। শন্তু মধ্যে মধ্যে আসিতেন এবং
যে দিবসে আসিবেন পূর্বে তাহার স্থির থাকিত। শন্তুবড়
সাবধানী, পাছে লোক দেখিলে না আইসে এই আশহায় রামদাস অন্য লোক আনিতে দারগাকে সতর্ক করিয়া দিয়াছিলেন।

দারগার নিকট হইতে বিদায় হইয়া রামদাস আসিতে আসিতে ভাবিলেন যে, "শস্তু বিশ্বেষ্ট ধরা পড়িবে। ধরা পড়িলে আর তাঁহারে এথানে রাথিবে না; অবশ্য দ্বীপাস্তরিত করিবে। তাহাইইলে এই ধন ঐথা সকলই মোহান্তের হইবে। কিন্তু মোহান্ত যদি যায় তাহাইইলে সকলই আমার হস্তে পড়িবে। শৈলর কথা বুথা, তাহারে রাখিলে রাখিতে পারি মারিলে মারিতে পারি। এক্ষণে কি উপায়ে মোহান্তকে স্থানান্তরিত করি।"

় এই দিবস অপরাকে মোহাত জিজ্ঞাসা করিলেন র্ক্লামদাস তুমি এত অন্যমনত কেন?" রামদাস বলিলেন "আমি আপ-নার অদৃষ্ট ভাবিতেছি।"

মহা। অদৃষ্টের কি ভাবিতেছ?

রাম। এই ভাবিতেছি যে, সংসার ত্যাগ করিরা সন্ন্যাসী হইলাম কিন্তু অদৃষ্ট দোষে সেই সংসারের পাপ সঙ্গে সঙ্গে জাসিল। এখানে সেই সংসারের কার্য্য করিতেছি। তবে, নিজের সংসার ত্যাগ করিয়া মহারাজের সংসার চালাইতৈছি। তাঁহোর অনুমতি পালন করিতেছি, তাঁহোর কথায় বা মহাশয়ের কথায় কাহারে পীড়ন করিতেছি, কাহার ও উপকার করিতেছি, উপকার সংসারাশ্রমে থাকিয়াও করিতে পারিতাম, তবে সন্ন্যাসী হইয়া আমার কি ফল হইল।

মোহ। কই ? আমার কথার কাহারে পীড়ন করিতে হইয়াছে?

রাম। সময়ে সময়ে অনেক করিতে হইরাছে। সম্প্রতি যে দিবস শস্ক্রমেদী বুন ইইরাছে এই কথা জেলখানায় রাষ্ট্রকরিতে যাই, সে দিবস জেলখানায় বাস্তবিক ছই একজনকে প্রার খুন করিতে হইরাছিল। আপুনি কাহাকেও মারিতে অনুমতি করেন নাই সত্য, কিন্তু না মারিলে কার্য্যোদ্ধার হইত না। অতএব আপনার অনুমতির নিমিন্ত সে অত্যাচার করিতে হইরাছিল।

মোহাস্ত অন্যমনক হইলেন। রামদাস সমর পাইরা অনেক কথা বলিতে লাগিলেন; মোহাস্ত কোনটির উত্তর না করার রামদাস দেখিলেন নে, মোহাস্ত তথনও অন্যমনক রহিয়াছেন কোন কথাই শুনিতেছেন না অতএব কান্ত হইলেন। অনেক-কণ পরে মোহাস্ত বলিলেন, "আমি লোকের অনেক উপকার করিয়াছি, নহারাজের কার্ম্য ভার না লইয়া বনে বৃষ্টিয়া ধর্মোপা-সন্ম করিলে এত উপকার করিতে পারিতাম না।"

রাম। সে কথা সতা, কিন্ত যে উপকারই আপনি কি আমি করিয়া থাকি তাহা অর্থের বলে করিয়াছি, অর্থ যাহার ধর্ম তাহার; আনাদের ফল কি হইয়াছে ? বিশেষতঃ অর্থো-পার্জিত ধর্ম সংসারীর পক্ষে বিধি, আর আমাদের পক্ষে স্বতন্ত্র বিধি। আমি অনর্থক স্রাাস আশ্রম গ্রহণ করিয়াছিলাম; আশ্র-মোপ্যোগী কোন কার্যাই করিতে না পারার পতিত হইতেছি, এই ভাবনা আমার বড় হইয়াছে; এক্ষণে আমি কি করি ভাহাই ভাবিতেছি। মোহান্ত অনেকক্ষণ পরে দীর্ঘনিশাস ত্যাগ করিয়া বলিলেন, রামদাস তুমি সত্য বলিয়াছ, তোমার কথায় আমার চৈতন্য হইল, আমার আর এখানে এক দুও থাকাও উচিত নহে!

রাম। বিশেষতঃ এখানে ছই এক দিনের মধ্যে স্ত্রীহত্যা হইবে। শৈল নামে যে একজন যুবতীকে মহারাজ আবদ্ধ রাখিয়াছেন, তাহাকে নদীতে নিঃক্ষেপ করিতে অসুমতি দিয়াছেন। আমি তাহাতে অস্থীকার করার তিনি অরং মে কার্য্য সমাধা করিবেন বলিরাছেন। তিনি বলেন গে, শৈল জীবিত থাকিলে পৃথিবীর অনেক অনিষ্ট ঘটাইবে।

নোহাস্ত কর্ণেহন্ত দিয়া উঠিলেন। বলিলেন, "রামদাস, আর এসকল কথা শুনাইও না, শুনিলেও পাপ। আমি একণে চলি-লাম, এছল ত্যাপ করিবার আরোজন করি। এই চাবি লও, সমস্ত অব্যাদি লও। তুমি মহারাজকে সকল বুঝাইয়া দিও, সকল বঝাইয়া বলিও।

রাম। আপনি স্বহতে মহারাজকে এই চাবি দিমা সকল ৰলিয়া গেলে ভাল হয়ত।

• মহা। না, মহারাজ কি মোহিনী মন্ত্র জানেল; তিনি ৰাহাই বলেন, তাহাতেই আমাকে সন্মত হইতে হয়, কি জানি যদি আগার মতাস্তর করিতে পারেন, আসার এই ভয়। তাঁ-হার আদিবার পূর্কে যাওয়াই ভাল।

মোছান্ত উঠিনা গেলে রামদাস একা বসিনা ঈবৎ হাস্যমুধে ভাবিতে লাগিল। কি পাপ, মোহান্তটা এত বড় নির্বোধ, এত সহজে ইহাকে যে তাড়াইতে পারিব, তাহা কথনই ভাবি নাই। এখন দেখা যাউক ইহার পর কি হয়।

#### পঞ্জিংশ পরিচেছদ।

রামদাস সন্ত্রাসী এই দিবস বিনোদকে আসিবার নিমিত্ত একথানি পত্ত লিথিয়াছিলেন, কি জন্য তাঁহাকে আবশাক হই-য়াছে, পত্তে তাহা কিছুই লিথিত হয় নাই। কেবল মাত্র লিথিত আছে "রাত্রি হুইপ্রহরের সমন্ত্র মুর্কাদিকে বটরুক্ষমূলে আমার সহিত অতি অবশা সাক্ষাৎ করিবেন। চুইপ্রহরের পূর্ব্বে আসিলে আমার সহিত সাক্ষাৎ হইবে না; চুইপ্রহরের পরে আসিলে আপনি কোন বিশেষ স্থেপ্ এজনার মত বঞ্জিত হইবেন।"

পত্রথানি পাইয়া বিনোদ হুই তিনবার পাঠ করিলেন; কেন সন্যামী যাইতে বলিয়াছেন, তাহা কিছুই অনুভব করিতে পারিলেন না; আবার পত্র পাঠ করিলেন, তাহাব পর পত্রখানির এপৃষ্ঠা ওপৃষ্ঠা ঘুরাইয়া ফিরাইয়া দেখিলেন, শেষ পত্রথানি পূর্ব্বমত মুড়িয়া বস্তাগ্রে বাঁধিলেন। বেলা তৃতীয় প্রহর হইয়াছে। অনেক দূর যাইতে হইবে অতএব যাইবার উদ্যোগ করিতে লাগিলেন। বিনোদ স্বভা-বতঃ শাক্ত; ইদানীং আরও শাস্ত হইয়াছেন; আর শোক্ তাপ নাই, রাগ দ্বেষ নাই, কোন অভিলাষ নাই, একাকী কালাতিপাত করেন। পৃথিবীর শোভা আর বৃঝিতে পারেন না, নেঘ দেখিলে আর মাতিয়া উঠেন না, ক্ষুদ্র ক্ষুদ্র খেত शुल्लात्रिक आत कितिया हान ना, हासामय हरेल आत् বিচলিত হয়েন না। কেবল মাত্র এক দিবস ঘার মেঘাচ্চর আকাশে একটি নক্ষত্ৰকে একা জ্বলিতে দেখিয়া কিঞিৎ ব্যস্ত হইরাছিলেন। শব্যা হইতে পুনঃ পুনঃ উঠিয়া সেই নক্ষতটি দেখিয়াছিলেন। হয়ত নক্ষতটি একাকী জ্বলিতেছে বলিয়া তাহার নিমিত্ত এত ব্যস্ত হইয়াছিলেন; অথবা নক্ষ্টার সহিত

আপনার সাদৃশ্য অনুভব করিয়া তাহার নিমিত্ত এত কাত্ম হইয়াছিলেন।

রাত্রি ছই প্রহরের সময় সন্ন্যাসীর সাক্ষেতিক মন্দিরের নিকট বিনোদ উপস্থিত হইলেন। মন্দিরের পূর্কদিকে একটি বটবুক্ষ আর তুই একটি করবীর ঝাড় রহিয়াছে; তাহার অবা-বহিত পরেই নদীর বিশালকক চন্দ্রকিরণে বহদূর পর্যান্ত বিস্তৃত রহিয়াছে। নদীর গন্তীর গর্জন বিনোদের কর্ণে শোকধ্বনির ন্যায় বোধ হইতে লাগিল; ক্রমে সেই শব্দে বিনোদের অস্তর বাাকুলিত হইতে লাগিল। তাঁহার বােধ হইতে লাগিল যেন দিবসে কি শোকাবহ ব্যাপার ঘটয়াছিল, যেন তাহার তরঙ্গ এখনও অন্তরে উছলিতেছে। বিনোদ তাহা সারণ করিতে লাগিলেন, কিন্তু কোন ঘটনাই স্মরণ হইল না, অপচ তাঁহার অন্তর কাঁদিয়া উঠিতে লাগিল। বিনোদ কিছুই ব্ঝিতে পারিলেন না, সেই সম্ভাপিত অস্তরে বিনোদ ধীরে ধীরে ছই এক পদ অগ্রসর হইতে লাগিলেন। একটি করবীর वृक्षभाष्ट्रं याहेशा (मथिलन, कृष्टे जन मांड़ाहेशा कि कथा ্কহিতেছে; তাহাদের দেহ নদীবকে চিত্রিত প্রভিয়াছে। বিনোদ বৃক্ষান্তরালে দাঁড়াইয়া অলক্ষ্যে তাহাদের কথা শুনিতে লাগিলেন। একজন বলিতেছে, "আমার বড় শীত করি-তেছে, আমি আর এথানে দাঁড়াইতে পারি না, কেন আমাকে আনিলে বল, নতুবা আমি চলিয়া যাই।" অপর ব্যক্তি হাসিয়া উত্তর করিল, "তুমি যাবে কোথা? তোমার আর স্থান কোথা ? তোমার স্থান এই নদীগর্ভে, ইচ্ছা হয় যাও।" প্রথম ব্যক্তি উত্তর করিল, "উপহাস রাখ, আমার মত হুর্ভা-গিনীকে উপহাস করিলে আর ভোষার কি লাভ ?" বিনোদ চিনিলেন, এ তাঁহার শৈল, সন্ন্যাসীর সহিত কথা করিতেছে।

রামদাস সন্ন্যাসী বলিলেন, "আমি উপহাস করি নাই। প্রকৃত কথাই বলিয়াছি, ঐ নদীগর্ভে তোমার স্থান তাহার অন্যথা হইবে না, এখনই তাহা জানিতে পারিবে।"

শৈ। কেন, নদীগর্ভে আমার স্থান ? কে বলে ? কাহার সাধ্য ?

রাম। আমি বলি, আমার সাধা।

١

শৈ। কে তুই ? কোথাকার কে তুই, নচ্ছার ? ঝাঁটা পেটা করিব জানিদ্না।

রাম। গালি দেও, তোমার সময় অর। আর সময় অধিক থাকিলেই বা কি হইত; জীবনধারণ কি কঠ তাহাও ত দেখিলে?

শৈল অতি মৃত্ভাবে আপনাপনি বলিতে লাগিল, আমার বর্ষ অল্ল, তাহাই মরিতে ইচ্ছা নাই। আমার বড় সাধ আবার সংসার করি।

রাম। কাহার সঙ্গে? বিলাস ধাবুর ত শেষ দশা; ছই পাঁচদিন আর তাঁহার বিলম্ব। বিনোদ বাবুর আশা ত তুমি করই নাং করিলেই বা কি হইবে?

देश। (कन १

রাম। তিনি আমায় পত্র লিথিয়াছিলেন, যে "আমার প্রতিমার বিদর্জন আমি আপনিই করিব।" অদ্য এখনই তিনি তোমায় বিদর্জন করিতে আদিবেন।

শৈল আর কথা কহিল না, ক্রমে ক্রমে তাহার মস্তক বক্ষে চুলিয়া পড়িল। রামদাস একবার এদিক্ ওদিক্ চাহিলেন, মনে মনে বনিলেন, বিনোদ এলেন না, তাঁহার সময় অতীত হইরাছে আর বিলম্ব কেন করি। তাহার পর শৈলকে বলিলেন, শৈল তোমার সময় উপস্থিত। শৈল কথা কহিলঃ

না। শৈলের অঙ্গ স্পর্শ করিলেন, তথাপি শৈল কথা কহিল না; অঙ্গ দৃঢ় করিয়া ধরিলেন, শৈল সেইরূপ রহিল। তাহার পরই সমুথে গগনভেদী একটি চীৎকার হইল। করিলে ?" বলিয়া সঙ্গে২ পশ্চাতে আর একটা চীৎকার হইল। সন্যাসী চমকিয়া স্কন্ধ ফিরাইলেন, পশ্চাতে কেছই নাই। নিমে নদী দেখিতে মন্তক নত করিলেন, জলোচ্ছাসে আর একটি চীৎকার মিশাইয়া গেল, কাহাকেও দেখিতে পাইলেন না। আবার পশ্চাতে মন্তক ফিরাইলেন, কেইই নাই; তৎক্ষণাৎ আবার নদী প্রতি চাহিলেন কেহই নাই। স্রোত ছুটতেছে, নদী গর্জিতেছে, আর কেহই নাই; কেবল একটি ভীষণ পক্ষী নদীবক্ষ দিয়া উড়িয়া গেল। বিদৰ্জন হইয়া গিয়াছে। শৈল এই মাত্র ্র যেখানে দাঁড়াইয়াছিল সন্ন্যাসী ধীরে ধীরে সেই স্থানের প্রতি চাহিলেন। শৈল এই মাত্র ছিল, এই মাত্র কথা কহিয়াছিল, শৈল আরসেথানে নাই; সন্ন্যাসী আবার নদীর দিকে মন্তক নত করি-লেন এই সময় পূর্ব্বমত চীংকার তাঁহার অমুভব হইল ; চীংকার ' কোথা হইতে হইল ? পশ্চাতে দেখিলেন, পার্ম্বে দেখিলেন, শেষ উর্দ্ধে চাহিলেন; উর্দ্ধে চক্র তাঁহার প্রতি চাহিয়া গ্রাইয়াছে. নক্ষতগণ নদীর প্রতি চাহিয়া রহিয়াছে, নদীর যে স্থানে শৈল নিক্ষিপ্ত হইয়াছে, নক্ষত্রগণ যেন ঠিক সেই স্থানের প্রতি চাহিয়া রহিয়াছে।

করবীর অন্তরালে বিনোদ নাই। শৈলকে বাঁচাইবার নিমিত্ত সঙ্গে সঙ্গে বিনোদ জলে ঝাঁপ দিয়াছেন। সন্মাসী প্\*চাতের চীৎকারে বিনোদের গলা চিনিতে পারেন নাই।

## নক্ষত্রের প্রতি।

5

মেবাছের জমা নিশা;— আঁধার আকাশে, ভেসে যায় মেঘ কালো, তার মাঝে করি আলো, বসিয়া তারকা এক মৃত্ মৃত্ হাসে। কভুবা লুকায় মেঘে কভুবা প্রকাশে।

"কে তুমি তারকা, আজি দেখা দিলে মোরে, কেন এ অতাগা নরে, জালাইব মনে করে, খেলিতেছ লুকাচুরি কাদস্বিনী কোরে। তিতাইছ কেন মোরে নয়নের লোরে।

তব মত এক তারা হৃদয় অম্বরে,

কত দিন ফুটেছিল, হঠাৎ সে লুকাইল, জনমের মত কাল অনস্ত সাগরে। পাগল তথন হতে আমি তার তরে।

তুমিত লুকায়ে পুন: আপনা প্রকাশ,
লুকায়ে সে একবার, কেন না বাহিরি আর,
হাসিলনা তব মত স্থমধুর হাস।
কেন সে তাজিল তার আবাস আকাশ।

৫
গেছে বটে ত্যজে;—কিন্তু স্থপন কুপায়,
হদাকাশে আসি হাসি, ফুটে হুখতম নাশি,
কিন্তু যবে বায় ত্যজে স্থপন আমায়,
তথনি সে তারা মোরে ত্যজিয়া প্লায়।"

শ্রীজ্যোতিশ্চন্দ্র চট্টোপাধ্যায়

#### যাতা।

যাঁহারা আধুনিক যাত্রার নৃত্য গীত সহু করিতে পারেন. ভাঁহারা এক প্রকার মহাপুরুষ। জাবার যে মহান্মারা অভিনেত-গণের বেশ ভূষা দেখিয়া, বা কথা বার্তা শুনিয়া মোহিত হয়েন, ভাঁছাদের ত কথাই নাই। যাত্রার রাণী পরিচ্ছদে মেতরাণী। কেলুয়া ভুলুয়ার সঙ্গে যে মেত্রাণী আইসে যাতার রাণীর প্রয়ো-জন হইলে সেই উঠিয়া দাঁডায়: মেতরাণীর পর রাণীর পদ আমাদের বর্তমান সমাজে অসম্বত নহে। বোধ হয়, কথায় বার্ত্তায় রাণী ও মেতরাণীতে বড় প্রভেদ নাই, পরিচ্ছদে কিছু থাকিলে থাকিতে পারে; কিন্তু যাত্রাওয়ালারা তাহা বড় कारन ना: তाहाता तानी कथन (मर्थ नाहे, जाभनामिरगत भति-বার দেখিয়া রাণীর ভাব ভঙ্গী অন্তত্ত্ব করিয়া রাখিয়াছে, প্রয়ো-জন হইলে আপন পরিবারের অনুকৃতি সাজাইয়া দেয়। দর্শকেরা দেই রাণীকে অন্ত স্থানে দেখিলে হয় ত জেলেনী কি মালিনী ভাবিতেন, কিন্তু যাত্রায় তাহাকে রাণী ভিন্ন অগু ভাবিবার উপায় নাই; তবে মধ্যে মধ্যে কার্যা গতিকে তাহাকে কথীন মেত-दानी, कथन तथनहां अवाली, कथन वाजिकत विल्हा वृक्षियां नहेटल হয়। কিন্তু তাহা পরিচয়ে ব্ঝিয়া লইতে হয়, পরিচ্ছদে নহে। কোন অবস্থাতেই পরিচ্ছদ পরিবর্তন হয় না, রাণী, মেতরাণীর এক পরিচ্ছেদ। সকল অবস্থাতেই সালুর শাটী বা ঢাকাই শাটী। রাজার পরিচ্ছদ আরও চমংকার; ছিল ইজার, মলিন চাপ-কান, আর তৈলাক্ত জরীর টুপি। সেই পরিছেদে নকিব বা জমাদার সাজিয়া আসিরাছিল, আবার সেই পরিচ্ছদে স্বয়ং রাজাও আসিলেন। একজন ইংরেজ গ্রন্থকার বলিয়াছিলেন या, পরিচ্ছদই লোকের পরিচায়ক। কে যোদা, কে পদাতিক, কে

জজ, কে শিল্পী, তাহার পরিচয় পরিচ্ছদে পাওয়া যায়। এই কথা সত্য হইতে পারে কিন্তু আমাদের যাত্রা সম্বন্ধে ইহা খাটে না। আমাদের যাত্রায় কি রাজা, কি দাস, সকলেই এক পরিচ্ছদিধারী। চাপকান্ তাহার মধ্যে প্রধান। বাজীকরের "বন মান্ত্রের হাড়" স্পর্শ মাত্র সকলের পরিবর্ত্তন করে, সেইরূপ যাত্রাকরের চাপকান্ পরিধান মাত্র, সকলের রূপাস্তর করে। রাজা সাজিতে হইবে, চাপকান আবশ্যক। নৃসিংহদেব সাজিতে হইবে, গেই চাপকান আবশ্যক। হুমুমান্ স্থাপিতে হইবে, আবার সেই চাপকান আবশ্যক। বুঝি চাপকান পরিলে হুম্মানের মত দেখার।

আমাদের যাত্রাকরেরা ইতর লোক। যাত্রাওয়ালা না হইলে তাহারা হয় ত ভূমিকর্ধণ করিত, বা নৌকা চালাইত কিম্বা ভার-বহন করিত, তাহাদের নিকট উৎকৃষ্ট কিছুরই প্রত্যাশা করা যায় না। কিন্তু একবার স্থাশিকিত মার্জ্জিতকটি কতকগুলি যুবা বাবু যাতাকর হইরাছিলেন। তাঁহারা অপর যাতাকরদিগের ছিল মলিন পরিচ্ছদ পরিত্যাগ করিয়া মার্জ্জিতরুচির উপদেশান্তবর্ত্তী হট্যা প্রিচ্ছেদ পরিবর্ত্তন করিয়াছিলেন; আমরা আহলাদিত চিত্তে তাহা দেখিতে গেলাম; পথে শুনিলাম, সীতার বনবাস অভিনয় হইতেছে, আমাদের আরও আহলাদ হইল। যাতার তানে গিয়া দেখি, মোগলাই পাগড়ি মাথায়, আলবাট চেন শোভিত, চস্মা নাকে, হাইকোটের উকিলের ভায় কতক গুলি লোক কথা বার্ন্ত। কহিতেছে। পরে শুনিলাম, তাঁহাদের মধ্যেই একজন রাম, একজন লক্ষণ, আর সকলে পারিষদ। আমরা কপালে হাত দিয়া বসিলাম। স্থানিকত যুবারা ভাবিয়াছেন, প্রীরামচক্র হাইকোর্টের উকিল সদৃশ ছিলেন। তিনি চস্মা নাকে দিতেন, মুসলমান দিগের মত পাগড়ি মাথার দিতেন, সাহেব-

হইয়াছে।

দিগের মত আলবার্ট চেন পরিতেন। আমাদের অদৃষ্টই মূল !
আর একবার একদল কেরানির অভিনীত যাত্রায় দেখা
গিয়াছিল, সীতা রেসমের রাকা জমাল মাথায় বাঁধিয়া নাচিতেছেন। ক্রেঁটর কিরণ লাগিলে মেচোবাজারের অধিবাসিনীরা
বেরপ ভঙ্গীতে কমাল মাথায়দিয়া চিবুকনিয়ে গ্রন্থি দেয়, সীতা
সেইরপে কমাল বাঁধিয়াছিলেন। আমরা একজন যুবা বাবুকে
ইহার কারণ জিজ্ঞাসা করায়, তিনি অনুগ্রহ করিয়া বুঝাইয়াদিলেন, যে রাত্রে ক্র্যাকুরনের ভয় নাই, ক্রমাল সে জন্ত বাঁধা

হয় নাই, তবে ওঠলোম ঢাকিবার নিমিন্ত ওরপ করিয়া বাঁধা

যেরপ পরিচ্ছদ, তাহার অন্থরণ কথাবার্তা। রাণীই হউন, আর নেতরাণীই হউন, একর পরিচ্ছদ; রাণীই হউন, আর মেতরাণীই হউন, একরপ কথাবার্তা। পরস্পরের যে প্রকৃতি স্বতন্ত্র হইলে পরস্পরের কথা স্বতন্ত্র হইবে, তাহা যাত্রাকরের বড় জানে না; যাত্রাকরেরা কেন? অনেক আধুনিক নাটক প্রণেতারাও তাহা ব্ঝিতে পারেন না। যাঁহারা মনে করেন ব্রেন, দেখা গিয়াছে, তাঁহারা এই পর্যান্ত ব্রেন যে, কথাকার্ত্রা স্থলে স্বত্ত্র অবস্থার লোককে স্বতন্ত্র ভাষা ব্যবহার করান। তাঁহারা কোন ইতর লোককে কথা কহাইতে হইলে ইতর ভাষার কথা কহাইয়া থাকেন, কোন ভদ্রলোককে কথা কহাইতে হইলে সাধু ভাষা প্রয়োগ করান। কিন্তু যে স্থলে উভয়েই ভদ্রলোক কি উভ্রেই ইতর লোক, উভয়েই এক প্রকার ভাষা ব্যবহার করে, সে স্থলে বড় গোলগোগ হয়; ভাষার মর্ম্মণ্ড এক হইয়া পড়ে।

স্বতন্ত্র প্রাকৃতির স্বতন্ত্র গতি, স্বতন্ত্র কথা। তাহাদের ভাষা এক হইতে পারে কিন্তু ভাষার মর্ম স্বতন্ত্র। সেই স্বতন্ত্রতা আমা-দের দেখাইয়া দিলে আমারা বুঝিতে পারি কিন্তু তাহা স্বরং দেখাইতে পারি না। তাহা কেবল প্রতিভাশালী ব্যক্তিরা দেখাইয়া দিতে পারেন।

আমাদের যাত্রাকরের। প্রতিভাশাদী নহে, তাহাদের নিকট
এ সকল নির্বাচনের প্রত্যাশা করি না। এমন বলি না যে,
শ্রীরামচন্দ্রের মত তাহারা কথা কহিতে পারিবে, বা লক্ষ্য
কপা কহিলে, তাহাতে শ্রীরামচন্দ্রের প্রকৃতি একেবারে লক্ষ্য
হইবে না। যাত্রার কি গ্রন্থে বক্তাদিগের প্রকৃতি রক্ষা করা অতি
কঠিন।

এক্ষণে আমাদের মাত্রায় কিরপ কথা বার্তা হইয়া থাকে, দেখা যাউক। প্রকৃতিপ্রভেদ জ্ঞান দ্রে থাকুক, যে কথোপকথন হইয়া থাকে তাহা ভানিলে বিরক্ত হইতে হয়। নিয়েছ্ত উদাহরণে তাহা দেখান যাইতেছে।

জীরামচক্র লক্ষণ সমভিব্যাহারে জ্ঞানকীকে বনে পাঠাই-লেন। জ্ঞানকী পূর্ণমর্ভা, পদত্রজে কতকদ্র গমন করিয়া বড় ক্লাস্তা হইয়া পড়িলেন; বলিলেন, "লক্ষণ আর যে আমি চলিতে পারি না।"

'লক্ষা:। **কি** বলিলেন মা জানকী, আর আপনি চলিজে: পারেন না ?

'জানকী। না লক্ষণ, আর আমি চলিতে পারি না। আমার স্ক্রিক অবশ হইয়াছে।

'লক্ষণ। সে কিরূপ, প্রকাশ করিয়া বলুন।"

সে কিরপে, তাহাত জানকী প্রকাশ করিয়া বলিলেন, আবার কি অধিক প্রকাশ করিয়া বলিবেন ? তথাপি লক্ষণ বলিতেছেন, "প্রকাশ করিয়া বলুন।" রোধ হয় এই "প্রকাশ করিয়া বলুন" কথার অর্থ গীত গাইয়া রলুন। "এছলে প্রকাশ করিয়া বলুন" কথায় কাহার না রাগ হয় ? জানকী গাইলেন, "গর্ত্তবতী নারী, চলিতে কি পারি, হইরাছে অঙ্গ অবশ।" গীতে ন্তন কথা আর কিছুই প্রকাশ হইল না; জানকী পূর্ব্বে যাহা বলিয়াছিলেন, গীতে কেবল তাহাই প্রকাশ করিলেন, তবে গীতের কি প্রয়োজন ছিল ? একভাব উপর্যুপরি ছুই তিনবার গুনিতে গেলে আর তাহাতে অন্তর আর্জ হয় না, তখন সীতার নিমিত্ত ছঃখ হওয়া দ্রে থাকুক, বরং আবার রাগ জন্মে। যাত্রা-ওরালার পরিশ্রম বিকল হয়। যাত্রা যে "জমে না" তাহার কাবণ এই।

এই সংক্রান্ত আর একটি কথা আছে, এক কথা লক্ষণকে ছই তিনবার বলায় হঠাৎ বোধ হয়, লক্ষণ কিছু বধির। আবার তাহার পরে মনে হয় যাত্রায় রাম, লক্ষণ, সীতা প্রভৃতি সকলেই এইরূপ কিছু কিছু বধির; সকলকেই এক কথা ছুইবার তিন বার করিয়া বলিতে হয়; একবার এদিকে মুথ ফিরাইয়া এক বার ওদিকে মুখ ফিরাইয়া বলিতে হয়। কথা বুরাইয়া ফিরা-ইয়া না বলা হউক বক্তা আপনি যুরিয়া ফিরিয়া বলেন। আর, • যদি যাতার দলের লক্ষণ বধির নাহন, তবে তিনি বছ নির্কোধ ্'ব্যক্তি। জানকী বলিলেন, "আর আমি চলিতে প্রবর না।" এই সামানা কথা তাঁহার বৃদ্ধি গ্রহণ করিতে পারিল না: তিনি সেই কথা পুনক্ত করিয়া ক্রমে বুঝিতে চেষ্টা পাইতে , লাগিলেন। বলিতে লাগিলেন, "কি বলিলেন, মা জানকী আর আপনি চলিতে পারেন না ?" সীতা আবার বুঝাইরা দিলেন, ''না লক্ষণ, আর আমি চলিতে পারি না।'' তথাপিও লক্ষণ বুঝিতে পারিলেন না, তখনও লক্ষণ আবার বলিতেছেন, " দে কিরূপ প্রকাশ করে বলুন। বুদ্ধিমান শ্রোতা মাতেরই এরূপ লক্ষণ অসহ। লক্ষণের " কি বলিলেন, " কথাটীই অসঙ্গত।

কথা বার্তার এই একটি উদাহরণ লইয়া জামাদের এত সময় গেল, কাজেই এ সম্বন্ধে আর অধিক আলোচনা হইতে পারিল না।





## মাসিক পত্র।

रेङार्छ

÷

১২৮২ সাল ।

১৪ সংখ্যা

## কীর্ত্তন।

কীর্ত্তনে পোকের আরে বড় কচি নাই, জিজ্ঞাসা করিলে অনেকে বলেন যে, "কীর্ত্তনে টপ্লার মজা পাওয়া যায় না, উহার ভাষা বুঝা যায় না স্থাও ভাল লাগে না।"

কীর্ত্তন যে কেন ভাল লাগে না তাহার মূল কারণ "কীর্ত্তনের ভাষা বৃক্তী যায় না।" ভাষা বৃক্তিলে স্থরও ভাল লাগিত, "টপ্লা" অপেক্ষা অধিক "মজাও" পাওয়া যাইত।-

কীর্ন্তনের ভাষা অতি সরল, কেবল তাহার প্রটকত কথা ক্ষেণে আমাদের মধ্যে আর বাবহার নাই; এই প্রটকত কথা অমৃত ভাগুারের দ্বার কদ্ধ করিয়া রাথিয়াছে।\* আমাদের মধ্যে

দিঠি—দৃষ্টি

পেখিমু—দেখিমু

· বিহি—বিধি

লোর—চক্ষের জল

গেহা-গৃহ

গোই—গেই

 <sup>\*</sup> এইস্বলে কয়েকটী কথার অর্থ সংগ্রহ কয়য়য়া সয়িবেশিত
 করা গেল। ইহা দারা অনেক সাহায্য হইতে পারে।

অনেকে আইরিস বালাড্স(Irish Ballads) পড়িবার নিমিত্ত আরলত দেশের অপ্রচলিত ভাষা শিক্ষা করিয়াছেন, কিন্তু নিজ দেশের রত্নভোগ করিবার নিমিত তুইটা পুরাতন কথার অর্থ সংগ্রহ করেন নাই। যদি তাঁহারা এই সামান্য শ্রমস্বীকার করেন, তাহা হইলে তাঁহাদের শ্রম নিতান্ত বৃথা হইবে না।

একণে কীর্ত্তনের আদর নাই বলিয়া ক্রমে কীর্ত্তন লোপ পাইতেছে। বর্দ্ধমান, বীরভূম, বাঁকুড়া প্রভৃতি করেকটি জেলার কীর্ত্তন কিয়ৎপরিমাণে প্রচলিত আছে। কলিকাতাঞ্চলে কীর্ত্তন একেবারেই নাই, চপের গীতকে তথায় কীর্ত্তন বলে। তথাকার অনেকে চপ শুনিয়া কীর্ত্তনের প্রতি দেশ প্রকাশ করেন।

আবার অনেকের কৃষ্ণ বিষয়ক গীতে বিদেষ আছে। তাঁহারা বলেন রাধাচরিত্র নীতিবিক্ষন। রাধা একের পত্নী হইরা অন্তকে ভাল বাদিয়াছিলেন এই জন্ত তাঁহার গল্প পবিত্র সং-সারে অপাঠা, অশ্রাব্য। কিন্তু জিজ্ঞাসা করি, কোন্পবিত্র সংসারে রাধাকলন্ধিনী অপরিচিতা? তাঁহার পরিচরে কোন্ সংসারে অনিষ্ট ঘটিয়াছে? যদি রাধা কলন্ধিনীর নাম আমরা বাঙ্গালা হইতে উঠাইয়া দিই, তথাপি অনেক কল্ফিনীর নাম

আন্—অন্য	ঝাপল—ঢাকিল
देवर्ठनविश्व	মুরছি—-মূচছ1
(छन—হ≷न	देक इन-दिक्सन
ভুনইতে—ভুনিতে	বাট—পথ
মাসা—মাস	বরিখা—বৎসর
<b>८</b> एक।—८ एक	পাস—নিকট
মর্আমার	<b>যবহু°—</b> বেপৰ্য্য স্ত
পয়ান-পলায়ন	ঠাম—স্থান
অবহুঁএখন	কোর—কোল
আওব—আদিবে	জহু—বেন
সাঙ্গশাবণ	নিয়ড়—নিকট

থাকিবে। কলস্থিনী প্রানে গ্রামে, পাড়ার পাড়ার; একা রাধার নাম উঠাইরা কি হইবে? কীর্তনের কলঙ্কিনী অপেকা পাড়ার কলঙ্কিনী অধিক অনিষ্ঠ করে। রাধা কলঙ্কিনী বলিয়া গাঁহা রা কীর্ত্তন শুনেন না, তাঁহারা সাবধানী সন্দেহ নাই, কিন্তু তাঁহারা প্রায় কণ্টকের ভয়ে গোলাপ তাগে করেন।

কীর্ত্তনে কবিত্ব আছে, এইজন্তই বাঙ্গালির পক্ষে কীর্ত্তন আদরের ধন হওয়া উচিত। স্থাদ রস্বাঙ্গালির যত হৃদবগাহী এত আর অন্য কোন দেশীরদিগের নহে। তাহার কারণ কি, তাহা আমরা নিশ্চয় বলিতে পারি না, কিন্তু কথাটা সত্য। সাধারণতঃ দেখা যায় যে বাঙ্গালির অন্তঃকরণ অতি কোমল; এত দরা, এত মেহ, এত ভালবাসা, এত আহ্লাদ আর কোন দেশীয় দিগের মধ্যে দেখা যায় না। যে অন্তঃকরণ কোমল সেই অন্তঃকরণই রসের আধার; কেবল কাব্য রস নহে, অন্তঃকরণ কোমল হইলে স্থাদ রস মাত্রেই অধিকার জন্ম।

বাঙ্গালি এত রসপ্রিয় কেন, বাঙ্গালির অন্তঃকরণ এত কোমল কেন, জ্বিজ্ঞাসা করিলে আমরা কোন উত্তর দিতে সক্ষম নৃহিন্দ দেশবিশেষের গঠন দেখিলাকোন কোন পণ্ডিত, অধিবালীদিগের স্বভাব সিদ্ধান্ত করিয়:ছেন; যে দেশে কেবল প্রস্তরময় কঠিন পর্বত, ফল নাই, ফুল নাই সে দেশের লোকের অন্তঃকরণ অতি, কঠিন বলিয়া তাঁহারা প্রতিপন্ন করিয়াছেন। এ কথা যদি সত্য হয়, তাহা হইলে বাঙ্গালির অন্তঃকরণ যে কেন কোমল তাহা প্রতিপন্ন করা যায়। বঙ্গালার মৃত্তিকা পর্যান্ত নোই, পর্বত নাই, পাহাড় নাই, একথানি কঠিন প্রস্তর পর্যান্তও নাই; সর্বক্র ফল ফুল, সকল দ্রবাই নয়নরঞ্জক। কাজেই বাঙ্গালির অন্তঃকরণ সতত প্রফুল্ল সতত রসপূর্ব।

(य (मर्ग "किंग मांगे" वा त्य तम्म क्वतन शर्का जमत्र तम

দেশের অধিবাসীরা বছকটে শ্যোৎপাদন করে, বহুশ্রমে জীবন ধারণ করে। পরিশ্রমে বলবৃদ্ধি করে বটে, কিন্তু অধিক পরিশ্রমে রসগ্রাহিণী শক্তিকে হর্পান করে। যে পর্যান্ত বাঙ্গালায় পরিশ্রম বাড়িতেছে, সেই পর্যান্ত সকল রসেই বাঙ্গালার প্রবৃত্তি কনিতছে; কিন্তু তথাপি বাঙ্গালায় যে পরিমাণে রসপ্রিয়তা রহিন্যাছে তাহা আর কুত্রাপি নাই।

আনরা বলিয়ছি, বাঙ্গালির অন্তঃকরণ কোমল। কোমল বিলিয়া বাঙ্গালির শোক অধিক। না কাঁদিলে কাব্য জন্মে না। ইংলও স্বাধীন, কথন কাঁদে নাই, ইংলওের কাব্য সামান্য; ইংরাজিতে যাহাকে Poetry বলে, ইংলওে তাহা অতি অল্ল। আর্লও পরাধীন, অনেক কাঁদিয়াছে এই জন্য ইংলও অপেকা আর্লওে Poetry অধিক। স্বাধীনতার নিমিত্ত আমরা কথন কাঁদি নাই, স্বাধীনতা আমরা কথন গ্রাহও করি নাই, কিন্তু আমাদের অন্তঃকরণ কোমল, কাঁদিতে পারি; অন্যের নিমিত্ত আনাদের অন্তঃকরণ কোমল, কাঁদিতে পারি; অন্যের নিমিত্ত অনেক কাঁদিয়া থাকি এইজন্য আমাদের দেশে Poetry বা রস্থিক। আমাদের বাঙ্গালা ভাষায় Poetry শব্দের্মজ্মপ কোন কথা পাই নাই বলিয়া রস শব্দ প্রয়োগ করিলাম। কিন্তু রস শব্দে অনেকে সামান্য রস ব্বেন, অনেকে আবার আদিরস ভাবেন। রিদিক শব্দের অর্থ আরও স্বতন্ত হইয়া পড়িয়াছে!

আর এক কথা। পণ্ডিতেরা বলিয়াছেন, পৌত্তলিক ধর্ম কাব্য রসোদীপক। এই দিদ্ধান্ত যদি সভ্য হয়, তাহা হইলে আমাদের মধ্যে কাব্য রস অধিক হওয়া সন্তব, কেন না আমরা পৌত্তলিক। বাঙ্গালায় যখন সাধারণতঃ বৌদ্ধার্ম প্রচলিত ছিল, তখন এদেশে কোন কবি জন্মগ্রহণ করেন নাই। পরে যখন তান্ত্রিক ধর্ম প্রচলিত হইল, তখনকার কবি একা জয়দেব। কিন্তু তিনি নিজে তান্ত্রিক ছিলেন না। ঘোর তান্ত্রিক কেহ

কথন কবি হয় নাই। তাহার পর যথন বৈষ্ণব ধর্ম বাঙ্গালায় পরিবর্দ্ধিত হইতে লাগিল তথন গোবিন্দ দাস, জ্ঞান দাস, চণ্ডী-দাস প্রভৃতি অনেক কবি জন্মগ্রহণ করেন। কাশীদাস, ক্তিবাস, রামপ্রসাদ, ভারতচক্ত্র, প্রভৃতি পরস্পার সকলেই বৈষ্ণব না হউন তাঁহারাও এই সময়ের ব্যক্তি। আবার এই সঙ্গে যদি নালুনন্দলাল, হকঠাকুর, নিতাইদাস, রামবস্থ প্রভৃতিকে গণনা করা যায় তাহা হইলে আমাদের কবির সংখ্যা অল্ল হইবে না। তান্ত্রিক সময় কিছুই ছিল না, আবার বৈষ্ণবাধিকারে অসংখ্য কবির আবির্ভাব হইল, ইহাদারা বোধ হয় যে পৌত্তলিক ধর্মান্ত্রই কাব্যরসোদ্দীপক নহে। পৌত্তলিক ধর্মা যে রসোদ্দীপক ইন্থর প্রমাণ আমাদের দেশে কেবল বৈষ্ণব ধর্মা বিশেষক্রপে পাওয়া যাইতেছে।

যশোদার পবিত্র স্নেছ,রাধিকার অক্কৃত্রিম প্রেম, রাথালদিগের সথ্য ভাব বাঙ্গালায় নিক্ষল হয় নাই, ইহার ফল মহাজন কবি। তান্ত্রিকধর্মে কোন স্থাদ মনোবৃত্তি প্রকৃ্টিত হইতে পায় না, বরং তাহা অক্ক্রেই নষ্ট হয় এই জন্য তান্ত্রিক ধর্মের সময় বাঙ্গালায় কবি ছিলী না।

আমাদের দেশে যত শ্রেষ্ঠ কবি জন্মিরাছেন তাহাদের মধ্যে যাঁহারা ক্ষাবিষয়ক রচনা করিরাছেন তাঁহাদের সংখা। অবিক এবং তাহারাই অন্য কবির মধ্যে প্রধান। মুকুলরাম চক্রবর্ত্তী, কাশীদাস, ক্ষার্ত্তিবাস, ভারতচন্দ্র এই চারি জন লন্ধনাম কিন্তু তাঁহাদের সকলেই মহাজন নহেন; কেহ বাল্মীকির খাতক, কেহ ব্যাসদেবের খাতক, কেহ বা সকলেই খাতক। এই কথা কত দূর সত্য তাহা আপাততঃ দেখাইবার স্থানাভাব। বৈশুব কবিদিগের মধ্যে সকলেই মহাজন নহেন কিন্তু যাঁহারা,

মহাজন তাঁহারা সকলের নিকট পরিচিত নছেন; কেন না আমরা সকলেই গুণগ্রাহী নহি।

আমরা বলিয়াছি যে, বঙ্গকবিদিগের মধ্যে বৈষ্ণব কবিরা শ্রেষ্ঠ আবার বৈষ্ণব কবিদিগের মধ্যে যাহারা কীর্ত্তন রচনা করিয়াছেন, তাঁহারা আরও শ্রেষ্ঠ। তাঁহাদের শ্রেষ্ঠতা বিচার করিতে গেলে কবির কার্য্য সম্বন্ধে অনেক কথা বলিতে হয় কিন্তু এত কথার পর এক্ষণে সে আলোচনা যে সকলের আর ভাল লাগে এমত বোধ হয় না; তথাপি সংক্ষেপে তুই একটি কথা বলা যাইতেছে।

কোন কবি পৃথিবীর বাছবস্ত চিত্র করেন, কেহ বা মন্ত্রা-হৃদয় চিত্র করেন। যিনি বাহ্যবস্ত চিত্র করেন তাঁহার কার্য্য কতক সহজ। তিনি নীল আকাশ দেখিয়াছেন, জলপুর্ণ নবমেব দেখিয়াছেন, কোমল পুষ্প দেখিয়াছেন, ঘোর অন্ধকার দেখিয়া-ছেন। তিনি যাহা দেখিয়াছেন তাহাই চিত্র করেন। কিন্তু যে কবি মনুষ্যস্থাদয় চিত্র করেন তাঁহার কার্য্য কঠিন। তিনি যাহা চিত্র করেন তাহা দেখিতে পাওয়া যায় না তাহা তাঁহাকে অমুভব ক্রিয়া লইতে হয়। যিনি বাহ্ন বস্তু বর্ণনা করেন তিনি অবিকল বর্ণনা করিতে পারিলেই তাঁহার প্রশংসা, আবার ভাহাতে কলন। মিশাইতে পারিলে আরও প্রশংসা। সার্শ্য কল্পনাই তাঁহার প্রয়োজনীয়। সন্ধার সময় নক্ষত্র অল অল দেখা যাইতেছে, কোনটি দেখা যাইতেছে আবার কোনটি দেখা যাইতেছে না এই বলিলে হয় ত বর্ণনা সম্পান হইত কিন্তু তাহাতে কবিত্ব থাকিত না। এম্বলে ফুলের সহিত নম্বরের সাদৃশ্য কল্পনা করিয়া নক্ষত্র "ফুটতেছে" বলিলে কবিত্ব রক্ষা হইল। তদ্রপ, আকাশের সহিত সমুদ্রের ষ্ট্রেশ্য কলনা করিয়া "আকাশে শশীভেসে যায়" বলিলে

রস হইল। উপনায় ও সাদৃশ্য কলনায় কালিনাস পৃথিবীতে অদিতীয়। তংক্ত রঘুবংশের নিম্নোদ্ত কবিতাটী এই গুণে বিশেষ বিখ্যাত।

রূপং তদোজস্বি তদেব বীর্যাং তদেব নৈসর্গিক মুন্নতত্ত্বন্ ন কারণাৎ স্বাদ্বিভিদে কুমারঃ প্রবর্তিতো দীপইব প্রাদীপাং।

এই শ্লোকের তাংপর্যা। পিতার ন্যায় অবিকল পুত্র হইল যেন দীপশিখা হইতে দীপশিখা জন্মিল।

এ সকল উপমা, রূপক, কল্পনা, কবিত্ব সকলই স্থানর, ইহার কবিরাও ক্ষমতাবান কিন্তু ইহাদের অপেকা বাঁহরো মনুনা-হৃদয় চিত্র কয়েন তাঁহারা আরও ক্ষমতাবান্। তাঁহার। নূতন স্ষ্টি করেন। তাঁহারা মনুষ্য হৃদ্য দেখেন নাই ব্রিয়াছেন। যাহা দেখা নাই তাহার অবিকল চিত্র হয় না কিন্তু যাহা বুঝা গিয়াছে তাহার স্বরূপ চিত্র হইতে পারে। যদি কোন মুম্যা-হৃদয় অবিকল 6িত্রিত হইতে পারিত তাহা হইলে যে মুমুরা আছে বা ছিল তাহারই অনুকরণ হইত মাত্র, নূতন কিছুই হইত না। কিন্তু যে সমুষ্যহৃদ্য কথন ছিল না, এই কবিরা তাহাই চিত্রিত করেন। এইরপে সীতার উৎপত্তি। সীতা কাহারও গর্ভে জন্মান নাই বালীকি তাহা আপনিই বলিয়া দিয়াছেন। সীতা জনকের কন্যা, জন্মীর নহে। সীতা বাল্মীকির মান্স কন্যা, বিধাতার সৃষ্টি নহে; অগচ সৃষ্টা মান্বী অপেকা শতগুণে শ্রেষ্ঠা। এত পতিভক্তি, এত প্রণায়, এত ক্ষমা, এত সহু, এত অভিমান, এত নম্রতা কখন মানবীর হয় নাই। এ পৃথিবীতে কখন সীতার তুলা স্ত্রীলোকের পদস্পর্শ হয় নাই।

এইজন্য বলিতেছিলাম বাহু বস্তুর চিত্রকর অপেক্ষা, হৃদ্য চিত্রকর শ্রেষ্ঠ। যে কবিরা কীর্ত্তন রচনা করিয়াছেন তাঁহার। ন্ধনাচিত্রকর। তাঁহারা রাধার হৃদয় চিত্র করিয়াছেন কিন্তু ত্থের বিষয় রাধার সকল অন্তর্গতি চিত্র করেন নাই; কেবল তাঁহার প্রণয় চিত্র করিয়াছেন। সেই চিত্র এত সম্পূর্ণ যে তাহা সচরাচর দেখা যায় না; প্রণয়ের অতি স্ক্র উচ্ছ্বাদ পর্যাস্ত যেন অণ্বীক্ষণে দেখিয়া চিত্রিত হইয়াছে।

কতকগুলি গীত উদ্ধৃত করিয়া উপরোক্ত কথা প্রতিপন্ন করিবার আমাদের ইচ্ছা ছিল কিন্তু নিকটে গ্রন্থ না থাকায় তাহা হইল না; বারান্তরে চেষ্টা করা যাইনে, আপাততঃ কেবল ছুই একটি গীতাংশ যাহা স্মরণ হইল তাহাই সন্নিবেশিত করা গেল। আমরা যাহা বলিতেছিলান, এই গীত কয়েকটা তাহার অতি উৎকৃষ্ট প্রমাণ নহে, অথচ নিতান্ত মন্দও নহে। প্রথমতঃ ক্ষেরে নিমিত রাধার অবস্থা বর্ণন।

ঘরের বাহিরে দণ্ডে শতবার তিলে তিলে আইদে যায়।
মন উচাটন, নিশাস সঘন, কদম্ব কাননে চায়।।
সদাই চঞ্চল, বসন অঞ্চল, সম্বরণ নাহি করে।
বিসি থাকি থাকি, উঠয়ে চমকি, ভূষণ থসাইয়া পরে।।

''ভূষণ খদাইরা পরে'' এই পরিচরটি অদাধারণ ভাব ব্যপ্রক। এতদ্বারা মনের অবস্থা যে কতদ্র প্রকাশ হইরাছে,
আক্ষেপের বিষয় তাহা সকলে বৃথিতে সক্ষম নহে। যে কথা
দশ পরিচ্ছেদ লিথিলেও প্রকাশ হইত না, তাহা তিনটি কথার
প্রকাশ হইরাছে।

রাধার কি হইল অন্তরে ব্যথা।
বিসিয়া বিরলে, থাকয়ে একলে, না শুনে কাহার কথা।
সদাই ধেয়ানে, চাহে মেঘ পানে, না চলে নয়নের তারা।
বিরতি আহারে, রাঙ্গাবাদ পরে, যেমত যোগিনী পারা।।

এলাইয়া বেণী, খুলয়ে গাঁথনি, দেখায়ে গদাইয়া চুলি।
হদিত বদনে, চাহে মেঘ পানে, কি কহে ছহাত তুলি।।
একদিঠ করি, ময়ুর ময়ুরী, কপ্ঠ করে নিরীক্ষণে।
চণ্ডীদাদ কয়, নব পরিচয়, কালিয় বন্ধুর দনে।।
মেঘ, কেশ প্রভৃতির বর্ণে ক্লেরে বর্ণ দাদৃশ্য স্মরণ থাকিলে
এই গীতের অর্থ ও সৌন্ধ্য বুঝা ধাইবে।

ক্ষণবিরহে রাধা যথন জানিলেন দুব, তাঁহার মৃত্যু নিশ্চিত, সেই সময়ের উক্তি—-

বেখানে সতত বৈসে রসিক মুরারি।
সেথানে লিখিও মোর নাম ছুই চারি।।
সখীগণ গণইতে লইও নোর নাম।।
এই সব অভরণ দিও পিয়া ঠাম।
জনমের মত নোর এই পরণাম।।

এই গীতটি বিদ্যাপতির বলিয়া পরিচিত কিন্তু সে বিষয়ে আমাদেব্র সন্দেহ আছে। ইহা তাহার রচিত না হইলেও তাঁহার তুলা ব্যক্তির রচিত বটে। "মেখানে সতত বৈসে রিদিক মুরারি। সেগানে লিখিও মোর নাম ছইচারি।" তাহাতেও রাধার স্কুখ, ইচ্ছায় অনিচ্ছায় কৃষ্ণ সেই নাম অবশু পড়িবেন, পড়িলে রাধাকে অরণ হইবে, রাধার তাহাই স্কুখ; হয়ত রাধার নিমিত্ত একটু নয়নাশ্রু মৃছিবেন, রাধার আরও স্কুখ। "এই সব অভরণ দিও শিয়াঠাম।" অভরণ দেখিলে কৃষ্ণ চিনিতে পারিবেন, রাধার কথা জিজ্ঞাসা করিবন, একান্ত না জিজ্ঞাসা করেন, তথাপি রাধাকে তাঁহার অরণ হইবে, রাধা আর নাই অভরণ দেখিয়া তাহা বুঝিতে পারিবেন, অভরণ রহিয়াছে সে রাধা নাই, ভাবিয়া কাঁদিতেও পারেন এই মনে করিয়াও রাধা স্কুখী; রাধা মরিতে বিসয়াও কৃষ্ণ প্রেমের

অভিনাষী। জীবিতে তাহা পাইলেন না, মরিলে পাইবেন এই আশার রাধার স্থ।

আবার "স্থীগণ গণইতে লইও সোর নাম" অর্থাৎ আমি মরিলেও নাম করিও। স্থীগণের ব্যন একে একে নাম হইবে সেই সঙ্গে আমার নাম করিও। আমি মরিয়াছি বলিয়া আমার ভ্লিও না, বাহাদের সঙ্গে একত্রে আমি থাকিতাম, ভ্রমিতান, রুক্ষের নিমিত্ত কাঁদিতাম, আমার নাম তাহাদের সঙ্গ ছাড়া করিও না।

যাঁহাদের রসবোধ নাই তাঁহাদের উদ্দেশে আমরা এই গীতগুলির অর্থ করিতে গিয়া বোধ হর গীতের রসভঙ্গ করিয়াছি, রসজ্ঞের নিকট তরিমিত্ত আমরা ক্ষমাপ্রার্গী রহিলাম একটা গীত আমাদের শ্বরণ হইয়াছে, নিমে উদ্ধৃত করিলাম। এবার তাহার অর্থ করিতে চেষ্টা পাইব না, গীতটা এতই সহজ্বে নিতান্ত অরাদক বাক্তিরও রসগ্রহ হইবে বলিয়া আমাদের ভরসা আছে। আমরা এই মাত্র বার্পনিয়া রাখিবে, পূর্কোদ্বত গাঁতটীর নাায় এ গীতটিও মৃত্যুকালীন রাধার উক্তি।

কইও কান্তুরে সই কইও কান্তুরে।
একবার পিয়া বেন আইসে ব্রজপুরে।
নিকুঞ্জে রহিল এই মোর হিয়ার হার।
পিয়া যেন গলায় পরয়ে একবার।।
শ্রীদাম স্থবল আদি যত তার স্থা।
ইহা সবার সনে তার পুন হবে দেখা।।
ছথিনী আছ্রে তার মাতা যশোমতী।
আসিতে যাইতে তার নাহিক শক্তি।।
তারে আসি যেন পিয়া দেয় দরশন।
কহিও বঁধুরে এই সব নিবেদন।।

কীর্ত্তনের গীতমাত্রই যে এইরূপ রসপূর্ণ এমত নহে, কীর্ত্তনের রচয়িতা মাত্রই যে কবি তাহাও নহে। এক্ষণকার ''বাদনদারের" ন্যায় ইতর লোকেও অনেক কীর্ত্তন "বাধিয়া" গিয়াছে, সেই সকল অপকৃষ্ট গীত বৈষ্ণবেরা যত্ন করিয়া রক্ষা করিয়াছে। বৈষ্ণবদিগের মধ্যে এক্ষণে ভক্তিরস অধিক, কাব্য রস অল্। কোন্গীতটী ভাল কোন্গীতটি মন্দ, তাহা বিচার করা বোধ হয় তাহাদের বড় আর সাধ্য নাই। কীর্ত্তন যাহাদের ব্যবসা তাছাদের ত কথাই নাই, শ্রোভার্য গীতে প্রশংসা করেন, তাহার। দেই গীত ভাল বিবেচনা করে। তাহাদের নিজের ক্রচি শ্রোতাদিগের ন্যায় অপক্ষ। পদকললভিকা যাঁহারা সংগ্রহ করিয়াছেন, তাঁহাদের কচি আরও অপকৃষ্ট। বটতলার এমনই স্থানমাহাত্মা যে, কীর্ত্তন তথায় যাইয়া "কেতাবওয়ালা" দিগের গুণে অস্পর্শনীয় হইয়া আসিয়াছে। সংগ্রহকারেরা রসপূর্ণ গীত মাত্রই প্রায় ত্যাগ করিয়াছেন, তৎপরিবর্ত্তে অতি অপক্র পদগুলি সানবেশিত করিয়াছেন। তথাপি পদকপ্ল-লতিকার যাহা পাওরা যার, মুদ্রাঙ্গিত আর কোন গ্রন্থে তাহা পাওয়া গায় না, আমরা যে গীত কয়েকটি উদ্ধৃত করিয়াছি, তাহাও পদকললতিকায় আছে।

# কণ্ঠমালা।

### ষট্ত্রিংশ পরিচেছদ।

শৈলকে বিসর্জ্জন করিয়া রামদাস সন্নাসী কিঞ্চিৎ বিলম্বে অতি অন্যমনক্তে আপন কুটার সমূথে আসিলেন। স্ত্রীহত্যা করিয়াছেন বলিয়া অন্যমনস্ক নহেন; শৈলকে নদীতে নিক্ষিপ্ত করিবার সময় পশ্চাতে কে চীৎকার করিয়াছিল,এই চিন্তায় তিনি অন্যাননদ ইইয়াছিলেন। যেই চীৎক'র করুক তাঁহার একবার বোধ হইয়াছিল সে ব্যক্তি যেন প\*চাৎ হইতে দৌজিয়া শৈলের সঙ্গে সঙ্গে নদীতে ঝাঁপ দিয়াছে, কেন না সেই সময় শুলবর্ণ কি এক পদার্থ বিজ্ঞান্থ প\*চাৎ হইতে ছুটিতে দেখিয়াছিলেন, আর তাহার বেগতাজ্তি বাতাস সন্নাসীর অঙ্গে লাগিয়াছিল। এই ঘটনা তাঁহার নি\*চয় শ্রণ নাই কেবল এক একবার সন্দেহহইতেছিল মাল কিন্তু সে বিষয়ে কিছুই নি\*চয় করিতে পারিতেছিলেন না।

म्झामी क्षीरतत मुन्य आमिशा मां छाटेलन। य छान হইতে শৈলকে নদীতে নিক্ষেপ করিয়াছেন, সেইদিকে একবার ফিরিয়া চাহিলেন। তাহার পর কুটীরের দার মুক্ত করিলেন; কুটীরে দীপ ছিল না; অন্ধকারে তথায় প্রবেশ করিবাদাত তাঁহার বোধ হইল, তথায় আৰু কেহ বসিয়াছিল, তাঁহাকে দেশিয়া সত্তর উঠিয়া অন্ধকারে কোথার মিশাইয়া গেল। স্রাামী ক্ষণেক দারে দাঁড়াইয়া ইতন্ততঃ করিলেন, তাহার পর গৃহে প্রবেশ পূর্বক আলোক জালিয়া দেখিলেন, গৃহে কেহ নাই। অতএব ধীরে ধীরে দার রুদ্ধ করিয়া শয়ন করিলেন। কিন্তু কিন্তা আসিল না। শয়ন করিয়া সন্নাসী নানা বিহন চিন্তা করিতে করিতে একবার হঠাৎ উঠিয়া আলোক পুনর্জ্বালিত করিয়া দীপ হত্তে বহির্গত হইলেন। মোহাত্তের কুটীরে প্রবেশ করিয়া ইতন্ততঃ অবলোকন করিতে লাগিলেন। িঁতাঁহাকে চাবি দিয়া গিয়াছেন কিন্তু ধন কোথায় তাহা বলিয়া যান নাই, সল্লাসীও তাহা জিজ্ঞাসা করেন নাই। এক্ষণে সেই সন্ধানে সন্যাসী ইতস্তভঃ অবলোকন করিতে লাগিলেন; কথন প্রাচীরে, কখন হর্ষ্যতলে আঘাত করিয়া কিরূপ শব্দ হয় কর্ণ পাতিয়া শুনিতে লাগিলেন, পুনঃ পুনঃ শক্ করিতে লাগিলেন কিন্তু কিছুই স্থির করিতে পারিলেন না।

**সর্যাসী** অতি বিষাদিত অন্তঃকরণে দীপ হস্তে আপন কুটীরে ফিরিয়া আসিলেন; আসিবার সময় আর একবার নদীর দিকে দৃষ্টি করিলেন। বেস্থান হইতে শৈলকে বিসৰ্জ্জন করিয়া-ছিলেন সেই স্থানে দেখিলেন, একজন জীলোক দাড়াইরা রহিয়াছে। বিশেষ করিয়া দেখিবার নিমিত্ত পথে দাড়াইয়া, দীপালোক হস্তদারা আবরণ করিয়া আবার সেই দিকে চাহিলেন; তাঁহার নিশ্চয় বোধ হইল যে, তথায় একজন স্নীলোক দাঁডাইয়া রহিয়াছে। কে সে ব্যক্তি তাহা অনুসন্ধান করিতে আর তাঁহার বড় ইচ্ছা হইল না, সেই দিকে যাইতেও আর তাঁহার বড় সাহ্দ হইল না। কিঞ্ছিৎ চঞ্চল পদবিক্ষেপে আপন কুটীরাভিমুখে গেলেন। চাঞ্চলো দীপ নিবিয়া গেল। এই সময় শব্দে বোধ হইল যেন কে আর্দ্রবন্ত পরিধান করিয়া নিকট দিয়া ক্রতবেগে দক্ষিণাভিমুখে যাইতেছে। সর্গাসীর অঙ্গ কণ্টকিত হইয়া উঠিল। কুটীরে প্রবেশ করিয়া শীঘ্র দীপ জালিলেন। কিন্তু যাহা দেখিলেন, তাহাতে বিষয়া-পর হইলেন। হর্মাতলে জলসিক্ত ক্ষুদ্র পদচিত্র রহিয়াছে।

দর্যানী পূর্ব্বে কিঞ্চিং ভীত হইয়াছিলেন, পদচিছু দেখিয়াং আর সে ভয় রহিল না। ভাবিলেন, অবশ্য কোন মস্থ্য আসিরাছিল। কিন্তু জলের চিন্তু দেখিয়া কিছু সন্দেহ হইল। সর্যাসী আবার বহির্গত হইয়া অসুসন্ধান করিলেন কিন্তু কাহাকেও দেখিতে পাইলেন না। ক্রমে রাত্রি প্রভাত হইল; যে স্থান হইতে শৈলকে জলে নিক্সেপ করিয়াছিলেন সেই স্থানে যাইয়ার্ট্রলেন। নদী অভি গভীর গর্জ্জন করিতেছে যেন অতি রাগভার কাহাকে তিরস্কার করিতেছে। সন্যাসী করিলেন; ফিরিবার সময় যত দূর দেখা যায় একবার নদীক্ল নিরীক্ষণ করিলেন। কোথায়ও শবভুক্পকী কি কুকুরের জনতা দেখিতে

পাইলেন না। সন্নাদী শেষে মন্দিরের মধ্যে প্রবেশ করিয়া যেখানে শৈল রক্ষিত হইয়াছিল সেই কুটার মধ্যে প্রবেশ করি-**ट्रिन**; कर्पक माँ ज़िंदेश हातिनिक नित्रीकान कतिशा धीरत धीरत ফিরিলেন। তাহার পর কি মনে ভাবিয়া যে ঘরে মাধবী রক্ষিতা হইয়াছিল সেই ঘরের দিকে চলিলেন। হঠাৎ দারের প্রতি দৃষ্টিপাত করিয়া আশ্চর্য্য হইলেন; দ্বার খোলা রহিয়াছে। ফ্রন্তবেগে গৃহপ্রবেশ করিয়া দেখেন, তথায় মাধবী নাই, মাধবী পলাইয়াছে। সন্নাদীৰ মস্তকে যেন বজ্ৰপাত হইল। পূৰ্ব দিন যথন মোহান্ত তাঁহার হত্তে ধনাগারের চাবি দিয়া চলিয়া গেলেন, তথন সন্যাসীর স্থের আর সীমা ছিল না। এই অতুল ঐশুর্যোর আপনাকে একমাত্র অধিকারী জানিয়া মাধ্বীকে বিবাহ করিবেন মনঃস্থ করিয়াছিলেন; মাধবী স্থালরী, সভী, নম্র-স্বভাবা, আবার অতি প্রধান ক্লোদ্ভবা, মাধবী স্ত্রীজাতির মধ্যে রছবিশেষ। নর্তৃকী বলিয়া তাহার একমাত্র কলম্ব কিরু মাধবী কথন নৃত্য করে নাই; মাধবীর পিতৃশক্রর হস্ত হইতে রকা করিবার নিমিত্ত মহারাজ তাহাকে নর্ত্তকী বলিয়া গোপনে <sup>'</sup>ু:থিয়াছিলেন, যে সকল কথা সন্নাসী জানিতেন। অতএব তাহাকে বিবাহ করিবার কোন বাধাই ছিল না। সন্নাসী ভাবিবা-हिल्न गांधवी (मवजूर्जा), गांधवी घतनी ना इटेल अंचर्गा तथा। পূর্ব্বরাত্তে সন্ন্যাসী বিবাহের প্রস্তাব করিয়াছিলেন তাহাতে নাধবী কোন উত্তর দেয় নাই. কেবল নতশিরে মাথার কাপড় টানিয়া মুখাবরণ করিয়াছিল। সর্যাসী তাছাই সন্মতির চিক্ন বিবেচনা করিয়া আহলাদে যথন চলিয়া যান, তথন দারকদ্ধ করিয়া যাইতে তাঁহার স্মরণ হয় নাই। মাধবী এই স্লুযোগে পলাইয়াছিল।

সন্ন্যামী বুঝিলেন যে, দ্বার মুক্ত ছিল বলিয়াই মাধবী পলা-ইতে সক্ষম হইয়াছে। অতএব দ্বারের প্রতি অতি কঠোর দৃষ্টিপাত করিলেন কিছু সেই দৃষ্টির তীব্রতা লোহদার কিছুই বৃকিতে পারিল না। বৃদ্ধ সন্মাসীর পক ক্রকেশ নানা ভঙ্গীতে অবনত হইয়া চক্ষুকৃপদ্ধ প্রায় আবরণ করিয়াছে। তাহার অন্ত-রাল হইতে ওাঁহার দৃষ্টিপাত দেখিলে বোধ হয় যেন লতাচ্ছাদিত ক্ষুদ্র গর্ভ হইতে কোন হিংস্র কীট বিষক্ষেপ করিতেছে। মাধ্বী এই দৃষ্টিতে ভব্ব পাইত; শৈল এই দৃষ্টিতে হাসিত।

মুদলমান দারগা শস্তু কয়েদীর তত্ত্ব লইতে রাজে আদিবার কথা ছিল কিন্তু আদিল না। সন্ন্যাদী অনেক রাজি পর্যন্ত তাহার অপেকা করিলেন, শেষ আপন কৃটীরে যাইয়া শয়ন করিলেন। পরে করেক দিন সন্ন্যাদী অতি বিষাদিতান্তকরণে কালাতিপাত করিতে লাগিলেন। ধনাগারের চাবি পাইয়াছেন কিন্তু ধন পান নাই, মাধবী পলাইয়াছে, শস্তু কয়েদী ধরা পড়ে নাই। এইসকল ঘটনা সন্ন্যাদীর বিষয়তার কারণ। রামদাস নিখাস তাগে করিয়া ভাবিলেন, সম্পূর্ণ সুথে মন্তুরেয়র অদৃষ্টে ঘটে না।

#### সপ্তত্তিংশ পরিচ্ছেদ।

চারি পাঁচ দিবস পরে এক দিবস প্রাতে হুরগ্রাংমবাসীরা স্থাসজ্জ হইয়া নগরাভিমুখে যাত্রা করিলেন; তথায় বিলাস বাব্র বিচার হইবে বড় সমারোহ। পথিমধ্যে দলে দলে তর্ক বিতর্ক হইতে লাগিল। কেছ বলিতে লাগিল, "বিলাসের নিশ্চয়ফাঁসি হইবে।" কেছ বলিতে লাগিল "ফাঁসি কি মুখের কথা! বিলাপের বিরুদ্ধে প্রমাণ কি আছে?" প্রথম বক্তা বলিল, "প্রমাণ অবশাই আছে, প্রমাণ না থাকিলে কি মেজেপ্তার সাহেব দায়রা সোপর্দ্দ করেন। বিলাস আপনিই স্বীকার করিয়াছে আবার চৌকীদার খুন করিতে দেখিয়াছে।" দ্বিতীয় বক্তা বলিল,

"চৌকীদার সহস্রবার দেখুক, প্রমাণ না থাকিলে কিছুই হইবে
না; এক্ষণকার আইন বড় শক্ত।" প্রথম বক্তা কুদ্ধভাবে বলিল,
"তুমি কি মূর্থ! আবার কি প্রমাণ চাও? তবে প্রমাণ কাহারে বলে
তাহা জান না।" দিতীয় বক্তা আরও কুদ্ধভাবে চীৎকার করিয়া
বলিল, "কি! আমি মূর্থ? আমি প্রমাণ চিনি না ? বল দেখি
তুমি কয়জন মোক্তারের বাটী গিয়াছ? কয়জন মোক্তারকে চেন ?
আমার অপেক্ষা তুমি প্রমাণ বুঝিয়া থাক ? প্রমাণ মুখের কথা
আর কি ? অমনি বলিলেই হয় না; বাড়ী বিদিয়া অয়ধ্বংসাইয়া
প্রমাণ শিক্ষা হয় না, মোক্তারদের সহিত আলাপ করিলে তবে
প্রমাণ শিক্ষা হয়, অয়ের হয় না।"

এই সময় আৰু এক দলেৱ মধ্যে মহাবাগ্ৰিতভা উপত্তিত হ-ইল। কেহ বলিল, বিনোদকৈ শাবল ফেলিয়া মারিয়াছে। কেহ ৰলিতেছে মুখে বালিষ চাপিয়া মারিয়াছে। ক্রমে বাগ্যুদ্ধ হইতে মল্লযুদ্ধের উপক্রম দেখিয়া আর সকলে যোদ্ধাদিগকে নিরস্ত করিয়া দিল। সকলেই ক্ষণেক কাল পরস্পার আপনাপন মনে वितारित कथा, रेभटनंद कथा, जाननांद की वा कनांद कथा, বা অন্য কোন কথা চিন্তা করিতে করিতে পথ অতিবাহিত করিয়া চলিতে লাগিলেন। তাঁহাদের সমভিবাাহারে একটি বালক মাতৃদত্ত হুইটি পয়সা লইয়া ক্রীড়া করিতে করিতে যাইতেছিল। সকলে নিরস্ত হইলে বালকটি আপনার পিতাকে জিজাসা করিল, " বাবা,এই পন্নসায় কি কিনিব ?" পিতা উত্তর করিলেন, " সন্দেশ কিনিও।" বালক " আচ্ছা" বলিয়া নাচিতে নাচিতে मकरलत व्याखा चार्या हिला। (य वक्तांत शतिहास शृर्द्य (मध्या গিয়াছে, যাঁহার সহিত মোক্তার্দ্রিগের আলাপ আছে, যিনি প্রমাণ কাহারে বলে ভাল জানেন, বালকটি তাঁহারই পুত্র। বালকটি আবার পিতার নিকট আদিয়া জিজ্ঞাসা করিল. '' বাবা। ছই প্রমায় ফাঁসি কিনিতে পাওয়া যায় না ?'' পিতা ব্লিলেন, "না" পুত্র পুনরায় অতি স্বেহভাবে বলিল, "বিলাস বাবুর ফাঁসি হবে, বাবা, তোমার ফাঁসি কবে হবে ?'' বালকের এই প্রশ্নে সকলে হাসিয়া উঠিল। পিতা অপ্রতিভ ও রাগান্ধ হইয়া বালককে প্রহার করিতে লাগিলেন। বালকটি কি অপরাধ করিয়াছে কিছুই বৃঝিতে না পারিয়া চীংকারস্বরে রোদন করিতে লাগিল। পিতা আরও প্রহার করিতে লাগিলেন। সঙ্গীরা আদিয়া তাঁহার হস্ত হইতে রক্ষা করিলে বালক কাঁদিতে কাঁদিতে ফিরিয়া চলিল। পিতা তাহার প্রতি আর লক্ষ্যনাকরিয়া ফাঁসি দেখিতে "নগরাভিমুখে চলিলেন। তাঁহার সঙ্গীরা বালককে ছুই একবার ডাকির! বালকের পিতার श्रम्हावर्खी इटेलन। **স**কলেই ভাবিলেন বালক অধিক দূর যাইবে না শীঘুই ফিরিবে। কিন্তু বালক আর ফিরিল না। কতক দূর হইতে সকলে দেখিলেন বালক একটি স্ত্রীলোকের ক্রোড়ে উঠিয়া যাইতেছে। স্ত্রীলোকটি যে কে, তাহা কেই অনুভব করিতে পারিলেন না; সে বিষয়ে আর কেহ বড় অনুসন্ধানও क्रितलन नाः, नकरलरे नगता जिम्राय हिलालन । नगरतत निकरि ঘাইয়া দেখেন সেই স্ত্রীলোকটি অতি ক্রত পদ্বিক্ষেপে তাঁহা-দের পশ্চাতে আসিতেছে। চকিতের মধ্যে তাঁহাদের পার্শ দিয়ি চলিয়া গেল। স্ত্রীলোকটি যুবতী কিন্তু অবগুঠনবতী: শীণা অগচ বলিষ্ঠা; কেহ তাঁহারে চিনিতে পারিলেন না। বালকের পিতা একবার জিজ্ঞাদা করিলেন, "আমার সন্তানকে কোথায় র थिया आगित ?" अवश्वर्शनव डी कान छे छत ना निया চলিরা গেল। পিতা সঙ্গে মঞ্জে বাইতে চেষ্টা করিলেন কিন্তু পারিলেন না। সকলেই তাঁহারে বলিল চিন্তা নাই, যুবতী প্রিচিতা না হইলে তোমার বালক উহার ক্রোড়ে যায় নাই।

দে একাই বাটী ফিরিয়া যাইতে পারে তাহার নিমির্ত কোন ভাবনা নাই। পিতাও তাহা বৃক্তিলেন। শেষে সকলে একত্রে বিচারালয়ে উপস্থিত হইলেন। বিচার তথন আরম্ভ হইয়াছে। সমুদায় সাক্ষীর ''জবানবন্দী'' হইয়া গিয়াছে। বিলাস বাবু যোড় করে নতশিরে দাঁড়াইয়া আছেন, চারিদিকে কনেষ্টেবলগণ তাঁহাকে বেষ্টন করিয়া রহিয়াছে। তাঁহাকে দেখিবার নিমিত্ত তাঁহার প্রামবাসীরা বহু যত্ন করিতে লাগিল কিন্তু লোকের জনতাপ্রযুক্ত কেইই অগ্রসর ইইতে পারিল না। কিন্তু সেই লোকারণা মধ্যে অবগুঠনবতীকে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া সকলেই আশ্চর্মা হইলেন। জল্প সাহেবও প্নঃপ্নঃ উল্লার প্রতি চাহিতেছিলেন।

সাক্ষীর জোবানবন্দী হটয়া গেলে, বিলাস বাবুকে জজ সাহেব জিজ্ঞাসা করিলেন, 'তোমার কিছু বলিবার আছে ?''বিলাস
বাবু একবার বাম পদে একবার দক্ষিণ পদে ভর দিতে লাগিলেন, কিঞ্চিং অন্তির হইলেন কিন্তু কিছুই উত্তর করিলেন না।
জনেক কর্মচারীর দ্বারা জজ সাহেব পুনরায় জিজ্ঞাসা করিলেন,
"তুমি বিনোদকে খুন করিয়াছ ?'' বিলাস বাবু ধীরে ধীরে
মন্তক তুলিয়া জজ সাহেবের দিকে চাহিলেন, কিন্তু জল সাহেব
ভীহার দিকে দৃষ্টিপাত করিবামাত্র অমনি নতশির হইয়া দাড়াইলেন। জজ সাহেব ভাবিলেন এব্যক্তি নিশ্চয় অপরাধী
তাহাই আমার দিকে চাহিতে পারিতেছে না।

কর্মচারী আবার জিজ্ঞাসা করিল, "তুমি বিনোদ বাব্কে হত্যা করিয়াছ?"

বিলাদ প্রথমতঃ মাথা হেলাইয়া স্বীকার করিলেন, পরক্ষণে স্পষ্ট-স্ববে বলিলেন, "হুঁ খুন করিয়াছি—অন্ধকার রাত্রে খুন করিয়াছি।" জ্ঞা কিরূপে খুন করিলে ? বি। যে রূপে লোকে খুন করে অর্থাৎ অর্থাৎ—

জল। কোন অস্ত্রদারা খুন করিয়াছিলে?

वि। ना अनु नरह-हाँ अनु वह कि-भावल हाता-

জজ। শাবল দারা কোণা আঘাত করিয়াছিলে?

বি। শাবল দারা কোথায়ও আঘাত করি নাই।

জজ। তবে কিরপে খুন করিলে?

বি। পদদারা তাহার বুক চাপিয়া ধরিয়াছিলাম।

জজ। তবে শাবলের কথা কেন বলিতেছিলে? 😶

বি। শাবল আমার হাতে ছিল।

জজ। তোমায় তৎকালে কেহ দেঁখিয়াছিল ?

বি। দেখিয়াছিল।

জজ। কে দেখিয়াছিল?

বি। তাহাজানিনা।

জজ। এই চৌকিদার দেখিয়াছিল ?

বি। দেখিয়াছিল, ঐ ত আমায় বাঁচায় ?

জজ। কেন, তোমার কি হইয়াছিল १

বি। আমি মৃচ্ছা গিয়াছিলাম।

জল। কেন মূচ্ছা গিয়াছিলে?

বি। ভয়ে।

জজ। কিসে ভয় পাইয়াছিলে ?

বি। প্রাচীরের উপর চৌকিদারকে দেথিয়া ভয় পাইয়া-

#### ছিলাম।

জন্ধ সাহেব আর কোন কথা জিজ্ঞাসা করিলেন না। এই সময় অবশুঠনবতী ঈষৎ অগ্রসর হইয়া আপন মুখাবরণ মুক্ত করিয়া অতি পরিষ্কার স্বরে বলিল, "ধর্মাবতার এব্যক্তি ষাতৃল, ইহার কোন কণাই বিশ্বাস করিবেন না, খুন আমি করি-যাছি।"

বিলাস বলিয়া উঠিল "হাঁ হাঁ খুন এই করিয়াছে এই শৈল।"
নাম মাত্রে সকলের দৃষ্টি শৈলের উপর পড়িল; শৈল পাণ্ডুবর্গা,
ভয়ঙ্করা, শীর্ণা, স্থলরী। শৈলের পরিচয় পূর্ব্বেরাষ্ট হইয়াছিল, সেই রাক্ষসীকে দেখিবার নিমিত্ত একটা কোলাহল
পড়িয়া গেল। শত শত লোক ভাহার মুখপ্রতি চাহিয়া রহিল,
শৈল দূক্পাত ও করিল না। কনেইবল দিগের ভাড়নায় কলরব কিঞ্জিৎ মন্দীভূত হইলে, শৈল পূর্ব্বিত আবার বলিল, "খুন
আমি করিয়াছি, আমার প্রতি ফাঁসি আজ্ঞা হউক।"

জন্ধ সাহেব একাল পর্যান্ত অবাক্ হইরা এক দৃষ্টে শৈলের প্রতি চাহিয়াছিলেন। শৈল মৃত্তিকার নিয়ে বহু দিবসাবিধি বাস করিয়া বিবর্ণা হইয়াগিয়াছিল। জন্ধ সাহেব সেরূপে বর্ণ কখন মনুষ্যের দেখেন নাই। মনুষ্যের এই নূতন বর্ণ দেখিয়া অবাক্ হইয়াছিলেন। শৈলের পুনক্তি শুনিয়া মোকদ্মার দিকে আবার মনোনিবেশ করিলেন।

জজ। কে তুমি, ভোমার নাম কি?

দৈ। আমার নাম শৈল দেবী।

ুজ্জ। যিনি হত হইরাছেন তিনি তোমার কে ছিলেন ? শৈ। আমার স্বামী ছিলেন।

জজ। তাঁহাকে কে খুন করিয়াছে ?

শৈ। আমি খুন করিয়াছি।

"মিথ্যা কথা! আমি হত হই নাই, আমি এই জীবিত বহি রাছি" বলিয়া আর একবাক্তি জজ দাহেবের সমুথে আদিরা দাঁড়াইল। তাঁহার গ্রামবাসীরা চিনিতে পারিয়া একবাকো চীংকার করিয়া উঠিল, "আমাদের বিনোদ!" আবার বিচার গৃহে মহাকলরব পড়িরাগেল। কেহ কাহারও নিবারণ শুনে না।

আগন্তক বাক্তির নাম, ধাম পরিচয় লইরা জজ দাহেব মোকদ্দমা ডিস্মিদ্ করিলেন। এ মিথাা মোকদ্দা কেন উপস্থিত হইল তাহার তদন্ত করিবার নিমিত্ত অস্মতি করিদেন। বিলাস বাবুকে খালাস দিবার সময় জজ দাহেব জিজ্ঞাসা করিলেন, "তুমি ফাঁদি যাইবার নিমিত্ত এত কেন বাস্ত হইরাছিলে?"

বি। ফাঁদিতে আমার বড ভয়।

জজ। তবে কেন খুন করিয়াছি ব**লিতেছিলে**?

বি। তাহা আমি জানি না।

এইরপ শৈলকে জিজ্ঞাসা করিছে গিয়া দেখেন শৈল দেখানে আর নাই।

মেকিদামা শেষ হইয়া গেলে বিলাস বাবুকে সঙ্গে লইয়া
মরগ্রামবাসীরা অপরাক্তে আপনাদিগের গ্রামাভিদুথে ঘাইতেছে, এমত সময় মাঠের মধ্যে একজন সঙ্গী বলিল, "বুঝি
শৈল আসিতেছে।" সকলেই পশ্চাৎ কিরিয়া দেণিল সতাই
শৈল আসিতেছে। বিলাস বাবু সে দিকে চাহিলেন না। শৈল
আর অবস্তঠনবতী নাই, শৈল ফলিনীর নাায় সদর্পেক্রমে তাঁছাদিগকে অতিক্রম করিয়া চলিয়া গেল; একবার তাঁহাদিগের
প্রতি কটাক্ষণ্ড করিল না।

দেখিতে দেখিতে শৈল দৃষ্টির বাহির হইয়া গেল। সন্ধার স্মর নদীর কূলে উপস্থিত হইয়া একটি নির্জ্জন কুটারে প্রবেশ করিল। আর একটি স্ত্রীলোক কক্ষান্তরে গৃহকার্য্য করিতেছিল; শৈলকে ক্লান্ত দেখিয়া ব্যজন হস্তে অতি ব্যস্ত হইয়া আসিয়া বাতাস করিতে লাগিল কিন্তু কোন কথা জিজ্ঞাসা করিল না। শৈল শ্যায় বসিয়া স্থিরনেতে দীপশিখা দেখিতে লাগিল। অনেকক্ষণ পরে সঙ্গিনী জিজ্ঞাসা করিল, "কোথায় গিয়াছিলে?" শৈল দীপ দেখিতে দেখিতে উত্তর দিল, "নগরে—সাহেবের কাছে।"

সঙ্গিনী। কেন ?

শৈ। মরিবার নিমিতা।

স। ও সকল কথা মুখে আনিও না,কোথার গিরাছিলে?

শৈ। আমি ফাঁদি যাইবার নিমিত্ত জজ সাহেবের কাছা-বিতে গিয়াছিলাম; শুনিয়াছিলাম অদ্য একজনের ফাঁদি হবে। তাহাই সেখানে গিয়া বলিলাম—

म। कि विलिख ?

শৈ। যাহা বলিবার।

স। তোমার বলিবার কি ছিল ?

শৈ। বলিলাম, "আমি খুন করিয়াছি।"

স। তাহার পর ?

শৈ। আর একজন বলিল, হাঁ শৈলই এই খুন করিয়াছে।

স। তাহার পর ?

শৈ। তাহার পর আর যাহা ভয় করিয়াছিলাম, তাহাই হইল। তুমি দেবতা চিনিতে পার ?

স। কে দেবতা দেখেছে যে চিনিতে পারিবে।

· কৈ। লোকে বলে দেবতারা এই পৃথিবীতে মরুষা হইয়া জন্মান।

স। সেকালে তাহা হইত, এখন আর সেকাল নাই।

ৈশৈল অনেকক্ষণ নীরব হইয়া রহিল। একবার জিজ্ঞাসা করিল, ''কাল্সাপ কি উদ্ধার হয় গ''

স। সাপের আবার উদ্ধার কি?

শৈ। কেন? তুমি কালীয়দমন যাত্রায় শুন নাই ?

স। শুনেছি, দেবতায় কি না পারেন। কিন্তু সেকালে দেবতারা সকল করিতেন।

শৈ। অদ্যাপিও করেন, অনেক মনুষ্য মানুষ নহে, দেবতা। প। হাঁ, মানুষ নাকি দেবতা! শৈ। তবে কি?

শৈল এই কথাট চীৎকার করিয়া বলিল। সঙ্গিনী মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া দেখেন যে, শৈলের চক্ষ্ম বিকৃত হইয়া উঠিয়াছে; অতি বিকটভাবে দীপের প্রতি চাহিয়া রহিয়াছে। সঙ্গিনী অতি মৃছভাবে জিজ্ঞাসা করিল, "শৈল, ভগিনি, কি দেখিতেছ? অমন করিয়া রহিলে কেন? ছি! দিদি মুখ্ ফিরাও।" সঙ্গিনী দেখিল শৈল কোন কথাই শুনিতেছে না, চক্ষের পলকও ফেলিতেছে না; চক্ষুর ক্রমে বিকৃতি হইতেছে। সঙ্গিনী অতি ভীতা হইয়া উঠিয়া গেল, কক্ষান্তরে গিয়া নিঃশন্দে কাঁদিতে লাগিল। ক্ষণেক পরে শৈলের ঘরে অতি উচ্চ হাসি শুনিয়া সঙ্গিনী আবার দৌড়িয়া আসিল; হারে দড়োইয়া দেখে শৈল শয়ন করিতেছে। সঙ্গিনী চক্ষের জল মুছিয়া জিজ্ঞাসা করিল, "দিদি কেমন আছ় ?"

শৈ। বেশ আছি। স। বাতাস দিব ? শৈ। দেও।

স্থিনী নিঃশক্তে বাতাস দিতে লাগিল। সকলেই ব্ঝিয়া থাকিবেন সন্ধিনী পূৰ্বপ্রিচিতা মাধ্বী।

## কাতরা মযূরী।

3

ন্তন বরষাগমে বিমল গগন, নব-নীল-মেঘ-দলে ঢাকিত যথন, দেখেছি পূরবকালে, কাল-জল-ধর-কোলে, সোহাগে চপলাধনী করিত নর্তুন; তুমিও শিথিনী কত নাচিতে তথন।

ş

মাতিরা প্রেমের ভরে কতই নাচিতে, ললিত-নিকুঞ্জ লতা চরণে দলিতে, আমোদে পেকম খুলে, গ্রীবা তুলে হেলে হলে, উলটি চক্তক-মালা চলিয়া পড়িতে, ফিরে ঘুরে কাল-মেঘ আবার দেখিতে।

৩

হারবে কলাপ-বতি বন বিলাসিনি!
বল বল এবে তুমি কেনরে মলিনী ?
কি হ'য়েছে ? কোন্ হথে—আছরে বিরদ মুথে ?
হারা'য়েছ কোন্ নিধি ? বল বল শুনি,
কেন অনশনে ক্ষর করিছ পরাণি ?

8

ঐ দেথ সেই মেঘ আকাশের কোলে,
স্থাল-গভার-বেশে ফিরে দলে দলে;
নবীন-নীরদ-বুকে ধাকিয়া পরম স্থে,
সেই ত চপলা বধু লুকায়ে বিরলে,
থেকে পেকে উকি দিয়া জগত উছলে!

a

সেই মেঘ সেই তুমি সকলি ত তাই,
তবে বল দেখি, তব কি ছিল কি নাই ?
ভাগন কৰিবলৈ করে আঁখি,
ও মেঘে তোমার আর অধিকার নাই!
ভাই বলে উদাসিনী হ'মেছ সদাই,

শীরাজক্ষ মিশ্র।



(C)

#### মাসিক পত্র।

व्यावाह, ১२৮२ :

िव अश्या। ।

#### আমি।

আবার মাস—নিদাঘের অসহ যহনার গৃহস্থতৈ বহিগতি হইবার সামর্থা অভাবে, নামার গৈতৃক একটা অন্ধন্ত বন্ধ কুল গৃহে, দার কন্ধ করিয়া একথানি ভয় তালসুস্তম্থারে, একখানি চৌকীর উপর শর্ম ক্বতঃ কিছুকাল নিজাদেবীর আরাধনা করিলাম। ভক্তবংসলা দেবী আমার ভক্তিমন্তার প্রীতা হইরাঁ, প্রকাংসল্যে আমার ক্রেণ দ্রীকরণার্থ আমাকে ক্রোড়ে পরিব অনার প্রকাশ অমার শয্যোপরি আবির্ভুতা হইরাছিলেন কিন্তু আমার প্রকাশ স্কন্ধ শ্যার স্থাবেই হউক, বা তরিবাসী কীটা দির মধুর সম্ভাবনেই হউক, অপরা নিদাঘ হইতে শত্বা প্রযুক্তই হউক, জগত্যা আমার নিকট হইতে অপক্তা হইরা অন্যত্র প্রান্থর হউকে, জগত্যা আমার নিকট হইতে অপক্তা হইরা অন্যত্র প্রান্থর হউলেন। আমি দেবীর অম্ব্রাহলান্তে বন্ধিত হইয়া স্ক্রমনে কিছুকাল ভালবৃন্তবানির সহিত প্রণয় করতঃ একবার মনে মনে চিন্তা করিলাম " এক্ষণে আমি আর কিন্তাতে পারি?" তথ্ন " আমি" এই কথার হঠাই সনঃ-

ক্ষেত্রে বিকাশ মাত্রই আমার বৃদ্ধিছাদ তৎক্ষণাৎ একটা অভূত পূর্ব্ব তর্কতরক্ষে আলোড়িত হইল। তথন আমি, আমিতত্বের মীমাংসায় এককার্লে অভিনিবিষ্ট হইলাম। আমার স্থনাজ্জিত বৃদ্ধি কিছুকাল দর্শনশাস্ত্রে নিয়মিত হইলে, দক্ষিণহস্তভূষণ অঙ্গুলি গুলি আর স্থির থাকিতে পারিল না; তাহারা একসময়েই সকলে ক্ঞুমিত হইল। আমি তখন অগত্যা লেখনীধারণপূর্ব্বক অঙ্গুলিকভূরন বিনোদন ও আমি তত্বের নিরাকরণ উভয়কর্মাই সম্পার করিতে প্রবৃত্ত হইলাম।

এই সংসারসমুদ্রে প্রবান ক্ষুদ্র কীটস্বরূপ মন্ত্রাবৃন্দের দধো আমি এই শক্টী সকলেরই নিকট আদৃত। এসংসাবে कि धनी कि महिल, कि शिख् ह कि मर्थ, कि अबिक कि निर्काध, কি রাজা কিপ্রজা,সকলেরই ধারণা যে, আমিই সংসারে একজন, সকলেই জানেন অন্যাপেক্ষা আমি কোন না কোন বিষয়ে শ্রেষ্ঠ। যিনি দেশের সর্বশ্রেষ্ঠ রাজৌপাধিক তিনি জানেন আমি হক্তা. আমি কর্ত্তা, আমি পাতা, আ**ঞ্জি** বিধাতা; ভোগ্য সকলই আমার, ইহলোকে আমিই একা ভোকা; আমি সকলেরই উপাগু,ভূলোক অনুমার উপাদক মাত্র। মহাত্র। মন্ত্রীমহাশার জানেন, আমারই সুবদ্ধিপরিচালিত হইয়া এই রাজ্য পরিপালিতা হইতেছে; এই কোটীং জীবের আমি তত্ত্বাবধারক, আমার তীক্ষ্ব্দির জবিষরীভূত এ ব্রন্ধাণ্ডে কিছুই নহে, ইহলোকে আমিই এক প্রধান পুরুষ জ্ঞান করিয়া থাকে ইনি কেবল আমার ক্রী গ্ প্তালিকা মাতা। আমি ইচ্ছাতুদারে ইহাকে নাচাইতেছি, ফিরাইতেছি, ঘুরাইতেছি, উঠাইতেছি, বদাইতেছি, শোয়াই-তেছি; যখন ইচ্ছা করিব তথনই কল বন্ধ করিয়া কলের পুতৃল কর্মে নিকেপ করিব। মদোদ্ধত, মহাবীর, অন্ত্রশস্ত্রে স্থান-

পুণ প্রােগ সংহারবেকা, রণ্দক সেনাগতি মহাশ্র জানেন অংমারই বাত্বলরক্ষিত হইয়া এই বিশাল রাজা মনুযা বাসোপ-যোগী হইতেছে। আমি না পাকিলে রাজা প্রজা এই নাম কোথার অন্তর্হিত হইত। এই সমাজসাগরে আমিই একটা ভাসমান ভেলা স্বরূপ, আমাকে অবলম্বন করিয়াই সকলে এই অকুল সাগরের কূল প্রাপ্ত হইতেছে অতএব আমিই শ্রেষ্ঠ। আবার বিচার কর্ত্তা কি দওপ্রণেতা মহাশয় জানেন আনিট সমাজের মূলভিত্তি; আমি লোকের ধন মানের রক্ষক, আমার-প্রবৃক্ত নীতি উদ্ভাবিত না হইলে সংসারের কোন মঙ্গলই সাধিত হইত না। আতপতওলভোজী দেশীর ভট্টার্চার্য মহাশ্র জানেন, ''অথও মঙলাকারং ব্যাপ্তং যেন চরাচরং তৎপদংদর্শিতং যেন'' সেও আমি। ঐরপ পুরোহিত জানেন গ্রহের বিম্বনাশক আনি। অপর, কৃষক ভাবে রাজাই হউন, আর মন্ত্রীই হুউন, সকলের অনুদাতা আমি। জোলা ভাবে, লোকে অনুদাতাই হটন, আর যাহাই হউন, তুনিয়ার আক্রদার আমি অর্থাৎ এজ-গতে আমিই লজ্জানিবারণ। আর টোকিদারের ত কণাই নাই, ইংহার স্ত্রী সমাজের প্রধান আমি। এই প্রকারে রাজা হইতে কুনু প্রছা ক্রমক প্রান্ত সকলেই জানেন সংসারে আমিই একজন।

এই আমি শুদ্ধ একালে আনাদিগেরই মধ্যে প্রচলিত নহেন।
ইনি সর্কালে সর্ক্রেশীর লোককেই আশ্রয় করিরাছেন।
কোনং ভলে কোন কোন মহান্তার বাবস্থত আমি শব্দ আবহ্মান
কাল ভূমগুলে অভুলা বলিরা আদরিত হইতেও দেখা যাইতেছে।
মহাভারতে অর্জ্নকে উপদেশকালীন শ্রীকৃষ্ণ "সর্ক্র ঘটেই
আমি" এই বাক্য প্রতিপাদনার্থ বে বাক্য গুলিন বলিয়াছেন,
ভাষা ইহলোকে অদ্যাপি ভগবলগীতাখ্যা ধারণানন্তর ভারতোহ্জ্ল
করিতেছে। বেদ, বেদাস্ক, বেদাস্ত মধ্যেও আমি শব্দের অভাব

নাই; এ সঁকলে কোপাও "সোহহং" কোথাও "শিবোহহং" ইত্যাদি মৃত্তিতে আমি বিরাজমান। পুরাণকর্তা বেদব্যাস ও "আমিই সাক্ষাৎ নারায়ণ" বলিয়া উল্লেখ করিয়াছেন। অপ্র অধমতারণ পতিতপাবন শ্রীগোরাঙ্গ দেবও সেদিন নবদ্বীপে ভাক্তমহলে "মৃঞিসেই" বলিয়া প্রেমের ধ্বজা উড়াইয়াছেন। আবং যাহা দেখিতে পাওয়া যায় তাহাও আমি ছাড়া নহে; তাই বলিতেছি এই আমি কেবল আমাদের আমি নহে, ইহা সকল সময়ে সকলেবই আমি।

সময়ান্তরে এই আমিতে অবস্থান্তরও সংঘটিত ইইয়াছে।
বেদিন বিখ্যাত জনগ্রারী কলস্বের মনে "আট্ লাণ্টিকের পাল
আছে" উদিত ইইয়া, কথা রাজসমক্ষে প্রস্তাবিত ইইলে তিনি
উপহাসভাজন হন, সেদিন তিনি দৃঢ়প্রতিজ্ঞ ইইলেন যে, আমি
ইহা আবিদ্ধার করিব, সেই এক জামি। আজনের অভ্যাচারপীড়িত ভারতবাদীদিগকে অবলোকানন্তর বৌজদেব প্রতিজ্ঞা
করিয়াছিলেন, "ইহাদের জ্ংথবিসোচন আমি করিব" সেও
এক আমি। আর একবার পরশুরাম বলিয়াছিলেন, পৃথিনী
আমি নিংক্ষত্রিয়া করিব, সেও এক আমি। এইরপ নানাক্রমে
নানা-মুর্তিতে বিরাজিত নানা প্রকার আমি।

বর্ত্তমান সময়ে আমরাও আমি মন্তের মূর্ত্তি বিশেষের উপ্রেমনা করি। আমাদিগের মধ্যে প্রথমে লক্ষ্ণমেন নবদীপ উজ্জন করিতে করিতে যবন কর্তৃক বক্ষ আক্রান্তের সন্তাবনা দেখিয়া ভবিষ্যন্তে।দিগের নিকট "যবনেরা বন্ধ অধিকার করিবে" শ্রবণ মাত্রই চেষ্টা র্থা ভাবিয়া উচ্চরবে মহাপুরুষের ন্যায় বলিলেন যে, "আমি বৃদ্ধ, আমি কি করিব, আমার যুদ্ধোদ্যোগ সন্তবে না, আমি প্লায়ন করি।" তাহাও এক আমি। যথন সপ্তদশ্যবন কর্তৃক রাজপুরী আক্রান্ত ওনিয়া, রাজার প্লায়নের

পর পাত্র মিত্র সকলেই তংপথাবলম্বী হট্যা গঞ্চীর স্বরে বলিয়া-ছিলেন যে, "অগ্রে আমি অগ্রে আমি" তাহাও এক প্রকার আ।মি। আর এই যে বঙ্গার যুবক মহে।দ্যমের সহিত একটি কর্মের প্রার্থনার কহিতেছেন "আনি বি এ, আনি এম এ, আমি এত সার্ভিস করিয়াছি, আমি এত কাগজ লিখিতে সক্ষম, অ।মি এত পণ অতিবাহনে পটু," ইহাও অদামান্য আমি। আমাদিণের বর্তমান মহাপুরুষের মধ্যে কেহ কেহ কোন উপায়ে রাজপুরুষের নিকট প্রাপ্ত ভারত নক্ষতা, রাজা ব্রহাত্ব, রায় বাহা-ছব, আখ্যা ধ্রেণ্নন্তর মনে করেন যে, 'আমি' অস্ধ্রেণ দেও এক আমি। আর কেহ কেহ কেন স্কুযোগে কেনে প্রধান লোকের সহিত একাসনে উপবেশন বা একতে ছুই চারিপদ ভ্রমণান্ত্র মনে করেন যে, ''ক্লভক্তার্থ আমি" তাহাও এক আমি। কেহ (कहवा कान छेशारा शतीरकाडीर्व इहेता कान हेश्टतक **या**क-रिक, छुट्टे हाति अमृति পরিমিত, একথানি কাগজ বাজাবন্দী করিয়া মনে ভাবেন 'ভারতমধো একজন আমি' তাহাও অানি। কোন কোন মহাত্রা কটে স্টে অনালিখিত প্রবুদ্ধ হুইতে সঙ্কলনানন্তর একটি প্রবন্ধ সংবাদ প্রভানধ্যে প্রকাশ কর-ন্নস্তর মনে করেন ''মহাগুক্ষ আমি'' তাহও আমি। এতই।-তীত কেই সংবাদ পত্ৰের সম্পাদক ইইয়া আমি, কেই নাটক লিখিয়া আমি, কেই কাইাকে গালি দিয়া আমি, কেই চার্বিত চর্রণ করিয়া আমি, কেহ ছুই চারি পাত ইংক্রৈজি পড়িয়া আমি, কেহ্নাপড়ির৷ তাহা ছুইয়াই আমি, কেহ্না কিছু নাকরিয়া दक्रवन काशाव अमाना छूट हाति श्र.म बा भी होनियार आमि। আরও নানাপ্রকার আমি আছে। তর্নধ্যে এইযে বেলা আড়াই প্রহরের সময় ঘর্মাক্ত কলেবরে লেখুনী হস্তে বামকরতলোপরি বান গণ্ড স্থাপিত করণানন্তর কি লিখিব কি লিখিব মনে ভাবিতে

ভাবিতে র্থা মস্তিক্ষ আলোড়িত করিতেছি ইহাও এক অপূর্ন্ আমি। অদ্য আর অধিক আমিতে কাজনাই; কেবল আমার-মত আমি দিগকে আনি আর একটি কথা বলিয়া বেদবাাদের বিশ্রাম করিয়া, আমার স্থারঞ্জিত হংসপুচ্ছ লেখনীর বিশ্রাম-সাধনে প্রবৃত্ত হই।

ভাই আমির দল। তোমরা আমি আমি অভিমান কর তাহাতে হানি নাই, এবং কেহ ভাহাতে অসম্ভন্ত নহে। কিন্তু ভাই। এই আমি আর এক প্রকারে ভাব দেখি—ভাব দেখি পরোপকারে আমি একজন। যথন দেখিতে পাও তোমার সন্মুখে কোন ক্ষুধাতুর অন্নের নিমিত্ত লাল।য়িত হইয়া তোমার নিকট কিঞ্চিং খাদ্য প্রর্থনা করি-তেছে,ভূমি তথন বিনা কটাকে সেম্বান পরিত্যাগ না করিয়া,ভাব ্দেখি যে, আমি ইহাকে কিঞ্জিং পাদ্য প্রদান করি, ভাব দেশি যে একাত্মস্বরূপ সমতঃগত্ত্ব এ—এবং আমি। যথন দেখিতে পাও কোন আশ্রয়হীন,কুগ্ন প্রথপ্রান্তে নিপতিত হইয়া করুণ স্বরে,পরি-দেবিতাক্ষরে আশ্রম প্রার্থন। করিতেছে, তথন ভাব দেখি, আনি সাধানত ইহার সাহাযা করি, ভাব দেখি ইহার ভঞ্ষাবিধান করি, ভাবে দেখি একাম্মস্বরূপ সমতঃথ সুগ এ--এবং আনি। यथंन (प्रथित (प्रभारक्षा शीनावद्यश्व छेन्न मख्यपान कर्डक উত্যক্ত, নীড়িত, অপস্তসর্কায় হইলা দীনভাবে উপালাতল বিরহে ক্ষমনে বিলাপপরায়ণ হইতেছে, তখন একবার ারাদের ছঃথে ছঃখী হইয়া, তাহাদের ছঃখ নিবারণে বদ্ধপরি-কর হইয়া, ভাব দেখি যে, এক।অস্বর্গীপ সমতঃগ স্থ এ—এবং আমি। হে আমিভাবাপরগণ! এইরূপ আমিই আমি; এ আমিতে কাহার কোন আপত্তি নাই; কিন্তু ইহার পরিবর্তে আনি বিশ্বান, আমি বুদ্ধিমান, আমি কৃতকর্মা, আমি ক্ষণজ্ঞা, আমি নান্য, আমি ধন্য, এরপ আমি আমি নহে।

আর একটি কপা। ভাই! সকল কার্যোই আমি আমি কথাটী ব্যবস্ত হয়, কিন্তু ভাই, ইহা অপেক্ষা আর একটি বড় ভাল কথা আছে। কথাটী তোমার ভাল না লাগিতে পারে, কিন্তু কণাটী বড় মিষ্ট। আর তোমার ব্যবস্ত আমি কথার সহিত প্রভেদও অল্ল। এক বার আমি এই কথার স্থলে আমর। উচ্চারণ করিয়া দেগ দেখি। দেগ দেখি কত স্থ্যী হইবে। একবার উচ্চরবে বল দেখি আমরা বাঙ্গালি, আমরা বঙ্গদেশ বাসী, আমরা সাহসহান, তেজোহীন, বিদ্যাহীন, আমরা বিদেশীয়ের উপহাসভাজন, আইম আমরা আমাদিগের কলক গ্রীভূত করি, আইম বাঙ্গালি নাম পৃথিবীতে আদরণীয় করি, আইম ভাই ভাই জ্ঞান করিতে শিথি, আইম মাযের স্থপ্তে হই, আইম মাযের মুগেজ্বল করি, আইম আমি ভাড়িয়া সকলে একবার আম্বান বিল্ডে শিথি।

# कीर्न्ग।

কীর্ন্তনে সর্ব্ধপ্রকার ভাব দেখিতে পাওয়া যায়। মন্তানের প্রতি জনক জননীর স্নেই, নায়ক নায়িকার বিশুদ্ধ প্রণয়,
সপিয়, প্রভৃতি সকলই পর্যায়ক্রমে তাহাতে বর্ণিত আছে।
ভাহা একবার শুনিলেই অনেককে অঞ্পাত করিতে হয়।
সমন কীর্ত্তনের কবিভ্রমন্তি অত্লা, তজ্ঞপ কীর্ত্তনের স্করও
অত্লা। যদি কীর্ত্তনের গীত না গাইয়া শুদ্ধ স্বর গাওয়া
য়ায়, তাহাহইলেও ছলয় আর্দ্র হয়। আবার ভাহাতে যদি
কথা যুক্ত করিয়া গাওয়া যায় তাহাহইলে ত কথাই নাই।
আপনি শে কথা সর্ব্বা গাওয়া বায় তাহাহইলে ত কথাই নাই।

কীর্ত্তনম্পরে গীত হয়,তবে সে কথা যে ভাবেসেই স্করে গীতমুরে হ্ইবে,সেই ভাব আপনার হৃদয়ে অধিকল চিত্রিত করিবে। কবি-দের ক্ষমতা এই যে, যখন যেমন ভাবে ইছা লিখিত হয়, অবিকল ্দেই ভাব পাঠক কিম্বা শ্রোত্বর্ণের হৃদ্ধে চিত্রিত করে। এই ক্ষমত। যতদর কীর্ত্তনে দেখিতে পাওয়া যায়, ততদূর আধুনিক অনা কোন পুস্তকে কিম্বা গীতে দেখিতে পাওয়া যায় না। স্বেরও কার্য্য কবিছের নাায়। কবিছশক্তি যেমন যে ভাবে লিখিত হয়, পাঠকের মনে তত্তুরূরণ ভাব অন্ধিত করে, হ্রও তদ্ধার বাহাবে গীত হয় খ্রোতগণের মনে তদন্তরপ ভাব উথীপন করে। আবার মনের স্বতন্ত্র অবস্থার সহিত স্তত্ত সূর গীত হয়। মন যখন আনন্দিত, সে সমরের স্ব স্বতন্ত্র , যথন ছঃখিত, সে সময়ের স্বর স্বতন্ত্র ইত্যাদি। কিন্তু আধুনিক গীতপ্রণেতৃগণ তাহার প্রতি দৃষ্টি না রাথিয়া আনন্দি চাবস্থার স্থার ছঃখিতাবস্থার ছঃখিতাবস্থার স্থার আনন্দি-তাবস্থায় গান করায় সে গীত তাহাতে কবিত্ব থাকিলেও বিষণ্য বলিয়া বোধ হয়। কীর্ত্তন গীতপ্রণেতগণ স্থবিতেক ও মার্জ্জিতরুচি ছিলেন। তজ্জন্য কীর্ত্তনে উক্ত প্রকার বৈলক্ষণ্য

"দ্বীরে" এ কণাট আপনি কতবার ওনিয়াছেন, অরে
ভূনিতে ইচ্ছা নাই, কিন্তু ইহা কীর্ত্তন স্থবে রোদনাবস্থার ীতে
গীত হটলে অপনি অবশ্য কাঁদিবেন। প্রথমে না কাঁদিলেও
আপনার রোদনের উদাম হইবে, পরে তাহাতে বাক্যসংবোজনা
হটলে ('স্থীরে সো মুখ টাদ'') আপনার জ্বয় উছ্লিয়া
উঠিবে—র্ব্যন্ত্রী কাঁপিতে আকিবে—শ্বীরের মাংসপেশী,
অস্থি, শিরা দ্কল মধ্যে "স্থীরে সো মুখ টাদ" ধ্বনিত হইবে।
আবার তাহাতে বাক্যসংযোগ হইবে আপনার মনের ভাব পূর্কা-

(मिथिट शाख्या यात्र ना।

পেকা বলবান হইবে; আপনপেনি নয়ন ভেদ করিয়া অঞ্চ বাহির

বতরূপ রাগিণী সৃষ্ট হইয়াছে, ভাহাদের প্রতেকের গানের নিষিত্ত বিখ্যাত সঙ্গীতবৈত্তগণ কর্ত্তক ভিন্ন ভিন্ন সময় নির্দিষ্ট হইয়ছে। কিন্তু কীর্তনের তাহা নহে; কীর্ত্তন যে সময় গী: इंडेक मां (कर्ग, दश खादव शी छ इहें त्व, रमई खादव मन खिंदक ভাক্তি হইবেক। আকাশ গ্ৰিন্থিতেতে; ভ্ৰমর ক্ষণ্ডনজোড়ে চঞ্ল: এথলিতেওে; ক্ষলম্বর যামিনী; মেঘ ফাঁক কবিলা ছট একটি ভারকা স্থল্বী উঁকি মারিতেছে, এ সময় কীর্ত্তন গাও: অপেনার মন আকৃষ্ট হটবে। মধ্যাত্র সময়ে মার্ভণ্ড ময়থজাল প্রধাবিত; স্থ্যকিরণে বস্তুররা হাসিতেছে; কীগুন পাও; তোমার মন আকৃষ্ট হইবে। তুমি গট্টায় নিচিত; বসস্ত মরুং পুশুদাম দোলাইয়া ভাষার সৌরভ ভোগার নংগ্নি কার আনিয়া দিতেতে; যামিনী-সমুপা; এসময় কাঁওন পাও; যদি সে ধ্বনি কিঞ্জিলাত ভোগার কর্ণকুহরে প্রবিষ্ট হয়, ভূমি সংখ্যাপিতের ন্যায় উঠিয়া বদিবে। কিন্তু উপরোলিখিত সম্ধ্য অভাকোন স্কুরের গান গায়িলে বোধ হয় তোমার তাতদুর িষ্ট लाशित मा।

শোক্ষতপথ লোক্দিপের যত্বর থাত্তী ভাল লাগে এত দূর তোমার আমার ভাল লাগে না। তংগার কারণ শোক্ষের বাজিরা কাঁদিয়া তাহাদিগের শোকের শমতা করিতে ইচ্ছাকরে। কীওন কাঁদাইবার গীত, স্তর্গ শোক্ষিভুতের অন্তদ্শে থে শোক্বছি প্রজ্ঞানিত আছে, তাহার অন্তর্গ দে বাফিক্ দেখিতে পায়, দেখিবামাত্র কাঁদিয়া কেলে। তাহার তথন অভিনেত্দিগের তংগ ফদ্য়ে স্পষ্ট অন্ধিত হয়। তৎকালে কীর্তুন যত্দ্র তাহার হৃদয়্ধাহী হয়, তত্দ্ব তোমার আমার হইবে না। সেই ভাব তাহার হৃদ্যে যতদুর চিত্রিত হইবে হত-দূর তোমার আমার হৃদয়ে কখনই হইবে না।

কথিত আছে কীর্ত্তনের স্থার ক্ষেরে প্রপৌজ কর্ত্ক রচিত তয়, এবং মহাদেব কর্ত্ক গীত হয়। এই গীত শ্রবণনিগিত কৈলাসে স্থারগ কৈলাসে প্রিলাসে স্থাং মহাদেব উপারিষ্ট হইয়া গীতারত্ত করেন। মনত সমরাবতী বিধূনিত করিয়া, মনাকিনী উছলিয়া, বিফুলোক, রফলোক, দেবলোকাদি কম্পিত করিয়া মহাদেবের স্থার উঠিল। গীত শুনিয়া দেকগণ নিস্তাক, ক্রমশঃ সকলেই জল হইয়া গোলান। সয়ং মহাদেবের হস্ত হইতে সপ্তাত্তী বীণা থসিয়া প্রিল। রজত আসন হইতে দেবাদিদেব নিয়ে পতিত হইলান; রজতগিরিস্লিভ কলেবর অচেতন; জটাভার আল্লাবিত; কণিপাশবিদ্ধ শার্দ্দি চর্দ্ধাস্থার থসিয়া পঞ্লি। কীর্ত্তন যে কতদ্র নিষ্ট তাহা এই গল্প প্রমাণ করিবে।

আমরা বলিয়াছি, কীর্তুনে জননীর স্নেহ, নায়ক নায়িকার অফুরাগ, সধিত্ব, ইত্যাদি নানাবিধ ভাব পরিপূর্ণ মিষ্ট গীতি আছে। একনে তাহাদিগের মধ্যে এক একটি গীত কত দুর মিষ্ট বর্ণিত হইয়াছে তাহা দেখাইবার জন্য আমরা কতক গুলি গীত শিয়ে উদ্ধৃত করিলাম।

জননীর স্নেহ ও সথিত্ব আধুনিক কীর্ত্তনে আছে। পুরাকালীন কবিদিগের কীর্ত্তনে তাহা নাই। স্থতরাং সে সকল গীত আমরা এস্থলে উদ্ধৃত করিব না। প্রথমে একটি জ্রীরাধি-কার পূর্ব্বরাগ গীত দেখুন।

্ ঘরের বাহিরে, দণ্ডে শতবার, তিলে তিলে আইদে যায়। े মন উচাটন, নিখাদ স্থন, কদ্ম কাননে চায়।। রাই এমন কেনে বা হৈল।
গুরু হুরু জন, জুর নাহি মন, কোথা বা কি দেব পাইলক্ষ্ম
সদাই চঞ্চল, বসন অঞ্চল, সম্বরণ নাহি করে।
বিসি থাকি থাকি, উঠয়ে চমকি, ভূষণ খসাঞা পরে।।
বরসে কিশোরী, রাজার কুমারী, তাহে কুলবধু বালা।
কিবা অভিলাযে, বাঢ়য়ে লালসে, না বুঝি তাহার ছলা।

## আর্য্যজাতির চিত্রপট।

#### (मवीत वत्र ।

বিজয়া দশমীর দিন কোন ভাগ্যবান্ বঙ্গবাসীর গৃহিণী মাপনা কন্যা ও পুত্রবধ্ সঙ্গে লইয়া গিরীশনন্দিনীকে বরণ করিবার নিমিত চণ্ডীমণ্ডপে উপরিত হইলেন। সকলেই ভক্তিভাবে প্রশাম করিয়া মৃত্তিকার বসিলেন। আজি শুল্রীপ্রার বিসর্জন । জ্যাজি বৎসরের মত ৮ চণ্ডীমণ্ডপ আধার হইবে। জ্যাজি গৃহিণী নয়নের জলে ভাসমানা। ক্ষণপরে অঞ্চলের ছারাচক্ষ্র জল মুছিয়া একতান মনে ভক্তিভাবে ভগবতীর পাদপদ্ম ধ্যান পূর্বক পুশাঞ্জলি প্রদান করিলেন। তাঁহার সঙ্গে সঙ্গে নন্দিনী ও পুত্রবধৃত পুশাঞ্জলি দিলেন। সকলেই কল্যাণ কামনার পর প্রশাম করিয়া দণ্ডায়মানা হইয়া দেবীর মৃর্টি ও চিত্রপট দেখিতে। ছন। নন্দিনী জনমীকে সংস্থাধন করিয়া চাল চিত্রের পুত্রিলিকার প্রতি অঙ্গুলি নির্দেশ করিয়া কহিল মা, ঐ যে কতকণ্ডলি দেব-হন্যকতকণ্ডলি মুনিকন্যে কতকণ্ডলি রাজকন্যের মারণানে

একটি ছঃথিনী মেরে মড়ার মত পড়িরা রহিয়াছে তাহার শিররের কাছে বসে এক রাজরাণীর মত যে কে কাঁদিতেছে, ও কোন দেবতা জানিস্।

জননী—সবজানি মন দিয়ে শোন। সতী পতিনিক্ষায় জাগন শরীর পাত কল্যেন তবু পতি নিক্দে সহ্ছ কত্তে পাল্যেন না। বার চক্ষের জলে বুক ভেলে বাচো দেখুলি তিনি প্রস্তি, সতীর মা। আর আর দেবকনো মেয়ে মাহুষগুলি, যারা বিরস মনে, ছঃথিত ভাবে অবাক্ হয়ে রয়েছে তারা সতীর বোন।

নন্দিনী—মা সভীব পতি নিন্দে কে কলো ?

ভ্ননী—বাছা, সে অনেক কথার কথা এক সত্তে সরিবার যোনেই রাজিতে সদ্বল্ধ।

পুত্রধূননদিনীর হস্তধারণ পূর্বক আন্তেই কহিল ওনিকে দৈপ এক দেবতার মুখ ছাগলের মত। ঠাকুরুন্কে ভিজ্ঞান কর্ণা ভাই?

নন্দিনী—মা ঐ যে ও পাশে ছালল মুগো ও কোন দেবত । 
"বাছা তুই দেখ্ছি আজি আনার অন্তঃকরণ স্থির করে একবার মা ছুর্গার পাদপল্ল ধ্যান কত্তে দিলি নে। তোরা ঠাকুর
দেখ আমি একবার মাছুর্গার রাঙ্গা পাছুখানি বুকের মাঝে থাথি
মনের মাঝে তুলি, সমুদার প্রতিনে খানির ছবি মনে করে নিই।"
এই বলিয়া চক্কু মুন্তিত করিলেন। এই বারে গললগ্নীকৃতবাসা
ও ভূমিষ্ঠা হইরা প্রণাম পূর্বক কহিলেন "মা ছুর্গে ছুর্গতিহারিণি
পতিতপাবনি ভবভয়ভঞ্জিনি মা মুক্তুর্গৈ চিম্নো এদাসীর মনক্ষান্য যেন সিদ্ধি হয়।"

''বৌমা ঠাকুর বরণ কর ক্রিনিলা আঁচল দিয়া মা ছ্র্গার মা লক্ষ্টার মা সরস্বতীর, কার্ত্তিক ওগণেশঠাকুরের পাদপন্ম মুছিয়ে বৌসার অংচলে বেধে দে।' গৃহিনী—পুত্রবধূব প্রতি— আ আজুলীর যেয়ে কিছু জান না। আগে কি বরণের কুলো নেয়, আগে ঠাকুরের কংগালে । সন্মুর্ দিতে হয়, হাতে পানের শিলি সন্ধেশ শিক্তি হয়। কাঠিক গণেশের চথে কাজল দিতে হয়, সকলের হাতে পান সন্দেশ দিতে হয়। তবে বরণ করে।

গিরিবালা। মা, আমি আগে ধরণ করি। জননী। না তোর আগে বরণ কত্যে নেই। গিরিবালা। কেন মা।

জননী। বৌদা ঘরের লক্ষী। আমার লক্ষী আমার পুত্রের বৌপাবে। তুই তোর খাশুড়ীর লক্ষী পাবি, তাই আগে তেরে বরণ কত্তে মানা আছে। যার বৌনা থাকে তার লক্ষী তার মেয়ে পায়। এখন তুই বরণ কর। বরণের পর হুলাহলী ধ্বনি, হইল। বাদ্যকরগণ শোকস্চক বিদর্জনের বাদ্য বাজাইল। সকলের চক্ষু পুনর্কার জলে প্লাবিত হইল। চক্ষু মুছিয়া আবোর প্রতিমার দিকে সকলের দৃষ্টি পতিত হইল।

निक्नी-मा वन्ना क अ जागन मूर्था (पवजा।

জননী। উনি দক্ষরাজা। সতীর বাপ। শিবের শুণ্ডর—
উনি সতীর পতিনিন্দে করেছিলেন বলে সতীর শাপে ছাগল
মূণু হয়ে আছেন। পতিপ্রাণা সতী কি স্থলর কি অমায়িক
পতিভক্তি দেখিয়েছেন দেখ দেখি। আর অতপ্তলি দেবকনো
দেখছিস সতীর রূপের কাছে ইহারা কেউ কি দাড়াতে পারিত,
কদাচ না; কেবল পতি নিন্দা সহু কত্তে না পেরে কালীমূর্তি
ভরে গিয়েছেন। চিত্তির কর কেমন এঁকেছে। আহা সাক্ষাৎ
পতিব্রতা ধর্ম যেন ঐ খেনে জাজ্বীমান রয়েছে।

ি 👸 নকিনী। মাদক্ষরাজা কেন জামাই নিলে কলোন।

ছাগল মুখু হোলো লোকের কাছে মুখ দেখাতে লজ্জা কচে না—এঃ চেয়ে যে মরণ ভাল।

জননী। দক্ষরাজ দেবতা, লোকে তাঁরে প্রজাপতি বলৈ।
চক্র তাঁর জামাই। সাতাইশুটী মেরে ঐ দেখ একবারে চক্তকে
বিরে দাঁড়িরেছে। কশাপ মুনিও তার একজন জামাই। ইহার
সঙ্গে তেরটী মেরের বিয়ে দেন। তাঁহারা সতীর পার্ষে বসে
রোদন কচ্চেন। সতী সকল বোন্দের মধ্যে বয়সে ছোট।
দক্ষরাজার ছোট জামাই শিব। দক্ষ মনে কলোন যজ্ঞ কর্বোন
শিবকে নেমন্তর দেবেন না সতীকে যজ্ঞের সময় আন্বেন না।
গ্রিসংসারে সকলের নেমন্তর হোলো—কেবল শিব ও সতীর
নেমন্তর হলো না।

নিদানী—সতী ও শিবের অপরাধ কি যে নেমন্তর হোলো না ?

জননী—ঘবে থাবার নেই বলেই বাদ দেওয়া হেলো। বিশেষ জামাই পাগল ছঞ্জিকোটী দেবতা ঝি বৌ নিয়ে সেজে গুজে এদে আমেন্দ প্রমোদ কর্ব্যে; আপনার জামাই অমন সময় পাগলামী কলো পাছে মনে ক্লেশ ওরাগ হয় বোলো অংগেই একেবারে নেমন্তর বাদ হয়েছে।

নিক্নী—বেশ, বিনি নেমন্তরে সতী কেন গেলেন ? জননী—কেন গেলেন তা শোন।

রোহিণী প্রভৃতি ভগিনীগণ আসিয়া কহিলেন সতী চল যক্ত দেখিতে চল বিলম্ব কচ্ছো কেন। কৈ তোমার ত কোন সাজ-গোদ্ধ দেখ্ছিনে। সতী কহিলেন দিদী তোমাদের ভগিনী-পতিকে বাবা পাগল বলে নেমন্ত্র দেন নাই। তা কেমন করে যাব তাঁর অপমান করে যেতে পারিনে। রোহিণী প্রভৃতি সাতাইশ ভগিনী একবাকো কহিলেন বাবা ভূলে গিয়ে থাক্রেন তা না হলে সংসারে কাকেও বল্তো বাকি নেই কেবল ছোট 
চামাইকে ভুল হবে তা কদাচ হতে পারে না। সতী কহিলেন 
ফানরা ভিক্ষে করে খাই ছাই ভক্ম মাখি সাঁড়ের পিঠে চড়ে 
বেড়াই দেখে বাবার মুণা হয়েছে তাই নেমন্তর দেন নাই। 
দিতি, অদিনি, কক্স. বিনতা প্রভৃতি ভগিনীগণ আসিয়া কহিলেন 
তই আমাদের ছোট বোন না তোরে না দেখলে মনের খেদে 
বাচবেন না কত আপশোষ কর্কেন। বাপমার কাছে মেয়ের 
মাবার মান অপমান কি, গেলেই হলো—বাবা ভূলে গিয়ে থাক্ 
বেন, মা ভানতে পেলে এমনটা হতো না। তা যা হউক পিতার 
সজ্ঞ দেখতে মেতে হইবে। সতী কহিলেন আচ্ছা পিতা গ্রাহি 
কক্সন বা না কক্সন আমি মেয়ে, আমার কাছ আমি কর্কো বিনি 
আভানে যবে। কিন্ত তোমাদের সঙ্গেয়ব না। শিবের অন্মতি 
নিয়ে যাব। ভোমনা যাও।

সভী শ্বিকে অননক অনুনয় বিনিয় করিয়া দক্ষজ্ঞ দেখিতি গেতে অনুমভি পেলেনে।

আহা কিরপে দেখিলান! দেখ যাড়ের উপর ঐ যে ত্রিনয়র্ত্তিভার এলিরে পোড়েছে সোণার বরণ যেন পুড়ে গিয়েছে।
মুগখানি বাসি পালের মত শুকিয়ে গিয়েছে মনে কি ভাবিতেছেন।

কি আশ্চর্য্য চিত্তির করেছে। বোধ হচ্চোয়েন এ শরীরে মন প্রাণ নেই, তা যেন শিবের কাছে রেখে বাপ মার সামগ্রী অঙ্গথানি ঠাহাদিগকে দিতে যাচ্যেন। আমরি কি ভাব দিয়েছে।

দক্ষরাজের সন্মুখে যেমন সভী উপস্থিত হইয়। প্রণাম করি-লেন পোড়াকপালে বাপ অমনি বল্যেন তুই হতভাগী এখানে কেন। তুই বিধবা হ, তথন তোরে প্রতিশালন করিব। সে হতভাগা পোড়াকপালে গাঁজাধোর পাগলকে নিমন্তর দিই নাই তবু তোকে পাঠিয়েছে, বেটার মান অপমান কিছু বোধ নাই। সতী আর পতিনিন্দে সহু করিতে তা পেরে কানে আঙুল দিলেন। দক্ষকে কহিলেন, পিতঃ! আমার সাক্ষাতে শিবের নিন্দে করো না। সংসারে স্ত্রীজাতির পক্ষে—এই বলিয়া লজ্জার অধাম্থ হইলেন। তথাপি দক্ষ নিন্দা করিতে লাগিলেন। সতী অমনি পিতাকে শাপ দিলেন, পিতঃ!যে মুখে তুনি আমার পতি নিন্দা কল্যে যদি আমি পতিব্রতা হই তবে অবিশ্যি তোমার ও মুখের শান্তি হইবে। তোমার মুখ যেন—এই বলিয়া সতী দেহ পরিত্যাগ করিলেন।

শিব সতীর দেহ পরিত্যাগ সমাচার পেয়ে দক্ষের বাড়ী এসে সভীর জাতো অনেকে খেদে কেলানে। ভূত প্রতিগণ দক্ষাজ্ঞ নই করে গেল। দক্ষের প্রাণবধ করিল। প্রস্তি সভীশোকে পতি-ংশাকে কাতর হয়ে মহাদেবের কাছে দাড়ালেন। স্থা স্থান কত্তে লাগলেন। মহাদেব প্রস্তির স্তবে ভুষ্ট হয়ে আব'র দক্ষের প্রাণদান কলোন,কিন্তু পতিব্রতা সতী যা বলেছিলেন তঃ অন্যথা হলোনা। নন্দী একটা ছগেলের মাতা বদিয়ে দিলে। প্রতিব্রতা সতী সাধ্বীর নিকট তার পতিনিক। কলে কি ইয় তাই সংসারের লোককে দেখাবার জন্যে দক্ষরাজ ছাগ্মুণু निरंश्रहन। लब्जा श्राह देव कि, किन्नु कि करतन लाक तकः! কত্তে হবে ত। যে আপনি বিধি দেয় সে যদি আপনি আপনার কথার মত কাজ না করে তবে লোকে তাকে মানবে কেন। দক্ষরাজা আপনি শাস্ত্র করেছেন। স্ত্রী লোকের পতিদেবা ৰড ধৰ্মা যে ব্যক্তি পতির নিকা করে তার মুখ দর্শন কত্তে নেই। দক্ষরাজ্ঞ ভাবিলেন যেমুখে পতিব্রতা সতীঝির অন্তরে বেদনা দিইছি, দে পাপ মুথ পরিত্যাগ করাই উচিত বলে ছাগমুণ্ডু নিয়ে একপ্রকার চুপচাপ করে আছেন।

নিদ্নী— তুমি যা যা বল্লে ঠিক যেন এখনি হোছে কি চমংকার পট লিখেছে। ঐ দেখ মুনি ঋষি দেব দানব অস্ত্র কেউ স্থী নেই সকলেরই মুখচুল হয়ে গিয়েছে। সব ভয়ে জড়সড়। ঐ দেখ ভূত প্রতি গুলাদক্ষরাজের কি তুর্গতি করেছে। মহাদেবের মন যেন ভেঙ্গে গিয়েছে তার শরীর যেন প্রাণ শ্রিকরে চিত্তির করেছে। আবার দক্ষরাজের যজ্ঞনাশে মহাদেবকে যেন প্রলয়-ভরত্কর মূর্ত্তি করে চিত্তির করেছে। বোধ হচ্ছে আধ্যানি অঙ্গ নেই আধ্যানি মূর্ত্তি একেবারে প্রলয় কালের আগুন, জটাভ্লা যেন বজ্লের মত শক্ষ কচ্ছে, আর যেন অনবরত বিহাতের আগুন বেকচ্ছে। পাঁচটামুখ কি ভয়ন্তর, বাপ! যেন সংসারটাকে একেবারে গ্রাস কর্ছে ব্দেছে। মা, সতী শিবকে বছ

জননী—বাছা, কেবল একজনের ভালবাসায় ভালবাসার জাঁট বসে না। স্বানী স্ত্রীর পরস্পার ভাব চাই।

নন্দিনী-সুয়ামীর ভালবাসা আগে।

জননী- - তাত হবেই— নেষেমানুষ ত স্বামীকে ভাল বাস্-বেই স্বামীছাড়া পৃথিবীতে স্বীর আর কি ভালবাসার জিনিস সাছে, --- দেগ দেখি মহাদেব মহামায়াকে কত ভাল বাসেন। দেখ মহাদেব মহামায়ার শরীরটে নিয়ে কি কাণ্ড কচ্চোন দেখনা এখনও ভূল্তে পারেন নাই। প্রাণয়ের জিনিস কোন খানে রেখে ঠিক থাক্তে পাচেনে না।

#### শান্তিজল গ্ৰহণ।

চিত্রপট দর্শনে পিতৃভক্তির উদ্রেক।

একণে ওভকণ ওভলগ শাস্তির সময় হইয়াছে সমুদায় পরিবার ও আত্মীয় অজন বন্ধুবান্ধব দিগকে ভাক। পুরোহিত ভট্টাচার্য্য মহাশরের আদেশ অনুসারে সকলেই ৮ চণ্ডীমণ্ডণে সমাগত। সকলেই ক্বতাঞ্চলিপুটে প্রার্থনাপূর্ব্বক ভক্তিভাবে সাষ্টাঙ্গে প্রাণিণাত করিয়া ভূমিতেই উপবিষ্ট হইলেন। স্ত্রীজনের। প্রতিমাপার্শ্বে সম্পর্ক বিবেচনার, বরঃক্রম বিবেচনার যথারীতি রন্ধাগকে অগ্রবর্ত্তিনী করিয়া অবগুঠনার্তা হইয়া পা ঢাকিয়া ছোট ছোট ছেলে মেয়ে গুলি কোলে করে বসিলেন। প্রক্ষগণ ও কিঞ্চিৎ অধিকবয়য় বালকগণ প্রতিমার অপরপার্ধে বসিলেন।

পুরোহিত ঠাকুরমহাশয় দেবীর সন্মুখে দাঁড়াইয়া করযুগল
সংঘত করিয়া ভক্তিভাবে দেবীর স্তৃতি করিতে লাগিলেন।
তাঁহাকে বিসর্জন দিতে মন যে একাস্ত অনিচ্ছুক ও সকলেই
বিষাদসাগরে নিমগ্ন হইয়াছে সেই মস্ত্র পাঠ করিতে করিতে
স্থানবরত অশ্রুবারি বর্ষণ করিতে লাগিলেন। এখন সকলের
মনেই কেমন এক অপূর্ব্ব ভাব জন্মিয়া গেল, সকলেই হতাশ।
ভাবুকমাত্রেরই হৃদয়ে শোক উপস্থিত হইল নয়ন হইতে
ভ্বিরত বারিধারা পতিত হইতে লাগিল।

্পুরোহিত আবার সম্বংসর পরে দেবীর আগমন প্রাথনার মন্ত্রী পাঠ করিয়া মনকে প্রবোধ দিলেন। এখন ভার্কের মনে, ভক্তের মনে, মেহবান্ ব্যক্তির মনে প্রবোধ জন্মিল। সংসারের লোকে ব্রিল ক্ষণেক স্থা ক্ষণেক হংখ নিরস্তর স্থানাই নিরস্তর হংখও নাই। আশা ও প্রবোধ এই ছুই বস্তবার মানব্যন আবৃত আছে। নতুবা মানব্যন যে প্রকার ক্ষণভত্ত ইছাকে এক নৈরাশ্রই স্কুণ করিয়া ফেলিত।

পুরোহিত নীরাজনবিধি সমাপ্ত করিয়া শান্তিজল দ্বারা সক-লের মন্তক সেচন করিলেন। তাঁহার মুথবিনির্গত শান্তি-শব্দ ও স্বন্তি শব্দগুলি যেন মুর্তিমান্ ইইয়া উপস্থিত মানব মণ্ড- লীর অন্তঃকরণে প্রবেশ করিল। সকলেরই মুখ প্রাকুল্ল। সকলেই আফলাদে গলগদ। সকলেই ভূমিষ্ঠ হইন্না দেখীকে প্রণাম প্রঃসর আপান আপান নির্দিষ্ট স্থানে উপবেশন করিলেন। প্রাহিত ঠাকুর সকলকে আশীর্কাদ করিলেন। স্ত্রীঞ্জনেরা ভূমিষ্ঠা হইরা প্রণাম করিয়া প্রস্থান করিল।

প্রেছিত ঠাকুর ছাত্রগণকে ন্তন পাঠ দিবেন। শক্তোপানের পূর্বের ভট্টাচার্য্য-সন্তানগণের পাঠ বন্ধ হয়। এখন যেমন কালেজের ও স্কুলের ছেলের। পরীক্ষার অংদানে ছটীর পর আসিয়া যে পাঠ আরম্ভ করে, তাহাকে নৃতন পাঠ বলিয়া ধরে, তেমনি শাস্তব্যবদায়ী ভট্টাচার্য্যসন্তানগণ ভাদুনাদে যথন শক্তোথান হয় তথনি আর পাঠ করে না অবকাশ গ্রহণ করে সেই অবধি ছ্রোংসব পর্যান্ত নৃতন পাঠ পড়ে না। বিজয়া দশ্মীর দিন হইতে আবার নৃতন পাঠ আরম্ভ করে।

ভট্টাচার্য্য মহাশয় ছাত্রগণকে রামায়ণের পাঠ দিলেন।
সকলেই পুনর্ব্বার গণেশের ও সরস্বতীর বন্দনা করিয়। অধ্যাপকের চরণগ্রহণ করিলেন। পরে সকলেই যথাযোগ্য প্রণাম,
নমস্কার, সমদরসম্ভাষণ, আশীর্বাদ ও প্রোমালিকন পূর্বক প্রতিমার চিত্রপট দেখিতে লাগিলেন।

একটা ছাত্র আর একজন প্রবীণ ছাত্রকে জিজ্ঞাসা করিল দাদ। ঐ যে একটী বৃদ্ধা স্ত্রী বামকে হাত নেড়ে যেন কি বারণ করিতেতে উনি কে, আমাকে বল না।

বরেজ্যে

ত কাশিবার ক্রমান্ত রাম্যের ক্রমান রাম পিতাকে
সভাব্রত রাধিবার ক্রমা রাজ্যভোগ বাসনা পরিত্যাগ পৃথ্ধক
বনগমন স্বীকার করিরাছিলেন। ক্রমনীর নিকট বিদায় গ্রহণ
করিতেছেন। কৌশল্যা বারণ করিতেছেন। চিত্র দেখে
ক্রমার বোধ হচ্যে যেন কৌশল্যা কথা কহিতেছেন। রামকে

বনে যাইতে নিষেধ কচ্ছেন। রাম যেন উত্তর করিতেছেন পিতৃ আজ্ঞা লজ্মন করিতে পারি না। কৌশল্যা যেন বলি-তেছেন পিতা অপেক্ষা মাতা গৌরবে সহস্র গুণ অধিক। রাম যেন কহিতেছেন পিতা আবার জননীর গুরু সেই হেতৃ পিতৃ আজ্ঞা নাতৃ আজ্ঞা অপেক্ষা বলবতী এইটা দেখাই-তেছেন।

কৌশল্যা রামের প্রতি থেদ করিয়া কহিলেন বাছা তারে
নিষ্ঠ্র রাম নায়ের মত কাজ কলি। আমি আগে জান্লে
তার নাম রাম রাখিতে দিতেম না। রেণুকার ছেলে বাপের
কথার মায়ের মুণ্ডুছেদ করেছিলেন। তুই যদি আমার মাতা
কেটে ফেল্তিস্ তাহল্যে আমার ততত্ঃপুহতো না। বাছা
দেখ দেখি আজি কোথার রাজমাতা হব তা না কোথার আজি
পথের ভিথারিণী ও পুত্র শোক হলো এখন আমার মরণই ভাল,
এই কথা বলিতে বলিতে শোকসংগর উছলিরা উঠিল চেতনা
লোপ পাইল; আমার জ্ঞান হচ্যে যেন দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ
করিয়া আমার মরণই ভাল, এই কথা বলিয়া ছিয়ম্ল তরুর
ন্যার্ম ভূতলে পতিত রহিয়াছেন। তাই পরম ছঃখিত হইয়া
রোদন করিতে করিতে ভূতলে পতিত হইয়াছেন।

ও দিকে আর একটা ছবিতে দেথ কৌশল্যাকে স্থমিত্রাননন লক্ষ্মণ উঠাইবার চেষ্টা করিতেছেন। চেতনা নাই। আহাঁ! ঐপট থানা কেমন চিত্র করিয়াছে লক্ষ্মণের হৃদ্য যেন বিদীর্গ হইয়া গিয়াছে। লোকে বলে বৈমাত্রেয় লাতায় সম্প্রীতি থাকেনা। দেখুক এক বার আসিয়া দেখুক রাম লক্ষ্মণে কিরূপ সৌহার্দ্য; জগতে কি এমন আছে! লক্ষ্মণের ছবিটা কেমন চর্মৎকার করিয়াছে। লক্ষ্মণ যেন রামকে কহিতেছেন জীজিত পিতার এরপ অন্যায় বাক্য ক্লাচ প্রতি-

পালন করিবার আবিশাকতা নাই। পিতা কিপু ইইয়াচেন। তাঁহার কার্গ্যাকার্য্য বোধ নাই শাস্ত্রাক্ত্রারে এরপ ব্যক্তির আজ্ঞা প্রতিপালনের আবিশাকতাই নাই। বরং তাহার ঐ রোগ্যান্তির চেষ্টা করা উচিত।

ওদিকের আর একখানা পট দেখা। রাম যেন লক্ষণকৈ কহিতেছেন ভাই আমি তেমার শাস্ত্র মানিলাম কিন্তু আমার মনকে কি প্রকারে প্রবাধ দিব। পিতা যখন বিনাতার নিকট প্রতিশ্রত হইরাছেন তাঁহাকে ছইটা বর দিবেন যদি এখন তিনি না দেন তবে সভাচাত হইবেন। সংসারে পিতাই সাক্ষাৎ দেবতা। তিনিই এদেহ মন ও আ্মার হাষ্টিকর্তা। পুত্রগণ পিতার ছার্মাত্র; তিনি নিখাবাদী হইলে আমরাও নিখাবাদী হইব।. জগতে আ্মাদিগকে পামব বলিবে। বিশেষতঃ আমি বিমাতার মনে, পিতার মনে, জগতের লোকের মনে খেদ রাখিতে ইক্ছা করি না। সতাই পরম ধর্ম আমিও পিতার নিকট ত্রিসভা করিয়াছি বনে যাইব।

আর এক দিকে আরে একথানা পট দেখ। রাম ও লক্ষণ, মূনিবেশে সীতাসমভিবগাজারে বনে যাইতেছেন। রামের চরণধারণপূর্বকি কি কহিতেছেন বৃঝিয়াছে ?

कनिष्ठे छ। छ-न। --

জ্যেষ্ঠ — রামের শেতেক দশরণের মৃত্যু ইইরাছে এই সংবাদু পাইরা রামলক্ষণ সীতাদেবীর নয়ন ইইতে অবিরত বারিধারা পতিত ইইতেতে। ঐ দেপ ভরত কত অন্তন্য বিনয়বাকো রামকে ফিরাইবার চেপ্তা কবিভেছেন। রামের মুপ দেপে বোধ হচো রাম কদাচ চতুর্দ্দশ বংসর মধ্যে রাজ্যগ্রহণ করিবেন না— ভরতকে রাজ্যভার গ্রহণ করিতে আদেশ করিতেছেন। ভরত ভ্যেষ্ঠর ম্য্যাদা অভিক্রম করিয়া রাজ্যভার গ্রহণে স্বীকৃত নন। তিনি রামের পাতৃকাকে প্রতিনিধি শ্বরূপ রাখিরা রাজ্যণালন করিছেতেছন। আহা কি পরমাশ্র্য্য রূপ নির্মাণ করিয়াছেন। ঐ দেখ আরুতি দেখিলে নিশ্বর বিবেচনা হইবে পৃথিবীতে যদি কেহ জ্যেষ্টের প্রতি অমুজের ভক্তি দেখাইবার প্রমাণস্থল চাহে তবে লক্ষণ ভরত ও শক্তামের মূর্ত্তি দেখুক সাক্ষাৎ জোষ্ঠভক্তির অবভার দেখিতে পাইবে।

বাহারা পৈতৃক বিভব লইয়া সহোদরের সঙ্গে বিবাদ করে ভাহার। দেখুক বৈমাত্রের ল্রাভার সঙ্গে কত সঞ্চীতি, ভরত ও রাম পরস্পার রাজ্যলোভ বিষয়ে কেমন নিস্পৃহ। পারস্পারের প্রতি কেমন মচলা ভক্তি অমায়িক স্বেহ।

ঐ দেখ পুরু স্বীয় পিতা য্যাতিকে আপনার যৌবন প্রদান করিয়া উঁ!হার জরা গ্রহণ করিয়াজন। পিতৃত্তি নিদশন ঐথানে স্থাপত্তি দেখা যাইতেছে। অত্য পুলুগুলি যাহারা পিতৃ গ্রজা পালন করে নাই তাহারাগু ঐ খানে দাঁড়াইয়া জাওে কিন্তু কি চমংকার নাগের উহাদিগকে দেখিতে তুলা সেন্দ হুইতেছে। পুরুর জরাদেহকে প্রমুপ্রিত্র ও জাজলামান ধ্যোর অবতার বলিয়া জান হুইতেছে। জগতের কেহ্মদি পিতৃত্তির আদর্শ রাখিতে ইচ্ছা করে তবে পুরুব আর্গি মানস্পটে চিত্র করিয়া রাখুক।

পুরু সহস্র বংসর জরা ভোগ করিবেন এত বড় কঠিন বাপোরে পুরুর অন্তঃকরণ কিছু মাত্র ক্ষুণ্ণ হয় নাই। এমন কি সুদৃঢ় ছবি থানি দেখিলে মনের মধ্যে কত অপূর্ব্ধ ভাবই উদয় হয়। দেখ ভাই যতপ্রকার হংখ আছে জরা ভার অপেকা হংখ সংসারে দ্বিতীয় নাই। জরাগ্রস্ত ব্যক্তি জীবন্ মৃতের জুলা। পুরু সহস্র বংসর পর্যন্ত জীবন্মৃত হইয়াছিলেন। কিন্তু এতাদৃশ স্কীর্ঘ কাল মধ্যে এক দিনের জন্তও পিতার প্রতি বিরক্ত অথবা অসম্ভষ্ট হন নাই। ব্রহ্মাণ্ডের লোককে পিতৃভক্তি শিক্ষা দিবার জন্ত পিতৃভক্তি স্বয়ং শরীরী হইয়া প্রকরণে অবনীতে অবতীর্ণ হইয়াছেন।

শ্ৰীলালমোহন শৰ্মা

## শরৎশশী।

(2)

শরতে সোনার শশী কি স্থন্ধর শোভেরে ! হাসিছে গগনোপরে, পুলকে প্রেমের ভরে, পূর্ণশণী স্থারাশি হাসি মনোলোভে বে । স্থানীল বিমল নভঃ, স্থান জ্যাতি ভারা সব, শশী-প্রেমালোকে ভারা লুক।ইছে এবে রে, শরতে সোনার শশী কি স্থার শোভে রে !

তোমারে শরংশশী, আমি বড় ভাল বাসি
প্রমানক নীরে ভাসি যগনই নেহারি,
কিবা তব কপরাশি অনম্বর বিহারী।
নিবাইয়া ভারকারে, ভাসাইছ প্রেমাসারে,
ভোমার গগন্দ্বে কপরান্তি প্রসারি,
কত শত শুকু মেঘ শোভিছে সারি সারি।
(৩)

মরি কি মধুর হাসি হাসিছ পগনে রে, রঞ্জনী হৃদয়ে ধরি, হাসিছ বদন ভরি, হংসাইছ গিরিবন, ত্রিজগত জনে রে; প্রতিদিন বংনা দেশে, যামিনীরে বধুবেশে, দেশাইত অহঙ্কারে প্রফুল আনন্দ রে,
-কাঁদিতে হইবে শেষে হাসিছ এখনে রে।
(৪)

আবার প্রার্ট-কালে, নবীন নীরদ জালে
মধুর কাঞ্চন কাস্তি বপু তব ছাইবে,
প্রচিত্ত পবন শাস অবিরত ধাইবে,
দিন দিন পল পল, ঝারিবে জলদ জল,
যামিনী ভোমার আর দেখা নাহি পাইবে।
এদশা তোমার কিন্তু কিছুদিনে যাইবে।

(a)

আমার এদশা সথে! চিরকাল রহিবে,
অনস্ত জীবন বুঝি এপরাণ দহিবে;
কাঁদিতেছি অবিরল, ফুরাবেনা অঞ্চলল
চরস্ত যথা মারে অস্ত কভু নহিবে,
ধরি এ জীবন কাল এ বরষা বহিবে।
ভানিয়াছি এ হাদ্য, কভু স্থে হংগ ময়,
এজগতে চিরদিন কিছুই না রহিবে
কেবল আমারি ঠিত চিরহঃও সহিবে।

আর কি বরষা গিয়ে শরৎ আদিবেরে ?
আমার ক্রনর শশা,হাসিয়া মধুর হাসি
আমার ক্রনরাকাশে আবার ভাসিবে রে !
প্রসারি স্তম্মিগ্ধ কর উদিবে গগনোপর ?
হাস্রে প্রেমের হাসি বড় ভাল বাসিরে
শরতে সোনরে শশী! কি মধুর হাসিরে!

শ্ৰীপ্ৰবোধ চক্ৰ ছোষ

